# পালি প্রবেশ

# PALI GRAMMAR

[ বুত্তোদয ও ধাতুকোষ সহ]

পূর্ণাচার পালি বিদ্যালয়ের অধ্যক্ষ
শ্রীমৎ জ্ঞানীশ্বর মহাস্থবির সঙ্কলিত


শ্রী- জিনানন্দ ভিক্ষু
বিনয় - অভিধম্ম- সুত্তবিসারদ



১ম- প্রকাশক- ১৯৩৭ খৃষ্টাব্দ।

২য় - প্রকাশক
২রা পৌষ ১৪০১ - বাংলা
১৭ই ডিসেঃ ১৯৯৪ ইং ।

Printed for free distribution by
**The Corporate Body of the Buddha Educational Foundation**
11F., 55 Hang Chow South Road Sec 1, Taipei, Taiwan, R.O.C.
Tel: 886-2-23951198 , Fax: 886-2-23913415
Email: overseas@budaedu.org
Website:http://www.budaedu.org
**This book is strictly for free distribution, it is not for sale.**
এই বই সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের জন্য, বিক্রয়ের জন্য নহে।

# নিবেদন

পালি সাহিত্যের প্রতি বিদ্বৎসমাজের অনুরাগ দিন দিন বাড়িয়া চলিয়াছে। কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রভৃতি অপরাপর শিক্ষাকেন্দ্রের প্রচেষ্টায় বঙ্গদেশের স্কুল, কলেজ ও অন্যান্য বিদ্যা-নিকেতনে পালি শিক্ষার পথ অধিকতর সুগম হইয়াছে; পালি শিক্ষার্থীর সংখ্যাও আজকাল কম নহে।

বলা বাহুল্য, ভাষাবোধের জন্য ব্যাকরণ-শিক্ষা একান্তই প্রয়োজন। ইতিপূর্ব্বে যে কয়েকখানি পালি ব্যাকরণ বঙ্গাক্ষরে প্রকাশিত হইয়াছে, দীর্ঘকাল অধ্যাপনায় রত থাকিয়া ঐ পুস্তকসমূহে শিক্ষার্থীর পক্ষে যে অভাব ও অসুবিধা বোধ করিয়াছি সেই সকল অভাব ও অসুবিধা দূর করিবার অভিপ্রায়ে এই 'পালি প্রবেশ'খানি লিখিত ও প্রকাশিত হইল। ইহাতে 'কচ্চায়ন', 'মহারূপসিদ্ধি', 'সদ্দনীতি', 'মুখমত্তদীপনী', 'নামমালা', 'ধাতুমঞ্জুসা', 'বালাবতার' প্রভৃতি গ্রন্থসমূহ হইতে মূল সূত্রগুলি উদ্ধৃত করিয়া সরল বঙ্গানুবাদ এবং প্রয়োজন বোধে উদাহরণ দ্বারা আলোচ্য বিষয়গুলি নূতন প্রণালীতে সন্নিবেশিত করা হইয়াছে। উক্ত ব্যাকরণ-সমূহের মূল সূত্রগুলির প্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করাও এই গ্রন্থের অন্যতম উদ্দেশ্য। যাহাতে বুঝিবার সুবিধা হয় তজ্জন্য আলোচ্য বিষয়গুলির ইংরাজী প্রতিশব্দও দেওয়া হইয়াছে।

আমি আন্তরিক কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি যে, এই গ্রন্থ সম্পাদনকালে Kaccayana's Pali Grammar ( ed. by Satis Chandra Vidyabhusana ), Balavatara ( Calcutta University ed. ). পালি প্রকাশ ( শ্রীবিধুশেখর শাস্ত্রী কৃত ) প্রভৃতি পুস্তকগুলিও আলোচনা করিয়া উপকৃত হইয়াছি।

সংস্কৃতের সহিত পালির সাদৃশ্য অনেক, আবার পালির সহিত বাঙ্‌লা ভাষার সম্বন্ধও কম নয়। অনেক পালি শব্দ বাঙ্‌লা সাহিত্যে স্থান

পাইয়াছে। বর্ণবিভাগ, কারক, বিভক্তি-নির্ণয়, সমাস প্রভৃতি বিষয়ে পালি ও সংস্কৃতের মধ্যে যথেষ্ট সাদৃশ্য দেখিতে পাওয়া যায়।

পাঠকের সুবিধার্থ পুস্তকের শেষাংশে 'বুত্তোদয' ও 'ধাতুকোষ' সংযোজিত করা হইয়াছে। ছন্দপদ্ধতি ও ধাতুরূপ বিষয়েও যে পালি এবং সংস্কৃতের মধ্যে যথেষ্ট ঐক্য রহিয়াছে, 'বুত্তোদয' ও 'ধাতুকোষ' পাঠে ইহা বিশেষভাবে প্রতীয়মান হইবে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রিচার্স ফেলো শ্রীযুত দ্বিজেন্দ্রলাল বড়ুয়া, এম-এ, মহোদয় বহু আয়াস স্বীকার করিয়া এই পুস্তকের পাণ্ডুলিপি ও প্রুফ সংশোধন করিয়া দিয়াছেন।

এই গ্রন্থ সঙ্কলনে চট্টগ্রাম কলেজের ভূতপূর্ব্ব অধ্যাপক অগ্গমহাপণ্ডিত শ্রীমৎ ধর্ম্মবংশ মহাস্থবির, কলিকাতা নালন্দা বিদ্যাভবনের উপাধ্যায় শ্রীমৎ বংশদীপ মহাস্থবির, উনাইনপুরা নিবাসী পণ্ডিত শ্রীযুত জন্মেজয় বড়ুয়া, সাতবাড়ীয়া নিবাসী শ্রীযুত পূর্ণচন্দ্র বড়ুয়া ও শ্রীযুত সরোজ ভূষণ বড়ুয়া, বি-এ. প্রমুখ সহৃদয় ব্যক্তিগণের এবং পণ্ডিত শ্রীমান শীলানন্দ ব্রহ্মচারী, পণ্ডিত শ্রীমান জিনানন্দ ভিক্ষু, শ্রীমান তেজপ্রিয় ভিক্ষু, পণ্ডিত শ্রীমান জ্ঞানানন্দ বড়ুয়া ও শ্রীমান বোধিপাল শ্রামণের প্রভৃতি আমার শিষ্যবৃন্দের নিকট আশাতীত উৎসাহ ও সহায়তা পাইয়াছি।

চট্টগ্রাম উনাইনপুরা নিবাসী শ্রীযুত বিপ্রমোহন বড়ুয়া মহাশয় এই গ্রন্থ মুদ্রনের আংশিক ব্যয়ভার গ্রহণ করিয়াছেন।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর শ্রীযুত বেণীমাধব বড়ুয়া, এম-এ, ডি-লিট্ (লণ্ডন), মহোদয় তাঁহার সুচিন্তিত ও তথ্যপূর্ণ ভূমিকা দ্বারা এই গ্রন্থের গৌরব বৃদ্ধি করিয়াছেন।

তাঁহাদিগের প্রত্যেককে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

পূর্ণাচার পালি বিদ্যালয়,
উনাইনপুরা, পটীয়া, চট্টগ্রাম।
২০শে আশ্বিন, ১৩৪৪।

**শ্রীজ্ঞানীশ্বর মহাস্থবির**

# ভূমিকা

শ্রীমৎ জ্ঞানীশ্বর মহাস্থবির মহোদয় চট্টগ্রাম জিলার জনৈক খ্যাতনামা বৌদ্ধ ভিক্ষু। তিনি উনাইনপুরা গ্রামের লঙ্কারাম বিহারের অধ্যক্ষ। তিনি বিদ্বান ও বিদ্যোৎসাহী। পূর্ণাচার পালি বিদ্যালয় তাঁহারই দ্বারা স্থাপিত। তিনি আজীবন পালি ভাষা ও সাহিত্যের প্রচার ও অনুশীলনের জন্য প্রাণপণ চেষ্টা করিয়া আসিতেছেন। 'পালি প্রবেশ', 'বুত্তোদয' এবং 'ধাতুকোষ' এই তিনখানি গ্রন্থ একত্রে প্রকাশিত করিয়া তিনি পালি শিক্ষার্থিগণের প্রভূত উপকার করিয়াছেন।

'পালি প্রবেশ' বাঙ্গালী পাঠকের উপযোগী করিয়া বিরচিত হইয়াছে। ইহা সকল শ্রেণীর পাঠকের উপযোগী পালি ব্যাকরণ। 'কচ্চায়নবুত্তি,' 'মহারূপসিদ্ধি' ও 'বালাবতার' প্রভৃতি বিভিন্ন গ্রন্থ হইতে সংগৃহীত পালি ব্যাকরণের মূল সূত্রগুলি সহজ আকারে যথাস্থানে সংযোজিত করিয়া জ্ঞানীশ্বর ব্যাকরণখানিকে সুখবোধ্য করিয়াছেন।

সংঘরক্ষিত স্থবিরকৃত 'বুত্তোদয' একমাত্র পালি ছন্দশাস্ত্র। 'বুত্তোদযে' খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীতে বিরচিত কেদারনাথ ভট্টকৃত 'বৃত্তরত্নাকরের' সূত্রসমূহ পালির আকারে অনুসৃত হইয়াছে। এই পালি ছন্দগ্রন্থে বৈদিক ছন্দ স্থান পায় নাই, মাত্র লৌকিক ছন্দসমূহই আলোচিত হইয়াছে (ইদং বুত্তোদযং নাম লোকিযচ্ছন্দ-নিস্সিতং)। নিজ সংস্করণে 'বৃত্তরত্নাকরের' সহিত পালি 'বুত্তোদযের' ঐক্য বিধান করিয়া জ্ঞানীশ্বর ইহার যথার্থ মূল্য বৃদ্ধি করিয়াছেন।

'ধাতুকোষে' অকারাদি এবং ভুবাদি, রুধাদি, দিবাদি প্রভৃতি গণ ক্রমে মূল অর্থসহ পালি ধাতুসমূহ সংগৃহীত হইয়াছে। এই 'ধাতুকোষ' সঙ্কলনে গ্রন্থকার 'ধাতুমঞ্জুসা' ও পালি 'সদ্দনীতি'র ধাতুমালা হইতে সাহায্য গ্রহণ করিয়াছেন। ধাতুমালার ধাতুপাঠের ন্যায় পর্য্যাপ্ত না হইলেও জ্ঞানীশ্বর সঙ্কলিত 'ধাতুকোষ' সর্ব্ব শ্রেণীর পাঠকের পক্ষে বিশেষ উপযোগী হইয়াছে বলিতে হইবে।

বাংলা ভাষায় পালি ব্যাকরণ রচনা অথবা প্রকাশের চেষ্টা জ্ঞানীশ্বরের পক্ষে নূতন নহে। এ বিষয়ে ৺পণ্ডিত নবরাজ বড়ুয়াই আমাদের পথপ্রদর্শক। বৈদ্যপাড়া নিবাসী শ্রীযুত উপেন্দ্রলাল বড়ুয়ার চেষ্টায় ও অর্থব্যয়ে পণ্ডিত নবরাজ বড়ুয়াকৃত পালি ব্যাকরণের নব বা দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয়। নবরাজকৃত পালি ব্যাকরণ আধুনিক পালি শিক্ষার্থিগণের মধ্যে তেমন প্রসিদ্ধি লাভ করিতে পারে নাই। মদীয় অধ্যাপক পূজ্যপাদ ৺ডক্টর সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় 'কচ্চায়ন-বুত্তি' দেবনাগরী অক্ষরে প্রকাশিত করিয়া এদেশে পালি ব্যাকরণ শিক্ষার পথ উন্মুক্ত করেন। মহামহোপাধ্যায় অধ্যাপক শ্রীযুত বিধুশেখর ভট্টাচার্য্য মহাশয়ের 'পালি প্রকাশে' আধুনিক বৈজ্ঞানিক নিয়মে বাংলা ভাষায় পালি ব্যাকরণ রচনা ও আলোচনার চেষ্টা পরিলক্ষিত হয়। গুজরা-নয়াপাড়ার উচ্চ ইংরাজী বিদ্যালয়ের পালি শিক্ষক শ্রীযুত লোকেন্দ্রলাল বড়ুয়া মহাশয় প্রথম পালি শিক্ষার্থিগণের উপযোগী করিয়া বাংলা ভাষায় একখানি পালি ব্যাকরণ রচনা করিয়াছেন। স্থানীয় নালন্দা বিদ্যাভবনের উপাধ্যায় শ্রীমৎ বংশদীপ মহাস্থবির মহোদয় বঙ্গানুবাদসহ বঙ্গাক্ষরে 'বালাবতার' ব্যাকরণখানি প্রকাশিত করিয়া পালি ব্যাকরণ শিক্ষার পথ সুগম করিয়াছেন। আধুনিক গবেষণা-পদ্ধতি বা বৈজ্ঞানিক নিয়ম অনুসৃত না হইলেও সর্ব্ব

শ্রেণীর পাঠকের উপযোগিতায় 'পালি প্রকাশের' পর জ্ঞানীশ্বরকৃত 'পালি প্রবেশের' নাম উল্লেখযোগ্য। অল্পায়াসে এবং সহজ দৃষ্টিতে সমগ্র পালি ব্যাকরণের নিয়মগুলি পাঠকের আয়ত্ত হইতে পারে 'পালি প্রবেশ' ব্যতীত বাংলা ভাষায় পূর্ব্বে এমন কোন পালি ব্যাকরণ রচিত হইয়াছে মনে হয় না।

পালি ছন্দগ্রন্থ 'বুত্তোদয়' ইতিপূর্ব্বে বঙ্গাক্ষরে মুদ্রিত হয় নাই, বঙ্গানুবাদ ত দূরের কথা। 'ধাতুকোষ'ও বাংলায় সম্পূর্ণ নূতন জিনিষ।

আমি স্বীকার করিতে পারি না যে, আজ পর্য্যন্ত ঠিক মনোমত পালি ব্যাকরণ কোথাও রচিত হইয়াছে। পাশ্চাত্য দেশে যে সকল পণ্ডিত এই বিষয়ে বহুল গবেষণা করিয়াছেন তাঁহাদের মধ্যে এড্‌ওয়ার্ড মুলর এবং ডক্টর গাইগরের নাম সর্ব্বপ্রথম উল্লেখযোগ্য। অধ্যাপক ডুরয়জেল্‌কৃত Pali Grammar পালি শিক্ষার্থিগণের বিশেষ উপযোগী হইয়াছে সন্দেহ নাই। কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে প্রকাশিত 'বালাবতারের' দ্বিতীয় সংস্করণে অধ্যাপক শ্রীযুত শৈলেন্দ্রনাথ মিত্র মহাশয় কতকগুলি নূতন জ্ঞাতব্য বিষয় উপস্থাপিত করিয়াছেন।

এ পর্য্যন্ত সর্ব্বাঙ্গসুন্দর পালি ব্যাকরণ রচিত হয় নাই বলিবার কারণ কি? 'কচ্চায়ন-বুত্তি' এবং 'মোগ্গল্লান-বুত্তি' এই দুইখানি পালি ব্যাকরণের মূল গ্রন্থ। এই দুই গ্রন্থই সিংহল দেশীয় আচার্য্যগণ কর্ত্তৃক সিংহলে রচিত হয়। কচ্চায়ন-সূত্রসমূহ অনুসরণ করিয়া পরে 'মহারূপ-সিদ্ধি' এবং 'বালাবতার' বিরচিত হয়। 'মুখমত্তদীপনী' এবং 'সদ্দনীতি' পালি ব্যাকরণের শ্রেষ্ঠ গ্রন্থ। 'সদ্দনীতি' ব্রহ্মদেশীয় আচার্য্য অগ্গ-বংসের সর্ব্বোৎকৃষ্ট দান। ইহা সম্প্রতি ডক্টর হেল্মার স্মিথ তিন খণ্ডে রোমান্ অক্ষরে প্রকাশিত করিয়াছেন। 'কচ্চায়ন-বুত্তি' এবং

'মোগ্গাল্লান-বুত্তি' এই দুই গ্রন্থের মধ্যে কোনটিই খৃষ্টীয় ৭ম কিংবা ৮ম শতকের পূর্ব্বে রচিত হইয়াছিল বলিয়া অনুমান করা চলে না। 'কচ্চায়ন-বুত্তি'তে পালি বা শুদ্ধ মাগধীর উপযোগী করিয়া হুবহু সংস্কৃত কাতন্ত্র বা কলাপ ব্যাকরণের সূত্রগুলি প্রযুক্ত হইয়াছে। যে যে স্থলে কলাপ-সূত্র প্রযুক্ত হইতে পারে নাই কেবল সেই সেই স্থলেই নূতন সূত্রের সমাবেশ আছে। ভগবান বুদ্ধের সমসাময়িক শিষ্যপ্রবর মহাকচ্চায়ন কচ্চায়ন-সূত্রের মূল রচয়িতা, ইহা কিছুতেই স্বীকার করা যায় না। 'কচ্চায়ন-বুত্তি' রচিত হওয়ার পূর্ব্বে খৃষ্টীয় ৬ষ্ঠ ও ৭ম শতাব্দী পর্য্যন্ত আচার্য্য বুদ্ধঘোষপ্রমুখ অর্থকথাকারগণ পাণিনি সূত্রসমূহের সাহায্য গ্রহণ করেন। কচ্চায়ন-সূত্রের সাহায্য তাঁহারা কেহ গ্রহণ করেন নাই। অতএব দেখা যাইতেছে, পালি সাহিত্য পরিপুষ্ট এবং লিপিবদ্ধ হইবার পরেই পালি ব্যাকরণের উদ্ভব হয়। সে ক্ষেত্রেও রচনার মূল প্রেরণা পালি হইতে আসে নাই। কলাপের অনুকরণেই কচ্চায়ন-সূত্রের উৎপত্তি এবং তাহাই বস্তুত সমগ্র পালি ব্যাকরণ শাস্ত্রের ভিত্তি। এতদ্দেশীয় পাঠকের পক্ষে উপযোগী করিতে হইলে সংস্কৃত এবং প্রাকৃত ব্যাকরণসমূহের সহিত সম্যক্ তুলনা করিয়া পালি ব্যাকরণ রচনা করা প্রয়োজন। পালি ভাষার সহিত সমসাময়িক শিলালেখের ভাষা এবং মিশ্রিত বৌদ্ধ সংস্কৃতের তুলনা করাও আবশ্যক। পালি গদ্য ও পদ্য ভাষার মধ্যে পার্থক্যগুলিও লক্ষ্য করা কর্ত্তব্য। যতদিন পালি মুখপাঠ বা আবৃত্তির উপযোগী ছিল ততদিন ইহার প্রকৃতি কিরূপ ছিল এবং যেদিন হইতে পালি লিপিবদ্ধ হইল তখন হইতে ইহার প্রকৃতি কিরূপে এবং কি পরিমাণে পরিবর্ত্তিত হইল তাহাও বিবেচ্য।

কতিপয় উদাহরণ দ্বারা এই সকল মন্তব্যের সার্থকতা বুঝাইতে চেষ্টা

করিব। করিতে, যাইতে, খাইতে ইত্যাদি পালি ক্রিয়ারূপ দেখাইতে হইলে পালিতে সাধারণত, কি গদ্যে কি পদ্যে, তুং-প্রত্যয় ব্যবহৃত হয়। বিকল্পে কচ্চায়ন 'তবে', 'তুযে' এবং 'তাযে' এই তিন প্রত্যয়ের বিধান দিয়াছেন (পালি প্রবেশ, পৃঃ ২৩৯)। তুং-এর পরিবর্ত্তে কোন কোন স্থানে ই-প্রত্যয়েরও প্রয়োগ দৃষ্ট হয়, যথা—'এতসি' (গমন করিতে)। আমরা জানি, 'তবে', 'তুযে', 'তাযে' এবং 'ই' এই চারিটি প্রত্যয় বৈদিক সংস্কৃতে দৃষ্ট হয়। পালি গাথা ব্যতীত গদ্যে কোথাও এই চারি প্রত্যয়ের ব্যবহার নাই। শুধু গাথা-ভাষায় ছন্দের খাতিরে বৈদিক প্রত্যয়গুলি রাখা হইয়াছে। পালি পদ্যে 'ভবি**স্স**তি'র স্থানে বিকল্পে 'হে**স্স**তি,' 'করি**স্স**সি'র স্থানে 'কাহসি' ক্রিয়াপদ হয়; কিন্তু গদ্যে কোথাও 'হে**স্স**তি' কিংবা 'কাহসি' পদ দৃষ্ট হয় না। সম্রাট্ অশোকের অনুশাসনের ভাষায় গদ্যেও এই জাতীয় ক্রিয়াপদের ব্যবহার আছে।

পালি শব্দরূপের মধ্যে চতুর্থী ও ষষ্ঠী বিভক্তির বহুবচন একই প্রকার। সংস্কৃতে এই দুই বিভক্তির বহুবচনগুলি বিভিন্ন প্রকার। এই বিষয়ে মাগধী, অর্দ্ধ-মাগধী প্রভৃতি প্রাকৃতের সহিত পালির সমতা দৃষ্ট হয়। পালি শব্দরূপে তৃতীয়া ও পঞ্চমী বিভক্তির বহুবচনগুলি একই রূপ। প্রাকৃতেও তাহাই, ইহাতে সর্ব্বনামরূপের প্রভাব বিদ্যমান। পালিতে ও প্রাকৃতে দ্বিবচন নাই, অথচ সংস্কৃত দ্বিবচনগুলি বহুস্থানে বহুবচনের অন্তর্গত হইয়াছে। পালিতে কোথাও দ্বিবচনের প্রয়োগ আছে কিনা, এখনও অনুসন্ধান করা কর্ত্তব্য। যে যে স্থলে পালি ব্যাকরণ সংস্কৃত ব্যাকরণ মানিয়া চলে সেই সেই স্থলে নিয়মগুলি সুখবোধ্য, এবং যে যে স্থলে গোপনে পূর্ব্ব প্রচলিত প্রাকৃত শব্দ আসিয়া পালিতে প্রভাব বিস্তার করে সেই

সেই স্থলে বিকল্পের মাত্রা বাড়িয়াছে। যতদিন পালি মুখপাঠ বা আবৃত্তির অনুযায়ী ছিল ততদিন এই ভাষা ছন্দপ্রধান কিংবা ধ্বন্যাত্মক ছিল। গদ্য হইলেও তাহা ছন্দের নিয়ম এবং ধ্বনি-সামঞ্জস্য মানিয়া চলে। গদ্যের মধ্যেও যতির বিধান ছিল। দৃষ্টান্ত— এবং মে সুতং একং সময়ং ভগবা বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। ইহা গদ্যোক্তি। এই উক্তির মধ্যে নিম্ন প্রদর্শিতভাবে ধ্বনি-সামঞ্জস্য আছে ঃ—এবং। মে সুতং। একং সময়ং॥ ভগবা বিহরতি জেতবনে। অনাথপিণ্ডিকস্স আরামে॥

পালি সন্ধি-প্রকরণ বিকল্পবিধিতে পরিপূর্ণ, এবং বহুস্থানে ভ্রমাত্মক। ইহার প্রথম কারণ এই যে, ব্যাকরণের নিয়মে শব্দ বা ধ্বনির পরিবর্ত্তন সর্ব্বত্র সন্তোষজনক ভাবে ব্যাখা করা চলে না, ভাষাবিজ্ঞানের নিয়মদ্বারাই এ সকল নিয়মের পরিবর্ত্তন সাধিত হইয়াছে। দৃষ্টান্ত— ইতি+আদি= ইচ্চাদি, অধি+আরাম=অজ্ঝারাম, ইত্যাদি ক্ষেত্রে 'ইতি' স্থানে 'ইচ্চ', 'অধি' স্থানে 'অজ্ঝ' আদেশ হইয়াছে বলিলে চলিবে না। এস্থলে স্বরসন্ধির নিয়মে ইতি+আ=ইত্যা, অধি+আ=অধ্যা হইয়া পরে ত্য=চ্চ এবং ধ্য=জ্ঝ'তে পরিণত হইয়াছে। ভাষাবিজ্ঞানের নিয়মে ত-বর্গের কোন ব্যঞ্জন য-য়ের সহিত যুক্ত হইলে উভয়ে একত্রে চ-বর্গের তদনুরূপ ব্যঞ্জনে পরিণত হয়, যথা— সত্য=সচ্চ, রথ্যা=রচ্ছা, মদ্য= মজ্জ, মধ্য=মজ্ঝ, কন্যা=কঞ্ঞা।

সন্ধি-প্রকরণে 'য-ব-ম-দ-ন-ত-র-লা চা-গ-মা' (পালি প্রবেশ, পৃঃ ১৩) এই সূত্রটি ব্যাকরণের নিয়মে অসিদ্ধ। দৃষ্টান্ত— পরি+ অন্তং= পরিযন্তং, এস্থলে 'য' আগম হয় নাই। সন্ধির নিয়মে পরি+ অন্তং=পর্য্যন্তং, পরে ভাষা-বিজ্ঞানের সম্প্রসারণ বিধিতে পর্য্যন্তং= পরিযন্তং হইয়াছে। ভু+আদযো=ভুবাদযো, এস্থলে 'ব' আগম হয়

নাই। সন্ধির নিয়মে ভু+আদযো=ভাদযো, পরে সম্প্রসারণ বিধিতে ভুবাদযো হইয়াছে। একং+একং=একমেকং, এস্থলে 'ম' আগম হয় নাই, কারণ সন্ধি বিচ্ছেদ করিলে একমেকং=একং+একং। তাব+এব=তাবদেব, এস্থলে 'দ' আগম হয় নাই, কারণ পালি তাব=সংস্কৃত তাবৎ, তাবৎ+এব=তাবদেব। যস্মা+ইহ=যস্মাতিহ, এস্থলে 'ত' আগম হয় নাই, কারণ পালি যস্মা=সংস্কৃত যস্মাৎ। নি+অন্তরং = নিরন্তরং, এস্থলে 'র' আগম হয় নাই, কারণ পালি নি=সংস্কৃত নির্। ছ+অভিঞ্ঞা=ছল়ভিঞ্ঞা, এস্থলে 'ল়' আগম হয় নাই, কারণ পালি ছ=সংস্কৃত ষট্. ষট্+অভিজ্ঞা= ষড়ভিজ্ঞা। এসকল ক্ষেত্রে পদান্তে লুপ্ত ব্যঞ্জনের পুনরাবির্ভাব হইয়াছে মাত্র।

ইধ+পমাদো=ইধপ্পমাদো, সু+পসন্নো=সুপ্পসন্নো, হেতু+কমো=হেতুক্কমো, ইত্যাদি ক্ষেত্রে 'পরদ্বেভাবো ঠানে' এই ব্যাকরণ-সূত্র প্রযুক্ত হইয়াছে। স্বরবর্ণের পরস্থিত বলিয়া দ্বিতীয় পদের প্রথম ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হয় নাই। কারণ পালি পমাদ=সংস্কৃত প্রমাদ, পসন্নো= প্রসন্নঃ, কমো=ক্রমঃ। সুতরাং পমাদো বস্তুত প্পমাদো, পসন্নো বস্তুত প্পসন্নো, কমো বস্তুত ক্কমো। স্বরবর্ণের পরস্থিত বলিয়া প্প, ক্ক ইত্যাদি উচ্চারণ সম্ভব হইয়াছে।

পালিতে 'ষ' উচ্চারণের অভাবে পালি ব্যাকরণে ষত্ব-বিধানের প্রয়োজন নাই। কিন্তু ণত্ব-বিধান এবং ৰকার ও ৰত্ব-বিধান থাকা আবশ্যক। ণত্ব-বিধান সম্বন্ধে 'কচ্চায়ন-বুত্তি'তে মাত্র একটি সূত্র আছে—'রহাদিতো ণ' (ক-সু ৪-১-২৬)। পাঠভেদে 'রহাদিতো নো ণ'। 'মহারূপসিদ্ধি'তেও ঠিক এই পাঠ দৃষ্ট হয়। মহামহোপাধ্যায় শ্রীযুত বিধুশেখর ভট্টাচার্য্যের মতে শুদ্ধ পাঠ হইবে, 'রহাদিতো ণো' অথবা 'রহাদিতো নো ণো'। যথা—রমণীযো, আপণ, ঞাণ, তাণ

তীণি ইত্যাদি। 'সদ্দনীতি'তে অপর একটি সূত্র যোগ করা হইয়াছে যথা—'ণো **নস্স** প-পরি-আদিতো'। যথা—পণিধান (সং প্রণিধান), পণিধি (সং প্রণিধি), পণিপাত (সং প্রণিপাত), পরিণাম (সং পরিণাম)। 'সদ্দনীতি'র অপর এক সূত্রানুসারে ণ ন হয়। '**ণস্স** চ নো'। যথা—তরুণ = তলুন, করুণ = কলুন। আমি কিছুতেই স্বীকার করিব না যে, তলুন ও কলুন পালি শব্দ। তরুণ এবং করুণই যথার্থ পালি বানান। শাস্ত্রী মহাশয় যথার্থই বলিয়াছেন, সাধারণত যেখানে মূল সংস্কৃত শব্দে ণ আছে তদনুরূপ পালি শব্দেও ণ দৃষ্ট হয়। যথা—বর্ণ = বণ্ণ, তৃণ = তিণ, তীক্ষ্ণ = তিণ্হ, লক্ষণ = লক্খণ, গ্রহণ = গহণ। আবার যেখানে বিভক্তিরূপে সংস্কৃতে ণ আছে সেখানে পালিতে ন ব্যবহৃত হয়। যথা— সং চিরেণ = পা চিরেন, আকারেণ = আকারেন, ধর্মেণ = ধম্মেন, রূপাণি = রূপানি। ক্রিয়ারূপে পালি সংস্কৃতের অনুবর্ত্তী। যথা—গৃহ্ণাতি = গণ্হাতি ; শৃণোতি = সুণোতি। শাস্ত্রী মহাশয় অনুমান করেন যে, পালি ঞাণ (সং জ্ঞান), ওণত (সং অবনত) ইত্যাদি দৃষ্টান্তে অলক্ষিতে প্রাকৃত প্রভাব পালিতে অক্ষুণ্ণ আছে (Indian Historical Quarterly, Vol. II, pp. 192—5, শাস্ত্রী মহাশয়ের The Cerebralization of the Dental Nasal in Pali দ্রঃ)।

ৰকার ও ৰত্ব-বিধান সম্বন্ধে সংক্ষেপে বলা চলে, ৰল, ৰহি, ৰহু, ৰুধ, ৰোধি, ৰাল্য এবং ৰ্রহ্ম বাচক শব্দসমূহে ৰকার ব্যবহৃত হয়। 'য' এর সহিত যুক্ত হইলে ৰ ও ব সমভাবে ব্যবহৃত হইতে পারে। যথা— অৰ্যাকত, অব্যাকত। ৰ দ্বিত্ব হইলে ৰ্ৰ হয়; 'ভ' এবং 'ম' এর সহিত যুক্ত হইতে হইলেও 'ৰ' হয়। যথা—চতুর্ৰিধ = চতুৰ্ৰিধ ; সৰ্ব্বদা = সৰ্ৰদা, গর্ভ = গৰ্ভ, অম্বু = অম্ৰু।

'পালি প্রবেশের' আখ্যাত-প্রকরণে পঞ্চমী, সপ্তমী ও কালাতিপত্তিকে Tense বা কাল বলা হইয়াছে। পঞ্চমী ও সত্তমী সম্বন্ধে নিশ্চয় বলা যাইতে পারে, ইহারা Mood, Tense নহে। পঞ্চমী, সত্তমী ও কালাতিপত্তিকে কাল-সংজ্ঞায় আনিতে হইলে 'সদ্দনীতি'র নিম্নোদ্ধৃত বিচার গ্রহণ করা বিধেয়।

"পঞ্চমী সত্তমীব্হিতা আণত্তি-পরিকপ্পিকা।
সঙ্গয্হমানা তা যন্তি পচ্চুবপ্পন্নম্হি সঙ্গহং ॥"
"অতীতানাগতে চাপি কালাতিপত্তি-সম্ভবা ॥"

"পঞ্চমী ও সপ্তমী আদেশ-বাচক। কালশ্রেণীভুক্ত করিতে হইলে উভয়কে বর্ত্তমানের অন্তর্গত মনে করিতে হয়।" "কালাতিপত্তিকে অতীত ও অনাগতের অন্তর্গত করা যাইতে পারে।" (সদ্দনীতি, পদমালা ৩ দ্রঃ)।

'বুত্তোদযের' ছন্দসূত্রগুলি কি পরিমাণে পালি গাথাসমূহে প্রযুজ্য তাহা সংঘরক্ষিত স্থবির প্রদর্শন করেন নাই, জ্ঞানীশ্বরও তদ্বিষয়ে উদাসীন। গাথাসমূহের ছন্দরূপে ছন্দসূত্রগুলির প্রয়োগ দেখাইতে না পারিলে সূত্রগুলি মুখস্থ করা বৃথা পরিশ্রম। গাথাসমূহের ছন্দরূপ বিশ্লেষণ করিয়া ছন্দসূত্র রচিত হইলে এই অভিযোগের কারণ থাকিত না। সংঘরক্ষিত স্থবির বৈদিক ছন্দগুলি তাঁহার আলোচনায় স্থান প্রদান করেন নাই। আমার মনে হয়, বৈদিক ছন্দের সহিত পালি গাথা-ছন্দের কতটা সম্বন্ধ আছে তাহা বিশেষভাবে অনুসন্ধান ও আলোচনা করা আবশ্যক। আশা করি, এতদ্দেশীয় পালি শিক্ষার্থিগণ নির্ব্বিচারে সিংহলী আচার্য্যগণের গ্রন্থের উপর নির্ভর না করিয়া মৌলিক গবেষণার দ্বারা শিক্ষা ও জ্ঞানের নব নব পথ উদ্ঘাটন করিতে পরাঙ্মুখ হইবেন না।

জ্ঞানীশ্বর 'বুদ্ধোদয়' গ্রন্থটি বঙ্গানুবাদ সহ বঙ্গাক্ষরে মুদ্রিত করিয়া সত্যই আমাদের সকলের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। সকল শ্রেণীর পাঠকের পক্ষে বিশেষ উপযোগী হইয়াছে মনে করিয়া জ্ঞানীশ্বর সম্পাদিত, 'বুদ্ধোদয়'কে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষগণ এম-এর পাঠ্যপুস্তকরূপে মনোনীত করিয়াছেন। ইতি—

কলিকাতা,
২৯।৯।৩৭

**শ্রীবেণীমাধব বড়ুয়া**
পালি অধ্যাপক, কলিকাতা বিশ্ববিদ্যালয়।

# সূচীপত্র


| বিষয় | | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| সংজ্ঞা | ... | ... | ১—৭ |
| স্বরবর্ণ | ... | ... | ২ |
| ব্যঞ্জনবর্ণ | ... | ... | ৩ |
| বর্ণের উচ্চারণ | ... | ... | ৪ |
| বর্ণ বিশ্লেষণ | ... | ... | ৫ |
| সন্ধি-প্রকরণ | ... | ... | ৮—২৬ |
| স্বরসন্ধি | ... | ... | ৮ |
| ব্যঞ্জনসন্ধি | ... | ... | ১৫ |
| নিগ্গহীতসন্ধি | ... | ... | ২২ |
| পরিভাষা | ... | ... | ২৬-২৮ |
| নাম—প্রকরণ | ... | ... | ২৯-১৭৩ |
| বিভক্তি | ... | ... | ২৯ |
| শব্দরূপ | ... | ... | ৪২ |
| স্বরান্ত শব্দ | ... | ... | ৪২ |
| স্ত্রীলিঙ্গ নির্ণয় | ... | ... | ৫৫ |
| ব্যঞ্জনান্ত শব্দ | ... | ... | ৬৮ |
| সর্ব্বনাম শব্দ | ... | ... | ৮৩ |
| উপসর্গ ও নিপাত | ... | ... | ১১৫ |
| কারক | ... | ... | ১২৭ |
| বিভক্তিভেদে | ... | ... | ১৩০ |
| সমাস | ... | ... | ১৫২ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| আখ্যাত-প্রকরণ | ... | ... ১৭৪-২৩৩ |
| ভুবাদি | ... | ... ১৮৬ |
| রুধাদি | ... | ... ২০৯ |
| দিবাদি | ... | ... ২১২ |
| স্বাদি | ... | ... ২১৪ |
| কীযাদি | .. | ... ২১৮ |
| তনাদি | .. | ... ২২২ |
| চুরাদি | ... | ... ২২৪ |
| কারিত প্রত্যয় | ... | ... ২২৮ |
| ইচ্ছার্থক ধাতু | ... | ... ২২৯ |
| যঙন্ত | ... | ... ২৩১ |
| নামধাতু | ... | ... ২৩২ |
| কৃৎ-প্রকরণ | ... | ... ২৩৪-২৫৫ |
| ভবিষ্যৎ প্রত্যয় | ... | ... ২৩৬ |
| কিচ্চ প্রত্যয় | ... | ... ২৩৭ |
| তবে-তুং ইত্যাদি প্রত্যয় | ... | ... ২৩৯ |
| তুন-ত্বান ইত্যাদি প্রত্যয় | ... | ... ২৪১ |
| ত্রিকালিক প্রত্যয় | ... | ... ২৪৩ |
| বর্ত্তমান ও অতীত প্রত্যয় | ... | ... ২৪৮ |
| তদ্ধিত-প্রকরণ | ... | ... ২৫৬-২৭২ |
| বিশেষণ প্রত্যয় | ... | ... ২৬৬ |

(ক) বুত্তোদয

(খ) ধাতুকোষ

নমো তস্স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্স।

# পালি প্রবেশ

—০:*:০—

## সংজ্ঞা

### অথো অক্খর-সঞ্ঞাতো।

শব্দ সমূহের অর্থ অক্ষর বা বর্ণ দ্বারাই জানা যায়। বর্ণ যথাস্থানে প্রয়োগ করিতে না পারিলে গঠিত শব্দের অর্থ দুর্ব্বোধ্য হয়। সুতরাং বর্ণ প্রয়োগ শিক্ষা করা নিতান্ত প্রয়োজন।

শব্দ দ্বারা মনের অভিপ্রায় ব্যক্ত করা যায়। শব্দের ক্ষুদ্রতম অংশকে বর্ণ বা অক্ষর ( Letter ) বলে। যথা—বুদ্ধ=ব্+উ+দ্+ধ্+অ।

### অক্খরা পাদযো একচত্তালীসং।

পালি ভাষায় একচল্লিশটী অক্ষর আছে। যথা—অ আ ই ঈ, উ ঊ, এ ও, ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, য র ল ব স, হ ল় ং।

স্বর ( vowel ) ও ব্যঞ্জন ( consonant ) ভেদে অক্ষর দুই প্রকার।

**স্বরবর্ণ ( Vowel )**

**তত্থোদন্তা সরা অট্ঠ।**

তন্মধ্যে অকার হইতে ওকার পর্য্যন্ত আটটী অক্ষরের নাম স্বরবর্ণ। যথা—অ আ, ই ঈ, উ ঊ, এ ও।

পালিতে ঋ ৯ ঐ ঔ এই চারি বর্ণের প্রয়োগ নাই।

**লহুমত্তা তযো রস্সা।**

স্বরবর্ণ দুই প্রকার, হ্রস্ব ( Short ) ও দীর্ঘ ( Long )। লঘু বা এক মাত্রা বিশিষ্ট অ ই উ এই তিনটী হ্রস্ব স্বর।

এস্থলে চক্ষের এক পলক পরিমিত সময় এক মাত্রার সমান।

**অঞ্ঞে দীঘা।**

অবশিষ্ঠ দুই মাত্রা বিশিষ্ঠ আ ঈ ঊ এ ও এই পাঁচটীর নাম **দীর্ঘ স্বর।**

সংযুক্ত অক্ষরের পূর্ব্বস্থিত এ কিংবা ও ক্বচিৎ হ্রস্ব স্বরের ন্যায় উচ্চারিত হয়। যথা—এত্থ, সেয্যো, ওট্ঠো, সোত্থি।

**দুম্হি গরু।**

সংযুক্ত অক্ষরের পূর্ব্বস্থিত হ্রস্ব স্বরকে গুরু বলে। যথা—বুদ্ধো, দত্বা, ভুত্বা।

**দীঘো চ।**

দীর্ঘ স্বরকেও গুরু বলে। এতদ্ব্যতীত স্বরবর্ণ সমূহ লঘু বলিয়া কথিত হয়।

## ব্যঞ্জনবর্ণ ( Consonant )

**সেসা ব্যঞ্জনা।**

( স্বর ব্যতীত ) অবশিষ্ট ( ক হইতে অনুস্বার পর্য্যন্ত তেত্রিশটী ) বর্ণকে **ব্যঞ্জনবর্ণ** বলে। যথা—ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ৰ ভ ম, য র ল ব স, হ ল় ং।

ব্যঞ্জনবর্ণ সমূহ স্বরবর্ণের আশ্রয় ব্যতিরেকে উচ্চারিত হইতে পারে না ( **স্বরোপজীবীনি ব্যঞ্জনানি** )।

**বগ্গা পঞ্চ পঞ্চসো মন্তা।**

ক হইতে ম পর্য্যন্ত পঁচিশটী ব্যঞ্জনবর্ণ পাঁচ বর্গে বিভক্ত। যথা—

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | — | কবর্গ |
| চ | ছ | জ | ঝ | ঞ | — | চবর্গ |
| ট | ঠ | ড | ঢ | ণ | — | টবর্গ |
| ত | থ | দ | ধ | ন | — | তবর্গ |
| প | ফ | ৰ | ভ | ম | — | পবর্গ |

**অং ইতি নিগ্গহীতং।**

( ং ) অনুস্বারকে নিগ্গহীত (নিগ্রথিত, Arrested letter) বলে। অনুস্বার হ্রস্ব স্বরকে আশ্রয় করিয়া উচ্চারিত হয়। যথা—অং, ইং, উং।

**পরসমঞ্ঞা পয়োগে।**

এতদ্ব্যতীত সংস্কৃত প্রভৃতি অপরাপর ভাষার নিয়মানু-

সারে পালিতে ঘোষ, অঘোষ, সবর্ণ ইত্যাদি বর্ণের বহু বিভাগ ও প্রয়োগ দেখা যায়।

বর্গের প্রথম, দ্বিতীয় এবং স বর্ণের নাম **অঘোষ**। বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম এবং য র ল ব হ ল্ বর্ণের নাম **ঘোষ**। আবার বর্গের দ্বিতীয় ও চতুর্থ অক্ষরকে **ধ্বনিতাক্ষর** এবং অন্যান্য অক্ষরকে **শিথিলাক্ষর** বলা হয়। অ আ সবর্ণ বলিয়া ইহাদের নাম **অবর্ণ**। ই, ঈ সবর্ণ বলিয়া ইহাদের নাম **ইবর্ণ**। উ, ঊ সবর্ণ বলিয়া ইহাদের নাম **উবর্ণ**।

---

# বর্ণের উচ্চারণ

## ( Pronunciation of Letters )

**অ-কবগ্গ-হা কণ্ঠজা।**

অ আ ক খ গ ঘ ঙ হ ইহাদের উচ্চারণ স্থান কণ্ঠ; ইহাদিগকে কণ্ঠ্য বা কণ্ঠজ বর্ণ ( Gutturals ) বলে।

**ই-চবগ্গ-যা তালুজা।**

ই ঈ চ ছ জ ঝ ঞ য ইহাদের উচ্চারণ স্থান তালু; ইহাদিগকে তালব্য বা তালুজ বর্ণ (Palatals ) বলে।

**উ-পবগ্গা ওট্ঠজা।**

উ ঊ প ফ ৰ ভ ম ইহাদের উচ্চারণ স্থান ওষ্ঠ; ইহাদিগকে ঔষ্ঠ্য বা ওষ্ঠজ বর্ণ (Labials) বলে।

**টবগ্গ-র-লা মুদ্ধজা।**

ট ঠ ড ঢ ণ র ল ইহাদের উচ্চারণ স্থান মূর্দ্ধা; ইহাদিগকে মূর্দ্ধণ্য বা মূর্দ্ধজ বর্ণ (Cerebrals) বলে।

**তবগ্গ-লৃ-সা দন্তজা।**

ত থ দ ধ ন লৃ স ইহাদের উচ্চারণ স্থান দন্ত; ইহাদিগকে দন্ত্য বা দন্তজ বর্ণ ( Dentals ) বলে।

**এ-কণ্ঠ-তালুজো।**

এ এই বর্ণের উচ্চারণ স্থান কণ্ঠ ও তালু; ইহাকে কণ্ঠ-তালব্য বা কণ্ঠ-তালুজ ( Gutturo-Palatal ) বলে।

**ও-কণ্ঠোট্ঠজো।**

ও এই বর্ণের উচ্চারণ স্থান কণ্ঠ ও ওষ্ঠ; ইহাকে কণ্ঠৌষ্ঠ্য বা কণ্ঠৌষ্ঠজ বর্ণ ( Gutturo-Labial ) বলে।

**বো দন্তোট্ঠজো।**

ব এই বর্ণের উচ্চারণ স্থান দন্ত ও ওষ্ঠ; ইহাকে দন্তৌষ্ঠ্য বা দন্তৌষ্ঠজ বর্ণ (Dento-Labial ) বলে।

**নিগ্গহীতং নাসিকট্ঠানজং।**

( ং )অনুস্বারের উচ্চারণ স্থান নাসিকা; ইহাকে অনু-নাসিক বর্ণ ( Nasal ) বলে।

# বর্ণ বিশ্লেষণ

শব্দের প্রত্যেক বর্ণকে বিভাগ করার নাম বর্ণ বিশ্লেষণ। যথা—বুদ্ধো = ব্ + উ + দ্ + ধ্ + ও; ধম্মো = ধ্ + অ + ম্ + ম্ + ও ইত্যাদি।

———

# সন্ধিপ্রকরণ ( SANDHI )

দুই বর্ণ পরস্পর নিকটবর্ত্তী হইলে লোপ, আদেশ, আগম, দীর্ঘ ও হ্রস্ববশে উভয়ে মিলিত হয়। এই মিলনকে সন্ধি বলে। সন্ধি সাধারণত তিন প্রকার। যথা— স্বরসন্ধি, ব্যঞ্জনসান্ধ ও অনুস্বার ( বা নিগ্গহীত ) সন্ধি।

## স্বরসন্ধি ( Vowel Sandhi )

### ১। সরা-স্বরে লোপং।

স্বরবর্ণের পর স্বরবর্ণ থাকিলে পূর্ব্ব স্বরের লোপ হয়। যথা— পঞ্চ + ইন্দ্রিযং = পঞ্চিন্দ্রিযং, নোহি + এতং = নোহেতং, ভিক্খুনী + ওবাদো = ভিক্খুনোবাদো, মাতু + উপট্ঠানং = মাতুপট্ঠানং, সমেতু + আযস্মা = সমেতাযস্মা, অভিভু + আযতনং = অভিভাযতনং, সব্বে + এব = সব্বেব, তযো + অস্সু = তযস্সু, অসন্তো + এত্থ = অসন্তেত্থ, যস্স + ইন্দ্রিযানি = যস্সিন্দ্রিযানি, লোকে + অগ্গো = লোকগ্গো।

### ২। বা পরো অসরূপা।

স্বরবর্ণের পরস্থিত অসদৃশ স্বরের কখনও কখনও লোপ হয়। যথা— যস্স + ইদানি = যস্স'দানি, সঞ্ঞা + ইতি = সঞ্ঞা'তি, ছাযা + ইব = ছাযা'ব, ইতি + অপি = ইতি'পি, চক্খু + ইন্দ্রিযানি = চক্খু'ন্দ্রিযানি, অকতঞ্ঞু + অসি = অকতঞ্ঞু'সি, অকালে + ইব = অকালে'ব, তে + অপি = তে'পি, বন্দে +

অহং = বন্দে'হং, সো + অহং = সো'হং, চত্তারো + ইমে = চত্তারো'মে, বসলো + ইতি = বসলো'তি, কথা + এবকা = কথা-'বকা, পাতো + এব = পাতো'ব, পন + ইমে = পন'মে।

কোন কোন স্থলে :— পঞ্চ + ইন্দ্রিযানি = পঞ্চিন্দ্রিযানি ; সদ্ধা + ইন্দ্রিযং = সদ্ধিন্দ্রিযং, সত্তা + উত্তমো = সত্তুত্তমো। এক + উনবীসতি = একূনবীসতি, যস্স + এতে = যস্সেতে, সুগত + ওবাদো = সুগতোবাদো, দিট্ঠ + আসবো = দিট্ঠাসবো, দিট্ঠ + ওঘো = দিট্ঠোঘো, চক্খু + আযতনং = চক্খাযতনং, কুতো + এত্থ = কুতেত্থ।

উক্ত উদাহরণ সমূহে "বা পরো অসরূপা" সূত্রানুসারে সন্ধি না হইয়া "সরা-সরে লোপং" সূত্র দ্বারাই সন্ধি হইল। সূত্র ( ১ ) দ্রষ্টব্য।

## ৩॥ কচাসবণ্ণং লুত্তে।

পূর্ব্ব স্বর লুপ্ত হইলে পরের স্বর কখনও কখনও অসবর্ণ প্রাপ্ত হয়, অর্থাৎ ই ঈ স্থানে একার, এবং উ ঊ স্থানে ওকার হয়। যথা— বন্ধুস্স + ইব = বন্ধুস্সেব, উপ + ইক্খতি = উপেক্খতি, উপ + ইতো = উপেতো, অব + ইচ্চ = অবেচ্চ ; জিন + ঈরিতং = জিনেরিতং, ন + উপেতি = নোপেতি, চন্দ + উদযো = চন্দোদযো, যথা + উদকে = যথোদকে

কোন কোন স্থলে :—তত্র + ইমে = তত্রিমে, যস্স + ইন্দ্রিযানি = যস্সিন্দ্রিযানি, মহা + ইদ্ধিকো = মহিদ্ধিকো, সব্বা + ঈতিযো = সব্বীতিযো, তেন + উপসঙ্কমি = তেনুপসঙ্কমি, লোক + উত্তমো = লোকুত্তমো। সূত্র ( ১ ) দ্রষ্টব্য।

## ৪। দীঘং।

পূর্ব্ব স্বর লুপ্ত হইলে পরবর্ত্তী স্বর ক্বচিৎ দীর্ঘ হয়, অর্থাৎ অকার স্থানে আকার, ইকার স্থানে ঈকার এবং উকার স্থানে ঊকার হয়। যথা— তত্র+অযং=তত্রাযং, বুদ্ধ+অনুস্সতি=বুদ্ধানুস্সতি,স+অত্থিকা=সাত্থিকা,সঞ্ঞুবা+অস্স=সঞ্ঞুবাস্স, তদা+অহং=তদাহং, যানি+ইধ=যানীধ, বহু+উপকারং=বহূপকারং, মধু+উদকং=মধূদকং, সু+উপধারিতং=সূপধারিতং, ইদানি+অহং=ইদানাহং, সচে+অযং=সচাযং, ইতর+ইতর=ইতরীতর, সদ্ধা+ইধ=সদ্ধীধ, কম্ম+উপনিস্সযো=কম্মূপনিস্সযো, তথা+উপমং=তথূপমং, রত্তি+উপরতো=রত্তূপরতো, বি+উপসমো=বূপসমো।

কোন কোন স্থলে ঃ—দম+অপি=দমপি, যদি+ইমস্স=যদিমস্স; তত্র+ইদং=তত্রিদং, গচ্ছামি+অহং=গচ্ছামহং, নত্থি+অঞ্ঞং=নত্থঞ্ঞং। সূত্র (১) দ্রষ্টব্য।

## ৫। পূব্বো চ।

পরবর্ত্তী স্বর লুপ্ত হইলে পূর্ব্ব স্বর ক্বচিৎ দীর্ঘ হয়। যথা—লোকস্স+ইতি=লোকস্সা'তি, দেব+ইতি=দেবা'তি,সংঘাটি+অপি=সংঘাটী'পি, হেতু+অপি=হেতূ'পি, বিজ্জু+ইব=বিজ্জূ'ব, কিংসু+ইধ=কিংসূ'ধ, সাধু+ইতি=সাধূ'তি.

কোন কোন স্থলে ঃ— যস্স+ইদানি=যস্স'দানি, ইদানি+অপি=ইদানি'পি, কিন্নু+ইমাব=কিন্নূ'মাব। সূত্র (২) দ্রষ্টব্য।

### ৬। যমেদন্তস্সাদেসো।

স্বরবর্ণ পরে থাকিলে পূর্ব্ব পদের অন্ত্য একারের স্থানে কখনও কখনও যকার আদেশ হয়। যথা— মে + অযং = ম্যাযং, তে + অহং = ত্যাহং, তে + অজ্জ = ত্যজ্জ, তে + অস্স = ত্যাস্স, পৰ্ব্বতে + অহং = পৰ্ব্বত্যাহং, যে + অস্স = য্যাস্স।

কোন কোন স্থলে ঃ— নে + এত্থ = নেত্থ। সূত্র ( ২ ) দ্রষ্টব্য।

### ৭। বমোদুদন্তানং।

স্বরবর্ণ পরে থাকিলে পূর্ব্ব পদের অন্ত্য ওকার এবং উকারের স্থানে কখনও কখনও ৰ আদেশ হয়। যথা— যাবতকো + অস্স = যাবতক্বস্স, তাবতকো + অস্স = তাবতক্বস্স, কো + অত্থো = ক্বত্থো, খো + অস্স = খ্বস্স, খো + অজ্জ = খ্বজ্জ ; যো + অযং = য্বযং, সো + অস্স = স্বস্স, সো + এব = স্বেব; যতে + অধিকরণং = যত্বাধিকরণং, অনু + অদ্ধ = অন্বদ্ধ, অনু + এতি = অন্বেতি, সু + আগতং = স্বাগতং, সু + আকারো = স্বাকারো, চক্খু + আপাথং = চক্খ্বাপাথং, ৰহু + আৰাধো = ৰহ্বাৰাধো, পাতু + অকাসি = পত্বাকাসি, তু + এব = ত্বেব।

কোন কোন স্থলে ঃ—যো + অহং = যো'হং, সো + অযং = সো'যং, চত্তারো + ইমে = চত্তারো'মে, সাধু + আবুসো = সাধাবুসো, হোতু + ইতি = হোতু'তি। সূত্র ( ১ ), ( ২ ), ( ৫ ) যথাক্রমে দ্রষ্টব্য।

### ৮। ইবণ্ণো যন্নবা।

অসদৃশ স্বরবর্ণ পরে থাকিলে ইকার কিংবা ঈকার স্থানে প্রায়ই যকার আদেশ হয়। যথা— বত্তি + অস্স = বুত্ত্যস্স,

বিত্তি + অনুভূয্যতে = বিত্ত্যানুভূয্যতে, ৰি + অঞ্জনং = ৰ্যঞ্জনং, বি + আকতো = ব্যাকতো।

কোন কোন স্থলে :—পঞ্চহি + অঙ্গেহি = পঞ্চহঙ্গেহি, গচ্ছামি + অহং = গচ্ছামহং। সূত্র ( ১ ) দ্রষ্টব্য। মুত্তচাগী + অনুদ্ধতো = মুত্তচাগী অনুদ্ধতো। পতি + অগ্গি = পটগ্গি।

## ৯। সৰেৰাচন্তি।

স্বরবর্ণ পরে থাকিলে তিকারের স্থানে কখনও কখনও চকার আদেশ হয় এবং ( 'পরদ্বে ভাবোঠানে' সূত্রানুসারে ) চকারের দ্বিত্ব হয়। যথা— অতি + অন্তং = অচ্চন্তং, পতি + অযো = পচ্চযো, পতি + আহরতি = পচ্চাহরতি, পতি + এতে = পচ্চেতে, ইতি + অস্স = ইচ্চস্স, ইতি + এতং = ইচ্চেতং. ইতি + আদি = ইচ্চাদি।

কোন কোন স্থলে :—ইতি + অস্স = ইতি'স্স। সূত্র ( ২ ) দ্রষ্টব্য, ইতি + আকঙ্খমানেন = ইতি আকঙ্খমানেন।

## ১০। অতিস্স চন্তস্স।

ইবর্ণ পরে থাকিলে 'অতি', 'ইতি' এবং 'পতি' শব্দের তিকারের স্থানে চকার আদেশ হয় না। যথা— অতি + ইতো = অতীতো, অতি + ঈরিতং = অতীরিতং, ইতি + ইতি = ইতীতি, ইতি + ইদং = ইতীদং, পতি + ইতো = পতীতো।

সূত্র ( ৪ ) দ্রষ্টব্য।

## ১১। অভো অভি।

স্বরবর্ণ পরে থাকিলে 'অভি' শব্দের স্থানে 'অব্ভ' আদেশ হয়। যথা— অভি + অক্খানং = অব্ভক্খানং, অভি + উগ্গতো =

অব্ভুগ্গতো, অভি + ওকাসো = অব্ভোকাসো, অভি + উদীরিতং = অব্ভুদীরিতং, অভি + উগ্গচ্ছতি = অব্ভুগ্গচ্ছতি।

**১২। অজ্ঝো অধি।**

স্বরবর্ণ পরে থাকিলে 'অধি' শব্দের স্থানে 'অজ্ঝ' আদেশ হয়। যথা— অধি + অগমা = অজ্ঝগমা, অধি + উপগতো = অজ্ঝুপগতো, অধি + ওগহেত্বা = অজ্ঝোগহেত্বা, অধি + ওকাসো = অজ্ঝোকাসো।

**১৩। তেন বা ইবণ্ণে।**

ইবর্ণ পরে থাকিলে 'অভি' এবং 'অধি' শব্দের স্থানে কখনও কখনও যথাক্রমে 'অব্ভ' এবং 'অজ্ঝ' আদেশ হয় না। যথা— অভি + ইজ্ঝিতং = অভিজ্ঝিতং, অধি + ঈরিতং = অধীরিতং।

কোন কোন স্থলে ঃ—অভি + ঈরিতং = অব্ভীরিতং, অধি + ইণ = অজ্ঝিণ, অধি + ইটে্ঠা = অজ্ঝিটে্ঠা। সূত্র (১২) দ্রষ্টব্য।

**১৪। দো ধস্স চ।**

স্বর কিংবা ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে ধকারের স্থানে ক্বচিৎ দকার ও হকার আদেশ হয়। যথা— ইধ + অহং = ইদাহং, ইধ + ভিক্খবে = ইদভিক্খবে, সাধু + দস্সনং = সাহুদস্সনং।

**১৫। এবাদিস্স রি পুব্বো চ রস্সো।**

দীর্ঘ স্বরের পরবর্ত্তী 'এব' শব্দের একারের স্থানে কখনও কখনও রিকার আদেশ হয় এবং পূর্ব্ব স্বর হ্রস্ব হয়। যথা— যথা + এব = যথরিব, তথা + এব = তথরিব।

কোন কোন স্থলে ঃ—যথা + এব = যথেব, তথা + এব = তথেব।

**১৬। ইবণ্ণুবণ্ণা ঝলা। ঝলানমিয়ুবা সরে বা।**

পুংলিঙ্গে ইবর্ণান্ত শব্দকে ঝ-সংজ্ঞা এবং উবর্ণান্ত শব্দকে ল-সংজ্ঞা দেওয়া হয়।

অসদৃশ স্বরবর্ণ পরে থাকিলে ক্বচিৎ ইবর্ণ স্থানে ইয্ এবং উবর্ণ স্থানে উব্ আদেশ হয়। যথা— তি + অন্ত = তিযন্ত, তি + অদ্ধং = তিযদ্ধং, অগ্গি + আগারে = অগ্গিয্যাগারে, সত্তমী + অত্থে = সত্তমীযত্থে, পঞ্চমী + অন্তং = পঞ্চমীযন্তং. ভু + অঙ্গিকং = ভুবঙ্গিকং, ভিক্খু + আসনে = ভিক্খুবাসনে, পুথু + আসনে = পুথুবাসনে, সযম্ভূ + আসনে = সযম্ভুবাসনে।

কোন কোন স্থলে ঃ—অগ্গি + আগারে = অগ্গ্যাগারে। সূত্র (৮) দ্রষ্টব্য।

**১৭। ও সরে চ।**

স্বরবর্ণ পরে থাকিলে 'গো' শব্দের ওকারের স্থানে অব্ আদেশ হয়। যথা— গো + অজিনং = গবাজিনং, গো + এলকং = গবেলকং।

এই সূত্রে চকার প্রয়োগে উবর্ণের স্থানেও 'উব্, এবং 'অব্' আদেশ হয়। যথা— ভূ + ই = ভূবি, পসু + ও = পসবো।

**১৮। গো সরে পুথস্সাগমো ক্বচি।**

স্বরবর্ণ পরে থাকিলে 'পুথ' এই নিপাতের পর ক্বচিৎ গ আগম হয়। যথা—পুথ + এব = পুথগেব।

কোন কোন স্থলে ঃ—পুথ + এব = পুথযেব। সূত্র (২০) দ্রষ্টব্য।

**১৯। পাস্স চন্তো রস্সো।**

স্বরবর্ণ পরে থাকিলে 'পা' শব্দের পরও ক্বচিৎ গ আগম হয় এবং 'পা' শব্দের আকার হ্রস্ব হয়। যথা— পা + এব = পগেব।

**২০। য-ব-ম-দ-ন-ত-র-ল্য চাগমা।**

স্বরবর্ণ পরে থাকিলে কখনও কখনও য ব ম দ ন ত র এবং ল্ আগম হয়। যথা–

**য আগমে** ঃ— যথা + ইদং = যথযিদং, যথা + এব = যথাযেব, মা + ইদং = মাযিদং, মা + এব = মাযেব, তং + ইদং = তযিদং, তং + এব = তংযেব, ন + ইদং = নযিদং, ন + ইমস্স = নযিমস্স, ছ + ইমানি = ছাযমানি, নব + ইমে = নবযিমে, বোধিযা + এব = বোধিযাযেব, পঠবী + এব = পঠবীযেব, তেসু + এব = তেসুযেব, তে + এব = তেযেব, সো + এব = সোযেব, পাটি + এক্কং = পাটিযেক্কং, বি + অঞ্জনা = বিযঞ্জনা, বি + অকাসি = বিযাকাসি, পরি + অন্তং = পরিযন্তং, পরি + আদানং = পরিযাদানং, পরি + উট্ঠানং = পরিযুট্ঠানং, পরি + এসতি = পরিযেসতি, পরি + ওসানং = পরিযোসানং, নি + আযোগো = নিযাযোগো।

**ব আগমে** ঃ—তি + অঙ্গুলং = তিবঙ্গুলং, তি + অঙ্গিকং = তিবঙ্গিকং, ভু + আদযো = ভুবাদযো, মিগীভন্তা + উদিক্খতি = মিগীভন্তাবুদিক্খতি, প + উচ্চতি = পবুচ্চতি, পাওঞ + উজুতা = পাওঞবুজুতা।

**ম আগমে** ঃ—লহু + এস্সতি = লহুমেস্সতি, গরু + এস্সতি = গরুমেস্সতি, ইধ + আহু = ইধমাহু, ইধ + ইজ্ঝতি = ইধমিজ্ঝতি, এক + একং = একমেকং, যেন + ইধ = যেনমিধ, ভাযতি + এব = ভাযতিমেব, হোতু + এব = হোতুমেব।

**দ আগমে** ঃ— অত্ত + অত্থং = অত্তদত্থং, সকি + এব = সকিদেব, সকি + আগমি = সকদাগমি, ( 'মহাবুত্তি' সুত্রানুসারে এই স্থলে ইকারের স্থানে অকার আদেশ হইয়াছে ), কেনচি + এব = কেনচিদেব, কিঞ্চি + এব = কিঞ্চিদেব, কিস্মিচি + এব = কিস্মিচিদেব, কোচি + এব = কোচিদেব, সম্মা + অত্থো = সম্মদত্থো, সম্মা + অক্খাতো = সম্মদক্খাতো, সম্মা + অঞ্ঞা = সম্মদঞ্ঞা, সম্মা + এব = সম্মদেব, যাব + অত্থং = যাবদত্থং, যাব + ইচ্ছিতং = যাবদিচ্ছিতং, যাব + এব = যাবদেব, তাব + এব = তাবদেব, পুন + এব = পুনদেব, এত + অত্থং = এতদত্থং, স + অত্থং = সদত্থং, অঞ্ঞ + অত্থু = অঞ্ঞদত্থু, মনসা + অঞ্ঞা = মনসাদঞ্ঞা, বহু + এব = বহুদেব, অহু + এব = অহুদেব।

**ন আগমে** ঃ—ইতো + আযাতি = ইতোনাযাতি, চিরং + আযতি = চিরন্নাযতি।

**ত আগমে** ঃ—যস্মা + ইহ = যস্মাহিত, তস্মা + ইহ = তস্মাতিহ, অজ্জ + অগ্গে = অজ্জতগ্গে।

**র আগমে** ঃ—নি + অন্তরং = নিরন্তরং, নি + আলয়ো = নিরালয়ো, নি + ইন্ধনো = নিরিন্ধনো, নি + ঈহকং = নিরীহকং, নি + উত্তরো = নিরুত্তরো, নি + ওজং = নিরোজং, নি + উপদ্দবং

– নিরুপদ্দবং, দু + অতিক্কমো – দুরতিক্কমো, দু + আগতং— দুরাগতং, দু + উত্তরং—দুরুত্তরং, পাতু + অহোসি—পাতুরহোসি, পুন + আগচ্ছেয্য—পুনরাগচ্ছেয্য, পুন + উত্তরং—পুনরুত্তরং, পুন + এব—পুনরেব, পুন + এতি—পুনরেতি, ধি + অত্থু— ধিরত্থু, পাত + আসো—পাতরাসো. চতু + অঙ্গিকং—চতু-রঙ্গিকং, চতু + আরক্খা—চতুরারক্খা, চতু + ইদ্ধি—চতুরিদ্ধি, চতু + ওঘ—চতুরোঘ, ভত্তু + অত্থে—ভত্তুরত্থে, বুত্তি + এসা— বুত্তিরেসা, ধাতু + এব—ধাতুরেব, রাজা + ইব—রাজরিব, বিজ্জু + ইব—বিজ্জুরিব, সাসপো + ইব—সাসপোরিব, উভতো + ইব—উভতোরিব, সত্তি + এব—সত্তিরেব।

**ল্ আগমে** ঃ—ছ + অভিঞ্ঞা—ছল্ভিঞ্ঞা, ছ + অঙ্গ—ছলঙ্গ, ছ + অসীতি – ছলাসীতি, ছ + অংসা—ছলংসা, ছ + আযতনং —ছলাযতনং।

কোন কোন স্থলে ঃ— কেনচি + অত্তকামেন—কেনচি অত্তকামেন. যাব + অহং—যাবাহং, তাব + অহং—তাবাহং, পুন + অপরং—পুনরাপরং, অত্ত + অত্থং—অত্তত্থং, যথা + ইদং—যথা ইদং, পাতু + অকাসি – পাত্বা-কাসি, পুন + অপি—পুনপি, ছ + অভিঞ্ঞা—ছ অভিঞ্ঞা।

## ব্যঞ্জন সন্ধি ( Consonant Sandhi )

### ১। দীঘং।

সুখোচ্চারণ ও ছন্দোরক্ষার জন্য ব্যঞ্জনবর্ণের পূর্ব্বস্থিত হ্রস্ব স্বর কখনও কখনও দীর্ঘ হয়। যথা— মঞ্ঞুতি + ৰালো—

মঞ্জুতীৰালো, মুনি + চরে—মুনীচরে, খন্তি + পরমং—খন্তীপরমং, মক্কু + ভবি—মক্কূভবি, জাযতি + ভযং—জাযতীভয়ং, উজু + চ—উজূচ, সুজু + চ—সুজূচ, দু + রক্খং—দূরক্খং, দু + রমং—দূরমং, দু + ভরতং—দূভরতং।

২। রস্সং।

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পূর্ব্বস্বর ক্বচিৎ হ্রস্ব হয়। যথা—হুতং বা + লোকে—হুতং ব লোকে, যদি বা + সাবকে—যদি ব সাবকে, পুগ্গলা + ধম্মা—পুগ্গলধম্মা, ভোবাদী + নাম—ভোবাদি নাম, ভাবী + গুণেন—ভাবিগুণেন, পরা + কমো—পরক্কমো, আ + সাদো—অস্সাদো, তণ্হা + খযো—তণহক্খযো।

কোন কোন স্থলে ঃ— যথা + কমং—যথাক্কমং।

৩। লোপঞ্চ তত্রাকারো।

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে ক্বচিৎ 'সো' ও 'এসো' শব্দের ওকার স্থানে অকার হয়, এবং কখনও কখনও পূর্ব্বস্থিত অকার স্থানে উকার, এবং উকার স্থানে ওকার হয়। যথা—এসো + খো—এস খো, সো + গচ্ছং—স গচ্ছং, এসো + ধম্মো—এস ধম্মো, সো + মুনি—স মুনি, সো + সীলবা—স সীলবা, সো + ভিক্খু—স ভিক্খু, জানেম + তং—জানেমুতং, নু + ত্বং—নোত্বং।

স্বরবর্ণ পরে থাকিলেও এই সূত্রের প্রয়োগ হয়। যথা— এসো+অত্থো =এস অত্থো, এসো+আভোগো=এস আভোগো, এসো+ইদানি= এস ইদানি।

কোন কোন স্থলে ঃ—সো+মুনি=সো মুনি, এসো+ধম্মো=এসো ধম্মো।

## ৪। পরদ্বেভাবো ঠানে।

স্বরবর্ণের পরস্থিত ব্যঞ্জনবর্ণের কখনও কখনও দ্বিত্ব হয়। যথা— ইধ+পমাদো=ইধপ্পমাদো, অ+পমাদো=অপ্পমাদো, বি+পযুত্তো=বিপ্পযুত্তো, সু+পসন্নো=সুপ্পসন্নো, অ+পতি-বত্তিযং=অপ্পতিবত্তিযং, অধিপতি+পচ্চযো=অধিপতিপ্পচ্চযো, সু+পতিট্ঠিতো=সুপ্পতিট্ঠিতো, সু+পটিপত্তি=সুপ্পটিপত্তি, প+কমো=পক্কমো, পটি+কমো=পটিক্কমো, হেতু+কমো= হেতুক্কমো, অতি+কোধো=অতিক্কোধো, ধন+কিতো= ধনক্কিতো, বি+কযো=বিক্কযো, অনু+কযো=অনুক্কযো, অনু+ গহো=অনুগ্গহো, ছন্দ+গাহো=ছন্দগ্গাহো, দিট্ঠি+গাহো= দিট্ঠিগ্গাহো, প+জোতো=পজ্জোতো, বি+জোতেতি= বিজ্জোতেতি, বি+ঞাণং=বিঞ্ঞাণং, চাতু+দসী=চাতুদ্দসী, অভি+কন্ততরো=অভিক্কন্ততরো, প+ৰজ্জং=পৰ্ৰজ্জং, অব+ সযো=অবস্সযো, নি+সযো=নিস্সযো, সমু+সযো=সমু-স্সযো, বি+সুতো=বিস্সুতো, ৰহু+সুতো=ৰহুস্সুতো, প+সন্তন্তো=পস্সন্তন্তো, অট্ট+সরো=অট্টস্সরো, অনু+ সরতি=অনুস্সরতি, অনু+সতি=অনুস্সতি, প+সমন্তে=

২

পস্সমন্তে,পরি + চজন্তো = পরিচ্চজন্তো, উপ + দবো = উপদ্দবো, উপ + কিলিট্ঠো = উপক্কিলিট্ঠো, মিত্ত + দুনো = মিত্তদ্দুনো, আয + বযো = আযব্বযো,পীতি + তিকং = পীতিত্তিকং, হেতু + তিকং = হেতুত্তিকং, লোক + তযং = লোকত্তযং, এক + তিংস = একত্তিংস, চতু + তিংস = চতুত্তিংস, সীল + ৰতং = সীলব্বতং, সু + ৰতো = সুব্বতো, স + পীতিকো = সপ্পীতিকো, পুন + পুনং = পুনপ্পুনং, দু + করং = দুক্করং, দু + চরিতং = দুচ্চরিতং, নি + জিতং = নিজ্জিতং, দু + পঞ্ঞো = দুপ্পঞ্ঞো, দু + ৰলো = দুব্বলো, নি + মলো = নিম্মলো, দু + লভো = দুল্লভো, নি + সারো = নিস্সারো, চতু + দিসা = চতুদ্দিসা, চতু + পাদো = চতুপ্পাদো, চতু + বিধং = চতুব্বিধং, চতু + সালং = চতুস্সালং, ছ + নবুতি = ছন্নবুতি, ছ + পদিকো = ছপ্পদিকো, স + কারো = সক্কারো, স + পুরিসো = সপ্পুরিসো, মহা + ৰলো = মহব্বলো।

**৫। যবতং ত-ল-ন-দকারানং ব্যঞ্জনানি চ-ল-ঞ-জকারত্তং।**

ইবর্ণের স্থানে যকার আদেশ হইলে শব্দের অন্ত্য ত্য ল্য ন্য ও দ্য স্থানে কচিৎ যথাক্রমে চ ল ঞ ও জ আদেশ হয়, এবং ইহাদের দ্বিত্ব হয়। যথা—জাতি + অন্ধো = জচ্চন্ধো, বিপলি + আসো = বিপল্লাসো, অন্য + আযো = অঞ্ঞাযো, যদি + এবং = যজ্জেবং, অপি + একচ্চে = অপ্পেকচ্চে, অপি + একদা = অপ্পেকদা, কুসল + ন্য = কোসল্লং, সমন + ন্য = সামঞ্ঞং, সুহদ + ন্য = সোহজ্জং, পুরিস + ন্য = পোরিস্সং।

এই সূত্রে 'কার' শব্দের যোগে ক্য চ্য ট্য প্য ফ্য ৰ্য ভ্য ও ম্যয়ের যকার লুপ্ত হওয়ায় ইহাদেরও দ্বিত্ব হয়। যথা— নিপক+ন্য=নেপক্কং, সরূপ+ন্য=সারূপ্পং, উসভ+ন্য=ওসব্ভং, উপমা+ন্য=ওপম্মং।

কোন কোন স্থলে— বুত্তি+অস্স=বুত্ত্যস্স, ৰলি+অং=ৰল্যং, আলসি+অং=আলস্যং।

## ৬। বগ্গে ঘোসাঘোসানং ততিয-পঠমা।

স্বরবর্ণের পরস্থিত বর্গীয় দ্বিতীয় ও চতুর্থ বর্ণের সহিত সেই বর্গের প্রথম ও তৃতীয় বর্ণ যুক্ত হয়। যথা— প+ঘরতি= পগ্ঘরতি, নি+ঘোসো=নিগ্ঘোসো, এসোব+ঝাঁন= এসোবজ্ঝান, পঠম+ঝানং=পঠমজ্ঝানং, অভি+ঝাযতি= অভিজ্ঝাযতি, ৰি+ধংসেতি=ৰিদ্ধংসেতি, নি+ধনো=নিদ্ধনো, ৰি+ভন্তো=ৰিব্ভন্তো, সমু+ভূতো=সমুব্ভূতো, দু+ভিক্খং= দুব্ভিক্খং, নি+ভযং=নিব্ভযং, চতু+ধা=চতুদ্ধা, চতু+ভি= চতুব্ভি, স+ধম্মো=সদ্ধম্মো, মহা+ধনো=মহদ্ধনো, মহা+ ভযং=মহব্ভযং, পঞ্চ+খন্ধা=পঞ্চক্খন্ধা, রূপ+খন্ধো=রূপ- ক্খন্ধো, অভি+খনং=অভিক্খনং, অভি+খেপো=অভিক্খেপো, জাতি+খেত্তং=জাতিক্খেত্তং, আযু+খযো=আযুক্খযো, সেত+ ছত্তং=সেতচ্ছত্তং, সৰ্ব+ছন্নং=সৰ্বচ্ছন্নং, ৰোধি+ছাযা= ৰোধিচ্ছাযা, জম্বু+ছাযা=জম্বুচ্ছাযা, তত্র+ঠিতো=তত্রট্ঠিতো, অধি+ঠিতং=অধিট্ঠিতং, নি+ঠিতং=নিট্ঠিতং, গরু+ ঠানিযো=গরুট্ঠানিযো, যস+থেরো=যসত্থেরো, প+থরতি=

পত্থরতি, বি + থম্ভিতো = বিত্থম্ভিতো, অনু + থূনং = অনুত্থূনং, মহা + ফলং = মহপ্ফলং, নি + ফলং = নিপ্ফলং, নি + ফারো = নিপ্ফারো, তণ্হা + খযো = তণ্হাক্খযো, আনা + খেত্তং = আনাক্খেত্তং, আ + ছাদেতি = আচ্ছাদেতি, নি + খমতি = নিক্খমতি, নি + ছরতি = নিচ্ছরতি, নি + থরণং = নিত্থরণং।

### ৭। ক্বচি পটি পতিস্স।

স্বর অথবা ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে 'পতি' শব্দের স্থানে ক্বচিৎ 'পটি' আদেশ হয়। যথা— পতি + হঞ্ঞতি = পটিহঞ্ঞতি।

কোন কোন স্থলে ঃ— পতি + অন্তং = পচ্চন্তং।

### ৮। পুথস্সু ব্যঞ্জনে।

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে 'পুথ' শব্দের অন্ত্য অকার স্থানে উকার আদেশ হয়। যথা— পুথ + জনো = পুথুজ্জনো, পুথ + ভূতং = পুথুভূতং।

পুথ ভিন্ন অপর শব্দের অন্ত্যস্বরও উকার প্রাপ্ত হয়। যথা— মন + অঞ্ঞং = মনুঞ্ঞং, এব + ইমং = এবুমং, ইতি + এব = ইত্বেব।

### ৯। ও-অবস্স।

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে 'অব' শব্দের স্থানে কখনও কখনও ওকার আদেশ হয়। যথা— অব + কামো = ওকামো, অব + নদ্ধা = ওনদ্ধা, অব + বদতি = ওবদতি, অব + সানং = ওসানং।

কোন কোন স্থলে ঃ— অব + সানং = অবসানং, অব + স্সুসতু = অবস্সুসতু।

## ১০। তব্বিপরিতূপপদে ব্যঞ্জনে চ।

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে 'অব' শব্দের স্থানে কখনও কখনও উকার আদেশ হয়। যথা— অব + গতে = উগ্গতে, অব + গচ্ছতি = উগ্গচ্ছতি, অব + গহেত্বা = উগ্গহেত্বা।

## ১১। ক্বচি ও ব্যঞ্জনে।

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে 'অতিপ্প' এবং 'পর' শব্দের পর ওকার আগম হয়। যথা— অতিপ্প + খো = অতিপ্পগোখো, পর + গতং = পরোগতং, পর + সহস্সং = পরোসহস্সং।

## ১২। এতেসমো লোপে।

বিভক্তির লোপ হইলে মন গণাদি শব্দের অন্ত্য অকার স্থানে ওকার হয়। যথা— মন + মযং = মনোমযং, অয + মযং = অযোমযং, মন + সেট্ঠো = মনোসেট্ঠো, অয = পত্তো = অযোপত্তো, তপ + ধনো = তপোধনো, তম + নুদো = তমোনুদো, সির + রুহো = সিরোরুহো, সর + রুহো = সরোরুহো, তেজ + কসিনং = তেজোকসিনং, রজ + জল্লং = রজোজল্লং, অহ + রত্তং = অহোরত্তং, রহ + গতো = রহোগতো, আপ + ধাতু = আপোধাতু, বাযু + ধাতু = বাযোধাতু।

কোন কোন স্থলে ঃ— মন + মত্তেন = মনমত্তেন, মন + ছট্ঠানং = মনছট্ঠানং, অয + কপল্লং = অযকপল্লং, তম + বিনোদনো = তমবিনোদনো, মন + আযতনং = মনাযতনং।

## নিগ্গহীত ( অনুস্বার ) সন্ধি (Nasal-Sandhi)

### ১। বগ্গন্তং বা বগ্গে।

বর্গীয় বর্ণ পরে থাকিলে অনুস্বারের স্থানে বিকল্পে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা—তং + করোতি = তঙ্করোতি, তং + ঘনং = তঙ্ঘনং, সং + গতো = সঙ্গতো, ধম্মং + চরে = ধম্মঞ্চরে, তং + ছন্নং = তঞ্ছন্নং, তং + জাতং = তঞ্জাতং, তং + ঝানং = তঞ্ঝানং, তং + ঞানং = তঞ্ঞানং, তং + ঠানং = তণ্ঠানং, তং + ডহং = তণ্ডহং, তং + তনোতি = তন্তনোতি, তং + থিরং = তন্থিরং, তং + দানং = তন্দানং, তং + ধনং = তন্ধনং, তং + নিব্বুতং = তন্নিব্বুতং, তং + পত্তো = তম্পত্তো, তং + ফলং = তম্ফলং, তেসং + বোধো = তেসম্বোধো, সং + ভূতো = সম্ভূতো, তং + মিত্তং = তম্মিত্তং, কিং + কতো = কিঙ্কতো, ধাতুং + গতো = ধাতুঙ্গতো, সং + জাতো = সঞ্জাতো, তণ্হং + করো = তণ্হঙ্করো, রণং + জহো = রণঞ্জহো, সং + ঠিতো = সণ্ঠিতো, জুতিং + ধরো = জুতিন্ধরো, সং + মতো = সম্মতো।

এই সুত্রে চকার প্রয়োগে ল পরে থাকিলেও অনুস্বারের স্থানে লকার আদেশ হয়। যথা— সং+লীনো = সল্লীনো, সং+লক্খণং = সল্লক্খণং, সং+লেখো = সল্লেখো, সং+লাপো = সল্লাপো, পুং+লিঙ্গং = পুল্লিঙ্গং।

কোন কোন স্থলে ঃ— তং+করোতি = তং করোতি, তং+খণং = তংখণং, তং+কম্মং = তংকম্মং।

### ২। এহেঞ্ঞং।

একার এবং হকার পরে থাকিলে অনুস্বারের স্থানে

বিকল্পে ঞ আদেশ হয়। যথা— পচ্চত্তং + এব = পচ্চত্তঞ্ঞেব, তং + হিতস্স = তঞ্ঞ্হিতস্স, তং + এব = তঞ্ঞেব।

## ৩। সযে চ।

অনুস্বারের পর যকার থাকিলে সেই যকার ও অনুস্বারের স্থানে বিকল্পে ঞ আদেশ হয়, এবং ইহার দ্বিত্ব হয়। যথা—সং + যোগো = সঞ্ঞোগো, সং + যোজনং = সঞ্ঞোজনং, সং + যতো = সঞ্ঞতো,সং + যাচিকায = সঞ্ঞাচিকায,যং + যদেব = যঞ্ঞদেব, আনন্তরিকং + যমাহু = আনন্তরিকঞ্ঞমাহু।

এই সূত্রে "সহ যে চ" স্থলে "সযে চ" সংক্ষেপে বলা হইয়াছে। সুখোচ্চারণ হেতু অক্ষরেরও লোপ হয়। যথা— পটিসংখায + যোনিসো = পটিসংখা যোনিসো, অভিঞ্ঞায + সচ্ছিকত্বা = অভিঞ্ঞা সচ্ছিকত্বা।

## ৪। মদা সরে।

স্বরবর্ণ পরে থাকিলে অনুস্বারের স্থানে বিকল্পে মকার এবং দকার আদেশ হয়। যথা— তং + অহং = তমহং, যং + আহু = যমাহু, ধনং + এব = ধনমেব, কিং + এতং = কিমেতং, নিন্দিতুং + অরহতি = নিন্দিতুমরহতি, যং + অনিচ্চং = যদনিচ্চং, তং + অনত্তং = তদনত্তং, এতং + অবোচ = এতদবোচ, এতং + এব = এতদেব, এবং + অস্স = এবমস্স।

কোন কোন স্থলে ঃ— মং + অজিনি = মং অজিনি।

## ৫। ক্বচি লোপং।

স্বরবর্ণ পরে থাকিলে অনুস্বারের ক্বচিৎ লোপ হয়। যথা—

তাসং + অহং = তাসাহং, বিদূনং + অগ্গং = বিদূনগ্গং, অদাসিং + অহং = অদাসহং, কথং + অহং = কথাহং, এবং + অযং = এবাযং, কিং + অহং = ক্যাহং।

কোন কোন স্থলে :—এবং + অযং = এবমযং, কিং + অহং = কিমহং।

### ৬। ব্যঞ্জনে চ।

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে অনুস্বারের ক্বচিৎ লোপ হয়। যথা— সচ্চানং + দস্সনং = সচ্চানদস্সনং, বুদ্ধানং + সাসনং = বুদ্ধানসাসনং, সং + রত্তো = সারত্তো, সং + রাগো = সারাগো, সং + রম্ভো = সারম্ভো, অবিসং + হারো = অবিসাহারো, চিরং + পবাসিং = চিরপ্পবাসিং, গন্তুং + কামো = গন্তুকামো, গন্তুং + মনো = গন্তুমনো।

কোন কোন স্থলে :— এতং + মঙ্গলং = এতম্মঙ্গলং।

### ৭। পরো বা সরো।

অনুস্বারের পরস্থিত স্বরবর্ণের বিকল্পে লোপ হয়। যথা— কতং + ইতি = কতন্তি, কিং + ইতি = কিন্তি, অভিনন্দুং + ইতি = অভিনন্দুন্তি, উগ্গুত্তং + এব = উগ্গুত্তং'ব, চক্কং + ইব = চক্কং'ব, কলিং + ইব = কলিং'ব, হলং + ইদানি = হলং'দানি কিং + ইদানি = কিন্দানি, ত্বং + অসি = ত্বং'সি, ইদং + অপি = ইদম্পি, উত্তরিং + অপি = উত্তরিং'পি, দাতুং + অপি = দাতুম্পি, সদসং + ইব = সদসং'ব, বীজং + ইব = বীজং'ব।

**৮। ব্যঞ্জনো চ বিসঞ্ঞোগো।**

অনুস্বারের পরস্থিত স্বরবর্ণ লুপ্ত হইলে সংযুক্ত ব্যঞ্জনের পূর্ব্ব বর্ণও লুপ্ত হয়। যথা— এবং + অস্স = এবং'স, পুতং + অস্সা = পুতং'সা।

অনুস্বারের পরস্থিত স্বরবর্ণ লুপ্ত না হইলে হয় না। যথা— এবং + অস্‌স = এবমস্‌স।

**৯। নিগ্গহীতঞ্চ।**

স্বর কিংবা ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে (সুখোচ্চারণ হেতু) ক্কচিৎ অনুস্বারের আগম হয়। যথা— চক্খু + উদপাদি = চক্খুং উদপাদি, চক্খু + অনিচ্চং = চক্খুং অনিচ্চং, অব + সিরো = অবংসিরো, যাব + চিধ = যাবঞ্চিধ, অনু + থুলানি = অনুং থুলানি।

**১০। অং ব্যঞ্জনে নিগ্গহীতং।**

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে অনুস্বারের ক্কচিৎ লোপ হয় না। যথা— এবং + বুত্তে = এবংবুত্তে, তং + সাধু = তংসাধু।

**১১। অনুপদিট্ঠানং বুত্তযোগতো।**

উপসর্গ, নিপাতাদির যোগে যে সকল সন্ধি পূর্ব্বে বর্ণিত হয় নাই, এখানে স্বর, ব্যঞ্জন ও অনুস্বারসন্ধির সূত্রানুসারে তাহাদের রূপসিদ্ধি দ্রষ্টব্য।

**স্বরসন্ধিতে** — প+অঙ্গনং=পাঙ্গনং, পর+আসনং=পরাসনং, উপ+আগতো=উপাগতো, নি+আদযো=ন্যাদযো, নি+উত্তমং=নিরুত্তমং, নি+উপমা=নিরূপমা, সু+আগতং=স্বাগতং, দু+উপসন্তো=দূপসন্তো, সু+অক্খাতো=স্বাক্খাতো, উ+ঈরিতং=উদীরিতং, সং+আগতো=সমাগতো, ধী+অতিক্কমো=ধীতিক্কমো, অধি+আগমি=অজ্ঝাগমি, অধি+আসযো=অজ্ঝাসযো, অব+আগমনং=অবযাগমনং, অনু+এতি=অন্বেতি, ন+অচ্ছরিযং=অনচ্ছরিযং, পরি+এসনা=পয্যেসনা।

**ব্যঞ্জনসন্ধিতে**— পরি+গহো=পরিগ্গহো, পর+কমো=পরক্কমো, নি+খমতি=নিক্খমতি, নি+কসাবো=নিক্কসাবো, দু+ভিক্খং=দুব্ভিক্খং, সু+গহো=সুগ্গহো।

**অনুস্বারসন্ধিতে**— সং+দিট্ঠং=সন্দিট্ঠং, নি+গতং=নিগ্গতং।

---

# পরিভাষা ( DEFINITION )

**ধাতু-পচ্চয়-বিভত্তিবজ্জিতমত্থযুত্তং সদ্দরূপং লিঙ্গং নাম।**

ধাতু, প্রত্যয় ও বিভক্তি বর্জ্জিত অর্থবোধক মূল শব্দের নাম **লিঙ্গ** বা **প্রাতিপদিক** (Stem)। যথা— বুদ্ধ, দেব, লোক, পুরিস, দহর, সুন্দর ইত্যাদি।

যাহা ক্রিয়া প্রকাশ করে, তাহার নাম **ধাতু** ( Verbal Root)। যথা—ভূ (হওয়া—to be), গম্ (যাওয়া—to go) ইত্যাদি।

ধাতু ও প্রাতিপদিকের উত্তর যাহা হয়, তাহার নাম **প্রত্যয়** (Suffix)। প্রত্যয় সাধারণত চারি প্রকার। যথা—বিভক্তি, কৃৎ, তদ্ধিত এবং স্ত্রীপ্রত্যয়।

১। ধাতুর উত্তর তি, অন্তি ইত্যাদি এবং প্রাতিপদিকের উত্তর সি, যো ইত্যাদি যে সকল প্রত্যয় হয়, তাহাদের নাম **বিভক্তি** (Inflection)।

২। ধাতুর উত্তর তৰ্ৱ, অনীয, তুং, ত্বা, ত্বান, তুন ইত্যাদি যে সকল প্রত্যয় হয়, তাহাদের নাম **কৃৎ** (Verbal Suffix)।

৩। প্রাতিপদিকের উত্তর ণ, ণ্য, ণেয্য, ণি, ণব, ণিক ইত্যাদি যে সকল প্রত্যয় হয়, তাহাদের নাম **তদ্ধিত** (Suffix of Base)।

৪। স্ত্রীলিঙ্গে প্রাতিপদিকের উত্তর আ, ঈ ইত্যাদি যে সকল প্রত্যয় হয়, তাহাদের নাম **স্ত্রীপ্রত্যয়** (Feminine Suffix)।

বিভক্তিযুক্ত ধাতু ও প্রাতিপদিকের নাম **পদ** ( Inflected Word )।

বস্তু, স্থান, ব্যক্তি, জাতি, গুণ, ক্রিয়া ও **সমষ্টিবাচক** প্রাতিপদিককে **নাম** বা **বিশেষ্য** ( Noun ) বলে। সুতরাং বিশেষ্য সাত প্রকার। যথা—

**বস্তুবাচক**—পৰৰত, পুপ্ফ, রুক্খ, পাসাদ, পোত্থক ইত্যাদি।

স্থানবাচক—বারাণসী, ইসিপতন, কুসিনারা, পাবা ইত্যাদি।

ব্যক্তিবাচক—আনন্দ, অনুরুদ্ধ, সারিপুত্ত, মোগ্গল্লান ইত্যাদি।

জাতিবাচক—দেব, মনুস্স, হত্থী, বানর ইত্যাদি।

গুণবাচক—কারুণিক, সব্বঞ্ঞু, মেধাবী, যসস্সী, ইত্যাদি।

ক্রিয়াবাচক—নিসীদনং, গচ্ছন্ত, তিট্ঠন্ত, কথনং ইত্যাদি।

সমষ্টিবাচক—সমূহ, সমাজ, সভা, সমিতি, গণ ইত্যাদি।

অহং, তুম্হ, সো, ইদং প্রভৃতি শব্দকে **সর্ব্বনাম** (Pronoun) বলে।

যে শব্দ বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশ করে, তাহাকে **বিশেষণ** ( Adjective ) বলে। বিশেষণ তিন প্রকার। যথা—বিশেষ্য-বিশেষণ, বিশেষণ-বিশেষণ ও ক্রিয়া-বিশেষণ।

**বিশেষ্য-বিশেষণ**—করুণামযো বুদ্ধো, সন্দিট্ঠিকো ধম্মো, বিসুদ্ধো সংঘো; দুরারুহো পব্বতো ইত্যাদি।

**বিশেষণ-বিশেষণ**—অচ্চন্তং সুন্দরং, অধিকং রমনীযং, পরমো রূপবা, সুবণ্ণবণ্ণো উজ্জলো ইত্যাদি।

**ক্রিয়া-বিশেষণ**—মধুরং গাযতি, সচ্চং বদতি ইত্যাদি।

ক্রিয়া-বিশেযণ (Adverb) সর্ব্বদাই ক্লীবলিঙ্গ, দ্বিতীয়া বিভক্তি ও একবচনান্ত হয়।

বিশেষ্যের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন হয়, বিশেষণেরও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হয় যথা—সুন্দরং পুপ্ফং, মহাসীলবা উপসেনো, রমণীযা অচিরাবতী, কারুণিকো বদ্ধো ইত্যাদি।

# নাম-প্রকরণ

## বিভক্তি (Case-Endings)

### ১। ততো চ বিভত্তিযো।

নামের পর লিঙ্গার্থে এবং বচনার্থে বিভক্তি সমূহ যুক্ত হয়। পালি শব্দগুলি সাধারণত পুংলিঙ্গ (Masculine Gender), স্ত্রীলিঙ্গ (Feminine Gender) এবং ক্লীব (বা নপুংসক) লিঙ্গ (Neuter Gender) এই তিন লিঙ্গে বিভক্ত। যথা—

পুংলিঙ্গ—বুদ্ধ, দেব, মুনি, ভিক্খু ইত্যাদি।

স্ত্রীলিঙ্গ—মাতা, দেবী, রত্তি, ভিক্খুণী, পঠমা ইত্যাদি।

ক্লীব (বা নপুংসক) লিঙ্গ—অম্বং, ফলং, চিত্তং, দণ্ডী ইত্যাদি।

পালিতে বচন (Number) দুই প্রকার। যথা— একবচন (Singular Number) এবং বহুবচন (Plural Number)।

একবচন নিষ্পন্ন পদে একটী বুঝায়। যথা— বুদ্ধো— একজন বুদ্ধ (One Buddha), একং পোত্থকং— একটী পুস্তক (One Book) ইত্যাদি।

বহুবচন নিষ্পন্ন পদে দুই বা ততোধিক বুঝায়।

যথা—বুদ্ধা—দুই বা অনেক বুদ্ধ (Two or many Buddhas), ফলানি—দুই বা অনেকগুলি ফল (Two or many fruits)।

পালি ভাষায় প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী এই সাতটী বিভক্তি আছে।

**তত্থ সি যো ইতি পঠমা বিভত্তি**
**অং যো ইতি দুতিযা বিভত্তি**
**না হি ইতি ততিযা বিভত্তি**
**স নং ইতি চতুত্থী বিভত্তি**
**স্মা হি ইতি পঞ্চমী বিভত্তি**
**স নং ইতি ছট্ঠী বিভত্তি**
**স্মিং সু ইতি সত্তমী বিভত্তি।**

## বিভক্তির আকার

| | একবচন | বহুবচন |
|---|---|---|
| প্রথমা | সি | যো |
| দ্বিতীয়া | অং | যো |
| তৃতীয়া | না | হি |
| চতুর্থী | স্ | নং |
| পঞ্চমী | স্মা | হি |
| ষষ্ঠী | স | নং |
| সপ্তমী | স্মিং | সু |

## সাধারণ নিয়ম ( General Rules )

### ১। ইবণ্ণুবণ্ণা ঝলা।

পুংলিঙ্গ শব্দের অন্ত্য ই এবং ঈকারের সাধারণ নাম ঝ, এবং উ এবং ঊকারের সাধারণ নাম ল, অর্থাৎ ঝ বলিলে ইবর্ণান্ত শব্দকে এবং ল বলিলে উবর্ণান্ত শব্দকে বুঝায়।

### ২। লিঙ্গত্থে পঠমা।

লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হয়। এক বা একাধিকের উল্লেখ ভেদে একবচন কিংবা বহুবচনের বিভক্তি সমূহ শব্দের সহিত যুক্ত হয়।

### ৩। সো।

অকারান্ত পুংলিঙ্গ শব্দের সি বিভক্তির স্থানে ওকার আদেশ হয়। যথা ঃ—ৰুদ্ধো, নরো ইত্যাদি।

### ৪। সব্বযোনীনমা এ।

যো এবং নি বিভক্তির স্থানে, অর্থাৎ অকারান্ত শব্দের প্রথমা ও দ্বিতীয়ার বহুবচনে, যথাক্রমে আকার এবং একার আদেশ হয়। যথা ঃ—ৰুদ্ধা, ৰুদ্ধে ইত্যাদি।

### ৫। আলপনে চ।

আলাপন বা সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা ঃ— ৰুদ্ধ, ৰুদ্ধা।

**৬। আলপনে সি গসঞ্ঞো।**

আলাপন বা সম্বোধনে সি বা প্রথমা বিভক্তির একবচন গ সংজ্ঞা প্রাপ্ত হয়।

**৭। অকারপিতাদ্যন্তানমা।**

গ বিভক্তি পরে থাকিলে অকারান্ত শব্দ এবং পিতু, সখু প্রভৃতি শব্দের অন্তে আকার আদেশ হয়। যথা ঃ—বুদ্ধা, পিতা, সখা ইত্যাদি।

**৮। আকারো বা।**

গ বিভক্তি পরে থাকিলে অকারান্ত শব্দের অন্তে পূর্ব্বোক্ত সূত্রদ্বারা আকার আদেশ না হইয়া কখনও কখনও অকার আদেশ হয়।

**৯। সেসতো লোপং গ-সি পি।**

যে সকল শব্দের উত্তর গ এবং সি বিভক্তির স্থানে উপর্য্যুক্ত আদেশ বিহিত হইয়াছে, সেই সকল শব্দ ব্যতীত অবশিষ্ট অবর্ণান্ত, ইবর্ণান্ত, উবর্ণান্ত এবং ওকারান্ত শব্দের উত্তর গ ও সি বিভক্তির লোপ হয়। যথা ঃ—ভো বুদ্ধ, হে বুদ্ধা ইত্যাদি।

**১০। কম্মত্থে দুতিযা**

কর্ম্ম কারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা ঃ—বুদ্ধং, অগ্গিং ইত্যাদি।

**১১। অতো নেন।**

অকারান্ত শব্দের উত্তর না বিভক্তির স্থানে এন আদেশ হয়। যথা ঃ—বুদ্ধেন, নরেন ইত্যাদি।

**১২। স্মু-হি-স্বাকারো এ।**

সু এবং হি বিভক্তি পরে থাকিলে শব্দের অন্ত্য অকারের স্থানে একার আদেশ হয়।

**১৩। স্মা-হি-স্মিন্নং ম্হা-ভি-ম্হি বা।**

অকারান্ত শব্দের উত্তর স্মা, হি এবং স্মিং বিভক্তির স্থানে যথাক্রমে ম্হা, ভি এবং ম্হি বিকল্পে আদেশ হয়। যথা ঃ—বুদ্ধস্মা বুদ্ধম্হা, বুদ্ধেহি বুদ্ধেভি, বুদ্ধস্মিং বুদ্ধম্হি ইত্যাদি।

**১৪। সাগমো সে।**

স বিভক্তি পরে থাকিলে শব্দের পর স আগম হয়। যথা ঃ—বুদ্ধস্স, নরস্স, পুরিসস্স ইত্যাদি।

**১৫। আয চতুত্থেক বচনস্স তু।**

অকারান্ত শব্দের চতুর্থীর একবচনে স স্থানে কখনও কখনও আয আদেশ হয়। যথা ঃ—বুদ্ধায, পুরিসায ইত্যাদি।

**১৬। সু-নং-হিস্মু চ।**

সু, নং এবং হি বিভক্তি পরে থাকিলে পূর্ব্ব স্বর দীর্ঘ হয়। যথা ঃ—দণ্ডীসু, বুদ্ধানং, অগ্গীহি ইত্যাদি।

৩

**১৭। স্মা-স্মিন্নং বা।**

অকারান্ত শব্দের উত্তর স্মা এবং স্মিং বিভক্তির স্থানে যথাক্রমে আকার এবং একার বিকল্পে আদেশ হয়। যথা ঃ— ব্‌ুদ্ধস্মা ব্‌ুদ্ধা, ব্‌ুদ্ধস্মিং ব্‌ুদ্ধে।

**১৮। স্যাচ।**

ব্‌্রহ্ম, অত্ত, সখ, রাজ ইত্যাদি শব্দের উত্তর সি বিভক্তির স্থানে আকার আদেশ হয়। যথা ঃ—অত্ত+সি=অত্তা ইত্যাদি।

**১৯। যোনমানো।**

ব্‌্রহ্ম, অত্ত, সখ, রাজ ইত্যাদি শব্দের যো বিভক্তির স্থানে আনো আদেশ হয়। যথা ঃ—অত্ত+যো=অত্তানো ইত্যাদি।

**২০। ব্‌্রহ্মত্ত-সখ-রাজাদিতো অমানং।**

ব্‌্রহ্ম, অত্ত, সখ, রাজ ইত্যাদি শব্দের অং বিভক্তির স্থানে বিকল্পে আনং আদেশ হয়। যথা ঃ—অত্তং অত্তানং, সখং সখানং ইত্যাদি।

**২১। সখাতো চাযোনো।**

সখ শব্দের উত্তর যো বিভক্তির স্থানে আযো এবং নো আদেশ হয়। যথা ঃ— সখাযো, সখিনো।

**২২। সখন্তস্সি নো-না-নং-সেসু।**

নো, না, নং এবং স বিভক্তি পরে থাকিলে সখ শব্দের

অন্তে ইকার আদেশ হয়। যথা ঃ—সখিনো, সখিনা, সখীনং, সখিস্স।

**২৩। সখাতো গস্সে বা।**

সখ শব্দের উত্তর গ স্থানে অকার, আকার, ইকার, ঈকার এবং একার আদেশ হয়।

সূত্রে 'বা' শব্দ যোগে অন্যান্য শব্দের গ বিভক্তির স্থানে কখনও কখনও একার আদেশ হয়। যথা ঃ—(ভো) সখ, সখা, সখি, সখী, সখে, (ভদন্তে) ইসে ইত্যাদি।

**২৪। স্বু-নমংস্বু বা।**

স্বু, নং এবং অং বিভক্তি পরে থাকিলে সখ শব্দের অন্তে বিকল্পে 'আর' আগম হয়। যথা ঃ— সখেস্বু সখারেস্বু, সখানং সখারানং, সখং সখারং ইত্যাদি।

**২৫। স্মিমে।**

সখ শব্দের উত্তর স্মিং বিভক্তির স্থানে একার আদেশ হয়। যথা ঃ—সখস্মিং, সখে।

**২৬। অম্হ-তুম্হন্তু-রজ-ব্রহ্মত্ত-সখ-সত্থু-পিতাদীহি স্মা-নাব।**

অম্হ, তুম্হ, ও ন্তু প্রত্যয়ান্ত শব্দ, এবং রাজ, ব্রহ্ম, অত্ত, সখ, সত্থু, পিতু ইত্যাদি শব্দের স্মা বিভক্তি না বিভক্তির অনুরূপ। যথা ঃ—মযা, ত্বযা, গুণবতা, রঞ্ঞা, ব্রহ্মুনা, অত্তনা, সখিনা, সত্থারা, পিতরা ইত্যাদি।

**২৭। অগ্গিস্সিনি।**

সি বিভক্তি পরে থাকিলে অগ্গি শব্দের উত্তর বিকল্পে ইনি আদেশ হয়। যথা ঃ—অগ্গি, অগ্গিনি।

**২৮। ঘপতোচ যোনং লোপো।**

স্ত্রীলিঙ্গে ঘ ও প, এবং অন্যান্য লিঙ্গে ঝ ও লয়ের উত্তর বিকল্পে যো বিভক্তির লোপ হয়।

**২৯। যোসু কতনিকারলোপেসু দীঘং।**

যো বিভক্তি লুপ্ত হইলে, অথবা যো স্থানে নিকার আদেশ হইলে, শব্দের অন্ত্য স্বর দীর্ঘ হয়। যথা ঃ—অগ্গী, অগ্গীনি ইত্যাদি।

**৩০। যোস্বকতরস্সো ঝো।**

যো বিভক্তি পরে থাকিলে অহ্রস্বীকৃত ঝ অকারত্ব প্রাপ্ত হয়। যথা ঃ—অগ্গযো।

**৩১। অম্মো নিগ্গহীতং ঝলপেহি।**

ঝ, ল এবং পয়ের উত্তর অং বিভক্তি, এবং মকারের স্থানে (ং)অনুস্বার আদেশ হয়। যথা ঃ—অগ্গিং।

**৩২। ঝলতো সস্স নো বা।**

ঝ এবং লয়ের উত্তর স বিভক্তির স্থানে ক্বচিৎ নো আদেশ হয়। যথা ঃ—অগ্গিস্স, অগ্গিনো।

৩৩। **ঋলতো চ**।

ঋ এবং লয়ের উত্তর স্মা বিভক্তির স্থানে ক্বচিৎ না আদেশ হয়। যথা ঃ—অগ্গিস্মা, অগ্গিনা।

৩৪। **অঘোরস্সমেকবচনযোস্বপিচ**।

সি বিভক্তি ভিন্ন অন্যান্য বিভক্তি সমূহের একবচনে, এবং যো বিভক্তি সমূহ পরে থাকিলে পুংলিঙ্গ আকারান্ত শব্দের অন্ত্যস্বর হ্রস্ব হয়।

৩৫। **ন সিস্মিমনপুংসকানি**।

সি বিভক্তি পরে থাকিলে নপুংসক লিঙ্গ ভিন্ন পুং-স্ত্রীলিঙ্গ শব্দের অন্ত্য দীর্ঘ স্বর হ্রস্ব হয় না। যথা ঃ— দণ্ডী।

৩৬। **যোনংনো**।

ঝয়ের উত্তর যো বিভক্তির স্থানে নো আদেশ হয়। যথা—দণ্ডিনো।

৩৭। **ঝলপা রস্সং**।

গ পরে থাকিলে ঝ, ল এবং পয়ের অন্ত্যস্বর হ্রস্ব হয়। যথা ঃ—ভো দণ্ডি।

৩৮। **নং ঝতো কতরস্সা**।

হ্রস্বীকৃত ঝয়ের উত্তর অং বিভক্তির স্থানে বিকল্পে নং আদেশ হয়। যথা ঃ—দণ্ডিং, দণ্ডিনং।

**৩৯। স্মিং নি।**

হ্রস্বীকৃত ঋয়ের উত্তর স্মিং বিভক্তির স্থানে বিকল্পে নি আদেশ হয়। যথা ঃ—দণ্ডিনি, দণ্ডিম্হি, দণ্ডিস্মিং।

**৪০। লতো বোকারো চ।**

লয়ের যো বিভক্তির স্থানে বিকল্পে বোকার আদেশ হয়।

**৪১। বেবোস্থু লো চ।**

বে এবং বোকার পরে থাকিলে অহ্রস্বীকৃত ল অকারত্ব প্রাপ্ত হয়। যথা ঃ—ভিক্খবো।

**৪২। অকতরস্স লতো য্বালপনস্স বে-বো।**

অহ্রস্বীকৃত লয়ের আলপনে যো বিভক্তির স্থানে বে এবং বো আদেশ হয়। যথা ঃ—ভিক্খবে, ভিক্খবো।

**৪৩। সত্থু-পিতাদীনমা সি-স্মিংসিলোপো চ।**

সি বিভক্তি পরে থাকিলে সত্থু, পিতু, ভাতু, মাতু, ধাতু, কত্তু ইত্যাদি শব্দের অন্ত্য উকারের স্থানে আকার আদেশ হয়, এবং সি বিভক্তির লোপ হয়। যথা ঃ—সত্থা, পিতা, ভাতা, মাতা, ধীতা, কত্তা ইত্যাদি।

**৪৪। অঞ্ঞেস্বারত্তং। ততো যোনমোতু।**

সি ব্যতীত অন্যান্য বিভক্তি পরে থাকিলে সত্থু, পিতু

ইত্যাদি শব্দের অন্ত্য উকারের স্থানে 'আর' আদেশ হয়। 'আর' পরে থাকিলে যো বিভক্তির স্থানে ওকার আদেশ হয়। যথা ঃ—সত্থারো।

সূত্রে 'তু' শব্দ যোগে চতু, উভ, নদী, গো ইত্যাদি শব্দের যো বিভক্তির স্থলেও ওকার আদেশ হয়।

**৪৫। না-আ।**

'আর' পরে থাকিলে না বিভক্তির স্থানে আকার আদেশ হয়। যথা ঃ—সত্থারা।

**৪৬। উ সস্মিং স লোপো চ।**

**স** বিভক্তি পরে থাকিলে **সত্থু** পিতু ইত্যাদি **শব্দের** অন্ত্যস্বর উকার প্রাপ্ত হয়, এবং স বিভক্তি ক্বচিৎ লোপ হয়। যথা ঃ—সত্থু, সত্থুনো, সত্থুস্স।

**৪৭। বা নম্হি।**

নং বিভক্তি পরে থাকিলে **সত্থু**, পিতু ইত্যাদি **শব্দের** অন্ত্য উকারের স্থানে বিকল্পে 'আর' আদেশ হয়। যথা ঃ— সত্থারানং।

**৪৮। সত্থুনাত্তঞ্চ। ততো স্মিমি।**

নং বিভক্তি পরে থাকিলে সত্থু, পিতু ইত্যাদি শব্দের অন্ত্যস্বর আকারত্ব প্রাপ্ত হয়। যথা ঃ—সত্থানং।

আকারত্ব প্রাপ্ত হইলে স্মিং বিভক্তির স্থানে ইকার আদেশ হয়।

**৪৯। আরো রস্সমিকারে।**

ইকার পরে থাকিলে ‘আর’ হ্রস্ব ( অর্থাৎ অর ) হয়। **যথা ঃ—সখরি।**

**৫০। পিতাদীনমসিম্হি।**

সি ব্যতীত অন্যান্য বিভক্তি পরে থাকিলে, এবং পিতু, ভাতু ইত্যাদি শব্দের উত্তর ‘আর’ আদেশ হইলে ‘আর’ হ্রস্ব হয়। যথা ঃ—পিতরো, পিতরং ইত্যাদি।

**৫১। যোসু চ।**

যো বিভক্তি পরে থাকিলে গো শব্দের ওকার স্থানে ‘আব’ আদেশ হয়। যথা ঃ—গাবো।

সূত্রে চকার যোগে না, স্মা, স্মিং এবং সু বিভক্তি পরে থাকিলেও গো শব্দের ওকার স্থানে ‘আব’ আদেশ হয়।

**৫২। অবম্হি চ।**

অং বিভক্তি পরে থাকিলে গো শব্দের ওকার স্থানে ‘আব’ এবং ‘অব’ আদেশ হয়।

সূত্রে চকার যোগে যো, না, স্মা, স্মিং এবং সু বিভক্তি পরে থাকিলেও গো শব্দের ওকার স্থানে ‘অব’ আদেশ হয়। যথা ঃ—গবো, গবেন, গবস্স, গবা, গবম্হা, গবে, গবম্হি, গবস্মিং।

**৫৩। আবস্সু বা।**

অং বিভক্তি পরে থাকিলে 'আব' এবং 'অব' বিকল্পে উকারত্ব প্রাপ্ত হয়। যথা ঃ— গাবুং, গবুং।

**৫৪। গাব সে।**

স বিভক্তি পরে থাকিলে গো শব্দের ওকার স্থানে 'আব' আদেশ হয়। যথা ঃ—গাবস্স ইত্যাদি।

**৫৫। সু-হি-নাসু চ।**

সু, হি এবং না বিভক্তি পরে থাকিলে গো শব্দের স্থানে বিকল্পে গোণ ও গু আদেশ হয়, এবং নং বিভক্তিতে বিকল্পে নয়ের দ্বিত্ব হয়। যথা ঃ—গোনং, গোণং, গুন্নং।

সূত্রে চকার যোগে অন্যান্য বিভক্তিতে গো শব্দের ওকার স্থানে 'আব' আদেশ হয়। যথা ঃ— গাবম্হা, গাবেসু ইত্যাদি।

**৫৬। ততো নমম্পতিম্হা লুত্তে চ সমাসে।**

গো শব্দের পরস্থিত নং বিভক্তির নকার লুপ্ত হইলে গো শব্দের ওকার স্থানে 'অব' আদেশ হয়। যথা ঃ— গোনং, গবং।

## শব্দরূপ ( DECLENSION )

নামের উত্তর বিভক্তি সমূহ প্রয়োগ করিলে কোন কোন স্থলে ইহাদের বিশেষ পরিবর্ত্তন হইয়া থাকে। স্বরান্ত ও ব্যঞ্জনান্ত ভেদে শব্দ সমূহের রূপসিদ্ধি নিম্নে দ্রষ্টব্য।

## স্বরান্ত শব্দ

### অকারান্ত পুংলিঙ্গ শব্দ

### বুদ্ধ (Buddha)

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | বুদ্ধো | বুদ্ধা, (বুদ্ধসে) |
| দুতিযা | বুদ্ধং | বুদ্ধে |
| ততিযা | বুদ্ধেন, (বুদ্ধসা) | বুদ্ধেহি, বুদ্ধেভি |
| চতুত্থী | বুদ্ধস্স, বুদ্ধায | বুদ্ধানং |
| পঞ্চমী | বুদ্ধা, বুদ্ধম্হা, বুদ্ধস্মা | বুদ্ধেহি, বুদ্ধেভি |
| ছট্ঠী | বুদ্ধস্স | বুদ্ধানং |
| সত্তমী | বুদ্ধে, বুদ্ধম্হি, বুদ্ধস্মিং | বুদ্ধেসু |
| আলপনং | বুদ্ধ, বুদ্ধা | বুদ্ধা |

বন্ধনীর অন্তর্গত পদগুলি সাধারণত প্রচলিত নহে।

দেব, সুর, অসুর, নর, উরগ, নাগ, যক্খ, গন্ধব্ব, কিন্নর, মনুস্স, পিসাচ, পেত, মাতঙ্গ, জঙ্গম, তুরঙ্গ, বরাহ, সীহ, ব্যগ্ঘ, অচ্ছ, কচ্ছপ, তরচ্ছ, মিগ, অস্স, সোন, আলোক, লোক, নিলয়, অনিল, চাগ, যোগ, বাযাম, গাম, নিগম, আগম, ধম্ম, কাম, সংঘ, ওঘ, ঘোস, পটিঘ, আসব, কোধ, লোভ, সারম্ভ, থম্ভ, মদ, মান, পমাদ, মক্খ, হিন্তাল, তাল, বকুল, অজ্জুন, কিংসুক, মন্দার, কুন্দ, পুচিমন্দ, করঞ্জ, রুক্খ, ময়ুর, সকুন, অণ্ডজ, কোঞ্চ, হংস, পুরিস ইত্যাদির রূপও বুদ্ধ শব্দের ন্যায়।

## মন (Mind)

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | মনো | মনা |
| দুতিযা | মনং | মনে |
| ততিযা | মনসা, মনেন | মনেহি, মনেভি |
| চতুত্থী | মনসো, মনস্স | মনানং |
| পঞ্চমী | মনসা, মনম্হা, মনস্মা | মনেহি, মনেভি |
| ছট্ঠী | মনসো, মনস্স | মনানং |
| সত্তমী | মনসি, মনে, মনম্হি, মনস্মিং | মনেসু |
| আলপনং | মন, মনা | মনা |

তেজ, বচ, চয, তপ, চেত, তম, যম, অয, পয, সির, সর, উর, রহ, অহ ইত্যাদির রূপও মন শব্দের ন্যায়।

## আকারান্ত পুংলিঙ্গ শব্দ

### সখা (Friend)

| বিভক্তি | একবচন | বহুবচন |
| --- | --- | --- |
| পঠমা | সখা | সখা, সখাযো, সখিনো, সখানো |
| দুতিযা | সখং, সখানং, সখারং | সখা, সখাযো, সখিনো, সখানো |
| ততিযা | সখিনা | সখারেহি, সখারেভি, সখেহি, সখেভি |
| চতুত্থী | সখিনো, সখিস্স | সখারানং, সখীনং, সখানং |
| পঞ্চমী | সখারা, সখিনা, সখারস্মা | সখারেহি, সখারেভি, সখেহি, সখেভি |
| ছট্ঠী | সখিনো, সখিস্স | সখারানং, সখীনং, সখানং |
| সত্তমী | সখে | সখেসু, সখারেসু |
| আলপনং | সখ, সখা, সখি, সখী, সখে | সখা, সখাযো, সখিনো, সখানো |

## ইকারান্ত পুংলিঙ্গ শব্দ

### অগ্গি (Fire)

| বিভত্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অগ্গি | অগ্গী, অগ্গযো |
| দুতিযা | অগ্গিং | অগ্গী, অগ্গযো |
| ততিযা | অগ্গিনা | অগ্গীহি, অগ্গীভি |
| চতুত্থী | অগ্গিনো, অগ্গিস্স | অগ্গীনং |
| পঞ্চমী | অগ্গিনা, অগ্গিস্মা, অগ্গিম্হা | অগ্গীহি, অগ্গীভি |
| ছট্ঠী | অগ্গিনো, অগ্গিস্স | অগ্গীনং |
| সত্তমী | (অগ্গিনি), অগ্গিম্হি, অগ্গিস্মিং | অগ্গিসু, অগ্গীসু |
| আলপনং | অগ্গি | অগ্গী, অগ্গযো |

জোতি, পানি, গণ্ঠী, মুট্ঠি, কুচ্ছি, ৰত্থি, সালি, বীহি, ব্যাধি, ওধি, ৰোধি, সন্ধি, রাসি, কেলি, মতি, দীপি, ইসি, মুনি, মনি, ধমি, গিরি, রবি, কবি, কপি, অপি, মসি, নিধি, বিধি, অহি, কিমি, পতি, হরি, অরি, তিমি, কলি, ৰলি, জলনিধি, গহপতি, উরুধিতি, বরগতি, নিরুপধি, অধিপতি, অঞ্জলি, সারথি, অথিতি, সমাধি, উপধি ইত্যাদির রূপও অগ্গি শব্দের ন্যায়।

## আদি ( Beginning )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | আদি | আদী, আদযো |
| দুতিযা | আদিং | আদী, আদযো |
| ততিযা | আদিনা | আদীহি, আদীভি |
| চতুত্থী | আদিনো, আদিস্স | আদীনং |
| পঞ্চমী | আদিনা, অদিম্হা, আদিস্মা | আদীহি, আদীভি |
| ছট্ঠী | আদিনো, আদিস্স | আদীনং |
| সত্তমী | আদিং, আদো, আদিম্হি, আদিস্মিং | আদিসু, আদীসু |
| আলপনং | আদি | আদী, আদযো |

দ্রষ্টব্যঃ—আদি শব্দ অগ্গি শব্দের ন্যায়, কেবল "আদিতো ও চ" সূত্রানুসারে স্মিং বিভক্তির স্থানে ও এবং অং আদেশ হয়। যথা—আদিং, আদো, আদিম্হি।

## ঈকারান্ত পুংলিঙ্গ শব্দ

### দণ্ডী (Mendicant)

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | দণ্ডী | দণ্ডী, দণ্ডিনো |
| দুতিযা | দণ্ডিং, দণ্ডিনং | দণ্ডী, দণ্ডিনো |
| ততিযা | দণ্ডিনা | দণ্ডীহি, দণ্ডীভি |
| চতুত্থী | দণ্ডিনো, দণ্ডিস্স | দণ্ডীনং |
| পঞ্চমী | দণ্ডিনা, দণ্ডিম্হা, দণ্ডিস্মা | দণ্ডীহি, দণ্ডীভি |
| ছট্ঠী | দণ্ডিনো, দণ্ডিস্স | দণ্ডীনং |
| সত্তমী | দণ্ডিনি, দণ্ডিম্হি, দণ্ডিস্মিং | দণ্ডিসু, দণ্ডীসু |
| আলপনং | দণ্ডি | দণ্ডী, দণ্ডিনো |

ধম্মী, সংঘী, ঞানী, হত্থী, চক্কী, পক্খী, দাঠী, রট্ঠী, ছত্তী, মালী, বম্মী, যোগী, ভাগী, ভোগী, কামী, সামী, ধজী, গনী, যসী, খুটরী, জটী, যানী, সুখী, সিখী, দন্তী, মন্তী, করী, চাগী, কুসলী, মুসলী, বলী, পাপকারী, সত্তুঘাতী, মল্লকারী, দীঘজীবী, ধম্মবাদী, সীহনাদী, ভূমিসাযী সীঘযাযী ইত্যাদির রূপও দণ্ডী শব্দের ন্যায়।

গামনী, সেনানী, সুধী প্রভৃতি শব্দের সপ্তমী ব্যতীত অন্যান্য বিভক্তির রূপ দণ্ডী শব্দের ন্যায়।

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| সত্তমী | গামনিম্হি, গামনিস্মিং | গামনীসু |
| সত্তমী | সেনানিম্হি, সেনানিস্মিং | সেনানীসু |
| সত্তমী | সুধিম্হি, সুধিস্মিং | সুধীসু |

## উকারান্ত পুংলিঙ্গ শব্দ

### ভিক্খু (Bhikkhu)

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | ভিক্খু | ভিক্খূ, ভিক্খবো |
| দুতিযা | ভিক্খুং | ভিক্খূ, ভিক্খবো |
| ততিযা | ভিক্খুনা | ভিক্খূহি, ভিক্খূভি |
| চতুত্থী | ভিক্খুনো, ভিক্খুস্স | ভিক্খূনং |
| পঞ্চমী | ভিক্খুনা, ভিক্খুম্হা, ভিক্খুস্মা | ভিক্খূহি, ভিক্খূভি |
| ছট্ঠী | ভিক্খুনো, ভিক্খুস্স | ভিক্খূনং |
| সত্তমী | ভিক্খুম্হি, ভিক্খুস্মিং | ভিক্খূসু |
| আলপনং | ভিক্খু | ভিক্খূ, ভিক্খবে, ভিক্খবো |

সেতু, কেতু, ভানু, ৰাহু, মরকু, উচ্ছু, বেলু, মচ্ছু, মধু, বিন্দু, ৰন্ধু, নেরু, মেরু, সত্তু, কারু, হেতু, জন্তু, রুরু, পচু ইত্যাদির রূপও ভিক্খু শব্দের ন্যায়।

হেতু ও জন্তু শব্দের প্রথমা ও দ্বিতীয়া বিভক্তিতে অন্য প্রকার রূপসিদ্ধি দ্রষ্টব্য। যথা—

### হেতু (Cause)

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | হেতু | হেতূ, হেতবো, হেতুযো |
| দুতিযা | হেতুং | হেতূ, হেতবো, হেতুযো |
| আলপনং | হেতু | হে,তূহেতবে, হেতবো, হেতুযো |

## জন্তু ( Animal )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | জন্তু | জন্তূ, জন্তবো, জন্তুযো, জন্তুনো |
| দুতিযা | জন্তুং | জন্তূ, জন্তবো, জন্তুযো, জন্তুনো |
| আলপনং | জন্তু | জন্তূ, জন্তবো, জন্তুযো, জন্তুনো |

## সত্থু ( Teacher )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | সত্থা | সত্থারো |
| দুতিযা | সত্থারং | সত্থারো, সত্থারে |
| ততিযা | সত্থারা | সত্থারেহি, সত্থারেভি |
| চতুত্থী | সত্থু, সত্থুনো, সত্থুস্স | সত্থানং, সত্থারানং |
| পঞ্চমী | সত্থারা | সত্থারেহি, সত্থারেভি |
| ছট্ঠী | সত্থু, সত্থুনো, সত্থুস্স | সত্থানং, সত্থারানং |
| সত্তমী | সত্থরি | সত্থারেসু |
| আলপনং | সত্থ, সত্থা | সত্থারো |

কত্তু, ভত্তু, নবত্তু, নেত্তু, সোতু, ঞাতু, জেতু, ছেত্তু, ভেত্তু, দাতু, ধাতু, নত্তু, বোদ্ধু, বিঞ্ঞাপেতু ইত্যাদির রূপও সত্থু শব্দের ন্যায়।

কেবল কত্তু শব্দের চতুর্থী ও ষষ্টির বহুবচনে কত্তারানং, কত্তানং, কত্তূনং, এবং সপ্তমীর বহুবচনে কত্তারেসু, কত্তূসু এই সকল পদ হয়।

## পিতু ( Father )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | পিতা | পিতরো |
| দুতিযা | পিতরং | পিতরে, পিতরো |
| ততিযা | পিতরা | পিতরেহি, পিতরেভি, পিতূহি, পিতূভি |
| চতুত্থী | পিতু, পিতুনো, পিতুস্স | পিতরানং, পিতানং, পিতূনং |
| পঞ্চমী | পিতরা | পিতরেহি, পিতরেভি, পিতূহি, পিতূভি |
| ছট্ঠী | পিতু, পিতুনো, পিতুস্স | পিতরানং, পিতানং, পিতূনং |
| সত্তমী | পিতরি | পিতরেসু, পিতূসু |
| আলপনং | পিত, পিতা | পিতরো |

ভাতু, জামাতু, পভু ইত্যাদির রূপও পিতু শব্দের ন্যায়।

## উকারান্ত পুংলিঙ্গ শব্দ

### অভিভূ ( Lord )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অভিভূ | অভিভূ, অভিভুবো |
| দুতিযা | অভিভুং | অভিভূ, অভিভুবো |
| ততিযা | অভিভুনা | অভিভূহি, অভিভূভি |
| চতুত্থী | অভিভুনো, অভিভুস্স | অভিভূনং |
| পঞ্চমী | অভিভুনা, অভিভুম্হা, অভিভুস্মা | অভিভূহি, অভিভূভি |
| ছট্ঠী | অভিভুনো, অভিভুস্স | অভিভূনং |
| সত্তমী | অভিভুম্হি, অভিভুস্মিং | অভিভূসু |
| আলপনং | অভিভু | অভিভূ, অভিভুবো |

সযম্ভূ, বেস্সভূ, পরাভিভূ ইত্যাদির রূপও অভিভূ শব্দের ন্যায়।

সহভূ শব্দের রূপও অভিভূ শব্দের ন্যায়; কেবল প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধনের বহুবচনে সহভূ, সহভূবো, সহভূনো এই তিন পদ হয়।

সব্বঞ্ঞু শব্দের রূপও অভিভূ শব্দের ন্যায়; কেবল প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধনের বহুবচনে সব্বঞ্ঞূ, সব্বঞ্ঞুনো এই দুই পদ হয়।

মগ্গঞ্ঞূ, ধম্মঞ্ঞূ; অত্থিঞ্ঞূ, কালঞ্ঞূ, রত্তঞ্ঞূ, মত্তঞ্ঞূ, কতঞ্ঞূ, বিঞ্ঞূ, বিদূ, বেদগূ, পারগূ ইত্যাদির রূপও সব্বঞ্ঞূ শব্দের ন্যায়।

## ওকারান্ত পুংলিঙ্গ শব্দ

### গো ( Cow )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | গো | গাৰো, গবো |
| দুতিযা | গাবুং, গাবং, গবং | গাবো, গবো |
| ততিযা | গাবেন, গবেন | গোহি, গোভি |
| চতুত্থী | গাবস্স, গবস্স | গবং, গোনং, গুন্নং |
| পঞ্চমী | গাবা, গাবম্হা, গাবস্মা,<br>গবা, গবমহা, গবস্মা | গোহি, গোভি |
| ছট্ঠী | গাবস্স, গবস্স, | গবং, গোনং, গুন্নং |
| সত্তমী | গাবে, গাবম্হি, গাবস্মিং,<br>গবে, গবম্হি, গবস্মিং | গাবেসু, গবেসু, গোসু |
| আলপনং | গো | গাবো, গবো |

গো শব্দের স্থলে গোন আদেশ হইলে বুদ্ধ শব্দের ন্যায় রূপ হইবে।

---

## স্ত্রীলিঙ্গ শব্দ

### সাধারণ নিয়ম ( General Rules )

**১। তে ইত্থিখ্যা পো।**

স্ত্রীলিঙ্গ শব্দের অন্ত্য ইবর্ণের এবং উবর্ণের সাধারণ নাম প, অর্থাৎ ইবর্ণ ও উবর্ণান্ত স্ত্রীলিঙ্গ শব্দকে প বলে।

**২। আঘো।**

স্ত্রীলিঙ্গ শব্দের অন্ত্য আকারের সাধারণ নাম ঘ।

**৩। ঘতে চ।**

ঘ সংজ্ঞার উত্তর গ বিভক্তির স্থানে একার আদেশ হয়। যথা ঃ—(ভোতি) কঞ্ঞে।

**৪। ঘতো নাদীনং।**

ঘ সংজ্ঞার উত্তর না হইতে স্মিং পর্য্যন্ত বিভক্তির এক-বচনে আয আদেশ হয়। যথা ঃ—কঞ্ঞায।

**৫। ঘপতো স্মিং যং বা।**

ঘ এবং প সংজ্ঞার উত্তর স্মিং বিভক্তির স্থানে বিকল্পে যং আদেশ হয়। যথা ঃ—কঞ্ঞায, কঞ্ঞাযং।

**৬। ন অম্মাদিতো।**

অম্মা, অন্তা ইত্যাদি শব্দের উত্তর গ বিভক্তির স্থানে একার আদেশ হয় না, এবং শব্দের অন্ত্য আকার হ্রস্ব হয়।

৭। **পতো যা।**

প সংজ্ঞার উত্তর না হইতে স্মিং পর্য্যন্ত বিভক্তির একবচনে যা আদেশ হয়। যথা ঃ—রত্তিযা।

৮। **অমাপতো স্মিং স্মানং বা।**

প সংজ্ঞার উত্তর স্মিং বিভক্তির স্থানে অং, এবং স্মা বিভক্তির স্থানে বিকল্পে আকার আদেশ হয়। যথা ঃ—রত্তিযং, রত্তিযা।

৯। **পসঞ্ঞস্স চ।**

প সংজ্ঞার উত্তর যো বিভক্তির স্থলে এবং অন্যান্য বিভক্তির একবচনে স্বরবর্ণ পরে থাকিলে যকার আদেশ হয়। যথা ঃ—রত্যো, রত্যা, রত্যং ইত্যাদি।

১০। **আদিতো ও চ।**

আদি ইত্যাদি শব্দের উত্তর স্মিং বিভক্তির স্থানে বিকল্পে অং এবং ওকার আদেশ হয়। যথা ঃ—আদিং আদো, রত্তিং রত্তো।

১১। **অং যমীতো পসঞ্ঞাতো।**

প সংজ্ঞার উত্তর অং বিভক্তির স্থানে বিকল্পে যং আদেশ হয়। যথা ঃ—ইত্থিং, ইত্থিযং।

## স্ত্রীলিঙ্গ নির্ণয়
## ( Formation of the Feminine Gender )

**১। ইত্থিয়মতো আপ্‌পচ্চযো।**

অকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে আ প্রত্যয় হয়। যথা—কঞ্ঞা, দারিকা।

**২। নদাদিতো বা ঈ।**

নদাদি বা অনদাদি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ প্রত্যয় হয়। যথা ঃ—নদী, ইত্থী।

**৩। মাতুলাদীনমানত্তমীকারে।**

স্ত্রীলিঙ্গে ঈকার প্রত্যয় পরে থাকিলে মাতুল, অয্যক, বরুণ ইত্যাদি শব্দের অন্ত্যস্বর আনত্ত প্রাপ্ত হয়। যথা ঃ—মাতুলানী, অয্যকানী, বরুনানী।

**৪। ণব-ণিক-ণেয্য-ণ-বন্তূহি।**

ণব, ণিক, ণেয্য, ণ এবং বন্ত প্রত্যয়ান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈকার প্রত্যয় হয়। যথা ঃ—মানবী, নাবিকী, বেনযতযী, গোতমী।

**৫। ন্তুস্‌স তমীকারে**

ঈকার প্রত্যয় পরে থাকিলে ন্তু প্রত্যয়ের স্থানে বিকল্পে তকার আদেশ হয়। যথা ঃ—গুণবতী, গুণবন্তী।

**৬। ভবতো ভোতো।**

ঈকার প্রত্যয় পরে থাকিলে ভবন্ত শব্দের স্থানে ভোত আদেশ হয়। যথা ঃ—ভোতী, ভোতিযা।

**৭। পতি-ভিক্‌খু-রাজীকারন্তেহি ইনী।**

পতি, ভিক্খু, রাজ এবং ঈকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ইনী প্রত্যয় হয়।

**৮। পতিস্‌সিনীম্‌হি।**

ইনী প্রত্যয় পরে থাকিলে পতি শব্দের অন্ত্যস্বর ইকার স্থানে অকার আদেশ হয়। যথা ঃ—গহপতানী, ভিক্খুনী, রাজিনী, দণ্ডিনী।

মিশ্রলিঙ্গ শব্দ

**পুমিত্থিলিঙ্গা ঘট-কট-যটঠি-মুট্‌ঠি-সিন্ধু-রেনুপ্‌পভুতযো দ্বিপদ-চতুপ্‌পদ-জাতিবাচিনো চ।**

ঘট, কট, যট্ঠি, মুট্ঠি, সিন্ধু, রেণু প্রভৃতি অপ্রাণিবাচক শব্দ এবং দ্বিপদী ও চতুষ্পদী জাতিবাচক শব্দগুলি পুং ও স্ত্রী উভয় লিঙ্গে ব্যবহৃত হয়। যথা ঃ—

| অপ্রাণিবাচক—পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| ঘটো | ঘটী | পুরো | পুরী |
| পটো | পটী | পত্তো | পত্তী |
| যট্ঠি | যট্ঠী | মণ্ডলো | মণ্ডলী |
| তটো | তটী | কলসো | কলসী |

| | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|
| দ্বিপদী জাতিবাচক— | খত্তিযো | খত্তিযা |
| | সমনো | সমনী |
| চতুষ্পদী জাতিবাচক— | গজো | গজা |
| | ব্যগ্ঘো | ব্যগ্ঘী |
| ব্যবহারিক নামবাচক— | দেবদত্তো | দেবদত্তা |

---

## আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

### × কঞ্ঞা ( Daughter )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | কঞ্ঞা | কঞ্ঞা, কঞ্ঞাযো |
| দুতিযা | কঞ্ঞং | কঞ্ঞা, কঞ্ঞাযো |
| ততিযা | কঞ্ঞায | কঞ্ঞাহি, কঞ্ঞাভি |
| চতুত্থী | কঞ্ঞায | কঞ্ঞানং |
| পঞ্চমী | কঞ্ঞায | কঞ্ঞাহি, কঞ্ঞাভি |
| ছট্ঠী | কঞ্ঞায | কঞ্ঞানং |
| সত্তমী | কঞ্ঞায, কঞ্ঞাযং | কঞ্ঞাসু |
| আলপনং | কঞ্ঞে | কঞ্ঞা, কঞ্ঞাযো |

সদ্ধা, মেধা, পঞ্ঞা, বিজ্জা, চিন্তা, মন্তা, তণ্হা, বীনা, ইচ্ছা, মুচ্ছা, এজা, মাযা, মেত্তা, মত্তা, সিক্খা, ভিক্খা, জঙ্ঘা, গীবা, জিহ্বা, বাচা, ছাযা, আখা, গঙ্গা, নাবা, গাথা, মেনা, লেখা, মালা, চেলা, পূজা, খিড্ডা, পিপাসা, বেদনা, সঞ্ঞা, চেতনা, তসিনা, পজা, দেবতা, বট্টকা, গোদা, বলাকা,

পরিসা, সভা, উক্কা, সেফালিকা, সলাকা, বালিকা, সাখা, বাচা, ঝঞ্ঝা, জটা, ঘটা, জেট্ঠা, সেণ্ডা, বিতণ্ডা, করুণা, বনিতা, লতা, কথা, নিদ্দা, রাধা, বাসনা, সিংসপা, পপা, সীমা, খমা, খত্তিয়া, সক্খরা, সুরা, দোলা, তুলা, সীলা, লীলা, লালেলা, মেখলা, কলা, লম্বুসা, মুসা, মঞ্জুসা, সুলসা, দিসা, নাসা, জুন্হা, গুহা, ঈহা, বসিবা, বসুধা ইত্যাদির রূপও কঞ্ঞা শব্দের ন্যায়।

**অম্মা শব্দের সম্বোধনের একবচনে অম্ম, অম্মা এবং বহুবচনে অম্মা, অম্মযো এই সকল পদ হয়।**

অম্বা, অরুকা, অন্না, অল্লা ইত্যাদি শব্দের রূপও এইরূপ।

## ইকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

### রত্তি ( Night )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | রত্তি | রত্তী, রত্তিযো, রত্যো |
| দুতিযা | রত্তিং | রত্তী, রত্তিযো, রত্যো |
| ততিযা | রত্তিযা, রত্যা | রত্তীহি, রত্তীভি |
| চতুত্থী | রত্তিযা, রত্যা | রত্তীনং |
| পঞ্চমী | রত্তিযা, রত্যা | রত্তীহি, রত্তীভি |
| ছট্ঠী | রত্তিযা, রত্যা | রত্তীনং |
| সত্তমী | রত্তিযং, রত্যং, রত্যা, রত্তং, রত্তো, রত্তিযা | রত্তীসু |
| আলপনং | রত্তি | রত্তী, রত্তিযো, রত্যো |

পত্তি, যুত্তি, বুত্তি, কিত্তি, মুত্তি, তিত্তি, খন্তি, কন্তি, সন্তি, তন্তি,

সিদ্ধি, সুদ্ধি, ইদ্ধি, ৰুদ্ধি, ৰোধি, ভূমি, জাতি, পীতি, সুতি, নন্দি, সন্ধি, মানি, কোটি, দিট্ঠি, বুট্ঠি, তুট্ঠি, ঘট্ঠি, আলি, পালি, নালি, কেলি, সত্তি, গতি, মতি, মুতি, ধিতি, যুবতি, বিকাতি, রাতি, রুচি, রস্মি, অমনি, বসনি, ওসধি, অঙ্গুলি, ধুলি, দুন্দুভি, দোনি, অটবী, ছবি ইত্যাদির রূপও রত্তি শব্দের ন্যায়।

## ঈকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

## ইত্থী ( Woman )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | ইত্থী | ইত্থী, ইত্থিযো |
| দুতিযা | ইত্থিযং, ইত্থিং | ইত্থিযো |
| ততিযা | ইত্থিযা | ইত্থীহি, ইত্থীভি |
| চতুত্থী | ইত্থিযা | ইত্থীনং |
| পঞ্চমী | ইত্থিযা | ইত্থীহি, ইত্থীভি |
| ছট্ঠী | ইত্থিযা | ইত্থীনং |
| সত্তমী | ইত্থিযা, ইত্থিযং | ইত্থীসু |
| আলপনং | ইত্থি | ইত্থী, ইত্থিযো |

মাতুলানী, অয্যকানী, বারুনানী, মানবী, নাবিকী, বেনতেয্যী গোমতী, গুনবতী, গুণবন্তী, মহতী, মহী, ভোতী, ভিক্খুনী, দণ্ডিনী, রাজিনী, পুথবী, গাবী ইত্যাদির রূপও ইত্থী শব্দের ন্যায়।

### (নদী River)

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | নদী | নদী, নজ্জো, নদিযো |
| দুতিযা | নদিযং, নদিং | নদী, নজ্জো, নদিযো |
| ততিযা | নজ্জা, নদিযা | নদীহি, নদীভি |
| চতুত্থী | নজ্জা, নদিযা | নদীনং |
| পঞ্চমী | নজ্জা, নদিযা | নদীহি, নদীভি |
| ছট্ঠী | নজ্জা, নদিযা | নদীনং |
| সত্তমী | নজ্জং, নদিযা, নদিযং | নদীসু |
| আলপনং | নদি | নদী, নজ্জো, নদিযো |

মহী, বেতরনী, বাপী, পাঠলী, কদলী, ঘটী, নারী, কুমারী, তরুণী, বারুণী, ব্রাহ্মণী, সখী, গন্ধব্বী, কিন্নরী, নাগী, দেবী, যক্খী, অজী, বানরী, সূকরী, সীহী, কাকী, কুক্কুটী ইত্যাদির রূপও নদী শব্দের ন্যায়।

## উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

### যাগু ( Rice-gruel )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | যাগু | যাগূ, যাগুযো |
| দুতিযা | যাগুং | যাগূ, যাগুযো |
| ততিযা | যাগুযা | যাগূহি, যাগূভি |
| চতুত্থী | যাগুযা | যাগূনং |
| পঞ্চমী | যাগুযা | যাগূহি, যাগূভি |

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| ছট্ঠী | যাগুযা | যাগূনং |
| সত্তমী | যাগুযা, যাগুযং | যাগূসু |
| আলপনং | যাগু | যাগূ, যাগুযো |

ধাতু, ধেনু, কাসু, দদ্দু, কণ্ডু, কচ্ছু, রজ্জু, কনেরু, পিযঙ্গু, সস্সু, ইত্যাদির রূপও যাগু শব্দের ন্যায়।

## মাতু ( Mother )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | মাতা | মাতরো |
| দুতিযা | মাতরং | মাতরে, মাতরো |
| ততিযা | মাতুযা, মাতরা, মাত্যা | মাতরেহি, মাতরেভি, মাতূহি, মাতূভি |
| চতুত্থী | মাতু, মাতুযা | মাতরানং, মাতানং, মাতূনং |
| পঞ্চমী | মাতুযা, মাতরা | মাতরেহি, মাতরেভি, মাতূহি, মাতূভি |
| ছট্ঠী | মাতু, মাতুযা | মাতরানং, মাতানং, মাতূনং |
| সত্তমী | মাতরি | মাতরেসু, মাতূসু |
| আলপনং | মাত, মাতা | মাতরো |

দুহিতু ইত্যাদির রূপও মাতু শব্দের ন্যায়।

## উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

### জম্বূ ( Black Berry )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | জম্বূ | জম্বূ, জম্বুযো |
| দুতিযা | জম্বুং | জম্বূ, জম্বুযো |
| ততিযা | জম্বুযা | জম্বূহি, জম্বূভি |
| চতুত্থী | জম্বুযা | জম্বূনং |
| পঞ্চমী | জম্বুযা | জম্বূহি, জম্বূভি |
| ছট্ঠী | জম্বুযা | জম্বূনং |
| সত্তমী | জম্বুযা, জম্বুযং | জম্বূসু |
| আলপনং | জম্বু | জম্বূ, জম্বুযো |

বধূ, সরভূ, সরযূ, সুতনূ, চমূ, চামরূ, সুরূ ইত্যাদির রূপও জম্বূ শব্দের ন্যায়।

## ওকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

### গো ( Cow )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | গো | গাবো, গবো |
| দুতিযা | গাবুং, গাবং, গবং | গাবো, গবো |
| ততিযা | গাবেন, গবেন | গোহি, গোভি |

অবশিষ্ট পুংলিঙ্গ গো শব্দের ন্যায়।

———

## নপুংসক-লিঙ্গ শব্দ

### সাধারণ নিয়ম ( General Rules )

### ১। সিং।

অকারান্ত নপুংসক-লিঙ্গ শব্দের উত্তর সি বিভক্তির স্থানে সর্ব্বদা অং আদেশ হয়। যথা ঃ— চিত্তং, কম্মং।

### ২। অতো নিচ্চং।

অকারান্ত নপুংসক-লিঙ্গ শব্দের উত্তর যো বিভক্তির স্থানে সর্ব্বদা নি আদেশ হয়। যথা ঃ—চিত্তানি, কম্মানি।

### ৩। অকম্মন্তস্স চ।

না বিভক্তি পরে থাকিলে কম্ম শব্দের অন্তে অকার এবং উকার আদেশ হয়। যথা ঃ— কম্মনা, কম্মুনা।

এই সূত্রে চকার যোগে না বিভক্তি পরে থাকিলে থাম, অদ্ধ ইত্যাদি শব্দের অন্তেও উকার আদেশ হয়। যথা ঃ— থামুনা, অদ্ধুনা।

না বিভক্তি পরে থাকিলে যুব এবং মঘব শব্দের অন্তে আকার আদেশ হয়। যথা ঃ—যুবানা, মঘবানা।

### ৪। ব্রহ্মতো তুস্মিন্নীতি।

অকারান্ত নপুংসক-লিঙ্গ শব্দের উত্তর স্মিং বিভক্তির স্থানে কচিৎ নি আদেশ হয়। যথা ঃ—কম্মনি, কম্মস্মিং।

## অকারান্ত নপুংসক-লিঙ্গ শব্দ

### চিত্ত ( Mind )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | চিত্তং | চিত্তা, চিত্তানি |
| দুতিযা | চিত্তং | চিত্তা, চিত্তানি |
| ততিযা | চিত্তেন | চিত্তেহি, চিত্তেভি |
| চতুত্থী | চিত্তায, চিত্তস্স | চিত্তানং |
| পঞ্চমী | চিত্তা, চিত্তম্হা, চিত্তস্মা | চিত্তেহি, চিত্তেভি |
| ছট্ঠী | চিত্তস্স | চিত্তানং |
| সত্তমী | চিত্তে, চিত্তম্হি, চিত্তস্মিং | চিত্তেসু |
| আলপনং | চিত্ত, চিত্তা | চিত্তা, চিত্তানি |

পুঞ্ঞ, পাপ, ফল, রূপ, সাধন, সোত, ঘান, সুখ, দুক্খ, কারণ, দান, শীল, ধন, ঝান, লোচন, মূল, ভূল, বল, জাল, মঙ্গল, নলিন, লিঙ্গ, মুখ, অঙ্গ, জল, অম্বুজ, পুলিন, ধঞ্ঞ, হিরঞ্ঞ, পদ, অমত, পদুম, পন্ন, মুসান, বন, আযুধ, হদয, বিবর, বত্থ, চুল, ইন্দ্রিয, বদন, নযন, যান, ওদন, সোপান, পান, ভবন, ভুবন, লোভ, আলাত, তুরূকরণ, মরণ, ঞাণ, আরম্মন, অরঞ্ঞ, তান, তগর, নগর, তীর, ছত্ত, ছিদ্দ, উদক ইত্যাদির রূপও চিত্ত শব্দের ন্যায়।

## কম্ম (Action)

| বিভত্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | কম্মং | কম্মা, কম্মানি |
| দুতিযা | কম্মং | কম্মে, কম্মানি |
| ততিযা | কম্মুনা, কম্মনা, কম্মেন | কম্মেহি, কম্মেভি |
| চতুত্থী | কম্মুনো, কম্মস্স | কম্মানং |
| পঞ্চমী | কম্মা, কম্মুনা, কম্মম্হা, কম্মস্মা | কম্মেহি, কম্মেভি |
| ছট্ঠী | কম্মুনো, কম্মস্স | কম্মানং |
| সত্তমী | কম্মে, কম্মনি, কম্মম্হি, কম্মস্মিং | কম্মেসু |
| আলপনং | কম্ম, কম্মা | কম্মা, কম্মানি |

## গুণবন্ত (Virtuous)

| বিভত্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | গুণবং | গুণবন্তা, গুণবন্তানি |
| দুতিযা | গুণবন্তং | গুণবন্তে, গুণবন্তানি |
| আলপনং | গুণবং, গুণব, গুণবা | গুণবন্তা, গুণবন্তানি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

## অস্সদ্ধ (Unfaithful)

| বিভত্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অস্সদ্ধং | অস্সদ্ধা, অস্সদ্ধানি |
| দুতিযা | অস্সদ্ধং | অস্সদ্ধে, অস্সদ্ধানি |
| আলপনং | অস্সদ্ধ, অস্সদ্ধা | অস্সদ্ধা, অস্সদ্ধানি |

অবশিষ্ট চিত্ত শব্দের ন্যায়।

## ইকারান্ত নপুংসক-লিঙ্গ শব্দ

### অট্ঠি (Bone)

| বিভত্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অট্ঠি | অট্ঠী, অট্ঠীনি |
| দুতিযা | অট্ঠিং | অট্ঠী, অট্ঠীনি |
| আলপনং | অট্ঠি | অট্ঠী, অট্ঠীনি |

অবশিষ্ট অগ্গি শব্দের ন্যায়।

সত্থি, দধি, বারি, অক্খি, অচ্ছি, অচ্চি ইত্যাদির রূপও অট্ঠি শব্দের ন্যায়।

## ঈকারান্ত নপুংসক-লিঙ্গ শব্দ

### দণ্ডী (Wanderer)

| বিভত্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | দণ্ডি | দণ্ডী, দণ্ডীনি |
| দুতিযা | দণ্ডিং | দণ্ডী, দণ্ডীনি |
| আলপনং | দণ্ডি | দণ্ডী, দণ্ডীনি |

অবশিষ্ট পুংলিঙ্গ দণ্ডী শব্দের ন্যায়।

সুখকারী, সীঘযাযী ইত্যাদির রূপও দণ্ডী শব্দের ন্যায়।

## উকারান্ত নপুংসক-লিঙ্গ শব্দ

### অস্সু (Tear)

| বিভত্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অস্সু | অস্সূ, অস্সূনি |
| দুতিযা | অস্সুং | অস্সূ, অস্সূনি |

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| ততিযা | অস্সুনা | অস্সূহি, অস্সূভি |
| চতুত্থী | অস্সুনো, অস্সুস্স | অস্সূনং |
| পঞ্চমী | অস্সুনা, অস্সুম্হা, অস্সুস্মা | অস্সূহি, অস্সূভি |
| ছট্ঠী | অস্সুনো, অস্সুস্স | অস্সূনং |
| সত্তমী | অস্সুম্হি, অস্সুস্মিং | অস্সূসু |
| আলপনং | অস্সু | অস্সূ, অস্সূনি |

অম্বু, মধু, দারু, জতু, বসু ইত্যাদির রূপও অস্সু শব্দের ন্যায়।

## ঊকারান্ত নপুংসক-লিঙ্গ শব্দ

### গোত্রভু ( One who belongs to the Lineage )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | গোত্রভূ | গোত্রভূ, গোত্রভূনি |
| দুতিযা | গোত্রভুং | গোত্রভূ, গোত্রভূনি |

অবশিষ্ট পুংলিঙ্গ অভিভূ শব্দের ন্যায়।

অভিভূ, সযম্ভূ, ধম্মঞ্ঞূ ইত্যাদির রূপও গোত্রভূ শব্দের ন্যায়।

## ওকারান্ত নপুংসক-লিঙ্গ শব্দ

### চিত্তগো ( Knowing one's Mind )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | চিত্তগু | চিত্তগূ, চিত্তগূনি |
| দুতিযা | চিত্তগুং | চিত্তগূ, চিত্তগূনি |

অবশিষ্ট আযু শব্দের ন্যায়।

অনুগো, অতিগো, হত্থগো ইত্যাদির রূপও চিত্তগো শব্দের ন্যায়।

## ব্যঞ্জনান্ত শব্দ

### সাধারণ নিয়ম (General Rules)

### ১। পুমন্তস্সাসিম্হি।

সি বিভক্তি পরে থাকিলে পুম শব্দের অন্তে আকার আদেশ হয়। যথা ঃ—পুমা।

সূত্রে 'অন্ত' শব্দ যোগে মঘব, যুব ইত্যাদি শব্দের অন্তেও আকার আদেশ হয়। যথা—মঘবা, যুবা ইত্যাদি।

### ২। যোস্বানো।

যো বিভক্তি পরে থাকিলে পুম শব্দের অন্তে আনো আদেশ হয়। যথা ঃ—পুমানো।

### ৩। অমালপনেকবচনে।

গ বিভক্তি পরে থাকিলে পুম শব্দের অন্তে অং আদেশ হয়। যথা ঃ—(হে) পুমং।

### ৪। উনাম্হি চ।

না বিভক্তি পরে থাকিলে পুম শব্দের অন্তে বিকল্পে আ এবং উ আদেশ হয়। যথা ঃ—পুমানা, পুমুনা।

সূত্রে চকার যোগে পুম, কম্ম, থাম ইত্যাদি শব্দের অন্তে স এবং স্মা বিভক্তি পরে থাকিলে কখনও কখনও উকার আদেশ হয়। যথা ঃ—পুমুনা, পুমুনো, কম্মুনো, কম্মুনা, থামুনা, থামুনো ইত্যাদি।

**৫। হি-বিভত্তিম্হি চ।**

হি বিভক্তি পরে থাকিলে পুম শব্দের অন্তে আন আদেশ হয়। যথা ঃ—পুমানেভি, পুমানেহি।

সূত্রে চকার যোগে বিভক্তি সমূহ পরে থাকিলে যুব, মঘব ইত্যাদি শব্দের অন্তেও বিকল্পে আন আদেশ হয়। যথা ঃ—যুবানো, মঘবানো ইত্যাদি।

**৬। ঝলতো চ।**

ঝ এবং ল সংজ্ঞার উত্তর স্মা বিভক্তির স্থানে না আদেশ হয়। যথা ঃ—পুমানা, পুমুনা ইত্যাদি।

সূত্রে চকার যোগে কখনও কখনও হয় না। যথা ঃ—পুমা।

**৭। আনে স্মিম্হি বা।**

স্মিং বিভক্তি পরে থাকিলে পুম শব্দের অন্তে বিকল্পে আনে আদেশ হয়। যথা ঃ—পুমানে।

**৮। সুস্মিমা বা।**

সু বিভক্তি পরে থাকিলে পুম শব্দের অন্তে বিকল্পে আকার আদেশ হয়। যথা ঃ—পুমাসু, পুমেসু।

"পুমন্তস্সাসিম্হি" সূত্রের অন্ত্য শব্দযোগে এবং "আকারো হি বিভত্তিম্হি চ" সূত্রের চকার যোগে সি বিভক্তি পরে থাকিলে যুব শব্দের অন্তে বিকল্পে আন আদেশ হয়। যথা ঃ— যুবা, যুবান।

### ৯। সিম্‌হি গচ্ছন্তাদীনং ন্ত-সদ্দো অং।

সি বিভক্তি পরে থাকিলে গচ্ছন্ত ইত্যাদি শব্দের ন্ত স্থানে কখনও কখনও অং আদেশ হয়। যথা ঃ—গচ্ছং, গচ্ছন্তো।

### ১০। ন্তস্স সেব।

স বিভক্তি পরে থাকিলে ন্ত প্রত্যয়ান্ত শব্দের ন্ত স্থানে বিকল্পে তো আদেশ হয়। যথা ঃ—গচ্ছতো, গচ্ছন্তস্স।

### ১১। আ-সিম্‌হি।

সি বিভক্তি পরে থাকিলে ন্ত প্রত্যয়ান্ত শব্দের ন্ত স্থানে আকার আদেশ হয়। যথা ঃ—গুণবা, সীলবা।

### ১২। ন্তুস্স ন্তো।

যো বিভক্তি পরে থাকিলে ন্ত প্রত্যয়ান্ত শব্দের ন্ত স্থানে ন্তো আদেশ হয়। যথা ঃ—গুণবন্তো ইত্যাদি।

### ১৩। ন্তুস্স ন্তো যোসু চ।

সু, নং, হি এবং যো বিভক্তি পরে থাকিলে ন্ত প্রত্যয়ান্ত শব্দের অন্ত্য উকার স্থানে অকার আদেশ হয়।

সূত্রে চকার যোগে অং, না, স্মা এবং স্মিং বিভক্তি পরে থাকিলেও অন্ত্য উকার স্থানে অকার আদেশ হয়। যথা ঃ—গুণবন্তা, গুণবন্তানং ইত্যাদি।

**১৪। অবণ্ণা চ গে।**

গ বিভক্তি পরে থাকিলে ন্ত প্রত্যয়ান্ত শব্দের ন্ত স্থানে বিভক্তিসহ অং, অ এবং আকার আদেশ হয়। যথা ঃ— (হে) গুণবং, গুণব, গুণবা।

**১৫। তো-তি-তা স-স্মিং-নাস্বু।**

**স**, স্মিং এবং না বিভক্তি পরে থাকিলে ন্ত প্রত্যয়ান্ত শব্দের ন্ত স্থানে বিভক্তিসহ যথাক্রমে তো, তি এবং তা আদেশ হয়। যথা ঃ—গুণবন্তস্স গুণবতো, গুণবন্তস্মিং গুণবতি, গুণবন্তেন গুণবতা।

**১৬। নম্হি তং বা।**

নং বিভক্তি পরে থাকিলে ন্ত প্রত্যয়ান্ত শব্দের ন্ত স্থানে বিকল্পে তং আদেশ হয়, এবং নংয়ের লোপ হয়। যথা ঃ— গুণবতং, গুণবন্তানং।

**১৭। সিম্হি বা।**

সি বিভক্তি পরে থাকিলে ন্ত প্রত্যয়ান্ত শব্দের অন্ত্য উকারের স্থানে বিকল্পে আকার আদেশ হয়। যথা ঃ— হিমবা, হিমবন্তো।

এই সূত্রে "বা" যোগে হিমবন্ত শব্দ ব্যতীত গুণবন্ত শব্দ সমূহে এই নিয়ম হইতে পারে না।

**১৮। সব্বস্স বা অংসেসু।**

অং এবং স বিভক্তি পরে থাকিলে ন্ত প্রত্যয়ান্ত শব্দের ন্ত স্থানে বিকল্পে অকার আদেশ হয়। যথা ঃ—সতিমং সতিমন্তং, বন্ধুমং বন্ধুমন্তং, সতিমস্স সতিমতো সতিমন্তস্স, বন্ধুমস্স বন্ধুমতো বন্ধুমন্তস্স।

**১৯। ওভাবো ক্বচি যোসু বকারস্স।**

যো বিভক্তি পরে থাকিলে ভবন্ত শব্দের বকারের স্থানে ক্বচিৎ ওকার আদেশ হয়। যথা ঃ—ভোন্তো, ভবন্তা, ভবন্তো।

**২০। ভোগেতু।**

গ বিভক্তি পরে থাকিলে ভবন্ত শব্দের স্থানে ভো আদেশ হয়।

সূত্রে 'তু' শব্দযোগে ভবন্ত শব্দের স্থানে ভন্তে, ভোন্ত ইত্যাদিও রূপ হয়।

**২১। ভদন্তস্স ভদ্দন্ত ভন্তে।**

গ এবং যো বিভক্তি পরে থাকিলে ভদন্ত শব্দের স্থানে ক্বচিৎ ভদ্দন্ত এবং ভন্তে হয়।

**২২। সন্ত সদ্দস্স সো ভে বোচ্চন্তে।**

ভকার পরে থাকিলে সন্ত শব্দের স্থানে সকার আদেশ হয়, এবং ইহার অন্তে ব আগম হয়। যথা ঃ—সব্ভি।

**২৩। নাম্‌হি রঞ্ঞা বা।**

না বিভক্তি পরে থাকিলে রাজ শব্দ বিকল্পে রঞ্ঞা এই রূপ প্রাপ্ত হয়। যথা ঃ—রাজেন, রঞ্ঞা।

**২৪। রাজস্স রাজু সু-নং-হি-সু চ।**

সু, নং এবং হি বিভক্তি পরে থাকিলে রাজ শব্দের স্থানে বিকল্পে রাজু আদেশ হয়। যথা ঃ—রাজূসু, রাজেসু ইত্যাদি।

**২৫। রাজস্স রঞ্ঞো রাজিনো সে।**

স বিভক্তি পরে থাকিলে রাজ শব্দ বিভক্তিসহ রঞ্ঞো এবং রাজিনো এই সকল রূপ প্রাপ্ত হয়।

**২৬। রঞ্ঞং নম্‌হি বা।**

নং বিভক্তি পরে থাকিলে রাজ শব্দের স্থানে বিভক্তিসহ বিকল্পে রঞ্ঞং আদেশ হয়। যথা ঃ—রঞ্ঞং, রাজূনং, রাজানং।

**২৭। স্মিম্‌হি রঞ্ঞে রাজিনি।**

স্মিং বিভক্তি পরে থাকিলে রাজ শব্দের স্থানে বিভক্তিসহ রঞ্ঞে এবং রাজিনি আদেশ হয়।

**২৮। ব্রহ্মাতো গস্স চ।**

গ বিভক্তিতে ব্রহ্ম শব্দের অন্তে একার আদেশ হয়। যথা ঃ—(ভো) ব্রহ্মে।

### ২৯। উত্তং স-নাস্বু।

স এবং না বিভক্তি পরে থাকিলে ব্রহ্ম শব্দের অন্তে কখনও কখনও উকার আদেশ হয়। যথা ঃ—ব্রহ্মনো ব্রহ্মুনো, ব্রহ্মেন ব্রহ্মুনা।

### ৩০। ব্রহ্মাতো তু স্মিম্নি।

ব্রহ্ম শব্দের স্মিং বিভক্তির স্থানে নি আদেশ হয়। যথা ঃ—ব্রহ্মনি।

সূত্রে তু শব্দযোগে কম্ম, চম্ম, মুদ্ধ ইত্যাদি শব্দের উত্তরও ক্বচিৎ স্মিং বিভক্তির স্থানে নি আদেশ হয়। যথা—কম্মনি, চম্মনি, মুদ্ধনি ইত্যাদি।

### ৩১। অত্তন্তো হি-স্মিমনত্তং।

হি বিভক্তি পরে থাকিলে অত্ত শব্দের অন্তে অন্ আদেশ হয়। যথা ঃ—অত্তনেভি, অত্তনেহি।

### ৩২। সস্স নো।

অত্ত শব্দের স বিভক্তির স্থানে বিকল্পে নো আদেশ হয়। যথা ঃ—অত্তস্স, অত্তনো।

### ৩৩। স্মা-না।

অত্ত শব্দের স্মা বিভক্তির স্থানে না আদেশ হয়। যথা ঃ—অত্তনা, অত্তমহা, অত্তস্মা।

উপর্য্যোক্ত সূত্রদ্বয় পৃথকভাবে পর্য্যবসিত হওয়ায় জকার পরে থাকিলে

অত্ত শব্দের অন্ত্য তকারের স্থানে কখনও কখনও রকার আদেশ হয়।
যথা ঃ—অত্তজো, অত্রজো।

**৩৪। ততো স্মি-ম্নি।**

অত্ত শব্দের স্মিং বিভক্তির স্থানে নি আদেশ হয়।
যথা ঃ—অত্তনি।

**৩৫। সস্স চো।**

মনাদি শব্দের স বিভক্তির স্থানে ওকার আদেশ হয়।
যথা ঃ—মনসো ইত্যাদি।

সূত্রে চকার যোগে স্মা বিভক্তির স্থানে আকার আদেশ হয়। যথা—
মনসা ইত্যাদি।

**৩৬। স সরে বা গমো।**

স্বরবর্ণ পরে থাকিলে মন ইত্যাদি শব্দের স বিভক্তির পূর্ব্বে বিকল্পে সকার আগম হয়। যথা ঃ—মনসো, মনস্স ইত্যাদি।

**৩৭। মনোগণাদিতো স্মিন্নানমি-আ।**

মন ইত্যাদি শব্দের স্মিং এবং না বিভক্তির স্থানে বিকল্পে যথাক্রমে ইকার এবং আকার আদেশ হয়। যথা ঃ—
মনসি মনম্হি মনস্মিং, মনেন মনসা।

পালিতে ব্যঞ্জনান্ত শব্দের প্রয়োগ নাই। নিম্নলিখিত শব্দগুলি মূলত ব্যঞ্জনান্ত হইলেও স্বরান্ত শব্দের ন্যায় ব্যবহৃত হইয়া থাকে।

### অকারান্ত পুংলিঙ্গ শব্দ

### গচ্ছন্ত ( Going )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | গচ্ছং, গচ্ছন্তো | গচ্ছন্তো, গচ্ছন্তা |
| দুতিযা | গচ্ছন্তং | গচ্ছন্তে |
| ততিযা | গচ্ছতা, গচ্ছন্তেন | গচ্ছন্তেহি, গচ্ছন্তেভি |
| চতুত্থী | গচ্ছতো, গচ্ছন্তস্স | গচ্ছতং, গচ্ছন্তানং |
| পঞ্চমী | গচ্ছতা, গচ্ছন্তম্হা, গচ্ছন্তস্মা | গচ্ছন্তেহি, গচ্ছন্তেভি |
| ছট্ঠী | গচ্ছতো, গচ্ছন্তস্স | গচ্ছতং, গচ্ছন্তানং |
| সত্তমী | গচ্ছতি, গচ্ছন্তে, গচ্ছন্তম্হি, গচ্ছন্তস্মিং | গচ্ছন্তেসু |
| আলপনং | ( হে ) গচ্ছং, গচ্ছ, গচ্ছা | (ভো) গচ্ছন্তো, গচ্ছন্তা |

মহন্ত, চরন্ত, তিট্ঠন্ত, দদন্ত, ভুঞ্জন্ত, সুণন্ত, পচন্ত, জযন্ত, জীরন্ত, চবন্ত, মীযন্ত, তরন্ত, কুচ্ছন্ত, জপন্ত, বজন্ত ইত্যাদির রূপও গচ্ছন্ত শব্দের ন্যায়।

### গুণবন্ত ( Virtuous )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | গুণবা | গুণবন্তো, গুণবন্তা |
| দুতিযা | গুণবন্তং | গুণবন্তে |
| ততিযা | গুণবতা, গুণবন্তেন | গুণবন্তেহি, গুণবন্তেভি |

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| চতুত্থী | গুণবতো, গুণবন্তস্স | গুণবতং, গুণবন্তানং |
| পঞ্চমী | গুণবতা, গুণবন্তম্হা, গুণবন্তস্মা | গুণবন্তেহি, গুণবন্তেভি |
| ছট্ঠী | গুণবতো, গুণবন্তস্স | গুণবতং, গুণবন্তানং |
| সত্তমী | গুণবতি, গুণবন্তে, গুণবন্তম্হি, গুণবন্তস্মিং | গুণবন্তেসু |
| আলপনং | গুণবং, গুণব, (গুণবা) | গুণবন্তো, গুণবন্তা |

মঘবন্ত, কুলবন্ত, ফলবন্ত, যসবন্ত, ধনবন্ত, সুতবন্ত, ভগবন্ত, হিমবন্ত, ৰলবন্ত, সীলবন্ত, পঞ্ঞাবন্ত, সতিমন্ত, ধিতিমন্ত, গতিমন্ত, মুতিমন্ত, কতিমন্ত, জুতিমন্ত, সিরিমন্ত, থুতিমন্ত, রতিমন্ত, যতিমন্ত, কলিমন্ত, ৰলিমন্ত, কসিমন্ত, রুচিমন্ত, ৰুদ্ধিমন্ত, চক্খুমন্ত, হেতুমন্ত, সেতুমন্ত, রাহুমন্ত, ভানুমন্ত, খানুমন্ত, বিজ্জুমন্ত ইত্যাদির রূপও গুণবন্ত শব্দের ন্যায়।

কেবল হিমবন্ত শব্দের প্রথমার একবচনে হিমবা, হিমবন্তো, এবং সতিমন্ত ও ৰন্ধুমন্ত শব্দের দ্বিতীয়া, চতুর্থী ও ষষ্ঠীর একবচনে এই সকল পদ হয়। যথা ঃ—সতিমং সতিমন্তং, সতিমস্স সতিমতো সতিমন্তস্স, ৰন্ধুমং ৰন্ধুমন্তং, ৰন্ধুমস্স ৰন্ধুমন্তস্স ৰন্ধুমতো।

অবশিষ্ট গুণবন্ত শব্দের ন্যায়।

## ভবন্ত ( Sir )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | ভবং | ভোন্তো, ভবন্তো, ভবন্তা, ভোন্তো |
| দুতিযা | ভবন্তং, ভোতং | ভোন্তে, ভবন্তে |
| ততিযা | ভোতা, ভোন্তেন, ভবতা, ভবন্তেন | ভবন্তেহি, ভবন্তেভি |
| চতুত্থী | ভোতো, ভোন্তস্স, ভবতো, ভবন্তস্স | ভবতং, ভবন্তানং |
| পঞ্চমী | ভবতা, ভবন্তম্হা, ভবন্তস্মা | ভবন্তেহি, ভবন্তেভি |
| ছট্ঠী | ভোতো, ভোন্তস্স, ভবতো, ভবন্তস্স | ভবতং, ভবন্তানং |
| সত্তমী | ভবতি, ভবন্তে, ভবন্তম্হি, ভবন্তস্মিং | ভবন্তেসু |
| আলপনং | ভো, ভন্তে, ভোন্ত, ভোন্তা, ভোন্তে | ভোন্তো, ভোন্তা ভবন্তো, ভবন্তা |

## ভদন্ত ( Reverend )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | ভদং, ভদন্তো | ভদন্তা |
| আলপনং | ভদ্দন্ত, ভন্তে, ভদন্ত | ভদন্তা, ভদ্দন্তো, ভদন্তা |

অবশিষ্ট বুদ্ধ শব্দের ন্যায়।

## অত্ত ( Self )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অত্তা | অত্তানো |
| দুতিযা | অত্তানং, অত্তং | অত্তানো |
| ততিযা | অত্তনা, (অত্তেন) | অত্তনেহি, অত্তনেভি |
| চতুত্থী | অত্তনো | অত্তানং |
| পঞ্চমী | অত্তনা, অত্তম্হা, অত্তস্মা | অত্তনেহি, অত্তনেভি |
| ছট্ঠী | অত্তনো | অত্তানং |
| সত্তমী | অত্তনি | অত্তনেসু |
| আলপনং | অত্ত, অত্তা | অত্তানো |

অত্ত শব্দের স্থলে সক আদেশ হইলে সকো, সকা ইত্যাদি বুদ্ধ শব্দের ন্যায় রূপ হইবে।

## রাজ ( King )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | রাজা | রাজানো |
| দুতিযা | রাজানং, রাজং | রাজানো |
| ততিযা | রঞ্ঞা, রাজেন, (রাজিনা) | রাজেহি, রাজেভি<br>রাজূহি, রাজূভি |
| চতুত্থী | রঞ্ঞো, রাজিনো, (রাজস্স) | রঞ্ঞং, রাজূনং, রাজানং |
| পঞ্চমী | রঞ্ঞা, (রাজম্হা, রাজস্মা) | রাজেহি, রাজেভি<br>রাজূহি, রাজূভি |
| ছট্ঠী | রঞ্ঞো, রাজিনো, (রাজস্স) | রঞ্ঞং, রাজূনং, রাজানং |
| সত্তমী | রঞ্ঞে, রাজিনি,<br>(রাজম্হি, রাজস্মিং) | রাজূসু, রাজেসু |
| আলপনং | রাজ, রাজা | রাজানো |

## ব্রহ্ম ( Brahma )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | ব্রহ্মা | ব্রহ্মানো |
| দুতিযা | ব্রহ্মানং, ব্রহ্মং | ব্রহ্মানো |
| ততিযা | ব্রহ্মুনা, ব্রহ্মনা | ব্রহ্মেহি, ব্রহ্মেভি |
| চতুত্থী | ব্রহ্মুনো, (ব্রহ্মুস্স, ব্রহ্মস্স) | ব্রহ্মানং, ব্রহ্মূনং |
| পঞ্চমী | ব্রহ্মনা, ব্রহ্মুনা | ব্রহ্মেভি, ব্রহ্মেহি |
| ছট্ঠী | ব্রহ্মুনো, ব্রহ্মুস্স, ব্রহ্মস্স | ব্রহ্মানং, ব্রহ্মূনং |
| সত্তমী | ব্রহ্মনি | ব্রহ্মেসু |
| আলপনং | ব্রহ্মে, ব্রহ্ম, ব্রহ্মা | ব্রহ্মানো |

তৃতীয়া ও পঞ্চমীর বহুবচনে ব্রহ্মূহি, ব্রহ্মূভি, এবং সপ্তমীর একবচনে ব্রহ্মে, ব্রহ্মম্হি, ব্রহ্মস্মিং পাঠও দৃষ্ট হয়।

## যুব ( Young )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | যুবা, (যুনো) | যুবানো, যুবানা |
| দুতিযা | যুবানং, যুবং | যুবানে, যুবে |
| ততিযা | যুবানা, যুবেন, যুবানেন | যুবানেহি, যুবানেভি<br>যুবেহি, যুবেভি |
| চতুত্থী | যুবানস্স, যুবস্স, (যুবিনো) | যুবানানং, যুবানং |
| পঞ্চমী | যুবানা, যুবানম্হা, যুবানস্মা | যুবানেহি, যুবানেভি<br>যুবেহি, যুবেভি |
| ছট্ঠী | যুবানস্স, যুবস্স, (যুবিনো) | যুবানানং, যুবানং |
| সত্তমী | যুবানে, যুবানম্হি, যুবানস্মিং,<br>যুবস্মিং, যুবে, যুবম্হি | যুবানেসু,<br>যুবাসু, যুবেসু |
| আলপনং | যুব, যুবা, যুবান | যুবানা, যুবানো, যুবানা |

## মন ( Mind )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | মনং | মনা, মনানি |
| দুতিযা | মনং | মনে, মনানি |
| ততিযা | মনসা, মনেন | মনেহি, মনেভি |
| চতুত্থী | মনসো, মনস্স | মনানং |
| পঞ্চমী | মনসা, মনম্হা, মনস্মা | মনেহি, মনেভি |
| ছট্ঠী | মনসো, মনস্স | মনানং |
| সত্তমী | মনসি, মনে<br>মনম্হি, মনস্মিং | মনা, মনেসু |
| আলপনং | মন, মনা | মনানি |

সির, উর, তেজ, রজ, ওজ, বয, পয, যস, তপ, বচ, চেত ইত্যাদির রূপও মন শব্দের ন্যায়।

### আকারান্ত পুংলিঙ্গ শব্দ

## সা ( Dog )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | সা | সা, সানো |
| দুতিযা | সানং | সানে |
| ততিযা | সানা | সানেহি, সানেভি |
| চতুত্থী | সাস্স | সানং |
| পঞ্চমী | সানা | সানেহি, সানেভি |
| ছট্ঠী | সাস্স | সানং |
| সত্তমী | সানে | সানেসু |
| আলপনং | সা | সা, সানো |

## আতুমন্ ( Self )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | আতুমো, আতুমা | আতুমানো |
| দুতিযা | আতুমানং, আতুমং | আতুমানো |

অবশিষ্ট বুদ্ধ শব্দের ন্যায়।

তৃতীয়া এবং পঞ্চমীর বহুবচনে আতুমানেহি, আতুমানেভি, চতুর্থী ও ষষ্ঠীর একবচনে আতুমানো, পঞ্চমীর একবচনে আতুমনা, এবং সপ্তমীর বহুবচনে আতুমনেসু পাঠও দৃষ্ট হয়।

## উকারান্ত পুংলিঙ্গ শব্দ

## আযু ( Life )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | আযু | আযূ, আযূনি |
| দুতিযা | আযুং | আযূ, আযূনি |
| ততিযা | আযুনা, আযুসা | আযূহি, আযূভি |
| চতুত্থী | আযুনো, আযুস্স | আযূনং |
| পঞ্চমী | আযুনা, আযুম্হা, আযুস্মা | আযূহি, আযূভি |
| ছট্ঠী | আযুনো, আযুস্স | আযূনং |
| সত্তমী | আযুনি, আযুসি | আযূসু |
| আলপনং | আযু | আযূ, আযূনি |

চক্খু বসু, ধনু, নারু, তিপু, মধু, সিস্সু, হিঙ্গু, বথ্থু, মত্থু, জতু, অম্বু, অক্খু ইত্যাদির রূপও আযু শব্দের ন্যায়।

## সৰ্ব্ব নাম শব্দ (Pronoun)

অম্হ, তুম্হ, য, ত, এত, ইম, অমু, কিং, পুৰ্ব, পর, অপর, উত্তর, দক্খিণ, অধর, অঞ্ঞ, অঞ্ঞতর, অঞ্ঞতম, কতর, কতম, উভয, সৰ্ব্ব, ইতর, নীল, পীত, অতীত, অনাগত, অপ্প, থোক, দীঘ, রস্স, এক, দ্বি, তি, চতু ইত্যাদি শব্দ নাম বা বিশেষ্যের পরিবর্ত্তে সাধারণত ব্যবহৃত হয় বলিয়া ইহাদিগকে **সর্ব্বনাম** বলে।

রূপের তারতম্য অনুসারে ইহারা দশ শ্রেণীতে বিভক্ত। যথা ঃ—বচন-সৰ্ব্বনাম, পযোগবন্ত সৰ্ব্বনাম, দিসা-সৰ্ব্বনাম, পুচ্ছা-সৰ্ব্বনাম, সৰ্ব্ব-সৰ্ব্বনাম, গুণ-সৰ্ব্বনাম, কাল-সৰ্ব্বনাম, পমাণিক-সৰ্ব্বনাম, অবত্থা-সৰ্ব্বনাম এবং সংখ্যা-সৰ্ব্বনাম।

(১) বচনবাচক—অম্হ, তুম্হ ইত্যাদি।
(২) পযোগবাচক—য, ত, এত, ইম, অমু ইত্যাদি।
(৩) দিসাবাচক—পুৰ্ব, পর, অপর, উত্তর ইত্যাদি।
(৪) পুচ্ছাবাচক—অঞ্ঞ, অঞ্ঞতর, কতর, কতম ইত্যাদি।
(৫) সৰ্ব্ববাচক—সৰ্ব্ব, ইতর ইত্যাদি।
(৬) গুণবাচক—নীল, পীত ইত্যাদি।
(৭) কালবাচক—অতীত, অনাগত ইত্যাদি।
(৮) পমাণবাচক—অপ্প, থোক ইত্যাদি।
(৯) অবত্থা বাচক—দীঘ, রস্স ইত্যাদি।
(১০) সংখ্যাবাচক—এক, দ্বি, তি, চতু ইত্যাদি।

## সাধারণ নিয়ম ( General Rules )

### ১। ত্বমহং সিম্‌হি চ।

সি বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ ত্বং, এবং অম্হ শব্দের স্থানে অহং আদেশ হয়।

সূত্রে চকার যোগে তুম্হ শব্দের স্থানে কখনও কখনও তুবং আদেশ হয়। যথা—ত্বং, তুবং।

### ২। মযং যোম্‌হি পঠমে।

প্রথমার বহুবচনে যো বিভক্তি পরে থাকিলে অম্হ শব্দের স্থানে বিভক্তিসহ মযং আদেশ হয়।

### ৩। তবং মমঞ্চ ন বা।

অং বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তবং, এবং অম্হ শব্দের স্থানে মমং বিকল্পে আদেশ হয়।

### ৪। তং মমম্‌হি।

অং বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তং, এবং অম্হ শব্দের স্থানে মং আদেশ হয়।

### ৫। তুম্হস্স তুবং ত্বমম্‌হি।

অং বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তুবং এবং ত্বং আদেশ হয়।

### ৬। বাযপ্পঠমো।

তুম্হ এবং অম্হ শব্দের উত্তর দ্বিতীয়ার যো বিভক্তির স্থানে বিকল্পে আকং আদেশ হয়। যথা—তুম্হাকং, অম্হাকং।

**৭। নাম্‌হি তযা-মযা।**

না বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তযা, এবং অম্হ শব্দের স্থানে মযা আদেশ হয়।

**৮। তযা তযীনং তকারো ত্বত্তং বা।**

তুম্হ শব্দের উত্তর তযা এবং তযি 'আদেশ হইলে তকারের স্থানে বিকল্পে ত্ব হয়। যথা—ত্বযা, ত্বযি।

**৯। সস্সং।**

তুম্হ এবং অম্হ শব্দের উত্তর স বিভক্তির স্থানে বিকল্পে অং আদেশ হয়। যথা—তুম্হং, অম্হং।

**১০। তব-মম সে।**

স বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তব, এবং অম্হ শব্দের স্থানে মম আদেশ হয়।

**১১। তুয্‌হং ময্‌হঞ্চ।**

স বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তুযহং, এবং অম্হ শব্দের স্থানে মযহং আদেশ হয়।

**১২। অম্‌হস্স মমং সবিভত্তিস্স সে।**

স বিভক্তি পরে থাকিলে অম্হ শব্দের স্থানে বিভক্তিসহ মমং আদেশ হয়।

**১৩। তুম্‌হাম্‌হেহি নমাকং।**

তুম্হ এবং অম্হ শব্দের উত্তর নং বিভক্তির স্থানে আকং আদেশ হয়। যথা—তুম্হাকং, অম্হাকং।

**১৪ তুম্‌হাম্‌হানং তযি-মযি।**

স্মিং বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তযি, এবং অম্হ শব্দের স্থানে মযি আদেশ হয়।

**১৫। পদতো দুতিযা-চতুত্থী-ছট্ঠীসু বো-নো।**

দ্বিতীয়া, চতুর্থী ও যষ্ঠীর বহুবচনে কখনও কখনও তুম্হ শব্দ বো, এবং অম্হ শব্দ নো এই সকল রূপ প্রাপ্ত হয়। যথা—ধম্মং বো ভিক্খবে দেসিস্সামি, তুট্ঠো'স্মি বো পকতিযা, সত্থা নো ভগবা, ভযং তুম্হাকং নো সিযা।

**১৬। তে-মেকবচনে।**

চতুর্থী ও যষ্ঠীর একবচনে স বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তে, এবং অম্হ শব্দের স্থানে বিভক্তিসহ মে বিকল্পে আদেশ হয়। যথা—ইদং তে রট্ঠং, অযং মে পত্তো।

**১৭। নাম্‌হি।**

অং বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তে, এবং অম্হ শব্দের স্থানে বিভক্তিসহ মে আদেশ হয় না।

**১৮। বা ততিযে চ।**

তৃতীয়ার একবচনে না বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের স্থানে বিভক্তিসহ তে, এবং অম্হ শব্দের স্থানে মে বিকল্পে আদেশ হয়। যথা—কতং তে পাপং, কতং তযা পাপং, কতং মে পুঞ্ঞং, কতং মযা পুঞ্ঞং।

**১৯। বহুবচনেসু বো-নো।**

তৃতীয়ার বহুবচনে হি বিভক্তি পরে থাকিলে তুম্হ শব্দের

স্থানে বিভক্তিসহ বো, এবং অম্হ শব্দের স্থানে বিভক্তিসহ নো বিকল্পে আদেশ হয়। যথা—কতং বো কম্মং, কতং নো কম্মং।

**২০। এততেসন্তো।**

সি বিভক্তি পরে থাকিলে পুং এবং স্ত্রীলিঙ্গে এত এবং ত শব্দের তকার স্থানে সকার আদেশ হয়। যথা—এসো, সা ইত্যাদি।

**২১। তস্স বা নত্তং সব্বত্থ।**

লিঙ্গত্রয়ে ত শব্দের তকার স্থানে বিকল্পে নকার আদেশ হয়। যথা—নে তে, নং তং ইত্যাদি।

**২২। স-স্মা-স্মিং-সং-সাস্বত্তং।**

স, স্মা, স্মিং, সং এবং সা পরে থাকিলে লিঙ্গত্রয়ে ত শব্দের স্থানে বিকল্পে অকার আদেশ হয়। যথা—অস্মা তস্মা, অস্মিং তস্মিং, অস্সিং তস্সিং, অস্সা তস্সা ইত্যাদি।

**২৩। ইম-সদ্দস্স চ।**

স, স্মা, স্মিং, সং এবং সা পরে থাকিলে ইম শব্দের স্থানে বিকল্পে অকার আদেশ হয়। যথা—অস্স ইমস্স, অস্মা ইমস্মা, অস্মিং ইমস্মিং ইমম্হি, এসং ইমেসং।

**২৪। ন তিমেহি কতাকারেহি।**

ত এবং ইম শব্দের স্মা এবং স্মিং বিভক্তির স্থানে যথাক্রমে ম্হা এবং ম্হি আদেশ হয় না। যথা—অস্মা, অস্মিং ইত্যাদি।

**২৫। ততো-সস্স স্সায।**

তা, এতা এবং ইমা শব্দের উত্তর স বিভক্তির স্থানে বিকল্পে স্সায আদেশ হয়।

**২৬। তস্সা বা**

বিভক্তির একবচনে সং এবং সা আদেশ হইলে তা, এতা এবং ইমা শব্দের অন্ত্য আকার স্থানে বিকল্পে ইকার আদেশ হয়। যথা—তিস্সায তস্সায, এতিস্সায এতায, ইমিস্সা ইমায, তিস্সং তস্সং, এতিস্সং এতস্সং, ইমিস্সং ইমিস্সা ইমাযং ইত্যাদি।

**২৭। অনপুংসকস্সাযং সিম্হি।**

সি বিভক্তি পরে থাকিলে পুং এবং স্ত্রীলিঙ্গে ইম শব্দের স্থানে অযং আদেশ হয়।

**২৮। অনিমি নাম্হি চ।**

না বিভক্তি পরে থাকিলে পুং এবং নপুংসক-লিঙ্গে ইম শব্দের স্থানে অন্ এবং ইমি আদেশ হয়। যথা—অনেন, ইমিনা।

**২৯। সব্বস্সিমস্সে বা।**

সু, নং এবং হি বিভক্তি পরে থাকিলে পুং ও নপুংসক-লিঙ্গে ইম শব্দের স্থানে বিকল্পে একার আদেশ হয়। যথা—এহি এভি, ইমেহি ইমেভি ইত্যাদি।

**৩০। ইমস্সিদমংসিসু নপুংসকে।**

সি এবং অং বিভক্তি পরে থাকিলে নপুংসক-লিঙ্গে ইম শব্দের স্থানে বিকল্পে ইদং আদেশ হয়। যথা—ইদং, ইমং।

**৩১। অমুস্স মো সং।**

সি বিভক্তি পরে থাকিলে পুং এবং স্ত্রীলিঙ্গে অমু শব্দের মকার স্থানে বিকল্পে সকার আদেশ হয়। যথা—অসু, অমু।

**৩২। অমুস্সাদুং।**

সি এবং অং বিভক্তি পরে থাকিলে নপুংসক-লিঙ্গে অমু শব্দের স্থানে বিভক্তিসহ অদুং আদেশ হয়।

**৩৩। ইমস্মা হ-ধা চ।**

ইম শব্দের উত্তর সপ্তম্যর্থে ক্বচিৎ হ এবং ধ প্রত্যয় হয়। যথা—ইহ, ইধ।

**৩৪। যতো হিং।**

য শব্দের উত্তর সপ্তম্যর্থে ক্বচিৎ হিং প্রত্যয় হয়। যথা—যহিং।

**৩৫। তম্হা দানি চ।**

ত শব্দের উত্তর কাল সপ্তম্যর্থে ক্বচিৎ দানি এবং দা প্রত্যয় হয়। যথা—তদানি, তদা।

**৩৬। ইমস্মা রহি ধুনা চ। এত রহিম্হি। অ ধুনাম্হি চ।**

ইম শব্দের উত্তর কালার্থে এবং সপ্তম্যর্থে রহি, ধুনা এবং দানি প্রত্যয় হয়।

রহি আদেশ হইলে ইম শব্দের স্থানে এত, ধুনা আদেশ হইলে ইম শব্দের স্থানে অকার, এবং দানি আদেশ হইলে ইম শব্দের স্থানে ইকার হয়। যথা—এতরহি, অধুনা, ইদানি।

**৩৭। সব্বনাম কারতে পঠমো।**

পুং এবং নপুংসক-লিঙ্গে সব্ব, কতর, কতম ইত্যাদি অকারান্ত সর্ব্বনাম শব্দের উত্তর প্রথমার বহুবচনে যো বিভক্তির স্থানে একার আদেশ হয়। যথা—সব্বে ইত্যাদি।

**৩৮। তযো নেব চ সব্বনামেহি।**

অকারান্ত সর্ব্বনাম শব্দ সমূহের উত্তর স্মা বিভক্তির স্থানে আ, স্মিং বিভক্তির স্থানে এ, এবং চতুর্থীর একবচনে স বিভক্তির স্থানে আয আদেশ হয় না।

স্ত্রে চকার যোগে পুব্ব ইত্যাদি শব্দের উত্তর স্মা বিভক্তির স্থানে আকার, এবং স্মিং বিভক্তির স্থানে একার আদেশ হয়। যথা—পুব্বা, পুব্বে ইত্যাদি।

**৩৯। সব্বনামানং নম্হি চ।**

নং বিভক্তি পরে থাকিলে অকারান্ত সর্ব্বনাম শব্দ সমূহের অন্ত্যস্বরের স্থানে একার আদেশ হয়।

**৪০। সব্বতো নং সং-সানং।**

সর্ব্বনাম শব্দ সমূহের উত্তর নং বিভক্তির স্থানে সং এবং সানং আদেশ হয়। যথা—সব্বেসং, সব্বেসানং ইত্যাদি।

**৪১। ঘপতো স্মিং সানং সং-সা।**

ঘ এবং প সংজ্ঞার উত্তর স্মিং বিভক্তির স্থানে সং, এবং স বিভক্তির স্থানে সা বিকল্পে আদেশ হয়।

**৪২। ঘো রস্সং।**

একবচনে আদেশকৃত সং এবং সা পরে থাকিলে ঘ হ্রস্ব হয়।

**৪৩। সং-সাস্বেকবচনেসু চ।**

একবচনে আদেশকৃত সং এবং সা পরে থাকিলে কখনও কখনও সকার আগম হয়। যথা—সব্বস্সা, সব্বায ইত্যাদি।

**৪৪। নেতাহি স্মিমায-যা।**

স্ত্রীলিঙ্গে ঘ এবং প সংজ্ঞার উত্তর স্মিং বিভক্তির স্থানে যথাক্রমে আয এবং যা আদেশ হয় না।

**৪৫। দ্বন্দট্ঠা বা।**

দ্বন্দ সমাসান্ত অকারান্ত সর্ব্বনাম এবং পুব্বাদি শব্দের উত্তর প্রথমার বহুবচনে যো বিভক্তির স্থানে বিকল্পে একার আদেশ হয়। যথা—কতমো কতমে, পুব্বা পুব্বে ইত্যাদি।

**৪৬। বহুব্বীহিম্হি চ।**

বহুব্রীহি সমাসে সর্ব্বনামিক বিধান হয় না। যথা—পুব্বায, পুব্বানং, পুব্বে ইত্যাদি।

**৪৭। সব্বতো কো।**

সি বিভক্তি পরে থাকিলে সর্ব্বনাম শব্দ সমূহের উত্তর স্বার্থে ক প্রত্যয় হয়। যথা—সব্বকো, অসুকো ইত্যাদি।

**৪৮। সেসেসু চ।**

হিং, হং এবং ব প্রত্যয় ভিন্ন অবশিষ্ট বিভক্তি ও প্রত্যয় পরে থাকিলে কিং শব্দের স্থানে ককার আদেশ হয়। যথা—কো, কে, কং, কা, কাযো ইত্যাদি।

**৪৯। উভাদিতো নমিন্নং।**

উভ, দ্বি, তি এবং চতু শব্দের উত্তর নং বিভক্তির স্থানে

ইন্নং আদেশ হয়। যথা—উভিন্নং, দ্বিন্নং, দুবিন্নং, তিন্নং, চতুন্নং।

**৫০। যোসু দ্বিন্নং দ্বে চ।**

যো বিভক্তি পরে থাকিলে দ্বি শব্দের লিঙ্গত্রয়ে বিভক্তিসহ দ্বে, দুবে, এবং নং বিভক্তি পরে থাকিলে বিভক্তিসহ দুবি আদেশ হয়।

**৫১। তি-চতুন্নং তিস্সো-চতস্সো-তযো-চত্তারো-তীনি-চত্তারি।**

যো বিভক্তি পরে থাকিলে তি এবং চতু শব্দের লিঙ্গত্রয়ে বিভক্তিসহ যথাক্রমে তিস্সো ও চতস্সো (স্ত্রীং), তযো ও চত্তারো (পুং), এবং তীনি ও চত্তারি (নপুং) আদেশ হয়।

**৫২। ইণ্ণমিণ্ণন্নং তীহি সংখ্যাহি।**

পুং এবং নপুংসক-লিঙ্গে তি শব্দের উত্তর নং বিভক্তির স্থানে ইণ্ণং ও ইণ্ণন্নং আদেশ হয়। যথা—তিণ্ণং, তিণ্ণন্নং।

**৫৩। পঞ্চাদীনমকারো।**

পঞ্চ হইতে অষ্টাদশ পর্য্যন্ত শব্দ সমূহের লিঙ্গত্রয়ে যো বিভক্তির স্থানে অকার আদেশ হয়। যথা—পঞ্চ, ছ, সত্ত ইত্যাদি।

**৫৪। পঞ্চদীনমত্তং।**

সু, নং এবং হি বিভক্তি পরে থাকিলে পঞ্চ হইতে অষ্টাদশ পর্য্যন্ত শব্দ সমূহের অন্ত্যস্বর একারত্ব প্রাপ্ত হয় না। যথা—পঞ্চসু, পঞ্চন্নং, পঞ্চহি ইত্যাদি।

**৫৫। দ্বেকট্ঠানমাকারো বা।**

সংখ্যাবাচক শব্দের পূর্ব্বস্থিত দ্বি, এক এবং অট্ঠ এই

সকল শব্দের অন্ত্যস্বর আকারত্ব প্রাপ্ত হয়। যথা—দ্বাদস, একাদস, অট্ঠাদস।

**৫৬। একাদিতো দস-র-সংখ্যানে।**

একাদি সংখ্যাবাচক শব্দের পরস্থিত দস শব্দের দকারের স্থানে বিকল্পে রকার আদেশ হয়। যথা—একারস, একাদস ইত্যাদি।

**৫৭। বীসতি-দসেসু বা দ্বিস্সতু।**

বীসতি কিংবা দস শব্দের পূর্ব্বস্থিত দ্বি স্থানে দ্বা আদেশ হয়। যথা—দ্বাবীসতি, দ্বাদস।

সূত্রে তু শব্দ যোগে তিংস শব্দ পরে থাকিলেও দ্বি শব্দের স্থানে দ্বা আদেশ হয়। যথা—দ্বাত্তিংস।

**৫৮। চতুপপদস্স লোপো তুত্তরপদাদি চস্স চু-চো পি নবা।**

দশ শব্দের পূর্ব্বস্থিত চতু শব্দের উকারের লোপ হয়, এবং চকারের স্থানে বিকল্পে চুকার কিংবা চোকার আদেশ হয়। যথা—চুদ্দস, চোদ্দস, চতুদ্দস।

**৫৯। দসে সো নিচ্চঞ্চ।**

দস শব্দের পূর্ব্বস্থিত ছ স্থানে সোকার আদেশ হয়।

**৬০। ল্-দ-রানং।**

সংখ্যাবাচক শব্দান্তর্গত দকার ও রকারের স্থানে বিকল্পে ল্‌কার আদেশ হয়। যথা—সোরস সোল্‌স, তেরস তেল্‌স, চত্তারীসং চত্তাল্‌ীসং ইত্যাদি।

**৬১। ক্বচি তো পঞ্চম্যত্থে।**

নামবাচক শব্দ এবং সর্ব্বনাম শব্দের উত্তর পঞ্চম্যর্থে কখনও কখনও তো প্রত্যয় হয়। যথা—বুদ্ধতো, সব্বতো ইত্যাদি।

**৬২। ত্র-থ সত্তমিযা সব্বনামেহি।**

সর্ব্বনাম শব্দের উত্তর সপ্তম্যর্থে ক্বচিৎ ত্র এবং থ প্রত্যয় হয়। যথা—সব্বত্র সব্বথ, কুত্র কুথ ইত্যাদি।

**৬৩। সব্বতো ধী।**

সব্ব শব্দের পর সপ্তম্যর্থে ক্বচিৎ ধী প্রত্যয় হয়। যথা—সব্বধী।

**৬৪। হিং-হং-হিঞ্চনং।**

কিম্ শব্দের উত্তর সপ্তম্যর্থে ক্বচিৎ হিং, হং এবং হিঞ্চনং প্রত্যয় হয়। যথা—কুহিং, কুহং, কহং, কুহিঞ্চনং ইত্যাদি।

**৬৫। কিং-সব্বঞ্ঞেক-যকুহি দা-দাচনং।**

কিং, সব্ব, অঞ্ঞ, এক এবং য শব্দের উত্তর কখনও কখনও কালার্থে এবং সপ্তম্যর্থে দা, এবং কু শব্দের উত্তর দাচনং প্রত্যয় হয়। যথা—কদা, সব্বদা, অঞ্ঞদা, একদা, যদা, কুদাচনং।

**৬৭। ত্র-তো-থেসু চ।**

ত্র, তো এবং থ পরে থাকিলে কিম্ শব্দের কি স্থানে কুকার আদেশ হয়। যথা—কুতো।

**৬৮। সব্বস্সেতস্সকারো বা।**

তো এবং থ পরে থাকিলে এত শব্দের স্থানে বিকল্পে অকার আদেশ হয়। যথা—এতস্মা, এতায, অতো।

**৬৯। ইমস্সিত্থং-দানি-হ-তো-ধেসু চ।**

থং, দানি, হ, তো এবং ধ পরে থাকিলে ইম শব্দের স্থানে ইকার আদেশ হয়। যথা—ইত্থং, ইদানি, ইহ, ইতো, ইধ।

**৭০। ত্রে নিচ্চং।**

ত্র পরে থাকিলে এত শব্দের স্থানে অকার আদেশ হয়। যথা—অত্র।

**৭১। কিস্মা বো। কিস্স কবে চ।**

কিং শব্দের উত্তর সপ্তম্যর্থে ব আদেশ হয়, এবং কিং শব্দের স্থানে ক হয়। যথা—ক্ব।

**৭৩। তম্হা চ।**

ত শব্দের উত্তর সপ্তম্যর্থে ক্বচিৎ হিং এবং হং আদেশ হয়। যথা—তহিং, তহং।

**৭৪। সব্বস্স সো দাম্হি বা।**

দা প্রত্যয় পরে থাকিলে সব্ব শব্দের স্থানে স আদেশ হয়। যথা—সদা, সব্বদা।

## অম্হ ( I, First Person )

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অহং | মযং, অম্হে (নো) |
| দুতিযা | মং, মমং, | অম্হাকং, অম্হে, (নো) |
| ততিযা | মযা (মে) | অম্হেহি, অম্হেভি, (নো) |
| চতুত্থী | মম, মযহং, অম্হং, মমং, (মে) | অস্মাকং, অম্হাকং, অম্হে, (নো) |
| পঞ্চমী | মযা | অম্হেহি, অম্হেভি |
| ছট্ঠী | মম, মযহং, অম্হং, মমং, (মে) | অস্মাকং, অম্হাকং, অম্হে, (নো) |
| সত্তমী | মযি | অম্হেসু |

( লিঙ্গত্রয়ে সমান। )

## তুম্হ (You, Thou)

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | ত্বং. তুবং | তুম্হে (বো) |
| দুতিযা | ত্বং, তং, তবং, তুবং | তুম্হে, তুম্হাকং, (বো) |
| ততিযা | ত্বযা, তযা, (তে) | তুম্হেহি, তুম্হেভি, (বো) |
| চতুত্থী | তব, তুযহং, তুম্হং, (তে) | তুম্হাকং, তুম্হে, (বো) |
| পঞ্চমী | ত্বযা, তযা, (তে) | তুম্হেহি, তুম্হেভি, (বো) |
| ছট্ঠী | তব, তুযহং, তুম্হং, (তে) | তুম্হাকং, তুম্হে, (বো) |
| সত্তমী | ত্বযি, তযি | তুম্হেসু |

( লিঙ্গত্রয়ে সমান। )

## য ( Which )

### পুংলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | যো | যে |
| দুতিযা | যং | যে |
| ততিযা | যেন | যেহি, যেভি |
| চতুত্থী | যস্স | যেসং, যেসানং |
| পঞ্চমী | যম্হা, যস্মা | যেহি, যেভি |
| ছট্ঠী | যস্স | যেসং, যেসানং |
| সত্তমী | যম্হি, যস্মিং | যেসু |

### স্ত্রীলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | যা | যা, যাযো |
| দুতিযা | যং | যা, যাযো |
| ততিযা | যায | যাহি, যাভি |
| চতুত্থী | যায, যস্সা | যাসং, যাসানং |
| পঞ্চমী | যায | যাহি, যাভি |
| ছট্ঠী | যায, যস্সা | যাসং, যাসানং |
| সত্তমী | যাযং, যস্সং | যাসু |

### নপুংসক-লিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | যং, (যদ্) | যে, যানি |
| দুতিযা | যং, (যদ্) | যে, যানি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

৭

## ত ( He, She, That etc.)

### পুংলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | সো, (স) | তে, নে |
| দুতিযা | তং, নং | তে, নে |
| ততিযা | তেন, নেন | তেহি, তেভি,<br>নেহি, নেভি |
| চতুত্থী | তস্স, নস্স | তেসং, তেসানং,<br>নেসং, নেসানং |
| পঞ্চমী | তম্হা, তস্মা,<br>নম্হা, নস্মা | তেহি,তেভি,<br>নেহি, নেভি |
| ছট্ঠী | তস্স, নস্স | তেসং, তেসানং,<br>নেসং, নেসানং |
| সত্তমী | তস্মিং, নস্মিং, তম্হি, নম্হি | তেসু, নেসু |

### স্ত্রীলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | সা | তা, তাযো, না, নাযো |
| দুতিযা | তং, নং | তা, তাযো, না, নাযো |
| ততিযা | তায, নায | তাহি, তাভি, নাহি, নাভি |
| চতুত্থী | তায, তস্সা, তস্সায,<br>তিস্সা, তিস্সায | তাসং, তাসানং |

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঞ্চমী | তায, নায | তাহি, তাভি, নাহি, নাভি |
| ছট্ঠী | তায, তস্সা, তস্সায, তিস্সা, তিস্সায | তাসং, তাসানং |
| সত্তমী | তাযং, তস্সং, তাসং, তিস্সং | তাসু, নাসু |

নপুংসক-লিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | তং, নং | তে, তানি, নে, নানি |
| দুতিযা | তং, নং | তে, তানি, নে, নানি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

## এত ( This )

### পুংলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | এসো | এতে |
| দুতিযা | এতং | এতে |
| ততিযা | এতেন | এতেহি, এতেভি |
| চতুত্থী | এতস্স | এতেসং, এতেসানং |
| পঞ্চমী | এতমহা, এতস্মা | এতেহি, এতেভি |
| ছট্ঠী | এতস্স | এতেসং, এতেসানং |
| সত্তমী | এতমিহ, এতস্মিং | এতেসু |

### স্ত্রীলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
| --- | --- | --- |
| পঠমা | এসা | এতা, এতাযো |
| দুতিযা | এতং | এতা, এতাযো |
| ততিযা | এতায | এতাহি, এতাভি |
| চতুত্থী | এতায, এতিস্সায, এতিস্সা | এতাসং, এতাসানং |
| পঞ্চমী | এতায | এতাহি, এতাভি |
| ছট্ঠী | এতায, এতিস্সায, এতিস্সা | এতাসং, এতাসানং |
| সত্তমী | এতাযং, এতিস্সং, এতস্সং | এতাসু |

### নপুংসক-লিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
| --- | --- | --- |
| পঠমা | এতং | এতে, এতানি |
| দুতিযা | এতং | এতে, এতানি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

## ইম (It, This etc.)

### পুংলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
| --- | --- | --- |
| পঠমা | অযং | ইমে |
| দুতিযা | ইমং | ইমে |
| ততিযা | অনেন, ইমিনা | এহি, এভি, ইমেহি, ইমেভি |
| চতুত্থী | অস্স, ইমস্স | এসং, এসানং, ইমেসং, ইমেসানং |

| বিভক্তি | একবচন | বহুবচন |
| --- | --- | --- |
| পঞ্চমী | অস্মা, ইমম্হা, ইমস্মা | এহি, এভি, ইমেহি, ইমেভি |
| ছট্ঠী | অস্স, ইমস্স | এসং, এসানং, ইমেসং, ইমেসানং |
| সত্তমী | অস্মিং, ইমম্হি, ইমস্মিং | এসু, ইমেসু |

স্ত্রীলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
| --- | --- | --- |
| পঠমা | অযং | ইমা, ইমাযো |
| দুতিযা | ইমং | ইমা, ইমাযো |
| ততিযা | ইমায | ইমাহি, ইমাভি |
| চতুত্থী | ইমায,ইমিস্সা,ইমিস্সায, অস্সা, অস্সায | ইমাসং, ইমাসানং |
| পঞ্চমী | ইমায | ইমাহি, ইমাভি |
| ছট্ঠী | ইমায, ইমিস্সা, ইমিস্সায, অস্সা, অস্সায | ইমাসং, ইমাসানং |
| সত্তমী | ইমাযং, ইমিস্সা, ইমিস্সং, অস্সং | ইমাসু |

নপুংসক-লিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
| --- | --- | --- |
| পঠমা | ইদং, ইমং | ইমে, ইমানি |
| দুতিযা | ইদং, ইমং | ইমে, ইমানি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

## অমু (That)

### পুংলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অমু, অমুকো<br>অসু, অসুকো | অমুকা, অসুকা,<br>অমূ, অমুযো |
| দুতিযা | অমুং, অমুকং, অসুকং. | অমূ, অমুকে,<br>অমুযো, অসুকে |
| ততিযা | অমুনা | অমূহি, অমূভি |
| চতুত্থী | অমুনো, অমুস্স, অদুস্স | অমূসং, অমূসানং |
| পঞ্চমী | অমুনা, অমুম্হা, অমুস্মা | অমূহি, অমূভি |
| ছট্ঠী | অমুনো, অমুস্স, অদুস্স | অমূসং, অমূসানং |
| সত্তমী | অমুম্হি, অমুস্মিং | অমূসু |

### স্ত্রীলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অমু, অমুকা, অসু, অসুকা | অমূ, অমুযো |
| দুতিযা | অমুং | অমূ, অমুযো |
| ততিযা | অমুযা | অমূহি, অমূভি |
| চতুত্থী | অমুযা, অমুস্সা | অমূসং, অমূসানং |
| পঞ্চমী | অমুযা | অমূহি, অমূভি |
| ছট্ঠী | অমুযা, অমুস্সা | অমূসং, অমূসানং |
| সত্তমী | অমুযং, অমুস্সং | অমূসু |

### নপুংসক-লিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | অহুং | অমূ, অমূনি |
| দুতিযা | অহুং | অমূ, অমূনি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

## ক (Which)

### পুংলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | কো | কে |
| দুতিযা | কং | কে |
| ততিযা | কেন | কেহি, কেভি |
| চতুত্থী | কস্স, কিস্স | কেসং, কেসানং |
| পঞ্চমী | কমহা, কস্মা, কিস্মা | কেহি, কেভি |
| ছট্ঠী | কস্স, কিস্স | কেসং, কেসানং |
| সত্তমী | কম্হি, কিম্হি, কস্মিং, কিস্মিং | কেসু |

দ্রষ্টব্য—পুংলিঙ্গের বিভক্তি সমূহে কিং শব্দের স্থানে ক আদেশ হইয়া অকারান্ত শব্দের ন্যায় রূপ হয়।

### স্ত্রীলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | কা | কা, কাযো |
| দুতিযা | কং | কা, কাযো |
| ততিযা | কায | কাহি, কাভি |

অবশিষ্ট সব্বা শব্দের ন্যায়।

নপুংসক-লিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | কিং, কং | কে, কানি |
| দুতিযা | কিং, কং | কে, কানি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

**পুব্ব ( East, Eastern )**

পুংলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | পুব্বো | পুব্বে, পুব্বা |
| দুতিযা | পুব্বং | পুব্বে |
| ততিযা | পুব্বেন, | পুব্বেহি, পুব্বেভি |
| চতুত্থী | পুব্বস্স | পুব্বেসং, পুব্বেসানং |
| পঞ্চমী | পুব্বম্হা, পুব্বস্মা | পুব্বেহি, পুব্বেভি |
| ছট্ঠী | পুব্বস্স | পুব্বেসং, পুব্বেসানং |
| সত্তমী | পুব্বে, পুব্বম্হি, পুব্বস্মিং | পুব্বেসু |
| আলপনং | পুব্ব, পুব্বা | পুব্বে, পুব্বা |

স্ত্রীলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | পুব্বা | পুব্বা, পুব্বাযো |
| দুতিযা | পুব্বং | পুব্বা, পুব্বাযো |
| ততিযা | পুব্বায | পুব্বাহি, পুব্বাভি |
| চতুত্থী | পুব্বায, (পুব্বস্সা) | পুব্বাসং, পুব্বাসানং |

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঞ্চমী | পুব্বায | পুব্বাহি, পুব্বাভি |
| ছট্ঠী | পুব্বায, (পুব্বস্সা) | পুব্বাসং, পুব্বাসানং |
| সত্তমী | পুব্বাযং, পুব্বস্সং | পুব্বাসু |
| আলপনং | পুব্বে | পুব্বা, পুব্বাযো |

নপুংসক-লিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | পুব্বং | পুব্বা, পুব্বানি |
| দুতিযা | পুব্বং | পুব্বানি |
| আলপনং | পুব্ব, পুব্বা | পুব্বা, পুব্বানি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

পর, অপর, উত্তর, দক্ষিণ, অধর ইত্যাদির রূপও **পুব্ব** শব্দের ন্যায়।

**সব্ব ( All )**

পুংলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | সব্বো | সব্বে |
| দুতিযা | সব্বং | সব্বে |
| ততিযা | সব্বেন | সব্বেহি, সব্বেভি |
| চতুত্থী | সব্বস্স | সব্বেসং, সব্বেসানং |
| পঞ্চমী | সব্বম্হা, সব্বস্মা | সব্বেহি, সব্বেভি |
| ছট্ঠী | সব্বস্স | সব্বেসং, সব্বেসানং |
| সত্তমী | সব্বম্হি, সব্বস্মিং | সব্বেসু |
| আলপনং | সব্ব, সব্বা | সব্বে |

## স্ত্রীলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | সব্বা | সব্বা, সব্বাযো |
| দুতিযা | সব্বং | সব্বা, সব্বাযো |
| ততিযা | সব্বায | সব্বাহি, সব্বাভি |
| চতুত্থী | সব্বায | সব্বাসং, সব্বাসানং |
| পঞ্চমী | সব্বায | সব্বাহি, সব্বাভি |
| ছট্ঠী | সব্বায | সব্বাসং, সব্বাসানং |
| সত্তমী | সব্বস্সং, সব্বাযং | সব্বাসু |
| আলপনং | সব্বে | সব্বা, সব্বাযো |

## নপুংসক-লিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | সব্বং | সব্বানি |
| দুতিযা | সব্বং | সব্বে, সব্বানি |
| আলপনং | সব্ব, সব্বা | সব্বানি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

ইতর, য, এবং পুচ্ছাবাচক কতর, কতম, উভয, অঞ্ঞ, অঞ্ঞতর, অঞ্ঞতম ইত্যাদির রূপও সব্ব শব্দের ন্যায়।

স্ত্রীলিঙ্গে ইতর ও অঞ্ঞ শব্দের চতুর্থী, ষষ্ঠী এবং সপ্তমীর একবচনে নিম্নলিখিত পাঠও দৃষ্ট হয়।

| চতুত্থী ও ছট্ঠী | সত্তমী |
|---|---|
| ইতরিস্সায, ইতরিস্সা, ইতরায | ইতরিস্সং, ইতরাযং, ইতরায |
| অঞ্ঞিস্সায, অঞ্ঞিস্সা, অঞ্ঞায | অঞ্ঞিস্সং, অঞ্ঞাযং, অঞ্ঞায |

নীল, পীত ইত্যাদি গুণবাচক, অতীত, অনাগত ইত্যাদি কাল-বাচক, অল্প, থোক ইত্যাদি পমাণবাচক, এবং দীঘ, রস্‌স ইত্যাদি অবত্থাবাচক শব্দ সমূহের রূপও সব্ব শব্দের ন্যায়।

## এক ( One )

### পুংলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | একো | একে |
| দুতিযা | একং | একে |
| ততিযা | একেন | একেহি, একেভি |
| চতুত্থী | একস্স | একেসং, একেসানং |
| পঞ্চমী | একমহা, একস্মা | একেহি, একেভি |
| ছট্ঠী | একস্স | একেসং, একেসানং |
| সত্তমী | একম্হি, একস্মিং | একেসু |

### স্ত্রীলিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | একা | একা, একাযো |
| দুতিযা | একং | একা, একাযো |
| ততিযা | একায | একাহি, একাভি |
| চতুত্থী | একায. একস্সা, একিস্সা | একাসং, একাসানং |
| পঞ্চমী | একায | একাহি, একাভি |
| ছট্ঠী | একায, একস্সা, একিস্সা | একাসং, একাসানং |
| সত্তমী | একস্সং, একিস্সং, একাযং | একাসু |

## নপুংসক-লিঙ্গ

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| পঠমা | একং | একে, একানি |
| দুতিযা | একং | একে, একানি |

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায়।

এক শব্দ সংখ্যা (number), তুলনা (comparison), সংজ্ঞা (notion), সহায় (friend), এবং অঞ্ঞ (other) এই সকল অর্থে ব্যবহৃত হয়। সংখ্যার্থে কেবলমাত্র একবচনে, অন্যত্র উভয় বচনে, ইহা বিভক্তিযুক্ত হয়।

নিম্নলিখিত শব্দগুলি বহুবচনান্ত ও লিঙ্গত্রয়ে সমান।

**উভ (Both)**

| বিভক্তি | বহুবচন |
|---|---|
| পঠমা | উভো, উভে |
| দুতিযা | উভো, উভে |
| ততিযা | উভোহি, উভোভি<br>উভেহি, উভেভি |
| চতুত্থী | উভিন্নং |
| পঞ্চমী | উভোহি, উভোভি<br>উভেহি, উভেভি |
| ছট্ঠী | উভিন্নং |
| সত্তমী | উভোসু, উভেসু |

**দ্বি (Two)**

| বিভক্তি | বহুবচন |
|---|---|
| পঠমা | দ্বে, দুবে |
| দুতিযা | দ্বে, দুবে |
| ততিযা | দ্বীহি, দ্বীভি |
| চতুত্থী | দ্বিন্নং, দুবিন্নং |
| পঞ্চমী | দ্বীহি, দ্বীভি |
| ছট্ঠী | দ্বিন্নং, দুবিন্নং |
| সত্তমী | দ্বীসু |

## তি ( Three )

| | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | নপুংসক-লিঙ্গ |
|---|---|---|---|
| বিভক্তি | বহুবচন | বহুবচন | বহুবচন |
| পঠমা | তযো | তিস্সো | তীণি |
| দুতিযা | তযো | তিস্সো | তীণি |
| ততিযা | তীহি, তীভি | তীহি, তীভি | তীহি, তীভি |
| চতুত্থী | তিণ্ণং, তিণ্ণন্নং | তিস্সন্নং | তিণ্ণং, তিণ্ণন্নং |
| পঞ্চমী | তীহি, তীভি | তীহি, তীভি | তীহি, তীভি |
| ছট্ঠী | তিণ্ণং, তিণ্ণন্নং | তিস্সন্নং | তিণ্ণং, তিণ্ণন্নং |
| সত্তমী | তীসু | তীসু | তীসু |

## চতু ( Four )

| | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | নপুংসক-লিঙ্গ |
|---|---|---|---|
| বিভক্তি | বহুবচন | বহুবচন | বহুবচন |
| পঠমা | চত্তারো, চতুরো | চতস্সো | চত্তারি |
| দুতিযা | চত্তারো, চতুরো | চতস্সো | চত্তারি |
| ততিযা | চতূহি, চতূভি | চতূহি, চতূভি | { চতুব্ভি<br>{ চতূহি, চতূভি |
| চতুত্থী | চতুন্নং | চতস্সন্নং | চতুন্নং |
| পঞ্চমী | চতূহি, চতূভি | চতূহি, চতূভি | চতূহি, চতূভি |
| ছট্ঠী | চতুন্নং | চতস্সন্নং | চতুন্নং |
| সত্তমী | চতুসু, চতূসু | চতুসু, চতূসু | চতুসু, চতূসু |

## পঞ্চ ( Five )

(লিঙ্গত্রয়ে সমান)

| বিভক্তি | বহুবচন |
|---|---|
| পঠমা | পঞ্চ |
| দুতিযা | পঞ্চ |
| ততিযা | পঞ্চহি, পঞ্চভি |
| চতুত্থী | পঞ্চন্নং |
| পঞ্চমী | পঞ্চহি, পঞ্চভি |
| ছট্ঠী | পঞ্চন্নং |
| সত্তমী | পঞ্চসু |

ছ, সত্ত, অট্ঠ, নব, দস, একাদস (একারস), বারস (দ্বাদস, দ্বিচ্ছ), তেরস (তেলস), চুদ্দস (চোদ্দস, চতুদ্দস), পঞ্চদস (পন্নরস), সোলস (সোরস), সত্তরস (সত্তদস), অট্ঠারস (অট্ঠাদস) ইত্যাদি শব্দ বহুবচনান্ত এবং লিঙ্গত্রয়ে সমান। ইহাদের রূপও পঞ্চ শব্দের ন্যায়।

## একূন-বীসতি ( Nineteen )

( স্ত্রীলিঙ্গ এবং একবচনান্ত )

| বিভক্তি | একবচন | বিভক্তি | একবচন |
|---|---|---|---|
| পঠমা | একূন-বীসতি | পঞ্চমী | একূন-বীসতিযা |
| দুতিযা | একূন-বীসতিং | ছট্ঠী | একূন-বীসতিযা |
| ততিযা | একূন-বীসতিযা | সত্তমী | একূন-বীসতিযং |
| চতুত্থী | একূন-বীসতিযা | | |

বীসতি হইতে নবুতি পর্য্যন্ত শব্দ সমূহ স্ত্রীলিঙ্গ এবং একবচনান্ত। ইহাদের রূপও একূন-বীসতি শব্দের ন্যায়।

২০ বীসতি

২১ একবীসতি

২২ দ্বেবীসতি, দ্বাবীসতি, ৰাবীসতি

২৩ তেবীসতি

২৪ চতুবীসতি

২৫ পঞ্চবীসতি, পন্নুবীসতি, পন্নবীসতি

২৬ ছৰ্ৰীসতি

২৭ সত্তবীসতি

২৮ অট্ঠবীসতি

[ইহাদের রূপ রত্তি শব্দের ন্যায়, কিন্তু বীসতির স্থলে বীস আদেশ হইলে কঞ্ঞা শব্দের ন্যায়।]

২৯ একূন-তিংসতি

৩০ তিংসতি

৩১ একতিংসতি

৩২ দ্বত্তিংসতি, ৰত্তিংসতি

৩৩ তেত্তিংসতি

৩৪ চতুত্তিংসতি

৩৫ পঞ্চতিংসতি

৩৬ ছত্তিংসতি

৩৭ সত্ততিংসতি

৩৮ অট্ঠতিংসতি

[ইহাদের রূপ রত্তি শব্দের ন্যায়, কিন্তু তিংসতির স্থলে তিংস আদেশ হইলে কঞ্ঞা শব্দের ন্যায়।]

৩৯ একূন-চত্তালীসতি, একূন-চত্তালীসা

৪০ চত্তালীসতি, তালিসা

৪১ একচত্তালীসতি, একচত্তালীসা

৪২ দ্বাচত্তালীসতি, দ্বাচত্তালীসা, দ্বিচত্তালীসতি দ্বিচত্তালীসা

৪৩ তেচত্তালীসতি, তেচত্তালীসা, তিচত্তালীসতি, তিচত্তালীসা

৪৪ চতুচত্তালীসতি, চতুচত্তালীসা, চোত্তালীসতি, চোত্তালীসা, চুত্তালীসতি, চুত্তালীসা

৪৫ পঞ্চচত্তালীসতি,
পঞ্চচত্তালীসা

৪৬ ছচত্তালীসতি, ছচত্তালীসা

৪৭ সত্তচত্তালীসতি,
সত্তচত্তালীসা

৪৮ অট্ঠচত্তালীসতি,
অট্ঠচত্তালীসা

[ ল স্থলে রকার আদেশ হইলে চত্তারীসতি, চত্তারীসা ইত্যাদিও হয়। ইহাদের রূপ রত্তি শব্দের ন্যায়, কিন্তু সতির স্থলে সা আদেশ হইলে কঞ্ঞা শব্দের ন্যায়। ]

৪৯ একূন-পঞ্ঞাসা

৫০ পঞ্ঞাসা

৫১ একপঞ্ঞাসা

৫২ দ্বেপঞ্ঞাসা, দ্বিপঞ্ঞাসা

৫৩ তেপঞ্ঞাসা, তিপঞ্ঞাসা

৫৪ চতুপঞ্ঞাসা

৫৫ পঞ্চপঞ্ঞাসা

৫৬ ঞ্ঞাসা

৫৭ সত্তপঞ্ঞাসা

৫৮ অট্ঠপঞ্ঞাসা

[ পঞ্ঞাসার স্থলে পন্নসা আদেশ হইলেও ইহাদের রূপ কঞ্ঞা শব্দের ন্যায়। ]

৫৯ একূনসট্ঠি

[ মতি শব্দের ন্যায়। ]

৬০ সট্ঠি

৬১ একসট্ঠি

৬২ দ্বাসট্ঠি, দ্বেসট্ঠি, দ্বিসট্ঠি

৬৩ তেসট্ঠি, তিসট্ঠি

৬৪ চতুসট্ঠি

৬৫ পঞ্চসট্ঠি

৬৬ ছসট্ঠি

৬৭ সত্তসট্ঠি

৬৮ অট্ঠসট্ঠি

৬৯ একূন-সত্ততি

৭০ সত্ততি

৭১ একসত্ততি

৭২ দ্বাসত্ততি, দ্বিসত্ততি

৭৩ তেসত্ততি, তিসত্ততি

৭৪ চতুসত্ততি

৭৫ পঞ্চসত্ততি

৭৬ ছসত্ততি

৭৭ সত্তসত্ততি

৭৮ অট্ঠসত্ততি

৭৯ একূনাসীতি

[ যো বিভত্তির স্থলে রিকার আদেশ হইলে সত্তরি, দ্বিসত্তরি ইত্যাদিও হয়। ]

৮০ অসীতি

৮১ একাসীতি

৮২ দ্বে অসীতি, দ্বাসীতি

৮৩ তে অসীতি

৮৪ চতুরাসীতি, চুল্লাসীতি

৮৫ পঞ্চাসীতি

৮৬ ছাসীতি

৮৭ সত্তাসীতি

৮৮ অট্ঠাসীতি

৮৯ একূন-নবুতি

৯০ নবুতি

৯১ এক-নবুতি

৯২ দ্বে-নবুতি, দ্বানবুতি, দ্বিনবুতি

৯৩ তে-নবুতি, তি-নবুতি

৯৪ চতু-নবুতি

৯৫ পঞ্চ-নবুতি

৯৬ ছন্নবুতি

৯৭ সত্ত-নবুতি

৯৮ অট্ঠ-নবুতি

[ ইহাদের রূপ রত্তি শব্দের ন্যায়। ]

৯৯ একূন-সতং

১০০ সতং

**একূন-সত ( Ninety-nine )**

( নপুংসক-লিঙ্গ ও একবচনান্ত )

| বিভত্তি | একবচন |
|---|---|
| পঠমা | একূন-সতং |
| দুতিযা | একূন-সতং |
| ততিযা | একূন-সতেন |
| চতুত্থী | একূন-সতস্স |
| পঞ্চমী | একূন-সতা, একূন-সতম্হা, একূন-সতস্মা |
| ছট্ঠী | একূন-সতস্স |
| সত্তমী | একূন-সতে, একূন-সতম্হি, একূন-সতস্মিং |

সত হইতে অসংখেয্য শব্দ পর্য্যন্ত নপুংসক-লিঙ্গ ও একবচনান্ত; কেবল কোটি, পকোটি, কোটিপ্পকোটি, অক্খোহিনী শব্দ সমূহ স্ত্রীলিঙ্গ ও একবচনান্ত।

[ দস দসকং = সতং, সত দসকং = সহস্সং, ( সহস্সী ), সহস্স দসকং = দসসহস্সং ( নহুতং ), নহুত দসকং = দসনহুতং ( লক্খং, সতসহস্সং ) ]

ইহার পর হইতে সত-লক্খ দ্বারা গুণ করিলে নিম্নলিখিত সংখ্যা পাওয়া যায়।

সত লক্খ = কোটি, সত-কোটি লক্খ = পকোটি, সত-পকোটি লক্খ = কোটিপ্পকোটি। এইরূপ নহুতং, নিন্নহুতং, অক্খোহিনী, বিন্দু, অব্বুদং, নিরব্বুদং, অহহং, অববং, অটটং, সোগন্ধিকং, উপ্পলং, কুমুদং, পুণ্ডরীকং, পদুমং, কথানং, মহাকথানং, অসংখেয্যং।

সতং এবং সহস্সং বিশেষ্যের সহিত যুক্ত হইয়া কখনও কখনও ব্যবহৃত হয়। যথা—

১। ষষ্ঠীর বহুবচনান্ত পদযোগে—ইত্থীনং পঞ্চসতানি।

২। প্রথমার বহুবচনান্ত পদযোগে—পঞ্চসতং যতী, পঞ্চসতা ভিক্খূ।

৩। একবচনান্ত পদযোগে—ছচত্তালীসং বস্সং অতিকম্ম।

৪। সমাসান্ত পদযোগে—গাথাসতং, সহস্সজটিলা।

## উপসর্গ ও নিপাত ( Upasagga and Nipata )

নামিক ও আখ্যাতিক পদের পূর্ব্বে যুক্ত হইয়া যাহারা বিশেষ বিশেষ অর্থ প্রতিপন্ন করে, তাহাদিগকে **উপসর্গ** ( Prepositions ) বলে (উপেচ্চত্থং **সজন্তীতি** উপসগ্গা)।

**উপসর্গ** বিশটী—প, পরা, নি, নী, উ, দু, **সং**, বি, অব, অনু, পরি, অধি, অভি, পতি, সু, আ, অতি, অপি, অপ, উপ।

উপসর্গের উত্তর বিভক্তি **সমূহের** লোপ হয়, সুতরাং সকল বিভক্তিতে তাহাদের রূপ এক। তাহাদের লিঙ্গ ও বচন নাই,

**ধাত্বত্থং বাধতে কোচি, কোচি তং অনুবত্ততে,**
**তমেবঞ্ঞো বিসেসেতি, উপসগ্গ-গতি তিধা।**

উপসর্গের গতি তিন প্রকার। কোন কোন উপসর্গ ধাতুর প্রকৃতিগত অর্থবোধে বাধা জন্মায়, কোন কোন উপসর্গ ধাত্বর্থের অনুসরণ করে, আবার কোন কোন উপসর্গ ধাত্বর্থ বিশেষভাবে প্রকাশ করে। যথা ঃ— পরা—জিতো = পরাজিতো, বি—মলং = বিমলং, অনু—রূপং = অনুরূপং, সং—বাসো = সংবাসো, অধি—সীলং = অধিসীলং, বি—মুত্তি = বিমুত্তি।

ধাতু প্রভৃতির সহিত যুক্ত হইলে উপসর্গ সমূহের যে যে পরিবর্ত্তন হয়, তাহার কয়েকটি উদাহরণ নিম্নে দেওয়া গেল।

১। **প**—পঞ্ঞা, বিপ্পগতং, পণীতং, পধানং, পভু, পক্খিত্তং, পবাসী, পাচরিযো, পৰদ্ধকাযো, পহুতং, পসন্ন, পণিহিতং ইত্যাদি।

২। **পরা**—পরাভবো, পরাজিতো, পরাযনং, পরক্কমতি ,পরামসনং ইত্যাদি।

৩। **নি**—নিরুত্তি, নিরবসেসং, নিক্কিলেসো, নিদ্ধারণং, নিখাতো, নিম্মক্খিকং, নিবারেতি, নিব্বানো, নিম্মিতং, নিদ্দেসো, নিদস্সনং, নিসামনং, নিট্ঠিতং, নিপুণো ইত্যাদি।

৪। **নী**—নীহরতি, নীবরণং ইত্যাদি।

৫। **উ**—উগ্গচ্ছতি, উট্ঠিতো, উক্খেপো, উত্তমো, লোকুত্তরো, উব্বাসিতো, উদ্ভূতো, উপ্পন্নং, উস্সহতি, উদ্দিসতি ইত্যাদি।

৬। **দু**—দুগ্গন্ধো, দুব্ভিক্খং, দুক্কতং, দুচ্চরিতং, দুক্করং, দুব্বনো, দুম্মুখো ইত্যাদি।

৭। **সং**—সন্ধি, সমাধি, সম্পযুত্তো, সংকিন্নং, সমুল্লপনা, সংগামো, সমাসো, সারত্তো, সংবাসো, সংনগ্গো, সম্ভবো, সম্মুখং, সংহরতি, সংবুতো, সন্ধাবতি ইত্যাদি।

৮। **বি**—বিমুত্তি, বিসিট্ঠো, বিমতি, বিচিত্তং, বিবাদো, বিমলং, বিপ্পযুত্তো, বিরূপো ইত্যাদি।

৯। **অব**—অবক্খিত্ত, অবকোকিলং, অবমঞ্ঞতি, অবগচ্ছতি, অবদানং, অবধারণং, অবকাসো, অবহারো ইত্যাদি।

১০। **অনু**—অন্বেতি, অনুসযো, অনুরথং, অনুবত্তো, অনুরূপং, অনুসারিপুত্তং, অনুবিজ্জোততে, অনুসিযা ইত্যাদি।

১১। **পরি**—পরিবুতো, পরিঞ্ঞেয্যং, পরিহরতি, পরিচ্চজতি,

পরিদহেস্সতি, পরিচরিযা, পরিবিসতি, পরিভবতি, পরিভাসতি, পরিবিজ্জোততে ইত্যাদি।

১২। **অধি**—অধিসীলং, অধিপতি, অধিরোহতি, অধিসেস্সতি, অধিভবতি, অধিমোক্খো, অধিগচ্ছতি ইত্যাদি।

১৩। **অভি**—অভিমুখো, অভিক্কমতি, অভিধম্মো, অভিবস্সতি, অভিরূহতি, অভিজাতো, অভিরূপো, অভিবাদেতি ইত্যাদি।

১৪। **পতি**—পচ্চক্খং, পটিসোতং, পতিসিস্সো, পতিদদাতি, পটিসেধতি, পটিক্কমতি, পতিরূপকং, পতিকারো, পতিগণ্হাতি, পটিবোধো, পচ্চযো ইত্যাদি।

১৫। **সু**—সুগন্ধো, সুট্ঠু বা, সুট্ঠু গতো, সুগতো ইত্যাদি।

১৬। **আ**—আগচ্ছতি, আবাহতি, আকুমারং, আপত্তিমাপন্নো, আকঙ্খা, আলিঙ্গং, আরম্ভো, আদিযতি, আলম্বতি, আবসযো, আবাসো, আসন্নং, আসন্তেতি ইত্যাদি।

১৭। **অতি**—অতিরোচতি, অতীতো, অচ্চন্তং, অতিকুসলো, অতিকোধো, অতিবুট্ঠি ইত্যাদি।

১৮। **অপি**—অপি দিব্বেসু, মেরুম্পি বিনিবিজ্ঝিত্বা গচ্ছেয্য, অযম্পি ধম্মো অনিযতো, অপি অম্হাকং পণ্ডিতক, অপি ভন্তে ভিক্খং লভিত্থ ইত্যাদি।

১৯। **অপ**—অপমানো, অপেতো, অপগন্তো, অপসালায আযন্তি বাণিজা, ব্রহ্মাপচাযী অপরজ্ঝতি ইত্যাদি।

২০। **উপ**—উপনিসীদেয্য, উপনগরং, উপমানং, উপমা, উপ-

খারিযং দোনো, উপসম্পন্নো, উপবাসো, পর-উপবদতি, উপধা, উপসগ্গো, উপক্কমো, উপকারো, উপট্ঠাকো পট্ঠানং মোচেয্য, অচ্ছুপট্ঠানং, উপাদানং, উপাযামো, উপনিস্সযো ইত্যাদি।

---

**সদিসা যে তি-লিঙ্গেস্থু সব্বাস্থু চ বিভত্তিস্থু**
**বচনেস্থু চ সব্বেস্থু তে নিপাতা তি কিত্তিতা।**

যাহারা লিঙ্গত্রয়ে, সকল বিভক্তিতে ও সকল বচনে সদৃশ বা এক, প্রয়োগকালে যাহাদের কোন প্রকার বিকৃতি হয় না, তাহাদের নাম **নিপাত** ( **Indeclinables** )।

নিপাত অনেক; তন্মধ্যে মাত্র কতকগুলি নিম্নে উল্লেখ করা গেল।

চ, অ, ব, ন, ধা, বা, মা, চি, ধি, হি, কু, তু, নু, চে, বে, রে, হে, স্বে, খো, তো, নো, বো, তং, নং, যং, কিং, এব, ইব, বত, হন্দ, অথ, বথ, অঙ্গ, ইজ্ঝ, যাব, তাব, যদা, তদা, কির, কীব, বিয, আম, নাম, নুন, পন, পুন, আহ, সহ, যথা, তথা, সক্কা, মুসা, আরা, দূরা, দিবা, নবা, বিনা, নানা, অদ্ধা, মুদ্ধা, মিচ্ছা, সম্মা, আবি, সক্খি, সচ্ছি, যদি, ইতি, কিন্তি, অত্থি, ৰহি, সোত্থি, খলু, ননু, কিমু, অস্সু, পুথু, সাধু, সট্ঠু, সচে, হবে, স্থবে, অরে, রিতে, পুরে, নমো, তিরো, অধো, অহো, রহো, অন্তো, হিয্যো, ভিয্যো, স্থদং, এনং, এবং, কথং, কল্লং, অলং, হলং, ধুৰং, সযং, সমং, সামং, চিরং, হুরং, উচ্চং, নীচং, সকিং,

সদ্ধিং, খিপ্পং, অন্তরা, অথবা, আরকা, সম্মুখা, আরম্ভ, আগম্ম, যাবতা, তাবতা, সমন্তা, সামন্তা, আবুসো, উপরি, যাবদে, তাবদে, অজ্জত্তং, অচিরং, সনিকং, তিরিযং, এতরহি, এত্তাবতা, কিত্তাবতা, অঞ্ঞদত্থু, সেয্যথীদং ইত্যাদি।

উপসর্গ পদের পূর্ব্বে বসে, কিন্তু নিপাত পদের আদি, মধ্য ও অন্তে ব্যবহৃত হয় (পদাদিমজ্ঝন্তে নিপাতা নিপতন্তি)।

উপসর্গের ন্যায় নিপাতের উত্তর বিভক্তি সমূহের লোপ হয়। সুতরাং তাহাদের লিঙ্গ, বচন ও বিভক্তি ভেদে রূপ পরিবর্ত্তন হয় না। তাহারা সর্ব্বদাই প্রথমার একবচনান্ত

**সব্বাসমাবুসোপসগ্গ-নিপাতাদীহি চ।**

উপসর্গ ও নিপাতের ন্যায় 'আবুসো' এই শব্দের পরও বিভক্তি সমূহের লোপ হয়। যথা— ত্বং আবুসো, তুম্হে আবুসো।

**সমুচ্চয-বিকপ্পন-পতিসেধ-পূরণাদি অত্থং অসত্তবাচিকং নেপাতিকং।**

নিপাত সমূহ অপ্রাণিবাচক; (১) সংযোগ, (২) বিয়োগ, (৩) নিষেধ, (৪) অর্থ-পূরণ ও (৫) পদ-পূরণে তাহাদের প্রয়োগ হয়।

(১) সংযোগে—

**চ**—চন্দো চ সুরিযো চ, সীহা চ ব্যগ্ঘা চ।

(২) বিয়োগে—

**বা**—দেবো বা মারো বা, রাজতো বা চোরতো বা,

মধু বা মঞ্ঞতি বালো, বা পরো অসরূপা,
ভাসতি বা করোতি বা।

(৩) নিষেধে—

**ন**—পাপং ন হঞ্ঞে, মিচ্ছা ন বদে।

**নো**—নো, হেতং ভন্তে।

**মা**—মা ভাযি।

**অলং**—অলং তে ইধ বাসেন, অলং মল্লো মল্লস্স।

**হলং**—হলং দানি পকাসিতুং।

**(৪) অত্থপূরণং দুবিধং, বিভত্তিযুত্তং অবিভত্তিযুত্তঞ্চ।**

অর্থপূরণ দ্বিবিধ—(ক) বিভক্তিযুক্ত ও (খ) অবিভক্তিযুক্ত।

(ক) বিভক্তিযুক্ত—

প্রথমা বিভক্তিতে—

**অত্থি**—অত্থি হোহীতি সো মঞ্ঞো।

**নমো**—নমো ত্যত্থু।

**ভিয্যো**--ভিয্যো সোমত্থায দুব্বলো অহোসি।

**সযং**—সযং ভবতি ( সযম্ভূ )।

দ্বিতীয়া বিভক্তিতে—

**নমো**—নমো করোতি।

**ভিয্যো**—ভিয্যো সো কুরুতে মিত্তং।

**সযং**—সযং কতং।

তৃতীয়া বিভক্তিতে—

**সম্মা**---সম্মাদঞ্ঞা অভিঞ্ঞায ভিক্খু বুদ্ধস্স সাসনে।

**সযং**—সযং কম্মং কতং সাধু।

**সামং**—সামং গন্ত্বা পুপ্ফানি আহরতি।

**কিন্তি**—কিন্তি তে সুতং ?

চতুর্থী বিভক্তিতে—

**উচ্চং**—উচ্চং আসনায বিবদিংসু।

ষষ্ঠী বিভক্তিতে—

**সযং**—সযংপভা দস্সেসি।

সপ্তমী বিভক্তিতে—

**হেট্ঠা**—রাজা হেট্ঠা পাসাদে নিসীদি।

**উপরি**—সো পাসাণস্স উপরি অট্ঠাসি।

**উদ্ধং**—উদ্ধং পদতলা।

**অধো**—অধো কেসগ্গমত্তকা।

**তিরিযং**—তিরিযং সত্তন্তরা ভিক্খু অভিনেতব্বা।

**সম্মুখা**—সম্মুখা-বিনযং দাতব্বো।

**অন্তো**—অন্তোনগরং সো পাবিসি।

**অন্তরা**—অন্তরা চ রাজগহং অন্তরা চ সাবত্থিং।

**অজ্ঝত্তং**—অজ্ঝত্তং কাযে কাযানুপস্সি বিহরতি।

**বহিদ্ধা**—বহিদ্ধা কাযে কাযানুপস্সি বিহরতি।

**আরকা**—আরকা তে বিজ্জা-চরণ সম্পাদায।

**পচ্ছা**—পচ্ছা আবুসো এহি।

**দূরং**—ইধ বা দূরং বা সগ্গেসু বা যং রতনং।

**পেচ্চ**—পেচ্চ ন লভতে সুখং।

**সুবে**—ওকাসমজ্জ মম নত্থি, সুবে গমিস্সামি।

**স্বে**—অধিবাসেতু, ভন্তে, স্বাতনায ভত্তং।

**হিয্যো**—হিয্যো গযাসীসতো পচ্চাগমিং।

**সাযং**—সাযং গেহং অগমাসি।

**নিচ্চং**—নিচ্চং মেত্তচিত্তেন বিহরিতব্বং।

**পুরা**—পিঙ্গলাচরিযাদীহি ছন্দং যমুদিতং পুরা।

**যদা, তদা**—যদা তস্স পসন্নচিত্তং উদপাদি তদা
বুদ্ধো ধম্মং দেসেসি।

**দিবা**—দিবা তপতি আদিচ্চো।

সম্বোধনে—

**আবুসো**—কিং আবুসো তে ব্যাধি?

**অম্ভো**—অম্ভো পুরিসা, কিং তুম্হিমিনা পাপকেন
দুজ্জীবিতেন?

**অরে**—অরে ধুত্ত, ত্বং অসাধুং যেব সাধূতি দীপেসি।

**রে**—রে অম্হাকং বহুস্সুত।

**হম্ভো**—হম্ভো পুরিসা, তুম্হে কত্থ গমিস্সথ।

(খ) অবিভক্তিযুক্ত—

সন্দেহার্থে—

**অপ্পেব**—অপ্পেবনাম নং ইমম্হা ব্রহ্মচরিযা চাবেয্যন্তি।

**নু**—কিংনুমাব সমণীযো?

একান্তার্থে—

**অদ্ধা**—অদ্ধা অঞ্ঞেসু দিবসেসু সো পটিবচনং অদাসি।

**অঞ্ঞদত্থু**—অঞ্ঞদত্থু বিজ্জাচরণ সম্পদায সো পৰ্বজি।

অবধারণার্থে—

**এব**—মম এব ইদং কম্মং।

জিজ্ঞাসার্থে—

**কচ্চি**—কচ্চি নু খোহং সুঞ্ঞাগারে অভিরমামি।

**নু**—অপি নু সো লভেথ ব্রাহ্মণেসু আসনং?

**ননু**—ননু ত্বং তস্স সহাযো?

**কথং**—কথং ভিক্খু পাতিমোক্খসংবরো হোতি?

**কস্মা**—কস্মা ত্বং ইধাগতো?

**কিস্মিং**—কিস্মিং পকরণে ইদং হোতি?

নিদর্শনার্থে—

**ইতি**—ইতি হ সক্কো ভগবতো ভাসিতং অভিনন্দি।

**এবং**—অহম্পি এবং বদামি।

পরিসমাপ্ত্যর্থে—

**ইতি**—কতমা সা বিজ্জা তি?

পরিচ্ছেদনার্থে—

**যাব, তাব**—যাব সো ন আগমিস্সতি তাব ইধ বসিস্সামি।

**যাবতা, তাবতা**—যাবতা অকনিট্ঠং তাবতা সদ্দং অব্ভুগ্গচ্ছি।

**কিত্তাবতা**—কিত্তাবতা নু খো সমণো হোতি?

**এত্তাবতা**—এত্তাবতা সমণো চেব হোতি।

**কীব**—কীব দূরো ইতো নালকার-গামো।

সম্মতসূচিক—

**এবং**—'এবমাবুসো'তি তে পব্বজিতা ভগবতো পচ্চস্সোসুং।

**সাধু**—তে 'সাধূ'তি সম্পটিচ্ছিংসু।

**আম**—'আম ভন্তে' তি তে পচ্চুসোসুং।

প্রতিভাগার্থে—

**যথা, তথা**—যথা কথং তথা মযং তং গোতমং বেদিস্সাম।

**যথেব, তথেব**—যথেব সিক্খায পদানি পঞ্চ তথেব সমাদিযস্সূ।

**এবমেব**—এবমেব অভিঞ্ঞায ভিক্খু বুদ্ধস্স সাসনে।

**এবং**—অহং এতং এবং জানামি, এবং পস্সামি।

**এবম্পি**—এবম্পি সো আহ।

**যথাপি**—যথাপি ভমরো পুপ্ফং বণ্ণগন্ধং অহেঠযং।

**সেয্যথাপি**—সেয্যথাপি নাম বলবা পুরিসো সম্মিঞ্জিতং বা বাহং পসারেয্য।

**নাম**—অত্থি মণিকা নাম বিজ্জা।

**বিয**—পাসাণো উচ্চতরো বিয খাযতি

**যথরিব**—যথরিব বসুধা তলঞ্চ সব্বং।

অনুগ্রহার্থে—

**কিঞ্চাপি**—কিঞ্চাপি সো কম্মং করোতি পাপকং।

প্রশ্নার্থে—

**ইংঘ**—ইংঘাবুসো কো তে নামো?

**হন্দ**—হন্দ দানি বো ভিক্খবে আমন্তযামি?

**এবং**—এবং নু খো আবুসো তযা কতং?

অনুমোদনার্থে—

**সাধু**—সাধু কতং তে আপত্তি-দেসনায।

**সুট্ঠু**—সুট্ঠু তযা কতং পিণ্ডদানেন।

**এবমেতং**—এবমেতং আনন্দ, এবমেতং আনন্দ।

সমক্রিয়ার্থে—

**সহ**—সহাবস্স দস্সন-সম্পাদায।

**সদ্ধিং**—ভগবা ভিক্খুসংঘেন সদ্ধিং পিণ্ডায গামং পাবিসি।

বিভাগার্থে—

**বিনা**—বিনা আসনেন সংঘো উপোসথং ন করিস্সতি।

**নানা**—সব্বেহি পিযেহি নানা-ভাবো বিনা-ভাবো'তি পব্বজিতেন অভিণ্হং পচ্চবেক্খিতব্বং।

**রিতে**—রিতে সদ্ধম্মং কুতো সুখং?

**পুথু**—পুথু বিসত্তা কামেসু।

**সকিং**—সকিং দেবো বস্সি।

মন্দার্থে—

**সনিকং**—সনিকং আবুসো এহি।

শীঘ্রার্থে—

**খিপ্পং**—খিপ্পং বিনাস-মুখমেতি মহাপদীপো।

**অচিরং**—অচিরং বতাযং কাযং পঠবিং অধিসেস্সতি।

অনিশ্চয়ার্থে—

**সচে**—সচে সো আগারং অজ্ঝাবসতি, রাজা হোতি।

**যদি**—যদি সো লভতে ধনং।

নিশ্চয়ার্থে—

**ধুবং**—ধুবং বুদ্ধো ভবিস্সতি।

**অদ্ধাখু**—সো অদ্ধাখু বিজ্জাচরণসম্পন্নস্সেব পরিচারকো হোতি।

(৫) পদপূরণে—

**অথ**—অথ চ পনাহং ন বদামি।

**খলু**—সমনো খলু ভো গোতমো সক্কপুত্তো।

**বত**—অনিচ্চা বত সংখারা।

**অস্সু**—তযস্সু ধম্মা জহিতা ভবন্তি।

**ব**—খত্তিযা ব সেট্ঠা, হীণা ব্রাহ্মণা।

**বে**—সো বে সঙ্গামে উত্তমো।

**পন**—তেন খো পন সমযেন ভগবা সাবত্থিযং বিহরতি।

**হবে**—যদা হবে পাতু ভবন্তি ধম্মা।

**সুদং**—তত্র সুদং ভগবা ভোগনগরে বিহরতি।

**খো**—একমন্তং ঠিতা খো সা দেবতা ভগবন্তং গাথায় অজ্ঝভাসি।

**এবং**—সো এবং আহ।

**হি**—মাতিতো হি সো অম্বট্ঠো অনুপ্পনো; তেন হি মূলেন গণ্হ।

---

## কারক ( Karakas )

### করোতি কিরিযং নিপ্ফাদেতীতি কারকং।

যাহা 'করে', অর্থাৎ ক্রিয়া নিষ্পন্ন করে তাহাকে কারক বলে। ক্রিয়া সম্পাদক এই অর্থে কারক।

কারক ছয় প্রকার—(১) কত্তা (কর্ত্তা), (২) কম্ম (কর্ম্ম), (৩) করণ, (৪) সম্পদান (সম্প্রদান), (৫) অপাদান, ও (৬) ওকাস বা অধিকরণ।

[ সামী (সম্বন্ধ-পদ) এবং আলপন (সম্বোধন-পদ) ক্রিয়া নিষ্পন্ন করে না। সুতরাং তাহারা কারকের মধ্যে গণ্য নহে। ]

### ১। যো করোতি স কত্তা।

যে করে (অথবা হয়) সে কর্ত্তা। কর্ত্তায় সাধারণত প্রথমা বিভক্তি হয়। যথা—সো রথং করোতি, দারকা অম্বে খাদন্তি।

কর্ত্তা তিন প্রকার—উক্ত, অনুক্ত ও হেতু।

ক্রিয়ার সহিত যে কর্ত্তার সম্বন্ধ থাকে তাহাকে উক্ত কর্ত্তা বলে। যেমন, বুদ্ধো ধম্মং দেসেসি। এস্থলে 'বুদ্ধ' পদের সহিত 'দেসেসি' ক্রিয়া-পদের সম্বন্ধ থাকায় 'বুদ্ধো' উক্ত কর্ত্তা।

ক্রিয়ার সহিত যে কর্ত্তার সম্বন্ধ থাকে না তাহাকে অনুক্ত-কর্ত্তা বলে। যেমন, সুদত্তেন ওদনো পচ্চতে। এস্থলে 'পচ্চতে' ক্রিয়া-পদের সহিত 'সুদত্তেন' কর্ত্তৃপদের সম্বন্ধ না বুঝাইয়া 'ওদনো' কর্ম্মপদের সম্বন্ধ বুঝাইতেছে। সুতরাং এস্থলে 'সুদত্তেন' অনুক্তকর্ত্তা। অনুক্তকর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়।

উক্তকর্ত্তা দ্বারা যে ক্রিয়া সম্পাদন করায় তাহাকে হেতু-কর্ত্তা বলে। হেতুকর্ত্তায় প্রথমা বিভক্তি হয়। যেমন, অনাথ-পিণ্ডিকো সারিপুত্তেন ধম্মং দেসাপেতি। এস্থলে 'অনাথ-পিণ্ডিকো' উক্তকর্ত্তা 'সারিপুত্ত' কর্ত্তৃক ক্রিয়া নিষ্পন্ন করাইতেছে বলিয়া ইহা হেতুকর্ত্তা।

### ২। যং করোতি তং কম্মং।

যাহাকে করে, অর্থাৎ ক্রিয়া যাহাকে নিষ্পন্ন করে, তাহাকে কর্ম্ম বলে। কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—সো গামং গচ্ছতি, ভত্তং ভুঞ্জতি।

### ৩। যেন বা কযিরতে তং করণং।

যাহা দ্বারা ক্রিয়া নিষ্পন্ন হয় তাহাকে করণ বলে। করণে তৃতীয়া বিভক্তি হয়। যথা—সো হত্থেন কম্মং করোতি, সো চক্খুনা রূপং পস্সতি, কুদ্দালেন আবাটং খণতি।

**৪। যস্স দাতুকামো রোচতে ধারযতে বা তং সম্পদানং।**

যাহাকে দান করা যায় কিংবা দিতে ইচ্ছা হয়, বা যাহাতে কর্ত্তার রুচি বুঝায়, অথবা কর্ত্তা যাহার নিকট ঋণী বুঝায়, তাহাকে **সম্প্রদান** বলে। সম্প্রদানে চতুর্থী বিভক্তি হয়। যথা—সো সমণস্স চীবরং দদাতি, সমণস্স রোচতে সচ্চং, সুবণ্ণং তে ধারযতে, সো ভগবতো সুবণ্ণছত্তং ধারযতে।

**৫। যস্মাদপেতি ভযমাদত্তে বা তদপাদানং।**

যাহা হইতে কোন বস্তু বা ব্যক্তি দূরে গমন করে, কিংবা ভীত, গৃহীত বা উৎপন্ন হয়, তাহার নাম অপাদান। অপাদানে পঞ্চমী বিভক্তি হয়। যথা—গামা অপেন্তি মুনযো, রুক্খস্মা ফলানি পতন্তি, নগরা নিগ্গতো রাজা, চোরা ভযং জাযতে, আচরিযতো সিস্সো সিক্খং গণ্হাতি।

**৬। যো' ধারো তং ওকাসং।**

যাহা ক্রিয়ার আধার, তাহার নাম ওকাস (অবকাশ) বা অধিকরণ। অধিকরণে সপ্তমী বিভক্তি হয়। অবকাশ বা অধিকরণ চারি প্রকার—ব্যাপিক (ব্যাপিকো), ঔপশ্লেসিক (ওপসিলেসিকো), সামীপিক (সামীপিকো) ও বৈষয়িক (বেসযিকো)।

১। ব্যাপিক—তিলেসু তেলং অত্থি, খীরেসু জলং অত্থি ইত্যাদি।

২। ঔপশ্লেসিক—ঘটেসু উদকমত্থি, উদকে মচ্ছা বিজ্জন্তি ইত্যাদি।

৯

৩। সামীপিক—ভগবা সাবত্থিযং বিহরতি জেতবনে, সো গঙ্গাযং বসতি ইত্যাদি।

৪। বৈষয়িক—আকাসে সকুনা চরন্তি, পাপস্মিং রমতি মনো ইত্যাদি।

## বিভক্তি-ভেদ ( Case-endings )

যাহা দ্বারা সংখ্যা ও কারকের প্রতীতি জন্মে, তাহাকে বিভক্তি বলে। যথা—পুরিসো, পুরিসা। এস্থলে 'পুরিস' শব্দে প্রথমা বিভক্তির যোগ থাকাতে একজন পুরুষ, একাধিক পুরুষ, এই সংখ্যার প্রতীতি জন্মিতেছে। আবার সো চন্দং পস্সতি। এস্থলে 'সো' শব্দ প্রথমা বিভক্তিতে হওয়ায় কর্ত্তৃকারক, এবং 'চন্দং' দ্বিতীয়া বিভক্তিতে থাকায় কর্ম্মকারক, এই প্রতীতি জন্মিতেছে।

### বিভত্তিযো সত্ত।

বিভক্তি সাত প্রকার—প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী।

[ বিভক্তি ও কারক এক নয়। একই কারক বিভিন্ন বিভক্তি দ্বারা প্রকাশ করা যায়। যেমন, সুদত্তেন ওদনো পচ্চতি। এস্থলে 'ওদনো' প্রথমা বিভক্তিতে এবং 'সুদত্তেন' তৃতীয়া বিভক্তিতে ব্যবহৃত হইলেও ইহারা যথাক্রমে মূলত কর্ম্মকারক ও কর্ত্তৃকারক।

সম্বন্ধ পদে ষষ্ঠী বিভক্তি হয়; কিন্তু ইহার সহিত ক্রিয়ার কোন সম্বন্ধ নাথাকায় ইহা কারকের মধ্যে গণ্য নহে। ]

একাধিক অবস্থায় ও অর্থবোধে একই বিভক্তির প্রয়োগ হইয়া থাকে। প্রথমা, দ্বিতীয়া ইত্যাদি বিভক্তি সমূহের প্রয়োগ যথাক্রমে নিম্নে আলোচনা করা যাইতেছে।

## পঠমা বিভত্তি ( First Case-endings )

### ১। লিঙ্গত্থে পঠমা।

যে শব্দে যাহা বুঝায় তাহা সেই শব্দের লিঙ্গ বা অভিধেয়। যে স্থলে ক্রিয়াপদ ও বিভক্তি প্রভৃতি থাকে না সেই স্থলে মাত্র এই লিঙ্গার্থ বা শব্দার্থ বুঝাইবার জন্য যে শব্দ প্রয়োগ করা যায়, তাহার উত্তর প্রথমা বিভক্তি হয়। যথা—পুরিসো, পুপ্ফং, লতা, নদী ইত্যাদি।

### ২। অব্যযযোগে চ।

ইতি, নাম প্রভৃতি কতকগুলি অব্যয় যোগেও লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হয়। যথা—ব্রহ্মদত্তো নাম রাজা, নাগসেনো নাম থেরো।

### ৩। কত্তরি চ।

কর্তৃবাচ্যে কর্ত্তার ( উক্তকর্ত্তার ) এবং কর্ম্মবাচ্যে কর্ম্মের ( উক্তকর্ম্মের ) উত্তরও প্রথমা বিভক্তি হয়। যথা—সূদত্তো ওদনং পচতি ( কর্তৃবাচ্যে ), সূদত্তেন ওদনো পচ্চতে ( কর্ম্মবাচ্যে )।

### ৪। আলপনে।

সম্বোধনেও প্রথমা বিভক্তি হয়। যথা—ভো পুরিস, চরথ ভিক্খবে চারিকং।

## দুতিযা বিভত্তি ( Second Case-endings )

### ১। কম্মত্থে দুতিযা।

কর্ত্তৃবাচ্যে অনুক্তকর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা,—মহাপুরিসো দেবলোকং গচ্ছতি, আনন্দো ধম্মং দেসেসি, সো গামং আগচ্ছতি, ত্রুবিন্দো দেবলোকং অনুসাসতি।

### ২। গতি-বুদ্ধি-ভুজ-পঠ-হর-কর--সযাদীনং কারিতে বা।

গম্, বুদ্ধি, ভুজ, পঠ, হর, কর, সয প্রভৃতি ধাতু সমূহ কারিত প্রত্যয় যোগে প্রযোজ্য কর্ত্তায় কখনও কখনও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—আচরিযো সিস্সং ধম্মং বোধেতি, পুরিসো পুরিসং গামং গামযতি, মাতা পুত্তং ভোজনং ভোজেতি, আচরিযো সিস্সং ধম্মং পাঠেতি, উপাসকো ভিক্খুং উত্তরিং ভোজেতি, সো তেন কম্মং কারযতি, ভাতা ভগিনিং সেনাসনং সাযযতি ইত্যাদি।

পক্ষে তৃতীয়া বিভক্তি হয়। যথা—আচরিযো সিস্সেন ধম্মং বোধেতি, পুরিসো পুরিসেন গামং গামযতি, মাতা পুত্তেন ভোজনং ভোজেতি, উপাসকো ভিক্খুনা ভত্তং ভোজযতি ইত্যাদি।

### ৩। কালদ্ধানমচ্চন্ত সংযোগে।

দ্রব্য, গুণ বা ক্রিয়ার সহিত কাল এবং পথ-বাচক শব্দের নিরন্তর সংযোগ বুঝাইলে, কাল ও পথবাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—কালবাচক—সত্তাহং গবপানং, মাসং মংসোদনো, সরদং রমণীযা নদী, সব্বকালং রমণীযং নন্দনং, মাসং সজ্ঝাযতি, তযো মাসে অভিধম্মং দেসেসি।

**পথবাচক**—যোজনং বনরাজি, যোজনং দীঘো পৰ্ব্বতো, কোসং সজ্ঝাযতি, গাবুতং সল্লপতি।

**৪। কম্মপ্পবচনীয-যুত্তে।**

অনু, পতি, পরি ও অভি, এই সকল উপসর্গ 'লক্ষণ' (অর্থাৎ পুন পুন বলিবার ইচ্ছা), 'বীপ্সা' (অর্থাৎ যুগপৎ ব্যাপ্তি-ইচ্ছা), 'ইত্থম্ভূত' (অভূত তদ্ভাব), 'ভাগ', 'সহ' কিংবা 'হীন' অর্থবোধক হইলে তাহাদিগকে কর্ম্ম-প্রবচনীয় বলে। কর্ম্মপ্রবচনীয়-পদের প্রযোগ হইলে শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—

লক্ষণার্থে—পৰ্ব্বজ্জিতমনুপব্জিংসু, পৰ্ব্বজ্জিতম্পতিপৰ্ব্ব-জিংসু, পৰ্ব্বজ্জিতম্পরিপৰ্ব্বজ্জিংসু, পৰ্ব্বজ্জিতমভিপৰ্ব্বজ্জিংসু। এস্থলে অনু প্রভৃতি কর্ম্মপ্রবচনীয়-পদের প্রয়োগে 'পৰ্ব্বজ্জিতং' শব্দে লক্ষণার্থে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে, অর্থাৎ প্রব্রজিতকে লক্ষ্য করিয়া অপরাপর প্রব্রজ্জিত হইয়াছিলেন, এইরূপ বুঝাইতেছে। রুক্খং অনু বিজ্জোততে চন্দো, অর্থাৎ বৃক্ষকে লক্ষ্য করিয়া তদোপরি চন্দ্র প্রকাশ পাইতেছে।

বীপ্সার্থে—রুক্খং রুক্খং অনুবিজ্জোততে চন্দো। এস্থলে 'অনু' বীপ্সার্থে প্রযুক্ত হওয়ায় রুক্খং রুক্খং এইরূপ হইয়াছে।

ইত্থম্ভুতার্থে—সাধু দেবদত্তো মাতরং অনু, অর্থাৎ দেবদত্ত স্বভাবত সাধু নহে, কিন্তু মাতার প্রতি সাধু বা ভক্তিমান।

ভাগার্থে—যদথে মং অনু সিযা তং দীযতু, অর্থাৎ এখানে যাহা আমার ভাগ তাহা আমায় দেওয়া হউক।

সহার্থে—নদিং অন্ববসিতা বারাণসী, অর্থাৎ বারাণসী নগরী নদীর সহিত একাদিভাবে তীরে অবস্থিত।

হীনার্থে—অনুসারিপুত্তং পঞ্ঞবা সো ভিক্খু, অর্থাৎ ভিক্খু প্রজ্ঞাবান, কিন্তু শারিপুত্র স্থবির অপেক্ষা তিনি প্রজ্ঞায় হীন।

### ৫। নিপাত-যোগে।

নিপাত যোগেও শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—যথধি ব্রাহ্মণস্স ভত্তারং।

এইরূপ অন্তরা, অভিযোগ, পরিতো, পতি, অন্তো, তিরো ও পটিভা ইত্যাদি নিপাত শব্দের প্রয়োগেও ষষ্ঠী অর্থে ক্বচিৎ দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—অন্তরা চ নালন্দং অন্তরা চ রাজগহং অদ্ধানমগ্গপটিপন্নো, অভিতো গামং বসতি, পরিতো গামং বসতি, নদিং নেরঞ্জনং পতি, অন্তো রট্ঠং, তিরো রট্ঠং, পটিভন্তু তং চুন্দ বোজ্ঝঙ্গা, উপমা মং পটিভাতি।

### ৬। ক্বচি দুতিযা-ছট্ঠীনমথে।

ষষ্ঠী বিভক্তি অর্থে শব্দের উত্তর ক্বচিৎ দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—ভবন্তং গোতমং এবং কল্যাণো কিত্তিসদ্দো অব্ভুগ্গতো। এস্থলে ভবতো গোতমস্স এই অর্থে ভবন্তং গোতমং পদে দ্বিতীয়া হইয়াছে।

### ৭। ততিযা-সত্তমীনঞ্চ।

তৃতীয়া ও সপ্তমীর অর্থেও শব্দের উত্তর ক্বচিৎ দ্বিতীয়া বিভক্তি হয়।

তৃতীয়ার্থে—সচে মং নালপিস্সতি, ত্বঞ্চ মং নাভিভাসসি, বিনা ধম্মং কুতো সুখং।

সপ্তম্যর্থে—পুব্বণ্হসময়ং নিবাসেত্বা, একং সময়ং ভগবা সাবত্থিয়ং বিহরতি, রত্তিং চত্তারো মহারাজা, সামং উপবদতি, গামং অনুবসতি, বিহারং অধিবসতি, গামং আবসতি, আগারং অজ্ঝাবসতি, পটবিং অধিসেস্সতি, গামং চরতি, নদিং পিবতি।

আবার চতুর্থী ও পঞ্চম্যর্থে ক্বচিং দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—চতুর্থী অর্থে—পচ্চারোচেমি তং। পঞ্চম্যর্থে—পুব্বেন গামং।

## ততিযা বিভত্তি ( Third Case-endings )

### ১। করণে ততিযা।

করণ-কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা—হত্থেন কম্মং করোতি, চক্খুনা রূপং পস্সতি, মনসা ধম্মং বিঞ্ঞায, দাত্তেন বীহযো লুনাতি, অগ্গিনা কুটিং ঝাপেতি, দণ্ডেন পহরতি।

### ২। কত্তরি চ।

অনুক্তকর্ত্তায় (অর্থাৎ কর্ম্ম ও ভাববাচ্যের কর্ত্তৃকারকে) তৃতীয়া বিভক্তি হয়। যথা—পুরিসেন ওদনো পচ্চতে, মযা সো পুচ্ছীযতি, দেবদত্তেন সো কথীযতে, ত্বযা পোত্থকানি পঠীযন্তে, তেন ভূযতে, মযা ছিন্দীযতি, জিনেন দেসিতো ধম্মো, বুদ্ধেন জিতো মারো, অহিনা দট্ঠো নরো, বুদ্ধেন বোধিতো লোকো, সদ্ধিবিহারিকেন কারিতা বিহারা, তেন বুত্তং, মযা কথিতং, পুরিসেহি খাদিতং, ত্বযা পরাজিতো।

### ৩। সহাদিযোগে চ।

**সহ, সদ্ধিং, সমং, নানা, বিনা, অলং, কিং প্রভৃতি শব্দের প্রয়োগে তৃতীয়া বিভক্তি হয়।** যথা—তেন সহ বসতি, পুত্তেন সহ থূলো, নিসীদি ভগবা সদ্ধিং ভিক্খু-সংঘেন, সহস্সেন সমন্বিতা, সব্বেহি মে পিযেহি মনাপেহি নানাভাবো বিনাভাবো, সংঘো বিনা পি গন্নেন উপোসথং করেয্য, অলং তে ইধ বাসেন, কিম্মে একেন তিন্নেন পুরিসেন থামদস্সিনা, কিং তে জটাহি তুম্মেধ, কিং তে অজিনসাটিযা, কিং বিপ্পটিসারায।

সহার্থে ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—দেবদত্তো রাজগহং পাবিসি কোকালিকেন পচ্ছা সমণেন। দুক্খো বালেহি সংবাসো।

### ৪। হেত্বত্থে চ।

হেত্বর্থে এবং হেতু শব্দের যোগেও তৃতীয়া বিভক্তি হয়। যথা—কেন হেতুনা আগতো, তেন হেতুনা জীবামি, ন জচ্চা বসলো হোতি, কম্মনা (অর্থাৎ কর্ম্মহেতু) হোতি ব্রাহ্মণো, দানেন ভোগবা হোতি, অন্নেন বসতি, বিজ্জায বসতি, ধম্মেন চরতি, কেন তে ব্রহ্মচরিযেন, কেন নিমিত্তেন, কেন পযোজনেন, কেন অত্থেন, কেন হেতুনা।

### ৫। সত্তম্যত্থে চ।

সপ্তমী অর্থেও তৃতীয়া বিভক্তি হয়। যথা—তেন সমযেন, তেন কালেন, কালেন ধম্মসবণং, সো বো মম অচ্চযেন সত্থা, পুরত্থিমেন ধতরট্ঠো, যেন ভগবা তেনুপসঙ্কমি।

### ৬। যেনঙ্গ-বিকারো।

যেই বিকৃত বা ব্যাধিগ্রস্ত অঙ্গের দ্বারা শরীরের বিকার বুঝায়, সেই অঙ্গবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—অক্খিনা কাণো. হত্থেন কুণী, পাদেন খঞ্জো, পিট্ঠিযা খুজ্জো, সোতেন ৰধিরো।

### ৭। ৰিসেসনে চ।

বিশেষণার্থেও শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—জাতিযা খত্তিযো ৰুদ্ধো, জচ্চা সো ব্রাহ্মণো, গোত্তেন গোতমো, সিপ্পেন নল্কারো, সো একূণতিংসো বযসা, বিজ্জায সাধু, পঞ্ঞায সাধু, তপসা উত্তমো, বণ্ণেন অভিরূপো, পকতিযা অভিরূপো, সমেন ধাবতি, মধুরেন গাযতি।

## চতুত্থী ৰিভত্তি ( Fourth Case-endings )

### ১। সম্পদানে চতুত্থী।

সম্প্রদান-কারকে শব্দের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—সো বুদ্ধস্স পুপ্ফং যজতি, পিপাসিতস্স উদকং দদাতি, সো যাচকানং ধনং দদাতি, উপাসকো ভিক্খূনং দানং দদাতি, সমণস্স রোচতে সচ্চং, মা আযস্মন্তানম্পি সংঘভেদো রুচ্চিত্থ, যস্মাযস্মতো খমতি, দেবদত্তস্স সুবণ্ণসতং ধারযতে রাজা, সমণস্স চীবরং দদাতি।

সিলাঘ, হনু, ঠা, সপ, ধার, পিহ, কুধ, দুহ, ইস্স, উস্সুয্য,

রাধ ও ইক্খ ধাতুযোগে সম্প্রদান কারক হয়। যথা—বুদ্ধস্স সিলাঘতে, হনুতে মযহমেব, উপতিট্ঠেয্য সক্যপুত্তানং বড্ঢকি, মেযহং সপতে, সুবণ্ণং তে ধারযতে, সমিদ্ধানং পিহযন্তি দলিদ্দা, কোধযতি দেবদত্তস্স, দুহযতি দিসানং মেঘো, উলুকো কাকং ইস্সযতি, দুজ্জনা গুণবন্তানং উসূযন্তি, বুদ্ধস্স আরাধেতি, সো ভিক্খুনো উপসম্পদাপেক্খো।

৩। আরোচনত্থে।

জ্ঞাপনার্থ শব্দ প্রয়োগে চতুর্থী বিভক্তি হয়। যথা—আরোচযামি বো ভিক্খবে, পতিবেদযামি বো ভিক্খবে, আমন্তযামি তে মহারাজ, ধম্মং তে দেসিস্সামি, দেসেতু ভন্তে ভগবা ধম্মং ভিক্খূনং।

৪। তদত্থে।

'তাহার জন্য' এই অর্থে শব্দের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—বুদ্ধস্স অত্থায জীবিতং পরিচ্চজামি, পিণ্ডপাতং পটিসেবামি নেব দবায, ঊনস্স পারিপূরিযা, লোকস্স সংবত্তন্তি।

৫। তুমত্থে।

'তুং' (জন্য) অর্থে শব্দের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—লোকানুকম্পকায ধম্মং দেসেসি (লোকানুকম্পিতুন্তি অত্থো) ফাসুবিহারায (ফাসুবিহরিতুন্তি অত্থো)।

৬। অরহত্থে।

অনুপযুক্ত, নিষ্প্রয়োজন এই অর্থ প্রকাশ পাইলে চতুর্থী বিভক্তি হয়। তথা—অলং মে রজ্জং, অলং ভিক্খু পত্তস্স,

**অক্খধুত্তো** পুরিস-পুগ্গলো নালং দারভরনায, অলং মল্লো মল্লস্স, অরহতি মল্লো মল্লস্স।

৭। **পটিক্খেপে।**

অস্বীকার অর্থে শব্দের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—অলন্তে ইধ-বাসেন, অলম্মে হিরঞ্ঞ-সুবণ্ণেন, কিম্মে একেন তিণ্ণেন, কিং তে জটাহি দুম্মেধ।

৮। **মঞ্ঞতিপ্পযোগে অনাদরে অপ্পাণিনি কম্মনি যেব চ।**

মঞ্ঞতি (মনে করা) শব্দ যোগে অপ্রাণিবাচক শব্দের অনাদর করা অর্থ প্রকাশ পাইলে চতুর্থী বিভক্তি হয়। যথা—কট্ঠস্স তুবং মঞ্ঞে, কলিঙ্গরস্স তুবং মঞ্ঞে, জীবিতং তিণায পি ন মঞ্ঞমানো।

অনাদর ও অপ্রাণী বুঝাইলে চতুর্থী হয় না। যথা—সুবণ্ণং তং মঞ্ঞে, গদ্রভং ত্বং মঞ্ঞে।

৯। **গত্যত্থ-কম্মনি।**

গমনার্থে কর্ম্মের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—অপ্পো সগ্গায গচ্ছতি (অপ্পো সগ্গং গচ্ছতি বা), মূলায পটিকস্সেয্য, (মূলং পটিকস্সেয্যবা)।

১০। **আসিংসনত্থে।**

আশীর্ব্বাদ (বা মঙ্গল কামনার্থে) চতুর্থী বিভক্তি হয়। যথা—আযস্মতো দীঘাযু হোতু, ভদ্দং ভবতো হোতু, কুসলং ভবতো হোতু, সুখং ভবতো হোতু, স্বাগতং ভবতো হোতু, সুবত্থি হোতু সব্বসত্তানং।

**১১। সম্মুতি-অত্থে।**

**সম্মুতি** (ইচ্ছা) শব্দ প্রয়োগে চতুর্থী বিভক্তি হয়। যথা—অঞ্ঞত্র ভিক্খু সম্মুতিযা ভিক্খুস্স বিপ্পবত্থুং ন বট্টতি, সাধু সম্মুতিযা মে ভগবতো দস্সনায।

**১২। ভিয্যপ্পযোগে।**

ভিয্য (অধিকতর) এই নিপাত শব্দ যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—ভিয্যো সোমথায।

**১৩। সত্তম্যত্থে।**

**সপ্তম্যর্থে** চতুর্থী বিভক্তি হয়। যথা—তুয্হং চস্স আবিকরোমি, তস্স মে সক্কো পাতুরহোসি, ভিক্খূনং দূতং পাহেসি, উপমন্তে করিস্সামি, অঞ্জলিং তে পগ্গণ্হামি, মণিনা মে অত্থো, তথা তস্স ফাসু হোতি।

**১৪। নমো-যোগাদিস্বপি চ।**

নমো, সোত্থি, স্বাগত ইত্যাদি শব্দ যোগেও শব্দের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—নমো তে বুদ্ধবীর, নমো করোহি নাগস্স, নমত্থু বুদ্ধানং, নমত্থু বোধিযা, সোত্থি পজানং, স্বাগতং তে, সোত্থি তে হোতু সব্বদা।

**১৫। ভাববাচিম্হি।**

ভবিষ্যৎ কালসূচক শব্দের উত্তর ভাবার্থে চতুর্থী বিভক্তি হয়। যথা—পাকায বজতি, ভোগায বজতি।

## পঞ্চমী বিভত্তি (Fifth Case-endings)

### ১। অপাদানে পঞ্চমী।

অপাদান-কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা—গামা অপেন্তি মুনযো, নগরা নিগ্গতো রাজা, রুক্খতো ফলং পততি, মচ্চুতো ভযং, আচরিযতো ওবাদং গণ্হাতি, পুপ্ফতো ফলং উপ্পজ্জতি, পচ্চামিত্ততো পরাজিতো অহোসি, ইমস্মা ঠানা অন্তরহিতা ভবন্তি, অগ্গিভযা রক্খিতোহং, ৰলাহকা বিজ্জোততে বিজ্জু, মধুরা পাটলিপুত্তকেহি অভিরূপা, ধাবতা হত্থিম্হা পতিতো অংকুসধারী, পৰ্ৰতা ওতরন্তি বনচরা, চোরা ভযং জাযতি, তণ্হায ভযং জাযতি, পাপা চিত্তং নিবারযে, নত্থি সোকো কুতো ভযং, উপজ্ঝাযম্হা অধীযতে, আচরিযতো সুণাতি।

### ২। ধাতুনামানমুপসগ্গযোগাদিস্বপি চ।

ধাতুর [illegible] কোন কোন উপসর্গ যোগেও পঞ্চমী বিভক্তি হয়। যথা—ৰুদ্ধস্মা পরাজেন্তি অঞ্ঞতিত্থিযা, হিমবতা পভবন্তি পঞ্চ মহানদিযো।

কোন কোন স্থলে নাম বা শব্দ যোগেও পঞ্চমী বিভক্তি হয়। যথা—কামতো জাযতি সোকো, যস্মা সো জাযতি অগ্গি, উরস্মা জাতো পুত্তো, কম্মতো জাতং ইন্দ্রিযং, ভূমিতো নিগ্গতো রসো, নাঞ্ঞত্র দুক্খা সম্ভোতি, নাঞ্ঞং দুক্খা নিরুজ্ঝতি, ততো অঞ্ঞেন কম্মেন, ততো ইতরং, উভতো সুজাতো পুত্তো।

কোন কোন উপসর্গ যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—

অপ সালায আযন্তি ৰানিজা (সালং বজ্জেত্বা’তি অত্থো), উপরি পৰ্বতা দেবো বস্সতি (পৰ্বতং বজ্জেত্বা’তি অত্থো), আপৰ্বতা খেত্তং, আব্রহ্মলোকা সদ্দো অব্ভুগচ্ছতি, সারিপুত্তো বুদ্ধস্মা পতি ধম্মদেসনায তেমাসং আলপতি, ঘতমস্স তেলস্মা পতি দদাতি, কনকমস্স হিরঞ্ঞস্মা পতি দদাতি, রিতে সদ্ধম্মা (সদ্ধম্মেন, সদ্ধম্মং বা) কুতো সুখং, তে ভিক্খু নানাকুলা পৰ্বজিতা, বিনা সদ্ধম্মা নত্থঞ্ঞো কোচি নাথো, পক্খস্মা বিজ্ঝতি মিগং লুদ্দকো (ইতো পক্খমহা মিগং বিজ্ঝতীতি অত্থো), মাসস্মা ভুঞ্জতি ভোজনং; কোসা বিজ্ঝতি কুঞ্জরং, যতোহং অরিযায জাতিযা জাতো, যতো সরামি অত্তানং, যতো পত্তোস্মি বিঞ্ঞুতং, যতো পভুতি, ততো পট্ঠায।

৩। **রক্খনত্থানমিচ্ছিতং।**

রক্ষনার্থক ধাতুর প্রয়োগে ঈপ্সিত বস্তুর উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—কাকে রক্খন্তি তণ্ডুলা, যবা পটিসেধেন্তি গাবো, রাজতো বা চোরতো বা নানাভযতে ৰা আরক্খং গণ্হন্তু।

৪। **যেন বা অদস্সনং।**

যাহার অদর্শন, (অর্থাৎ যাহা দ্বারা দৃষ্ট না হওয়া) ইচ্ছা করে তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—উপজ্ঝাযা অন্তরধাযতি সিস্সো, মাতাপিতূহি অন্তরধাযতি পুত্তো।

কোন কোন স্থলে সপ্তমী বিভক্তি হয়। যথা—জেতবনে অন্তরধাযতি ভগবা।

### ৫। দূরন্তিকদ্ধ-কাল-নিম্মানে।

দূরার্থক ও সামীপ্যার্থক শব্দের প্রয়োগে পরিমান বুঝাইলে শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—

দূরার্থে—কীব দূরো ইতো নলকার-গামো, ততো হবে দূরতরং বদন্তি, ততো নাতিদূরে, আরকা তে মোঘপুরিসা ইমস্মা ধম্মবিনযা, আরকা তেহি ভগবা, দূরতোব নমস্সন্তি, অদ্দস দূরতো ব আগচ্ছন্তং, ইতো মধুরায চতূসু যোজনেসু সংকস্সং রাজগহতো পঞ্চত্তালীস-যোজনমথকে সাবত্থি।

সামীপ্যার্থে—অন্তিকং গামা, আসন্নং গামা, সমীপং গামা (গামস্স সমীপন্তি অত্থো), ইতো এক-নবুতি-কপ্পমথকে বিপস্সি ভগবা লোকে উদপাদি, ইতো বস্স-সহস্সস্স অচ্চযেন বুদ্ধো লোকে উপ্পজ্জিস্সতি।

কোন কোন স্থলে দ্বিতীয়া বিভক্তিও হয়। দূরং গামং আগতো, দূরেন গামেন আগতো।

### ৬। ত্বালোপে কম্মাধিকরণে চ।

ত্বা-প্রত্যয়ান্ত পদের লোপ হইলে কর্ম্ম ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়। যথা—পাসাদা সংকমেয্য (পাসাদমভিরুহিত্বা চ সঙ্কমেয্যাতি অত্থো), হত্থিক্খন্ধা সংকমেয্য, অভিধম্মা

পুচ্ছন্তি (অভিধম্মং সুত্বা' তি অত্থো), অভিধম্মা কথযন্তি (অভিধম্মং পঠিত্বা' তি অত্থো), আসনা বুট্ঠহেয্য (আসনে নিসীদিত্বা বা)।

### ৭। দিসাযোগে।

দ্বিগ্বাচক শব্দ যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—ইতো সা পুরিমা দিসা, ইতো সা পচ্ছিমা দিসা, অচ্চিতো উপরি ভবগ্গং, উদ্ধং পাদতলা, অধো কেসমত্থকা ইত্যাদি।

### ৮। বিভত্তারপ্পযোগেসু চ।

বিভাগার্থক ও নিবৃত্তার্থক শব্দের প্রয়োগেও পঞ্চমী বিভক্তি হয়। যথা— বিভাগার্থে—ততো পণীততরং, কিঞ্চাপি দানতো সীলমেব বরং, ততো মযা অসুকেন বা বহুতরং সুতং, সীলমেব সুতা সেখো।

কোন কোন স্থলে ষষ্ঠী বিভক্তিও হয়। যথা— ছন্নবুতীনং পাসণ্ডানং পবরং যদিদং সুগত-বিনযং।

নিবৃত্তার্থে—আরতি বিরতি পাপা, পাণাতিপাতা বেরমণী, অদিন্নাদানতো পটিবিরতো, অপ্পটিবিরতো মুসাবাদা।

### ৯। সুদ্ধপ্পমোচনে।

শুদ্ধার্থক ও প্রমোচনার্থক শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—শুদ্ধার্থে—লোভনিযেহি ধম্মেহি সুদ্ধো অসংসট্ঠো, মাতিতো চ পিতিতো চ সুদ্ধো অনুপক্কুট্ঠো অগরহিতো।

প্রমোচনার্থে— পরিমুত্তো দুক্খস্মা'তি বদামি, মুত্তোহং মারৰন্ধনা, ন তে মুচ্চন্তি মচ্চুনা, মুত্তোহং সব্বপাসেহি।

## ১০। হেত্বত্থে।

হেতু অর্থে পঞ্চমী বিভক্তি হয়। যথা— কস্মা নু তুম্হং দহরা ন মীযরে, কস্মা ইধেব মরণং ভবিস্সতি, কস্মা হেতুনা, যস্মাতিহ ভিক্খবে এবং সিক্খিতব্বং, তস্মা বুদ্ধো'স্মি ব্রাহ্মণ, যস্মা কারণা, তস্মা কারণা, কিং কারণা।

দ্বিতীয়া, তৃতীয়া, ষষ্ঠী বিভক্তিও হয়। যথা—কিং কারণং, তং কিস্স হেতু, কিস্স তুমেহ কিলমথ, কেন হেতুনা, যেন কারণেন, তেন নিমিত্তেন।

## ১১। বিবিত্তপ্পমানত্থে।

বিবেকজার্থে ও প্রমাণার্থে পঞ্চমী বিভক্তি হয়। যথা—

বিবেকজার্থে—বিবিত্তো পাপকা ধম্মা, বিবিচ্চে বা কামেহি, বিবিচ্চ অকুসলেহি ধম্মেহি।

প্রমাণার্থে—আযামতো চ বিত্থারতো চ যোজনং, গম্ভীরতো চ পুথুলতো চ যোজনং, চন্দভাগায পরিমাণং, পরিক্খেপতো নব-যোজন-সত-পরিমাণো মজ্ঝিমদেসো, দীঘসো নববিদত্থিযো সুগতবিদত্থিযা পমাণিকা কারেতব্বা।

তৃতীয়া বিভক্তিও হয়। যথা—যোজনং আযামেন, যোজনং বিত্থারেন, যোজনং উব্বেধেন সাসপরাসি।

## ১২। পুব্বযোগে।

পূর্ব্বাদি কালবাচক শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—পুব্বেব মে ভিক্খবে সম্বোধা, ইতো পুব্বে নাহোসি,

ততো পরং পচ্চন্তিমা জনপদা, ততো অপরেন সমযেন, ততো উত্তরিম্পি।

১৩। **ৰন্ধনাত্থে।**

বন্ধনার্থে শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—সতস্মা ৰদ্ধো নরো রঞ্ঞা।

তৃতীয়া বিভক্তিও হয়। যথা—সতেন ৰদ্ধো নরো।

১৪। **গুণবচনে।**

গুণবচনার্থে পঞ্চমী বিভক্তি হয়। যথা—সীলতো নং পসংসন্তি, পঞ্ঞায বিমুত্তমনো, পুঞ্ঞায সুগতিং যন্তি, চাগায বিপুলং ধনং, রাজা ইস্সরিযা জনং রক্খতি।

১৫। **পঞ্‌হ-কথনে।**

প্রশ্ন ও প্রত্যুত্তরার্থে পঞ্চমী বিভক্তি হয়। যথা—কুতোসি ত্বং, কুতো ভবং আগচ্ছতি, পাটলিপুত্ততো।

১৬। **থোকাকত্তুসু।**

অল্পার্থে ও কর্তৃকারকের অভাব বুঝাইলে শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—

অল্পার্থে—থোকা মুচ্চতি, অপ্পমত্তকা মুচ্চতি।

কর্তৃকারক অভাবে—কম্মস্স কতত্তা উপচিতত্তা বিপুলত্তা উপ্পন্নং হোতি চক্খু-বিঞ্ঞাণং, ন তাৰিদং নামরূপং অহেতুকং সৰ্বত্থ সৰ্বদা সৰ্ব্বেসঞ্চ একসদিস-ভাবাপত্তিতো।

১৭। **কারণত্থে চ।**

কারণার্থেও শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—

অননুবোধা অপ্পটিবেধা চতুন্নং অরিযসচ্চানং যথাভূতং অদস্সনা এবমিদং দীঘমদ্ধানং সন্ধাবতং সংসরতং অবিজ্জা-পচ্চযা সখারা, সংখার-পচ্চযা বিঞ্ঞাণং, বিরাগ-নিরোধা সংখার-নিরোধো।

## ছট্ঠী বিভত্তি ( Sixth Case-endings )

### ১। সামিস্মিং ছট্ঠী।

সামী বা সম্বন্ধ পদে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—রঞ্ঞো পুরিসো, পহুতং মে ধনং, ভিক্খুস্স পত্ত-চীবরং, অম্ববনস্স অবিদূরে, নিব্বানস্সেব সন্তিকে, সুবণ্ণস্স রাসী, রুক্খস্স সাখা, যবস্স অঙ্কুরো, মেঘস্স সদ্দো, পুত্তাপি তস্স বহবো, কম্মানং ফলং বিপাকো, খন্ধানং পাতুভাবো, খন্ধানং ভেদো, মনুস্সানং জাতি, পুপ্ফানং গন্ধো, ফলানং রসো, সিপ্পিকানং সতং নত্থি, তিলানং মুট্ঠি, তেসং সমাযোগো, বোধিসত্তস্স পঞ্ঞা-পারমিং, সুখং মে, দুক্খং তে, চেতসো পরিবিতক্কো উদপাদি, রূপস্স লহুতা, রূপস্স মুদুতা, পাদস্স উক্খেপনং, হত্থস্স সম্মিঞ্জনং, তথাগতস্স নাম-গোত্তাদি, তস্স মাতা-পিতরো, নগরস্স দক্খিণতো, বস্সানং ততিযে মাসে, ন তস্স উপমা, কুবেরস্স বলি, তস্স রোগো উপ্পজ্জি, রজকস্স বত্থং, মুসাবাদস্স ওত্তপ্পং, দেবানং ইন্দো, মিগানং রাজা।

### ২। ছট্ঠী চ।

তৃতীয়া ও সপ্তমী বিভক্তির অর্থে ক্বচিৎ ষষ্ঠী বিভক্তি হয়। যথা—পুপ্ফস্স বুদ্ধং যজতি (পুপ্ফেন বা), ঘতস্স অগ্গিং

জুহোতি, পত্তং ওদনস্স পূরেত্বা (ওদনেনাতি অত্থো), নানাপ্পকারস্স অসুচিনো পচ্চবেক্খতি, মাতু সদিসো ( মাতরা বা ) কিং তস্স চ তুট্ঠস্স (কিং তেন তুট্ঠেনাতি অত্থো), অলং তস্স চ তুট্ঠস্স, সোভনা কচ্চাযনস্স কতি (কচ্চাযনেন বা), রঞ্ঞো সম্মতো (রঞ্ঞা বা), অমতং তেসং ভিক্খবে অপরিভুত্তং যেসং কাযগতা সতি, কুসলা নচ্চগীতস্স সিক্খিতা চতুরিত্থিযো, উল্লারা যক্খা ভগবতো পসন্না, দিবসস্স তিক্খত্তুং (দিবসে বা), গোসু ইস্সরো (গোনং ইস্সরোতি অত্থো) ইত্যাদি।

### ৩। দুতিযা-পঞ্চমীনঞ্চ।

দ্বিতীয়া ও পঞ্চমী বিভক্তির অর্থে ক্বচিৎ ষষ্ঠী বিভক্তি হয়। যথা— অমতস্স দাতা, ভিন্নানং সন্ধাতা, সহিতানং অনুপ্পদাতা, কম্মস্স কারকো নত্থি, বিপাকস্স চ বেদকো, অবিসংবাদকো লোকস্স, পাপানং অকরণং সুখং, ন তেসং কোচি সরতি সত্তানং কম্মপচ্চযা, সব্বে ভাযন্তি মচ্চুনো, পুত্তস্স ইচ্ছতি (পুত্তং বা), সব্বে তসন্তি দণ্ডস্স ( দণ্ডস্মা বা)।

## সত্তমী বিভত্তি (Seventh Case-endings)

### ১। ওকাসে সত্তমী।

অবকাশ বা অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়। যথা—ঘটেসু উদকমত্থি, উদকে মচ্ছা বিজ্জন্তি, সমুদ্দে সিনানং অকাসিং, দূরে ঠিতো আলপতি, গঙ্গাযং সস্সং (গঙ্গায সমীপে সস্সখেত্তন্তি অত্থো ), ভগবা সাবত্থিযং বিহরতি জেতবনে ( সাবত্থিযা সমীপেতি অত্থো ), সো গঙ্গাযং বসতি

( গঙ্গায সমীপং তীরে বসতীতি অত্থো ), আকাসে সকুনা চরন্তি, ভূমীসু মনুস্সা বিচরন্তি, জলেসু মচ্ছা, পাদেসু পতিতো, পাপস্মিং রমতী মনো, পসন্নো বুদ্ধসাসনে, পঞ্ঞায সাধু, বিনযে নিপুণো, মাতরি সাধু।

**২। সামিস্সরাধিপতি-দাযাদ-সক্খি-পতিভু-পসুত-কুসলেহি চ।**

সামী, ইস্সর, অধিপতি, দাযাদ, সক্খি, পতিভূ, পসুত ও কুসল এই সকল শব্দের যোগে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—গোণানং সামী, গোসু সামী, গোণানং ইস্সরো, গোসু ইস্সরো, গোণানং অধিপতি, গোসু অধিপতি, গোণানং দাযাদো, গোসু দাযাদো, গোণানং সক্খি, গোসু সক্খি, গোণানং পতিভূ, গোসু পতিভূ, গোণানং পসুতো, গোসু পসুতো, গোণানং কুসলো, গোসু কুসলো।

**৩। নিদ্ধারণে চ।**

নির্দ্ধারণ ( অর্থাৎ একের উৎকর্ষ বা অপকর্ষ অবধারণ ) বুঝাইলে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—মনুস্সানং (মনুস্সেসু বা) খত্তিযো সূরোতমো, কণ্হা গাবীনং ( গাবীসু বা ) সম্পন্নখীরতমা, অদ্ধিকানং ( অদ্ধিকেসু বা ) ধাবন্তো সীঘতমো, আনন্দো অরহন্তানং ( অরহন্তেসু বা ) অঞ্ঞতরো অহোসি।

**৪। অনাদরে চ।**

অনাদরে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—অকামকানং মাতাপিতুন্নং রুদন্তানং পব্বজি ( মাতাপিতূসু রুদন্তেসু বা )।

### ৫। কম্ম-করণ-নিমিত্তত্থেসু।

কর্ম্ম, করণ ও নিমিত্তার্থে শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—

কর্ম্মার্থে—ভিক্খূসু অভিবাদেন্তি, মুদ্ধনি চুম্বিত্বা, পুরিসস্স বাহাসু গহেত্বা।

করণার্থে—নগ্না হত্থেসু পিণ্ডায চরন্তি, সমনা পত্তেসু পিণ্ডায চরন্তি, পথেসু গচ্ছন্তি, সো পি মং অনুসাসেয্য সম্পটিচ্ছামি মত্থকে।

নিমিত্তার্থে—দীপী চম্মেসু হঞ্ঞতে, কুঞ্জরো দন্তেসু হঞ্ঞতে, অনুমত্তেসু বজ্জেসু ভযদস্সাবী, সম্পজান মুসাবাদে পাচিত্তিযং।

### ৬। সম্পদানে চ।

সম্প্রদানার্থেও শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—সংঘে ( সংঘস্স বা ) দিন্নং মহাপ্ফলং হোতি।

### ৭। পঞ্চম্যত্থে চ।

পঞ্চমীর অর্থেও সপ্তমী বিভক্তি হয়। যথা—তণ্ডুলেসু ( তণ্ডুলেহি বা ) কাকে রক্খন্তি, কদলীসু (কদলীহি বা ) গজে রক্খতি।

### ৮। কাল-ভাবেসু চ।

কালার্থে ও ভাবার্থে শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—

কালার্থে—পুব্বণ্হ-সমযে গতো, সাযণ্হ-সমযে আগতো, কালে বস্সতি, ইতো সত-সহস্সম্হি কপ্পে উপ্পজ্জি চক্খুমা।

ভাবার্থে—ভিক্খু-সংঘেসু ভোজিযমানেসু গতো, ভুত্তেসু আগতো, গোসু দুয্হমানাসু গতো, জাযমানে ৰোধিসত্তে অযং দসসহস্সী-লোকধাতু সংকম্পি, সৰ্ৰে মগ্গা বিবজ্জেন্তি গচ্ছন্তে লোকনাযকে, ইমস্মিং সতি ইদং হোতি, ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে।

**৯। উপাধ্যধিকিস্সর-বচনে।**

'অধিক' অর্থ বাচক 'উপ' এবং 'ঈশ্বর' অর্থ বাচক 'অধি' এই সকল উপসর্গ যোগে শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—

অধিকার্থে—উপখারিযং দোনো (খারিযা দোনো অধিকোতি অত্থো), তথা উপনিক্খে কহাপনং।

ঈশ্বরার্থে—অধি ব্রহ্মদত্তে পঞ্চালা (ব্রহ্মদত্তিস্সরা পঞ্চালাতি অত্থো), অধি দেবেসু বুদ্ধো।

**১০। মণ্ডিতুস্সুক্কেসু ততিযা চ।**

মণ্ডিতার্থে (প্রসন্নার্থে) ও উৎসুকার্থে শব্দের উত্তর তৃতীয়া ও সপ্তমী বিভক্তি হয়। যথা— ঞাণেন পসন্নো, ঞাণস্মিং পসন্নো, ঞাণেন উস্সুক্কো, ঞাণস্মিং উস্সুক্কো সপ্পুরিসো।

# সমাস (SAMASA)

পরস্পর সম্বন্ধ বিশিষ্ট দুই বা বহু পদের যে এক-পদীভাব, অর্থাৎ একপদ হইয়া যাওয়া, তাহাকে সমাস বলে।

যে সকল পদে সমাস হয়, তাহাদের প্রত্যেককে সমস্য-মান পদ বলে। সমাস হইলে যে পদ হয়, তাহার নাম সমাসান্ত বা সমস্ত পদ।

সমাসের অন্তর্গত পদ সমূহের বিভক্তির লোপ হয়, এবং সমস্ত পদ প্রতিপাদিক হয়, অর্থাৎ পুনরায় ইহার উত্তর প্রয়োজনানুসারে বিভক্তি যুক্ত হয়। যেমন, রঞ্ঞো পুত্তো—রাজপুত্তো, কুসলং চ অকুসলং চ—কুসলাকুসলং, তযো লোকা—তিলোকং, ৰুদ্ধেন ভাসিতং—ৰুদ্ধভাসিতং, মুখং চ নাসিকা চ—মুখনাসিকং, অগ্গি চ ধূমো চ—অগ্গিধূমং।

**সো চ সঞ্ঞাবসেন ছব্বিধো,—অব্যযীভাবো, কম্মধারযো, দিগু, তপ্পুরিসো, বহুব্বীহি, দ্বন্দো চাতি।**

সমাস সংজ্ঞাবশে ছয় প্রকার। যথা—(১) অব্যযীভাব, (২) কর্ম্মধারয়, (৩) দিগু, (৪) তৎপুরুষ, (৫) বহুব্রীহি ও (৬) দ্বন্দ।

## (১) অব্যযীভাব (Abyayibhava)

১। **উপসগ্গ-নিপাত-পুব্বকো অব্যযীভাবো।**

উপসর্গ ও নিপাত ( অব্যয় পদ ) পূর্ব্বে থাকিয়া যে সমাস

হয় এবং যাহাতে পূর্ব্ব পদেরই প্রাধান্য থাকে, তাঁহাকে অব্যয়ীভাব সমাস কহে।

সমীপ, অভাব, পশ্চাৎ, যোগ্যতা, বীপ্সা, ( পুনপ্পুন বলিবার ইচ্ছা ) আনুপূর্ব্বিক, প্রতিলোম মর্য্যদাভিবিধিরূপ-সীমা এবং সমৃদ্ধি অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যথা—

সমীপার্থে— নগরস্স সমীপং—উপনগরং, গঙ্গায সমীপে —উপগঙ্গং, মনিকায সমীপে—উপমনিকং।

অভাবার্থে— দরথানং অভাবো—নিদ্দরথং, মসকানং অভাবো—নিম্মসকং।

পশ্চাদর্থে— রথস্স পচ্ছা—অনুরথং।

যোগ্যতার্থে— যথা অস্স রূপং—অনুরূপং।

বীপ্সার্থে— অত্তানং অত্তানং পতি—পচ্ছত্তং, অদ্ধমাসং অদ্ধমাসং অনু—অন্বদ্ধমাসং (প্রত্যেক অর্দ্ধমাসে )।

আনুপূর্ব্বিকার্থে— জেট্ঠানং অনুপুব্বো—অনুজেট্ঠং।

প্রতিলোমার্থে—সোতস্স পটিলোমং—পটিসোতং (স্রোতের বিপরীত দিক )।

মর্য্যদাভিবিধিরূপসীমার্থে— পাণস্স কোটিযা পরিযন্তং—আপাণকোটিযা ( জীবনের শেষ মূহূর্ত্ত পর্য্যন্ত )

সমৃদ্ধি অর্থে— ভিক্খায সমিদ্ধি—সুভিক্খং।

## ২। সো নপুংসক-লিঙ্গো।

অব্যয়ীভাব সমাস নপুংসক-লিঙ্গ হয়।

**৩। অং বিভত্তীনমকারন্তৰ্যযীভাবা।**

অকারান্ত অব্যয়ীভাব সমাসের পর সি ইত্যাদি বিভক্তি সমূহের স্থলে ক্বচিৎ অং আদেশ হয়।

ন পঞ্চম্যাযমভাবো ক্বচীতি অধিকারতো,
ততিযা-সত্তমী-ছট্ঠীনন্তু হোতি বিকপ্পতো।

পঞ্চমী বিভক্তির স্থলে অং আদেশ হয় না, কিন্তু তৃতীয়া, সপ্তমী ও ষষ্ঠী প্রভৃতি বিভক্তির স্থলে বিকল্পে অং আদেশ হয়। যথা—তং উপনগরং, তানি উপনগরং, তেন উপনগরং, তেন উপনগরেন, তেভি উপনগরং, তেভি উপনগরেভি, তস্স উপনগরং, তস্স উপনগরস্স, তেসং উপনগরং, তেসং উপনগরানং, তস্মিং উপনগরং, তস্মিং উপনগরে, তেসু উপনগরং, তেসু উপনগরেসু।

**৪। অঞ্ঞস্মা লোপো চ।**

অকারান্ত ব্যতীত অন্য অব্যয়ীভাব সমাসের পর বিভক্তি সমূহের লোপ হয়। যথা— সত্তিং অনতিক্কমিত্বা—যথাসত্তি, ৰলং অনতিক্কমিত্বা—যথাৰলং, জীবস্স মত্তকো পরিচ্ছেদো—যাবজীবং (যাবজ্জীবং), আযুনো মত্তকো পরিচ্ছেদো—যাবতাযুকং, যত্তকেন অত্থো—যাবদত্থং, পৰ্বতস্স পরভাগো—তিরোপৰ্বতং, পাকারস্স পরভাগো—তিরোপাকারং, কুড্ডস্স পরভাগো—তিরোকুড্ডং, পাসাদস্স অন্তো—অন্তোপাসাদং, নগরস্স অন্তো—অন্তোনগরং, নগরতো ৰহি—ৰহিনগরং, পাসাদস্স উপরি—উপরিপাসাদং, মঞ্চস্স উপরি—উপরিমঞ্চং, মঞ্চস্স হেট্ঠা—হেট্ঠমঞ্চং, পাসাদস্স হেট্ঠা—হেট্ঠপাসাদং, ভত্তস্স পুরে—পুরেভত্তং, ভত্তস্স পচ্ছা—পচ্ছাভত্তং, সহ

মক্খিকায—সমক্খিকং ( মক্ষিকাসহ ), গঙ্গায ওরং—ওরগঙ্গং ( গঙ্গার এদিকে )।

## (২) কম্মধারয (Kammadharaya)

### ১। দ্বিপদে তুল্যাধিকরণে কম্মধারযো।

বিশেষ্য ও বিশেষণ এই পদদ্বয়ের যে সমাস, তাহার নাম কর্ম্মধারয় সমাস।

**২। সো চ নববিধো — বিসেসন-পুব্বপদো, বিসেসন-পরপদো, বিসেসনোভযপদো, উপমানুত্তরপদো, সম্ভাবনা-পুব্বপদো, অবধারণ-পুব্বপদো, 'ন'-নিপাত-পুব্বপদো, 'কু'-পুব্বপদো, পাদি-পুব্বপদো চা তি।**

কর্ম্মধারয় সমাস নয় প্রকার। যথা—(১) বিশেষণ-পূর্ব্বপদ কর্ম্মধারয়, (২) বিশেষণ-পরপদ কর্ম্মধারয়, (৩ বিশেষণো-ভয়পদ কর্ম্মধারয়, (৪) উপমানোত্তরপদ কর্ম্মধারয়, (৫) সম্ভাবনা-পূর্ব্বপদ কর্ম্মধারয়, (৬) অবধারণ-পূর্ব্বপদ কর্ম্মধারয়, (৭) 'ন'-নিপাতপূর্ব্বপদ কর্ম্মধারয়, (৮) 'কু'-পূর্ব্বপদ কর্ম্মধারয়, (৯) 'প'-ইত্যাদি-পূর্ব্বপদ কর্ম্মধারয়।

(১) **বিশেষণ পূর্ব্বপদ** ( অর্থাৎ পূর্ব্বপদ বিশেষণ হইলে ) —মহন্তো বীরো – মহাবীরো, নীলং উপ্পলং – নীলুপ্পলং, মহন্তী গঙ্গা – মহাগঙ্গা, মহন্তো আচরিযো – মহাচরিযো, পুরাণো বিহারো—পুরাণবিহারো।

(২) **বিশেষণ-পরপদ** (অর্থাৎ পরপদ বিশেষণ হইলে) – সারিপুত্তো থেরো – সারিপুত্তথেরো, বুদ্ধঘোসো আচরিযো –

ৰুদ্ধঘোসাচরিযো, উপসেনো পণ্ডিতো—উপসেনপণ্ডিতো, ৰুদ্ধদত্তো সীলবা—ৰুদ্ধদত্তসীলবা।

(৩) **বিশেষনোভয়পদ** (অর্থাৎ উভয়পদ বিশেষণ হইলে) —সীতঞ্চ উণ্হঞ্চ—সীতুণ্হং, সিনিদ্ধো চ উণ্হোচ—সীনিদ্ধোণ্হো, খঞ্জো চ খুজ্জো চ—খঞ্জখুজ্জো, অন্ধো চ ৰধিরো চ—অন্ধৰধিরো, ছিন্নঞ্চ ভিন্নঞ্চ—ছিন্নভিন্নং।

(৪) **উপমা-পরপদ** ( অর্থাৎ পরস্থিত পদের সহিত উপমা বা তুলনা বুঝাইলে)— সীহো বিয মুনি—মুনিসীহো, আদিচ্চো বিয ৰুদ্ধো—ৰুদ্ধাদিচ্চো, সাগরো বিয বিনযো—বিনযসাগরো।

(৫) **সম্ভাবনা-পূর্ব্বপদ** (অর্থাৎ পূর্ব্বপদ পরপদের সম্ভাবনা ৰুঝাইলে)— ধম্মো ইতি ৰুদ্ধি—ধম্মৰুদ্ধি, অসুভা ইতি সঞ্ঞা—অসুভসঞ্ঞা, অনিচ্চা ইতি সঞ্ঞা—অনিচ্চসঞ্ঞা, অত্তা ইতি দিট্ঠি—অত্তদিট্ঠি।

(৬) **অবধারণ-পূর্ব্বপদ** (অর্থাৎ পূর্ব্বপদের প্রাধান্য নির্দ্দেশ করিলে )— গুণো এব ধনং—গুণধনং, সদ্ধা এব ধনং —সদ্ধাধনং, পঞ্ঞা এব রতনং—পঞ্ঞারতনং, চক্খু এব ইন্দ্রিযং —চক্খুইন্দ্রিযং, লোভং এব মলং—লোভমলং, সোতং এব ধাতু —সোতধাতু, মনং এব দ্বারং—মনোদ্বারং।

(৭) **'ন'-নিপাত-পূর্ব্বপদ** (অর্থাৎ 'ন' এই নিপাত পূর্ব্বপদ থাকিলে )— ন অস্সো—অনস্সো, ন অরিযো—অনরিযো, ন ইস্সরো—অনিস্সরো, ন ইট্ঠো—অনিট্ঠো, ন কুসলো—

অকুসলো, ন সিদ্ধো—অসিদ্ধো, ন জরা—অজরা, ন নিচ্চং—অনিচ্চং।

(৮) **'কু'-নিপাত-পূর্ব্বপদ** (অর্থাৎ 'কু' এই নিপাত পূর্ব্বপদ হইলে)—কু অন্নং—কদন্নং, কু অসনং—কদসনং, কু পুত্তো—কুপুত্তো, কু সভাবো—কুসভাবো, কু সিস্সো—কুসিস্সো, কু পুরিসো—কাপুরিসো (কুপুরিসো বা)।

(৯) **প-আদি-পূর্ব্বপদ** (অর্থাৎ পূর্ব্বপদ 'প', 'পা' কিংবা অন্য কোন উপসর্গ হইলে)—প মুখো—পমুখো, প বচনং—পাবচনং, প ৰদ্ধং—পৰদ্ধং, সমং (সম্মা বা) আধানং—সমাধানং, বিবিধা মতি—বিমতি, বিবিধো কপ্পো—বিকপ্পো, অধিকং সীলং—অধিসীলং।

**৩। মহতং মহা তুল্যাধিকরণ-পদে।**

কর্ম্মধারয় সমাসে মহৎ শব্দ অন্য পদের বিশেষণ হইলে উহার স্থানে মহা আদেশ হয়। যথা— মহন্তো বীরো—মহাবীরো।

**৪ সরে অন্।**

কর্ম্মধারয় সমাসে 'ন'এর স্থানে 'অন্' আদেশ হয়। যথা— ন আসবো—অনাসবো।

**৫। অত্তন্নস্স।**

কর্ম্মধারয় সমাসে 'ন'এর স্থানে 'অ' আদেশ হয়। যথা— ন মনুস্সো—অমনুস্সো, ন সারো—অসারো, ন সমনো—অস্সমনো।

৬। **কদং কুস্স।**

কর্ম্মধারয় সমাসে 'কু'এর স্থানে 'কদ্' আদেশ হয়। যথা— কু অন্নং—কদন্নং।

৭। **কাপ্পখেস্বু চ।**

কর্ম্মধারয় সমাসে 'কু'এর স্থানে 'কা' আদেশ হয়। যথা—কু লবনং—কালবনং, কু পুপ্ফং—কাপুপ্ফং, কু পুরিসো—কাপুরিসো।

## (৩) দিগু (Digu)

১। **সংখ্যাপুব্বো দিগু।**

পূর্ব্বপদ সংখ্যাবাচক শব্দ হইলে কর্ম্মধারয় সমাসকে দিগু সমাস বলে। দিগু সমাস দুই প্রকার—সমাহার ও অসমাহার।

২। **দিগুস্সেকত্তং নপুংসকত্তঞ্চ।**

সমাহার দিগু সমাস প্রায়ই একবচন ও নপুংসক-লিঙ্গ হয়। যথা— তিন্নং লোকানং সমাহারো—তিলোকং, তিন্নং মলানং সমাহারো—তিমলং, তিন্নং লক্খণানং সমাহারো—তিলক্খণং, চতুন্নং সচ্চানং সমাহারো চতুসচ্চং, চতস্সো দিসা—চতুদ্দিসং, পঞ্চ সিক্খাপদানি—পঞ্চসিক্খাপদং, ছ আযতনানি—ছলাযতনং, সত্ত অহানি—সত্তাহং, অট্ঠ সীলানি—অট্ঠসীলং, নব লোকুত্তরানি—নবলোকুত্তরং, দস সীলানি—দসসীলং, সতং যোজনানি—সতযোজনং, দ্বে রত্তিযো— দ্বিরত্তিং, তিস্সো

রত্তিযো—তিরত্তিং, দ্বে অঙ্গুলিযো—দ্বঙ্গুলং, তযো অঙ্গুলিযো—তিবঙ্গুলং।

**৩। অসমাহার দিগু।**

যে দিগু সমাসে এককালে অনেক ব্যক্তি বা বস্তুর সমষ্টি বুঝায় না, তাহাকে অসমাহার দিগু বলে। যথা— একো পুগ্গলো—একপুগ্গলো, একো ধম্মো—একধম্মো, একো পুত্তো—একপুত্তো, তযো ভবা—তিভবো, চতস্সো দিসা—চতুদ্দিসা।

## (৪) তপ্পুরিসো (Tappurisa)

**১। অমাদাযো পরপদেহি।**

যে সমাসে পূর্ব্বপদ দ্বিতীয়াদি ছয় বিভক্তির যে কোন বিভক্তিযুক্ত এবং পরপদ কেবল মাত্র প্রথমা বিভক্তিযুক্ত হয়, তাহাকে তৎপুরুষ সমাস বলে।

সমাস করিলে পূর্ব্ব পদের বিভক্তি লোপ পায় এবং যখন যে বিভক্তির লোপ হয় তখন সেই বিভক্তির নামানুসারে তৎপুরুষ সমাসের নাম হইয়া থাকে। সুতরাং তৎপুরুষ সমাস ছয় প্রকার। যথা— (১) দুতিযা তপ্পুরিসো ( দ্বিতীয়া তৎপুরুষ ), (২) ততিযা তপ্পুরিসো ( তৃতীয়া তৎপুরুষ ), (৩) চতুত্থী তপ্পুরিসো ( চতুর্থী তৎপুরুষ ), (৪) পঞ্চমী তপ্পুরিসো ( পঞ্চমী তৎপুরুষ ), (৫) ছট্ঠী তপ্পুরিসো ( ষষ্ঠী তৎপুরুষ ) ও (৬) সত্তমী তপ্পুরিসো ( সপ্তমী তৎপুরুষ )।

**(১) দুতিযা তপ্পুরিসো**— সরণং গতো—সরণগতো, অরঞ্ঞং

গতো—অরঞ্ঞগতো, ধম্মং নিস্সিতো—ধম্মনিস্সিতো, ভবং অতীতো—ভবাতীতো, পমাণং অতিক্কন্তং—পমাণাতিক্কন্তং, সুখং পত্তো—সুখপ্পত্তো, সোতং আপন্নো—সোতাপন্নো, রথং অরূল্হা—রথারূল্হা, সব্বরত্তিং সোভনো—সব্বরত্তিসোভনো, মুহুত্তং সুখং—মুহুত্তসুখং, ভূমিং গতো— ভূমিগতো।

উপপদ-সমাসে পন বুত্তিযেব তস্স নিচ্চত্তা।

উপপদ সমাসে তাহার বৃত্তিই নিত্য থাকে। যথা—কম্মং করোতি —কম্মকারো, কুম্ভং করোতি—কুম্ভকারো, অত্থং কামেতি—অত্থকামো, ধম্মং কামেতি—ধম্মকামো, ধম্মং ধারেতি—ধম্মধারো, বিনযং ধারেতি—বিনযধযো।

তবন্তুমানন্তাদি কিতন্তেহি বাক্যমেব--ববত্থিত-
বিভাসাদি কারতো।

ব্যবস্থিত বিভাষা অধিকারবশে তবন্ত, মান এবং অন্ত আদি কৃৎ-প্রত্যয়ান্ত শব্দ সমাস বদ্ধ না হইয়া বাক্য মাত্রই থাকে। যথা—ওদনং ভুত্তবা, ধম্মং সুনমানো, ধম্মং সুনন্তো, কটং করানো।

**(২) ততিযা তপ্পুরিসো**— বুদ্ধেন ভাসিতো—বুদ্ধভাসিতো, জিনেন দেসিতো—জিনদেসিতো, সত্থারা বণ্ণিতো—সত্থুবণ্ণিতো, বিঞ্ঞূহি গরহিতো--বিঞ্ঞুগরহিতো, বিঞ্ঞূহি পসত্থো—বিঞ্ঞুপ্পসত্থো, কুসেহি আহটং—কুসাহটং, রঞ্ঞা হতো—রাজহতো, রোগেন পীলিতো—রোগপীলিতো, অগ্গিনা দড্ঢো—অগ্গিদড্ঢো, সপ্পেন দট্ঠো—সপ্পদট্ঠো, সল্লেন বিদ্ধো —সল্লবিদ্ধো, ইচ্ছায অপকতো—ইচ্ছাপকতো, সীলেন সম্পন্নো—সীলসম্পন্নো, সুখেন সহগতং—সুখসহগতং, ঞাণেন

সম্পযুত্তং—ঞাণসম্পযুত্তং, মিত্তেন সংসগ্গো—মিত্তসংসগ্গো, পিযেন বিপ্পযোগো—পিযবিপ্পযোগো, জাতিযা থদ্ধো—জাতি-থদ্ধো, গুণেন হীনো—গুণহীনো, গুণেন ৰুদ্ধো—গুণৰুদ্ধো, কাকেহি পেয্যা—কাকপেয্যা।

ক্বচি বুত্তিযেব।

ক্বচিৎ বৃত্তিই থাকে। যথা— উরেন গচ্ছতী'তি—উরগো, পাদেন পিবতী'তি—পাদপো।

ক্বচি বাক্যমেব।

ক্বচিৎ বাক্যটীই থাকে। যথা— ফরস্থনা ছিন্নো বা, কাকেহি পাতৰৰা, দস্সনেন পহাতৰৰা।

পুৰৰাদি যোগে।

পূর্ব্ব শব্দাদি যোগে তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা— মাসেন পুৰেৰা—মাসপুৰেৰা, মাতুযা সদিসো—মাতুসদিসো, পিতরা সমো—পিতুসমো, একেন উনবীসতি—একূনবীসতি, সীলেন বিকলো—সীলবিকলো, অসিনা কলহো—অসিকলহো, বাচায নিপুণো—বাচা-নিপুণো, কালিকেন সম্মিস্সং—কালিকসম্মিস্সং, সখারা সদিসো—সখ্‌সদিসো, পুঞ্ঞেন অখিকো—পুঞ্ঞখিকো, গুণেন অধিকো—গুণাধিকো, গুলেন সংসট্ঠো ওদনো—গুলোদনো, খীরেন সংসট্ঠো ওদনো—খীরোদনো, অস্সেন যুত্তো রথো—অস্সরথো, মগ্গেন চিত্তং—মগ্গচিত্তং, জাতিযা অন্ধো—জচ্চন্ধো, পকতিযা মেধাবী—পকতিমেধাবী, বাচায সখীলো—বাচাসখীলো।

**(৩) চতুত্থী তপ্পুরিসো**— কঠিনস্স দুস্সং—কঠিনদুস্সং, চীবরস্স দুস্সং—চীবরদুস্সং, চীবরস্স মূলং—চীবরমূলং,

যাগুযা তণ্ডুলং—যাগুতণ্ডুলং, ভত্তস্স তণ্ডুলা—ভত্ততণ্ডুলা, সংঘস্স ভত্তং—সংঘভত্তং, পাসাদায দব্বং—পাসাদদব্বং, যস্স অত্থায—যদত্থো, লোকস্স হিতো—লোকহিতো, বুদ্ধস্স দেয্যং—বুদ্ধদেয্যং।

**(৪) পঞ্চমী তপ্পুরিসো**— দেবলোকতো আগতো—দেবলোকাগতো, নগরস্মা নিগ্গতো—নগরনিগ্গতো, পিণ্ডপাতা পটিক্কন্তো—পিণ্ডপাতপটিক্কন্তো, কামতো নিযতং—কামনিযতং, রুক্খস্মা পতিতো—রুক্খপতিতো, সাসনা চুতো—সাসনচ্চুতো, আপত্তিযা উট্ঠানং—আপত্তিবুট্ঠানং, ধরণীতলস্মা উগ্গতো—ধরণীতলুগ্গতো, সব্বভবেহি নিস্সটো—সব্বভবনিস্সটো, রাজতো ভযং—রাজভযং, চোরেহি ভযং—চোরভযং, অমনুস্সেহি ভযং—অমনুস্সভযং, অগ্গিতো ভযং—অগ্গিভযং, পাপেহি ভীতো—পাপভীতো, পাপেহি ভীরুকো—পাপভীরুকো, বন্ধনা মুত্তো—বন্ধনমুত্তো, কম্মতো সমুট্ঠিতং—কম্মসমুট্ঠিতং, উক্কট্ঠেহি উক্কট্ঠং—উক্কট্ঠুক্কট্ঠং, ওমকতো ওমকং—ওমকোমকং।

ক্বচি বুত্তিযেব।

ক্বচিৎ বৃত্তিই অবশিষ্ট থাকে। যথা— কম্মতো জাতং—কম্মজং, চিত্ততো জাতং—চিত্তজং।

**(৫) ছট্ঠী তপ্পুরিসো**— রঞ্ঞো পুত্তো—রাজপুত্তো, রঞ্ঞো পুরিসো—রাজপুরিসো, আচরিযস্স পূজকো—আচরিযপূজকো, বুদ্ধস্স সাবকো—বুদ্ধসাবকো, বুদ্ধস্স রূপং—বুদ্ধরূপং,

জিনস্স বচনং—জিনবচনং, **সমুদ্দস্স** ঘোসো—**সমুদ্দঘোসো,** ধঞ্ঞানং রাসি—ধঞ্ঞরাসি, পুপ্ফানং গন্ধো—পুপ্ফগন্ধো, ফলানং রসো—ফলরসো, কাযস্স লহুতা—কাযলহুতা, মরণস্স সতি—মরণসতি, রুক্খস্স মূলং—রুক্খমূলং, অযস্স পত্তো—অযোপত্তো, সুবণ্ণস্স কটাহং—সুবণ্ণকটাহং, পানীযস্স থালকং—পানীয-থালকং, সপ্পিস্স কুম্ভো—সপ্পিকুম্ভো, পুমস্স লিঙ্গং—পুল্লিঙ্গং, পুমস্স ভাবো—পুম্ভাবো, হত্থিনো পদং—হত্থিপদং, ইত্থিযা রূপং—ইত্থিরূপং, ভিক্খুনীনং সংঘো—ভিক্খুনিসংঘো, জম্বুযা সাখা—জম্বুসাখা।

**(৬) সত্তমী তপ্পুরিসো**— রূপে সঞ্ঞা—রূপসঞ্ঞা, রূপে সঞ্চেতনা—রূপসঞ্চেতনা, সংসারে দুক্খং—সংসারদুক্খং, চক্খুম্হি সন্নিস্সিতং বিঞ্ঞাণং—চক্খুবিঞ্ঞাণং, ধম্মে রতো—ধম্মরতো, ধম্মে অভিরতি—ধম্মাভিরতি, ধম্মে রুচি—ধম্মরুচি, ধম্মে দাযাদো—ধম্মদাযাদো, ধম্মেসু নিরুত্তি—ধম্মনিরুত্তি, দানে অধিমুত্তি—দানাধিমুত্তি, অরঞ্ঞে বাসো—অরঞ্ঞবাসো, বিকালে ভোজনং—বিকালভোজনং, কালে বস্সং—কালবস্সং, বনে পুপ্ফং—বনপুপ্ফং, গামে সূকরো—গামসূকরো, সমুদ্দে মচ্ছা—সমুদ্দমচ্ছা, আবাটে কচ্ছপো—আবাটকচ্ছপো, কূপে মণ্ডুকো—কূপমণ্ডুকো, তিত্থে নাবা—তিত্থনাবা, ইত্থীসু ধুত্তো—ইত্থিধুত্তো, অক্খেসু ধুত্তো—অক্খধুত্তো, ছাযায সুক্খো—ছাযাসুক্খো, আতপে সুক্খো—আতপসুক্খো, অগ্গিম্হি সুক্খো—অগ্গিসুক্খো, অঙ্গারেসু পক্কং—অঙ্গারপক্কং।

ক্কচি বাক্যমেব।

কোন কোন স্থলে সমাস হয় না, কেবল বাক্যটাই থাকে। যথা— ভোজনে মত্তঞ্ঞুতা, ইন্দ্রিয়েসু গুত্তদ্বারতা, আসনে নিসিন্নো, আসনে নিসীদিতব্বং।

**২। তপ্পুরিসে ক্কচি অচ্চন্তাদীসু অমাদি বিভত্ত্যন্তং পুব্বপদং পরং ভবতি।**

তৎপুরুষ সমাসে অতি, অন্ত ইত্যাদি থাকিলে দ্বিতীয়া প্রভৃতি বিভক্ত্যন্ত পূর্ব্বপদ ক্বচিৎ পরে যায়। যথা—

দ্বিতীয়াতে— অন্তং অতিক্কন্তং—অচ্চন্তং, বেলং অতিক্কন্তং —অতিবেলং, মালং অতীতো—অতিমালো, জীবিকং পত্তো—পত্তজীবিকো, জীবিকং আপন্নো—আপন্নজীবিকো, অংসং পতি গতং—পচ্চংসং, অত্থং অনুগতং—অন্বত্থং।

তৃতীয়াতে— কোকিলায অবকুট্ঠং—অবকোকিলং ( বনং পরিচ্চত্তন্তি অত্থো ), অজ্ঝাসনায পরিগিলানো—পরিযজ্ঝানো।

চতুর্থীতে— কম্মস্স অলং— অলংকম্মো, বচনায অলং—অলংবচনো।

পঞ্চমীতে— কিলেসেহি নিস্সন্তো—নিক্কিলেসো, অঙ্গনতো নিস্সন্তো—নিরঙ্গনো, কোসম্বিযা নিস্সন্তো—নিক্কোসম্বি, বনতো নিয্যাতো—নিব্বনো, আচরিযতো পরো—পাচরিযো, অয্যতো পরো—পয্যকো, হিয্যোতো পরো—পরহিয্যো।

ষষ্ঠীতে— গঙ্গায উপরি—উপরিগঙ্গং, নদিযা হেট্ঠা—হেট্ঠা-নদী, সমাপত্তিযা অন্তো—অন্তোসমাপত্তি, হংসানং রাজা—

রাজহংসো হংসরাজা বা, মাসস্স অদ্ধং—অদ্ধমাসং মাসদ্ধং বা, আমলকস্স অদ্ধং—অদ্ধামলকং আমলকদ্ধং বা, কহাপণস্স অড্ঢং—অড্ঢকহাপণং, মাসকস্স অড্ঢং—অড্ঢমাসকং।

সপ্তমীতে— রত্তিযা অড্ঢং—অড্ঢরত্তং, রত্তিযা পুব্বং—পুব্বরত্তং, রত্তিযা পচ্ছা—অপররত্তং, অহস্স পুব্বং—পুব্বণ্হং, অহস্স সাযং—সাযণ্হং ( অহ শব্দের স্থানে 'অণ্হ' আদেশ হয় )।

**৩। ক্বচি তপ্পুরিসে পভঙ্করাদীসু বিভত্তিলোপো ন ভবতি।**

তৎপুরুষ সমাসে পভঙ্করাদি শব্দ সমূহের ক্বচিৎ বিভক্তির লোপ হয় না। যথা— পভং করোতি—পভঙ্করো, অমতং দদাতি—অমতন্দদো, রণং জহাতি—রণঞ্জহো, জুতিং ধরতি—জুতিন্ধরো, ভযতো উপট্ঠানং—ভযতুপট্ঠানং।

## (৫) বহুব্বীহি ( Bahubbihi )

**১। অঞ্ঞপদত্থেসু বহুব্বীহি।**

যে সকল পদের সমাস করা হয়, সেগুলির অর্থ প্রকাশ না পাইয়া সমাসান্ত পদে অন্য পদের অর্থ প্রকাশ পাইলে তাহাকে বহুব্রীহি সমাস বলে।

সমাসান্ত পদটী বিশেষণরূপে ব্যবহৃত হয়। বহুব্রীহি সমাসের ব্যাসবাক্যে 'য' (যদ্) ইত্যাদি শব্দের প্রয়োগ করা যায়। যদ্ ইত্যাদি শব্দের উত্তর দ্বিতীয়াদি যেই বিভক্ত্যন্ত

পদের প্রয়োগ হয় সমাসটিকে সেই বিভক্ত্যন্ত বহুব্রীহি সমাস বলে।

২। **সো চ নববিধো—দ্বিপদো, ভিন্নাধিকরণো, তিপদো, ন-নিপাত-পুব্বপদো, সহ-পুব্বপদো, উপমান-পুব্বপদো, সংখ্যোভযপদো, দীঘন্তরালখো, ব্যতিহারলক্খণো চা'তি।**

বহুব্রীহি সমাস নয় প্রকার। যথা—(১) দ্বিপদ, (২) ভিন্নাধিকরণ, (৩) ত্রিপদ, (৪) ন-নিপাত-পূর্ব্বপদ, (৫) সহ-পূর্ব্বপদ, (৬) উপমা-পূর্ব্বপদ, (৭) সংখ্যোভয়পদ, (৮) দিগন্ত-রালার্থ ও (৯) ব্যতিহারলক্ষণ।

(১) **তত্থ দ্বিপদ-তুল্যাধিকরণো কম্মাদীসু ছসু বিভত্ত্যথেসু ভবতি।**

দ্বিপদ-তুল্যাধিকরণ কর্ম্মধারয় দ্বিতীয়াদি ছয় বিভক্তির অর্থেই প্রযুক্ত হয়।

দ্বিতীয়ার্থে—আগতা সমণা যং সংঘারামং সো—আগত-সমণসংঘারামো, এস্থলে আগতা ও সমণা, এই দুই পদের অর্থ না বুঝাইয়া স্থানটিকেই বুঝাইল। সেইরূপ পটিপন্না অদ্ধিকা যং পথং সো—পটিপন্নদ্ধিকপথো, অভিরূলহা বানিজা যং নাবং সা—অভিরূলহবানিজনাবা।

তৃতীয়ার্থে— জিতানি ইন্দ্রিযানি যেন সো—জিতেন্দ্রিযো, দিট্ঠো ধম্মো যেন সো—দিট্ঠধম্মো, পত্তো ধম্মো যেন সো—পত্তধম্মো, কতানি কিচ্চানি যেহি তে—কতকিচ্চা, বিজিতা মারা অনেন—বিজিতমারো, পটিবিদ্ধা সব্বধম্মা ইমিনা—পটিবিদ্ধসব্বধম্মো।

চতুর্থ্যর্থে— দিন্নো সুঙ্কো যস্স রঞ্ঞো সো—দিন্নসুঙ্ক-রাজা, উপনীতং ভোজনং যস্স সমণস্স সো—উপনীত-ভোজনসমণো।

পঞ্চম্যর্থে—নিগ্গতা জনা যস্মা গামা সো—নিগ্গতজন-গামো, নিগ্গতো অযো অস্মাতি—নিরযো, নিগ্গতা কিলেসা এতস্মাতি—নিক্কিলেসো, অপেতং বিঞ্ঞাণং অস্সাতি—অপেত-বিঞ্ঞাণো, অপগতং ভযভেরবং অস্সাতি—অপগতভযভেরবো।

ষষ্ঠ্যর্থে— ছিন্না হত্থা যস্স সো—ছিন্নহত্থো, পরিপুণ্ণা সংকপ্পা যস্স সো—পরিপুণ্ণসংকপ্পো, বীতা রাগা যস্স সো—বীতরাগো, দ্বে পদানি যস্স সো—দ্বিপদো, দ্বে হত্থা ইমস্সাতি—দ্বেহত্থো, তিস্সো বিজ্জা এতস্সাতি—তেবিজ্জো, চত্তারো পাদা ইমস্সাতি—চতুপ্পদো, পঞ্চ চক্খুনি যস্স সো —পঞ্চচক্খু, ছ অভিঞ্ঞা যস্স সো—ছলভিঞ্ঞো, নব অঙ্গানি যস্স তং—নবঙ্গং, দস বলানি যস্স সো—দসবলো, অনন্তং ঞাণং যস্স সো—অনন্তঞ্ঞাণো।

সপ্তম্যর্থে—সম্পন্নানি সস্সানি যস্মিং জনপদে সো—সম্পন্নসস্সজনপদো, আকিণ্ণা মনুস্সা যস্সং রাজধানিযং সা —আকিণ্ণমনুস্সরাজধানী, বহবো তাপসা এতস্মিন্তি—তাপস-অস্সমো, উপচিতং মংস-লোহিতং অস্মিন্তি—উপচিত-মংসলোহিতং, বহবো সামিনো অস্মিন্তি—বহুসামিকং।

(২) **ভিন্নাধিকরণার্থে**— একরত্তিং বাসো অস্সাতি—একরত্তিবাসো, সমানেন জনেন সদ্ধিং বাসো অস্সাতি—

সমানবাসো, উভতো ৰ্যঞ্জনমস্স অত্থীতি—উভতোৰ্যঞ্জনকো, ছত্তং পাণিম্হি অস্সাতি—ছত্তপাণি, দানে অজ্ঝাসযো অস্সাতি—দানজ্ঝাসযো।

(৩) **ত্রিপদার্থে**—পরক্কমেন অধিগতা সম্পদা যেহি তে—পরক্কমাধিগতসম্পদা, ওনীতো পত্ততো পাণি যেন সো—ওনীতপত্তপাণি, মত্তা ৰহুবো মাতঙ্গা অস্মিন্তি—মত্তৰহুমাতঙ্গং (বনং)।

(৪) **ন-নিপাত-পূর্ব্বপদার্থে**— নত্থি এতস্স সমোতি—অসমো (ভগবা), নত্থি এতস্স পুত্তোতি—অপুত্তকো, ন বিজ্জতে বুট্ঠি এত্থাতি—অবুট্ঠিকো (জনপদো), নত্থি ভিক্খু এত্থাতি—অভিক্খুকো।

(৫) **সহ-পূর্ব্বপদার্থে**— সহ হেতুনা যো বত্ততে সো—সহেতুকো (সমনো), সহ পীতিযা ইমে বত্তন্তী'তি—সপ্পীতিকা।

(৬) **উপমান-পূর্ব্বপদার্থে**—নিগ্রোধো ইব পরিমণ্ডলো যো সো—নিগ্রোধপরিমণ্ডলো, অন্ধো ইব ভূতো অযং—অন্ধভূতো, চক্খু ইব ভূতো অযং—চক্খুভূতো, সুবণ্ণস্স বণ্ণো বিয বণ্ণো যস্স সো—সুবণ্ণবণ্ণো, সীহস্স বিয গতি অস্সা'তি—সীহগতি।

(৭) **সংখ্যোভয়-পদার্থে**— দ্বে বা তযো বা পত্তা—দ্বত্তিপত্তা, দ্বীহং বা তীহং বা—দ্বীহতীহং, ছ বা পঞ্চ বা বাচা—ছপ্পঞ্চবাচা, সত্ত বা অট্ঠ বা মাসা—সত্তট্ঠমাসা।

(৮) **দিগন্তরালার্থে**— পুৰ্বস্সা চ দক্খিণস্সা চ দিসায

যদন্তরালং সা—পুব্বদক্খিণাবিদিসা, পচ্ছিমস্সা চ উত্তরস্সা চ দিসায যদন্তরালং সা—পচ্ছিমুত্তরাবিদিসা।

(৯) **ব্যতিহারলক্ষণার্থে**—কেসেসু কেসেসু গহেত্বা ইদং যুদ্ধং পবত্ততী'তি—কেসাকেসি, দণ্ডেহি দণ্ডেহি পহরিত্বা ইদং যুদ্ধং পবত্ততী'তি—দণ্ডাদণ্ডি।

## (৬) দ্বন্দ্ব (Dvandva)

### ১। নামানং সমুচ্চযো দ্বন্দো।

পরস্পর বিশেষ্য বিশেষণ নয় এইরূপ একই বিভক্তি-যুক্ত দুই বা বহু পদের যে সমাস তাহার নাম দ্বন্দ্ব সমাস।

### ২। সো পন চত্থবসেন চতুব্বিধো।

দ্বন্দ্ব সমাস চারি ভাগে বিভক্ত। যথা—কেবল সমুচ্চয়, অন্বাচয়, ইতরেতর ও সমাহার।

কেবল সমুচ্চয় ও অন্বাচয় ইহারা ক্রিয়ার অপেক্ষা হেতু ও পরস্পরের অর্থ সামঞ্জস্য না থাকায় সমাস বলিয়া গণ্য নহে। যথা—চীবরং পিণ্ডপাতঞ্চ পচ্চযং সযনাসনং অদাসি, দানং চ দেহি, সীলং চ রক্খাহি।

ইতরেতর (Copulative)—দুই বা বহু পদের পরস্পর যোগ বুঝাইলে এবং সমাসান্ত পদটী বহুবচনান্ত এবং পর-পদের লিঙ্গ ও বিভক্তি-রূপ প্রাপ্ত হইলে তাহাকে ইতরেতর বলে। যথা— সারিপুত্তো চ মোগ্গল্লানো চ—সারিপুত্ত-মোগ্গল্লানা, সমণা চ ব্রাহ্মণা চ—সমণব্রাহ্মণা, ব্রাহ্মণো চ গহ-পতিকো চ—ব্রাহ্মণগহপতিকা, খত্তিযো চ ব্রাহ্মণো চ—

খত্তিযব্রাহ্মণা, দেবো চ মনুস্সো চ—দেবমনুস্সা, রামো চ সামো চ—রাম-সামা, চন্দিমো চ সুরিযো চ—চন্দিমসুরিযা।

সমাহার (Aggregative)—যে দ্বন্দ্ব সমাস একবচনান্ত ও নপুংসক-লিঙ্গ এবং সমষ্টি বুঝায়, তাহাকে সমাহার বলে। যথা— ইত্থী চ পুরিসো চ—ইত্থিপুরিসং, অজো চ অস্সো চ—অজাস্সং, কাসী চ কোসলো চ— কাসিকোসলং।

**৩। দ্বন্দে মাতু-আদি পুব্বপতুকারস্স আকারো।**

দ্বন্দ্ব সমাসে মাতু আদি পূর্ব্ব পদের উকারের স্থানে আকার আদেশ হয়। যথা— মাতা চ পিতা চ—মাতা-পিতরো, পিতা চ পুত্তো চ—পিতাপুত্তা।

**৪। জাযায তুদং-জানী পতিম্হি বা।**

পতি শব্দ পরে থাকিলে জায়া শব্দের স্থানে বিকল্পে তুদং ও জানি আদেশ হয়। যথা— জাযা চ পতি চ—জাযাপতী, তুদম্পতী, জানিপতী বা।

**৫। ক্বচি অপ্পসরং পুব্বং নিপততি।**

অল্প স্বরযুক্ত পদ ক্বচিৎ পূর্ব্বে বসে। যথা— চন্দো চ সুরিযো চ—চন্দসুরিযা, নিগমা চ জনপদা চ—নিগমজনপদা, সুরো চ অসুরো চ—সুরাসুরা, চুন্দো চ সারিপুত্তো চ—চুন্দসারিপুত্তা।

**৬। সরো রস্সো নপুংসকেতি।**

নপুংসক-লিঙ্গে অন্ত্যস্বর হ্রস্ব হয়। যথা— মুখঞ্চ নাসিকা চ—মুখনাসিকং, হনু চ গীবা চ—হনুগীবং, কন্নং চ নাসাচ—

কন্ননাসং, পাণি চ পাদা চ—পাণিপাদং, ছবিং চ মংসং চ লোহিতং চ—ছবিমংসলোহিতং, হত্থং চ পাদং চ মংসং চ লোহিতং চ—হত্থপাদমংসলোহিতং।

৭। **তথা দ্বন্দে পাণি-তুরিয-যোগ্গসেনঙ্গ-খুদ্দজন্তুক-বিবিধ-বিরুদ্ধ-বিসভাগত্থাদীনঞ্চ।**

দিগু সমাসের ন্যায় দ্বন্দ্ব সমাসেও (১) প্রাণী, (২) তূর্য্য, (৩) যোগ্য, (৪) সেনা প্রভৃতির অঙ্গবাচক, (৫) ক্ষুদ্র জন্তুবাচক, (৬) পরস্পর বিরুদ্ধ জন্তুবাচক, (৭) লক্ষণত অসদৃশ কিন্তু বস্তুত সদৃশ পদার্থবাচক প্রভৃতি পদের সমাহার হয়।

(১) প্রাণ্যঙ্গার্থে— চক্খুঞ্চ সোতঞ্চ—চক্খুসোতং, হত্থা চ পাদা চ—হত্থপাদং, নখা চ দন্তা চ—নখদন্তং।

(২) তূর্য্যাঙ্গার্থে— গীতং চ বাদিতং চ—গীতবাদিতং, সম্মঞ্চ তালঞ্চ—সম্মতালং, সঙ্খো চ পনবো চ দেণ্ডিমো চ—সঙ্খপনবদেণ্ডিমং।

(৩) যোগ্যার্থে— ফালো চ পাচনো চ—ফালপাচনং, যুগং চ নঙ্গলং চ—যুগনঙ্গলং।

(৪) সেনাঙ্গার্থে— হত্থিনো চ অস্সা চ—হত্থস্সং, রথা চ পত্তিকা চ—রথপত্তিকং, অসি চ চম্মং চ—অসিচম্মং, ধনু চ কলাপো চ—ধনুকলাপং।

(৫) ক্ষুদ্র জন্তুকার্থে— ডংসা চ মকসা চ—ডংসমকসং, কুণ্হা চ কিপিল্লিকা চ—কুণ্হকিপিল্লিকং, কীটা চ সিরিংসপা—কীটসিরিংসপং।

(৬) বিবিধ বিরুদ্ধার্থে—অহি চ নকুলো চ—অহিনকুলং, বিলারা চ মুসিকা চ—বিলারমুসিকং, কাকো চ উলুকো চ—কাকোলুকং, সপ্পা চ মণ্ডুকা চ—সপ্পমণ্ডুকং, গরুলো চ সপ্পো চ—গরুলসপ্পং।

(৭) বিসভাগার্থে—সমথো চ বিপস্সনা চ—সমথ-বিপস্সনং, হিরি চ ওত্তপ্পো চ—হিরোত্তপ্পং, সতি চ সম্পজঞ্ঞঞ্চ—সতিসম্পজঞ্ঞং, লোভঞ্চ মোহঞ্চ—লোভমোহং, অহিরিকো চ অনোত্তপ্পং চ—অহিরিকনোত্তপ্পং, দাসী চ দাসো চ—দাসিদাসং, ইত্থী চ পুমা চ—ইত্থিপুমং, পত্তং চ চীবরঞ্চ—পত্তচীবরং, একঞ্চ দুকঞ্চ—একদুকং, দুকঞ্চ তিকঞ্চ—দুকতিকং, দীঘো চ মজ্ঝিমো চ—দীঘমজ্ঝিমং, সাকুনিক চ মাগবিকা চ—সাকুনিকমাগবিকং, পুব্বা চ অপরা চ—পুব্বাপরং, পুরত্থিমা চ পচ্ছিমা চ—পুরত্থিমপচ্ছিমং।

৮। **বিভাসা রুক্খ-তিণ-পসু-ধন-ধঞ্ঞ-জনপদাদীনঞ্চ।**

দ্বন্দ্ব সমাসে বৃক্ষ, তৃণ, পসু, ধন, ধান্য, জনপদ প্রভৃতি শব্দের বিকল্পে সমাহার হয়।

(১) বৃক্ষ সমূহ—অস্সত্থা চ কপিত্থা চ—অস্সত্থকপিত্থং অস্সত্থকপিত্থা বা, অম্বা চ পনসা চ—অম্বপনসং অম্বপনসা বা।

(২) তৃণ সমূহ—উসীরানি চ বীরনানি চ—উসীরবীরনং উসীরবীরনানি বা, মুঞ্জানি চ বব্বজানি চ—মুঞ্জবব্বজং মুঞ্জবব্বজানি বা।

(৩) পশু সমূহ—এলকা চ অজা চ—এলকাজং, অজা

চ এল্‌কা চ—অজেল্‌কং অজেল্‌কা বা, হত্থী চ গাবো চ অস্সা চ বলবা চ—হত্থীগবাস্সবলবং হত্থীগবাস্সবলবা বা।

(৪) ধন সমূহ—সুবণ্ণঞ্চ হিরঞ্ঞঞ্চ-সুবণ্ণহিরঞ্ঞং সুবণ্ণহিরঞ্ঞানি বা, জাতরূপঞ্চ রজতঞ্চ—জাতরূপরজতং জাতরূপরজতানি বা, মণিঞ্চ মুত্তঞ্চ সঙ্খঞ্চ বেলুরিযঞ্চ—মণিমুত্তসঙ্খবেলুরিযং মণিমুত্তসঙ্খবেলুরিযা বা।

(৫) ধান্য সমূহ—সালী চ যবং চ—সালিযবং সালিযবা বা, তিলঞ্চ মুগ্গঞ্চ মাসঞ্চ—তিলমুগ্গমাসং তিলমুগ্গমাসা বা।

(৬) জনপদ সমূহ—কাসী চ কোসলা চ—কাসিকোসলং কাসিকোসলা বা, বজ্জী চ মল্লা চ—বজ্জিমল্লং বজ্জিমল্লা বা, অঙ্গা চ মগধা চ—অঙ্গমগধং অঙ্গমগধা বা।

"আদিগ্গহনেন অঞ্ঞত্থাপি"—এই সূত্রের প্রয়োগে অন্যত্রও হয়। যথা—কুসলঞ্চ অকুসলঞ্চ—কুসলাকুসলং কুসলাকুসলা বা, সাবজ্জঞ্চ অনবজ্জঞ্চ—সাবজ্জানবজ্জং সাবজ্জানবজ্জা বা, হীনঞ্চ পণীতঞ্চ—হীনপ্পণীতং হীনপ্পনীতা বা, কণ্হঞ্চ সুক্কঞ্চ—কণ্হসুক্কং কণ্হসুক্কা বা, সুখঞ্চ দুক্খঞ্চ—সুখদুক্খং সুখদুক্খানি বা, আলোকঞ্চ অন্ধকারঞ্চ—আলোকন্ধকারং আলোকন্ধকারা বা, রত্তি চ দিবা চ—রত্তিন্দিবং রত্তিন্দিবা বা, অহঞ্চ রত্তি চ—অহোরত্তং অহোরত্তা বা, হংসা চ বকা চ—হংসবকং হংসবকা বা, মযুরা চ কোঞ্চা চ—মযুরকোঞ্চং মযুরকোঞ্চা বা।

---

# আখ্যাত-প্রকরণ

**যং তিকালং তিপুরিসং ক্রিযবাচি তিকারকং,**
**অত্তিলিঙ্গং দ্বিবচনং তদাখ্যাতন্তি বুচ্চতি।**

যাহা ক্রিয়াবাচক এবং কালভেদে অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এই ত্রিকাল, পুরুষভেদে প্রথম, মধ্যম ও উত্তম এই পুরুষত্রয়, বাচ্যভেদে কর্ত্তৃ, কর্ম্ম ও ভাব এই বাচ্যত্রয়, লিঙ্গ-ভেদে পুং, স্ত্রী ও নপুংসক এই লিঙ্গত্রয়, এবং বচনভেদে এক-বচন ও বহুবচন এই দ্বিবচনে রূপান্তরিত হয়, তাহার নাম **আখ্যাত**

**ভূবাদযো ধাতবো।**

ভূ, গম্, কর্, পচ্ প্রভৃতিকে ধাতু বলে। এক এক ধাতু দ্বারা এক এক ক্রিয়া নিষ্পন্ন হয়। ক্রিয়া প্রধানত দুই প্রকার— সমাপিকা ও অসমাপিকা। যে ক্রিয়া দ্বারা বাক্যের সমাপ্তি বুঝায়, তাহাকে সমাপিকা ক্রিয়া বলে। যথা—ভবতি, পচতি, গচ্ছতি, করোতি ইত্যাদি। যে ক্রিয়া দ্বারা বাক্যের সমাপ্তি হয় না, তাহাকে অসমাপিকা ক্রিয়া বলে। যথা—কত্বা, গচ্ছন্তো, কাতুন ইত্যাদি।

**আখ্যাতিক বিভক্তি ( Tenses and Moods )**

ধাতুর উত্তর যে সকল বিভক্তি হয়, তাহাদের নাম

আখ্যাতিক বিভক্তি। পালিতে আখ্যাতিক বিভক্তি আট প্রকার, যথা:—

১। বত্তমানা ( বর্ত্তমানা, Present Tense )

২। পঞ্চমী ( পঞ্চমী, Imperative Tense )

৩। সত্তমী ( সপ্তমী, Optative Tense )

৪। পরোক্খা ( পরোক্ষা, Past Perfect Tense )

৫। হীযত্তনী ( হ্যস্তনী, Imperfect Tense )

৬। অজ্জতনী (অদ্যতনী, Aorist Tense )

৭। ভবিস্সন্তী ( ভবিষ্যন্তী, Future Tense )

৮। কালাতিপত্তি ( — , Conditional Tense )

### ১। বত্তমানা ( Present Tense )

বর্ত্তমান কালে ক্রিয়া নিষ্পন্ন হইলে ধাতুর উত্তর বর্ত্তমানা বিভক্তি হয়। তি, অন্তি, সি, থ প্রভৃতি বর্ত্তমানার বিভক্তি।

(১) যে কার্য্য আরব্ধ হইয়াছে অথচ সমাপ্ত হয় নাই তাহা বুঝাইলে বর্ত্তমানার প্রয়োগ হয়। ইহাকে বিশুদ্ধ বর্ত্তমানা (Present Indefinite বা Present Progressive tense) বলে। যথা— সো পোত্থকং পঠতি. দারকা হসন্তি।

( ২ ) যাহা সর্ব্বদা ঘটিয়া থাকে বা চিরদিন রহিয়াছে তাহা বুঝাইলেও বর্ত্তমানা ব্যবহৃত হয়। ইহাকে নিত্য-প্রবৃত্ত বর্ত্তমানা ( Universal truth ) বলে। যথা— সুরিযস্স উগ্গমনং পতি আলোকো আগচ্ছতি. পিতা পুত্তং পিযাযতি, মাতা দারিকং মমাযতি।

( ৩ ) যাহা অল্পক্ষণ পূর্ব্বে ঘটিয়াছে বা পরক্ষণেই ঘটিবে তাহা বুঝাইলেও ক্কচিৎ বর্ত্তমানার প্রয়োগ হয়। ইহাকে ভূতাসন্ন ( Recent Past) বা ভবিষ্যদাসন্ন (Immediate Future) বর্ত্তমানা বলে। যথা— ইদানি অহং বদামি ( বদিং বা ), ইদানি অহং গচ্ছামি ( গমিস্সামি বা )।

( ৪ ) Habitual action বুঝাইলেও বর্ত্তমানার প্রয়োগ হয়। যথা— তদা ৰোধিসত্তো মিগযোনিযং নিৰ্ৰতিত্বা অরঞ্ঞে বসতি

( ৫ ) যাবর্দ্ শব্দের যোগেও ভবিষ্যৎকালে বর্ত্তমানা হয়। যথা— যাব সো আগচ্ছতি তাব অহং গমিস্সামি।

( ৬ ) কদা শব্দের যোগে ভবিষ্যৎকালে বিকল্পে বর্ত্তমানা হয়। যথা— কদা ত্বং গেহং গচ্ছসি ( গমিস্সসি বা )।

( ৭ ) কথং শব্দের যোগে সর্ব্বকালে বিকল্পে বর্ত্তমানা হয়। কথং গচ্ছসি ( গচ্ছেয্যাসি বা )।

## ২। পঞ্চমী ( Imperative Tense )

**আণত্যাসিট্ঠেনুত্তকালে পঞ্চমী।**

আদেশ ও আশীর্ব্বাদার্থে সমীপকালে অথবা কালের উল্লেখ না থাকিলেও ধাতুর উত্তর পঞ্চমী বিভক্তি হয়। তু, অন্তু, হি, থ প্রভৃতি পঞ্চমীর বিভক্তি। যথা— সো সুখী ভবতু, ইদং কম্মং কুরু।

প্রার্থনা, নিমন্ত্রণ, শিষ্টাচার, সদুপদেশ প্রভৃতি বুঝাইলেও পঞ্চমী ব্যবহৃত হয়। যথা— সৰ্বে সত্তা সুখিতা ভবন্তু, দেহি

মে পুত্তং, অধিবাসেতু ভগবা স্বাতনায ভত্তং, নিসীদতু আসনে, সচ্চং ব্রূহি।

**হি-লোপং বা।**

পঞ্চমীতে অকারের পর হি বিভক্তির বিকল্পে লোপ হয়। যথা— ত্বং সুখী ভব ( ভবাহি বা ), ত্বং পচ ( পচাহি বা )।

### ৩। সত্তমী ( Optative Tense )

**অনুমতি-পরিকপ্পত্থেস্সু সত্তমী।**

অনুমতি এবং পরিকল্পনার্থে ( সম্ভাবনার্থে ) ধাতুর উত্তর সপ্তমী বিভক্তি হয়। এয্য, এয্যুং প্রভৃতি সপ্তমীর বিভক্তি। যথা— সো কম্মং করেয্য, সো গামং গচ্ছে ( গচ্ছেয্য বা )।

### ৪-৬। অতীত কাল ( Past Tense )

**পরোক্খা, হীযত্তনী ও অজ্জতনী**

পরোক্খা, হীযত্তনী ও অজ্জতনী ইহারা অতীত কালেরই অন্তর্গত। অতীত কালে অপ্রত্যক্ষে ক্রিয়া নিষ্পন্ন হইলে পরোক্খা ব্যবহৃত হয়। অ,, উ, এ, থ প্রভৃতি পরোক্খার বিভক্তি। যথা— দসরথো রাজা বভুব, পুরিসো ওদনং পপচ

**(১) ক্বচাদিবণ্ণানমেকস্সরানং দ্বে ভাবো।**

পরোক্খায় স্বরযুক্ত আদ্য ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হয়।

**(২) ব্রূ-ভূবনমাহভূবা পরোক্খাযং।**

পরোক্খায় ব্রূ ধাতুর স্থানে আহ, এবং ভূ ধাতুর স্থানে

১২

ভূব আদেশ হয়। যথা— সো আহ, সো কির রাজা ভূব, তে কির ভূবু, ত্বং কির ভূবে ইত্যাদি।

**(৩) ইকারাগমো অসব্বধাতুকম্হি।**

আদি ব্যঞ্জনবিশিষ্ট অসর্ব্বধাতুক (অর্থাৎ পরোক্খা, অজ্জতনী, কালাতিপত্তি ও ভবিস্সন্তী বিভক্তি সমূহ) পরে থাকিলে ধাতুর উত্তর ইকার আগম হয়। যথা— তুম্হে কির ৰভূবিত্থ, মযং কির ৰভূবিম্হ ইত্যাদি।

**(৪) কবগ্গস্স চবগ্গো।**

স্বরযুক্ত আদি ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হইলে কবর্গের স্থানে চবর্গ এবং গকারের স্থানে জকার আদেশ হয়। যথা— সো গামং জগাম, জগমু, জগমে বা।

(৫) **সব্বতো উং-ইংসু।**

ধাতুর উত্তর উং বিভক্তির স্থানে বিকল্পে ইংসু আদেশ হয়। যথা—অভবিংসু, ভবিংসু, অভবুং, ভবুং বা।

(৬) **মা-যোগে সব্বকালে।**

নিষেধার্থক মা শব্দের যোগে সর্ব্বকালে হীযত্তনী, অজ্জতনী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—মা ভবি, মা ভবা, মা ভবতু।

গতকল্যের পূর্ব্বে প্রত্যক্ষে কিম্বা অপ্রত্যক্ষে ক্রিয়া নিষ্পন্ন হইলে হীযত্তনী হয়। আ, উ, ও, ত্থ প্রভৃতি হীযত্তনীর

বিভত্তি। যথা—সো হীয্যো পব্বজ্জিতো অভবা, সুদত্তো ওদনং অপচা।

আজকের পূর্ব্বে প্রত্যক্ষে কিম্বা অপ্রত্যক্ষে ক্রিয়া নিষ্পন্ন হইলে অজ্জতনী হয়। ই, ইংসু, ই, থ প্রভৃতি অজ্জতনীর বিভত্তি। যথা—সারিপুত্তো দিবাভোজনং ভুঞ্জি, সো বুদ্ধং বন্দি।

হীযত্তনী, অজ্জতনী ও কালাতিপত্তি বিভত্তিতে ধাতুর পূর্ব্বে ক্বচিৎ অকার আগম হয়। যথা— অভবা, অভবু, অভবো, অভবিত্থ ইত্যাদি।

## ৭। ভবিস্সন্তী ( Future Tense )

### অনাগতে ভবিস্সন্তী।

অনাগত বা ভবিষ্যৎকাল বুঝাইলে ধাতুর উত্তর ভবিস্সন্তী হয়। স্সতি, স্সন্তি, স্সসি, স্সথ প্রভৃতি ভবিস্সন্তীর বিভত্তি। যথা— সো গেহং গমিস্সতি, অহং ভত্তং ভুঞ্জিস্সামি।

## ৮। কালাতিপত্তি ( Conditional Tense )

### ক্রিযাতিপন্নেতীতে কালাতিপত্তি।

ক্রিয়াতিপন্ন অতীত কালে (অর্থাৎ ক্রিয়া ঘটিবার সম্ভাবনা থাকা সত্ত্বেও ঘটে নাই এইরূপ স্থলে) কালাতিপত্তি হয়। স্সা, স্সংসু, স্সে, স্সথ প্রভৃতি কালাতিপত্তির বিভত্তি। যথা—সচে সো পঠমবযে পব্বজ্জং অলভিস্সা, অরহা অভবিস্সা।

## আখ্যাতিক রূপ

### পরস্সপদ (পরস্মৈপদ)

### বত্তমানা

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | তি | সি | মি |
| বহুবচন | অন্তি | থ | ম |

### পঞ্চমী

| | | | |
|---|---|---|---|
| একবচন | তু | হি | মি |
| বহুবচন | অন্তু | থ | ম |

### সত্তমী

| | | | |
|---|---|---|---|
| একবচন | এয্য | এয্যাসি | এয্যামি |
| বহুবচন | এয্যুং | এয্যাথ | এয্যাম |

### পরোক্খা

| | | | |
|---|---|---|---|
| একবচন | অ | এ | অ |
| বহুবচন | উ | ত্থ | মহ |

### হীয্যত্তনী

| | | | |
|---|---|---|---|
| একবচন | আ | ও | অ |
| বহুবচন | উ | ত্থ | মহা |

### অজ্জতনী

| | | | |
|---|---|---|---|
| একবচন | ই, ঈ | ই | ইং |
| বহুবচন | ইংসু, উং | ত্থ | মহা |

### ভবিস্সন্তী

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | স্সতি | স্সসি | স্সামি |
| বহুবচন | স্সন্তি | স্সথ | স্সাম |

### কালাতিপত্তি

| | | | |
|---|---|---|---|
| একবচন | স্সা | স্সে | স্সং |
| বহুবচন | স্সংসু | স্সথ | স্সাম্হা |

অত্তনোপদ (আত্মনেপদ)

### বত্তমানা

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | তে | সে | এ |
| বহুবচন | অন্তে | বেহ | মেহ |

### পঞ্চমী

| | | | |
|---|---|---|---|
| একবচন | তং | স্সু | এ |
| বহুবচন | অন্তং | বেহা | আমসে |

### সত্তমী

| | | | |
|---|---|---|---|
| একবচন | এথ | এথো | এয্যং |
| বহুবচন | এরং | এয্যাব্হো | এয্যাম্হে |

### পরোক্খা

| | | | |
|---|---|---|---|
| একবচন | ত্থ | ত্থো | ই |
| বহুবচন | রে | ব্হো | ম্হে |

**হীযত্তনী**

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসে |
|---|---|---|---|
| **একবচন** | ত্থ | সে | ইং |
| **বহুবচন** | ত্থুং | বহং | মহসে |

**অজ্জত্তনী**

| | | | |
|---|---|---|---|
| **একবচন** | আ | সে | অ |
| **বহুবচন** | উ | বহং | মেহ |

**ভবিস্সন্তী**

| | | | |
|---|---|---|---|
| **একবচন** | স্সতে | স্সসে | স্সং |
| **বহুবচন** | স্সন্তে | স্সবেহ | স্সামেহ |

**কালাতিপত্তি**

| | | | |
|---|---|---|---|
| **একবচন** | স্সথ | স্সে | স্সং |
| **বহুবচন** | স্সিংসু | স্সবেহ | স্সাম্হসে |

**পুরুষ ও বচন (Person and Number)**

প্রত্যেক বিভক্তিতে তিনটী পুরুষ আছে। যথা— পঠমপুরিসো (প্রথম পুরুষ, First Person), মজ্ঝিমপুরিসো (মধ্যম পুরুষ, Second Person) ও উত্তমপুরিসো (উত্তম পুরুষ, First Person)। প্রথম পুরুষে প্রথম পুরুষের, মধ্যম পুরুষে মধ্যম পুরুষের ও উত্তম পুরুষে উত্তম পুরুষের বিভক্তি সমূহ যুক্ত হয়। যথা—সো গচ্ছতি, ত্বং গচ্ছসি, অহং গচ্ছামি ইত্যাদি।

প্রত্যেক বিভক্তিতে দুইটী বচন আছে। যথা—একবচন ও বহুবচন।

## বাচ্য (Voice)

বাচ্য প্রধানত তিন প্রকার,— কর্ত্তৃবাচ্য, কর্ম্মবাচ্য ও ভাববাচ্য। এতদ্ব্যতীত কর্ম্ম-কর্ত্তৃবাচ্য নামে আর এক বাচ্যের প্রয়োগ আছে।

**কর্ত্তৃবাচ্য (Active Voice)**— কর্ত্তৃবাচ্যে কর্ত্তায় প্রথমা ও কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়, এবং ক্রিয়া কর্ত্তার অনুগামিনী হয় (অর্থাৎ কর্ত্তার যেই পুরুষ যেই বচন ক্রিয়ারও সেই পুরুষ সেই বচন হয়)। কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর পরস্মৈপদ, আত্মনেপদী ধাতুর আত্মনেপদ এবং উভয়পদী ধাতুর পরস্মৈপদ ও আত্মনেপদ দুইই হয়। যথা— সো পোত্থকং পঠতি, দারিকা লজ্জতে, সো ব্রূবীতি, ব্রূতে বা।

**কর্ম্মবাচ্য (Passive Voice)**— কর্ম্মবাচ্যে কর্ত্তায় তৃতীয়া ও কর্ম্মে প্রথমা বিভক্তি হয়, এবং ক্রিয়া কর্ম্মের অনুগামিনী হয় (অর্থাৎ কর্ম্মের যেই পুরুষ যেই বচন ক্রিয়ারও সেই পুরুষ সেই বচন হয় )। কর্ম্মবাচ্যে সকল ধাতুই আত্মনেপদী হয়। যথা— তেন চন্দং দিস্সতে, মযা ভত্তং ভুজীযতে।

**ভাববাচ্য (Passive Voice)**—ভাববাচ্যে কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়, কর্ম্ম থাকে না, এবং ক্রিয়া সর্ব্বদাই প্রথম পুরুষের একবচন হয়। যথা— মযা কীযতে, তেন হঞ্ঞতে।

**১। ভাবকম্মেসু যো।**

কর্ম্ম ও ভাববাচ্যে ধাতুর উত্তর য প্রত্যয় হয়।

**২। ঈবণ্ণাগমো বা।**

ভাব ও কর্ম্মবাচ্যে য প্রত্যয় পরে থাকিলে ঈকার আগম হয়। যথা—গচ্ছীযতে গামো দেবদত্তেন।

**৩। অত্তনোপদানি পরস্সপদত্তং।**

কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে আত্মনেপদী ধাতু সমূহ ক্বচিৎ পরস্মৈপদী হয়। যথা— অনুভূয্যতে, অনুভূয্যতি বা।

**৪। তস্স চবগ্গ-যকার-বকারত্তং সধাত্বন্তস্স।**

ভাববাচ্যে ও কর্ম্মবাচ্যে ধাতুর অন্ত্য অক্ষরের সহিত য প্রত্যয়ের স্থানে চবর্গ, যকার অথবা বকার আদেশ হয়। যথা— পচ্চতি, কয্যতি, কুব্বতে ইত্যাদি।

**৫। বচ-বস-বহাদীনমুকারো বস্স যে।**

য প্রত্যয় পরে থাকিলে বচ্, বস্ ও বহ ধাতুর বকারের স্থানে ক্বচিৎ উকার আদেশ হয়। যথা— উচ্চতে, বুচ্চতে বা। উকার আদেশের পর পুনরায় বকারের আগম হয়। যথা— বুচ্চতি, বুয্হতি।

**৬। হবিপরিযযো লো বা।**

য প্রত্যয় পরে থাকিলে অকারের বিপর্য্যয় হয় এবং যকার স্থানে বিকল্পে লকার আদেশ হয় (অর্থাৎ ক্বচিৎ যকার ও লকার অকারের পূর্ব্বে বসে)। যথা— বুল্হতি, বুয্হতি, বহেয্য, বুয্হেয্য ইত্যাদি।

৭। **যজস্সাদিস্সি।**

য প্রত্যয় পরে থাকিলে যজ্ ধাতুর আদি যকারের স্থানে ইকার আদেশ হয়। যথা— ইজ্জতে, ইজ্জতু ইত্যাদি।

**কর্ম্ম-কর্ত্তৃবাচ্য (Passive-Active Voice)**— যেই বাক্যে কর্ত্তার যত্ন ব্যতীরেকে কর্ম্ম নিজেই সিদ্ধ হয় (অর্থাৎ কর্ম্ম যেন নিজেই সম্পন্ন হইতেছে এইরূপ বোধ জন্মে ) এবং কর্ম্মপদটী কর্ত্তার মত হইয়া দাঁড়ায়, সেই বাচ্যকে কর্ম্ম-কর্ত্তৃবাচ্য বলে। যথা— (কর্ত্তৃবাচ্যে) পুরিসো রুক্খং ছিন্দতি, (কর্ম্ম-কর্ত্তৃবাচ্যে) রুক্খো ছিন্দতে। এস্থলে কর্ত্তৃবাচ্যের কর্ত্তা 'পুরিসো' ব্যবহৃত না হওয়া 'বৃক্ষ যেন নিজেই ছিন্ন হইতেছে' এইরূপ বোধ জন্মিতেছে। কাজেই এস্থলে কর্ম্ম-কর্ত্তৃবাচ্যে কর্ম্মপদ 'রুক্খং' প্রথমায় 'রুক্খো' হইয়া উহাই 'ছিন্দতে' ক্রিয়ার কর্ত্তা হইল।

**ভূবাদি চ রুধাদী চ দিবাদি স্বাদযো গণা,**
**কিযাদী চ তনাদী চ চুরাদি চিধ সত্তধা।**

পালিতে ধাতু সকল সপ্ত শ্রেণীতে বিভক্ত, যথা— ভূবাদি, রুধাদি, দিবাদি, স্বাদি, ক্রিয়াদি, তনাদি ও চুরাদি। এই এক এক শ্রেণীর নাম গণ। সংস্কৃত অদাদি, জুহোত্যাদি ও তুদাদি গণীয় ধাতু পালিতে ভূবাদি গণেরই অন্তর্ভূক্ত।

## (১) ভুবাদি

### সাধারণ নিয়ম (General Rules)

**১। ভুবাদিতো অ।**

বত্তমানা, পঞ্চমী, সত্তমী ও হীযত্তনী বিভক্তি পরে থাকিলে কর্ত্তৃবাচ্যে ভুবাদি গণীয় ধাতুর উত্তর অ প্রত্যয় হয়। যথা—ভবতি, ভবতু ইত্যাদি।

**২। উ-অব-সরে।**

স্বরবর্ণ পরে থাকিলে ধাতুর অন্ত্যস্বর উকারের স্থানে অব আদেশ হয়। যথা— ভবতি, ভবন্তি ইত্যাদি।

**৩। অকারো দীঘং হি-মি-মেসু।**

হি, মি ও ম বিভক্তি পরে থাকিলে পূর্ব্বের অকার দীর্ঘ হয়। যথা—ভবামি, ভবাম ইত্যাদি।

**৪। গমিস্সন্তো চ্ছো বা সব্বাসু।**

বিভক্তি সমূহ পরে থাকিলে গম্ ধাতুর অন্ত্য মকারের স্থানে বিকল্পে চ্ছ আদেশ হয়, এবং বত্তমানার প্রথম পুরুষের বহুবচনে রে আদেশ হয়। যথা— পুরিসো গামং গচ্ছতি, তে গচ্ছন্তি গচ্ছরে বা, ত্বং গচ্ছসি, তুম্হে গচ্ছথ, অহং গচ্ছামি, মযং গচ্ছাম ইত্যাদি।

**৫। গমিস্স ঘম্মং।**

বিভক্তি সমূহ পরে থাকিলে গম্ ধাতুর স্থানে বিকল্পে ঘম্ম আদেশ হয়। যথা— গচ্ছতি ঘম্মতি বা ইত্যাদি।

**৬। পুব্বরূপঞ্চ।**

কবর্গান্ত, টবর্গান্ত, পবর্গান্ত, যকারান্ত, লকারান্ত ও সকারান্ত ধাতুর পর য প্রত্যয় পূর্ব্বরূপ প্রাপ্ত হয় (অর্থাৎ য প্রত্যয়ের স্থানে বিকল্পে কবর্গাদি ধাতুর অন্ত্য অক্ষর আদেশ হয়)। যথা—গম্মতে, গমীযতে, গম্মসে, গমীযসে, গমীয়ে, গমীযাম্হে।

**৭। ইসুযমানমন্তো চ্ছো বা।**

বিভক্তি সমূহ পরে থাকিলে ইস্, আস ও গম্ ধাতুর অন্তে বিকল্পে চ্ছ আদেশ হয়। যথা—ইচ্ছতি ইচ্ছন্তি, এসতি এসন্তি, গচ্ছতি গচ্ছন্তি ইত্যাদি।

**৮। জর-মরাণং জীর-জীয্য-মীয্যা।**

জর ধাতুর স্থানে জীর ও জীয্য এবং মর ধাতুর স্থানে মীয্য বিকল্পে আদেশ হয়। যথা—জীরতি জীরন্তি, জীয্যতি জীয্যন্তি, জীযতি জীযন্তি বা, মীয্যতি মীয্যন্তি, মীযতি, মীযন্তি, মরতি মরন্তি বা ইত্যাদি।

**৯। দিসস্স পস্স-দিস্স-দক্খা।**

বিভক্তি সমূহ পরে থাকিলে কর্ত্তৃবাচ্যে দিস্ ধাতুর স্থানে বিকল্পে পস্স, দিস্স ও দক্খ আদেশ হয়। যথা—পস্সতি পস্সন্তি, দিস্সতি দিস্সন্তি, দক্খতি দক্খন্তি ইত্যাদি। সর্ব্বধাতুক বিভক্তি পরে থাকিলেও কর্ম্মবাচ্যে দিস্ ধাতুর স্থানে দিস্স আদেশ হয়। যথা—দিস্সতে, দিস্সন্তে ইত্যাদি।

**১০। বদস্স বজ্জং।**

বিভক্তি সমূহ পরে থাকিলে বদ্ ধাতুর স্থানে বজ্জ আদেশ হয়। যথা— বদতি বজ্জতি বা ইত্যাদি।

**১১। ঠা তিট্ঠো।**

বিভক্তি সমূহ পরে থাকিলে ঠা ধাতুর স্থানে তিট্ঠ আদেশ হয়। যথা— তিট্ঠতি তিট্ঠন্তি ইত্যাদি।

**১২। পা পিবো।**

বিভক্তি সমূহ পরে থাকিলে পা ধাতুর স্থানে বিকল্পে পিব আদেশ হয়। যথা—পাতি পিবতি বা ইত্যাদি।

**১৩। হুস্স জো।**

হু ধাতুর হকার স্থানে জকার আদেশ হয়। যথা— জুহোতি, জুহ্বতি বা ইত্যাদি।

**১৪। দাস দজ্জং বা।**

বিভক্তি সমূহ পরে থাকিলে দা ধাতুর স্থানে বিকল্পে দজ্জ আদেশ হয়। যথা— দেতি দজ্জতি, দেন্তি দজ্জন্তি বা ইত্যাদি।

**১৫। সদস্স সীদত্তং।**

বিভক্তি সমূহ পরে থাকিলে সদ্ ধাতুর স্থানে সীদ আদেশ হয়। যথা— নিসীদতি নিসীদন্তি ইত্যাদি।

**১৬। লভস্মা ঈ-ইন্নংথত্তং।**

লভ ধাতুর উত্তর ঈ ও ইং বিভক্তি হইলে উহাদের স্থানে বিকল্পে থ ও থং আদেশ হয়। যথা— লভি লভিং, লভিত্থ লভিত্থং বা!

**১৭। বচস্সজ্জতনিম্হি মকারো ও।**

অজ্জতনী বিভক্তি পরে থাকিলে বচ্ ধাতুর অকারের স্থানে ওকার আদেশ হয়। যথা— অবোচ, অবোচুং ইত্যাদি।

**১৮। কুসস্মাদীচ্ছি।**

কুস্ ধাতুর উত্তর ঈ বিভক্তির স্থানে বিকল্পে চ্ছি আদেশ হয় এবং ধাতুর অন্ত্যস্বরের লোপ হয়। যথা— অক্কোসি অক্কোচ্ছি বা।

**১৯ লোপঞ্চেত্তমকারো।**

ভূ ইত্যাদি ধাতুর উত্তর অ-প্রত্যয়ের স্থানে বিকল্পে একার আদেশ হয়। যথা— বদতি, বদেতি, বজ্জেতি বা ইত্যাদি।

**২০। অসব্বধাতুকে ভুব।**

অসর্ব্বধাতুক সংজ্ঞাপ্রাপ্ত পরোক্খা, অজ্জতনী, ভবিস্সন্তী ও কালাতিপত্তি বিভক্তি সমূহ পরে থাকিলে অস্ ধাতুর স্থানে বিকল্পে ভূব আদেশ হয়। যথা— ভবিস্সতি, ভবিস্সন্তি, অভবিস্স, অভবিস্সংসু, আসুং।

**২১। ব্রূতো ঈ তিম্হি।**

তি বিভক্তি পরে থাকিলে ব্রূ ধাতুর অন্তে ক্বচিৎ ঈকার-আগম হয়। যথা— ব্রূবীতি, ব্রূতি বা ইত্যাদি।

**২২। বধো বা সব্বত্থ।**

বিভক্তি ও প্রত্যয় পরে থাকিলে হন্ ধাতুর স্থানে বিকল্পে সর্ব্বত্র বধ আদেশ হয়। যথা— হনতি বধেতি বা, হনীযতি বধীযতি বা ইত্যাদি।

## ২৩। দান্তস্সং মি-মেস্বু।

মি ও ম বিভক্তি পরে থাকিলে দা ধাতুর অন্ত্যস্বরের স্থানে বিকল্পে অং আদেশ হয়। যথা— দেমি দেম, দদামি দদাম, দাম্মি দম্ম বা।

পরস্সপদ (পরস্মৈপদ) ও অত্তনোপদ (আত্মনেপদ) এই দুই প্রকারে ধাতু সমূহের প্রয়োগ আছে।

আত্মনেপদে ধাতুর গণভেদে রূপভেদ হয় না। পরস্মৈপদে বত্তমানা, পঞ্চমী, সত্তমী, অজ্জতনী ও ভবিস্সন্তী এই চারি বিভক্তিতে গণভেদে ধাতুর রূপভেদ আছে। তদ্ভিন্ন অন্যান্য বিভক্তিতে গণভেদে রূপভেদ নাই। এই নিমিত্ত ভুবাদি গণীয় ভূ ধাতুর রূপ সকল বিভক্তিতে পৃথক্ আলোচনা করিয়া অপরাপর ধাতুর রূপ কেবল পরস্মৈপদে উপরি উক্ত বিভক্তি সমূহে প্রদর্শিত হইল।

### √ভূ (হওয়া, To be)

পরস্সপদ (কত্তরি)

**বত্তমানা**

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | ভবতি | ভবসি | ভবামি |
| বহুবচন | ভবন্তি | ভবথ | ভবাম |

**পঞ্চমী**

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | ভবতু | ভব, ভবাহি | ভবামি |
| বহুবচন | ভবন্তু | ভবথ | ভবাম |

**সত্তমী**

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভবে, ভবেয্য | ভবেয্যাসি | ভবেয্যামি |
| বহুবচন | ভবেয্যুং | ভবেয্যাথ | ভবেয্যাম |

**পরোক্খা**

| | | | |
|---|---|---|---|
| একবচন | ৰভূৰ | ৰভূবে | ৰভূৰ |
| বহুবচন | ৰভূবু | ৰভূবিত্থ | ৰভূবিম্হ |

**হীযত্তনী**

| | | | |
|---|---|---|---|
| একবচন | অভবা | অভবো | অভবং, অভব |
| বহুবচন | অভবূ | অভবত্থ | অভবম্হা |

**অজ্জতনী**

| | | | |
|---|---|---|---|
| একবচন | অভবি, ভবি<br>অভবী, ভবী | অভবো, ভবো<br>অভবি, ভবি | অভবিং<br>ভবিং |
| বহুবচন | অভবুং, ভবুং<br>অভবিংসু, ভবিংসু | অভবিত্থ<br>ভবিত্থ | অভবিম্হ<br>অভবিম্হা |

**ভবিস্সন্তী**

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভবিস্সতি | ভবিস্সসি | ভবিস্সামি |
| বহুবচন | ভবিস্সন্তি | ভবিস্সথ | ভবিস্সাম |

## কালাতিপত্তি

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | অভবিস্স<br>ভবিস্সা | অভবিস্সে<br>ভবিস্সে | অভবিস্সং<br>ভবিস্সং |
| বহুবচন | অভবিস্সংসু,<br>ভবিস্সংসু | অভবিস্সথ<br>ভবিত্থ | অভবিস্সম্হ<br>অভবিস্সম্হা |

অত্তনোপদ ( কত্তরি )

## বত্তমানা

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | ভবতে | ভবসে | ভবে |
| বহুবচন | ভবন্তে | ভবব্হে | ভবাম্হে |

## পঞ্চমী

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভবতং | ভবস্সু | ভবে |
| বহুবচন | ভবন্তং | ভবব্হো | ভবামসে |

## সত্তমী

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভবেথ | ভবেথো | ভবেয্যং |
| বহুবচন | ভবেরং | ভবেয্যাব্হো | ভবেয্যাম্হে |

## পরোক্খা

| | | | |
|---|---|---|---|
| একবচন | ৰভূবিত্থ | ৰভূবিত্থো | ৰভূবি |
| বহুবচন | ৰভূবিরে | ৰভূবিব্হো | ৰভূবিম্হে |

### হীযত্তনী

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | অভবত্থ | অভবসে | অভবিং |
| বহুবচন | অভবত্থুং | অভবব্হং | অভবাম্হসে |

### অজ্জতনী

| | | | |
|---|---|---|---|
| একবচন | অভবা | অভবসে | অভবং |
| বহুবচন | অভবূ | অভববিহং | অভবিম্হে |

### ভবিস্সন্তী

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভবিস্সতে | ভবিস্সসে | ভবিস্সং |
| বহুবচন | ভবিস্সন্তে | ভবিস্সবেহ | ভবিস্সামেহ |

### কালাতিপত্তি

| | | | |
|---|---|---|---|
| একবচন | অভবিস্সথ | অভবিস্সস্সে | অভবিস্সং |
| বহুবচন | অভবিস্সিংসু | অভবিস্সবেহ | অভবিস্সামহসে |

## পরস্সপদ ( কম্মনি )

### বত্তমানা

| | | | |
|---|---|---|---|
| একবচন | অনুভূযতি | অনুভূযসি | অনুভূযামি |
| বহুবচন | অনুভূযন্তি | অনুভূযথ | অনুভূযাম |

### পঞ্চমী

| | | | |
|---|---|---|---|
| একবচন | অনুভূযতু | অনুভূয | অনুভূযামি |
| বহুবচন | অনুভূযন্তু | অনুভূযথ | অনুভূযাম |

## সত্তমী

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | অনুভূযে<br>অনুভূযেয্য | অনুভূযেয্যাসি | অনুভূযেয্যামি |
| বহুবচন | অনুভূযেয্যুং | অনুভূযেয্যাথ | অনুভূযেয্যাম |

## পরোক্খা

| | | | |
|---|---|---|---|
| একবচন | অনুবভূব | অনুবভূবে | অনুবভূব |
| বহুবচন | অনুবভূবু | অনুবভূবিত্থ | অনুবভূবিম্হ |

## হীযত্তনী

| | | | |
|---|---|---|---|
| একবচন | অন্বভূযা<br>অনুভূযা | অন্বভূযো<br>অনুভূযো | অন্বভূযং<br>অনুভূযং |
| বহুবচন | অন্বভূযু<br>অনুভূযু | অন্বভূযত্থ<br>অনুভূযত্থ | অন্বভূযম্হ<br>অনুভূযম্হ |

## অজ্জতনী

| | | | |
|---|---|---|---|
| একবচন | অন্বভূযী<br>অনুভূযী | অন্বভূযি<br>অনুভূযি | অন্বভূযিং<br>অনুভূযিং |
| বহুবচন | অন্বভূযীংসু<br>অনুভূযুং | অন্বভূযিত্থ<br>অনুভূযিত্থ | অন্বভূযিম্হ<br>অনুভূযিম্হ |

### ভবিস্সন্তী

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | অনুভবিস্সতি | অনুভবিস্সসি | অনুভবিস্সামি |
| বহুবচন | অনুভবিস্সন্তি | অনুভবিস্সথ | অনুভবিস্সাম |

### কালাতিপত্তি

| | | | |
|---|---|---|---|
| একবচন | অন্বভবিস্সা | অন্বভবিস্সসে | অন্বভবিস্সং |
| বহুবচন | অন্বভবিস্সিংসু | অন্বভবিস্সব্হে | অন্বভবি-স্সামহসে |

### অত্তনোপদ ( কম্মনি )

উপসর্গ যোগে অকর্ম্মক ভূ ধাতু সকর্ম্মক হয়। যথা ঃ—

### বত্তমানা

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | অনুভূযতে | অনুভূযসে | অনুভূযে |
| বহুবচন | অনুভূযন্তে | অনুভূযব্হে | অনুভূযাম্হে |

### পঞ্চমী

| | | | |
|---|---|---|---|
| একবচন | অনুভূযতং | অনুভূযস্সু | অনুভূযে |
| বহুবচন | অনুভূযন্তং | অনুভূযব্হো | অনুভূযামসে |

### সত্তমী

| | | | |
|---|---|---|---|
| একবচন | অনুভূযেথ | অনুভূযেথো | অনুভূযেয্যং |
| বহুবচন | অনুভূযেরং | অনুভূযেয্যব্হো | অনুভূযে-য্যাম্হে |

### হীযত্তনী

| | পঠমপুরিসো | মজ্ঝিমপুরিসো | উত্তমপুরিসো |
|---|---|---|---|
| একবচন | অনুভূযত্থ | অনুভূযসে | অনুভূযিং |
| বহুবচন | অনুভূযত্থুং | অনুভূযব্হং | অনুভূযিম্হসে |

### অজ্জতনী

| | | | |
|---|---|---|---|
| একবচন | অনুভবিত্থ<br>অনুভূযিত্থ | অনুভূযিসে<br>অনুভবিসে | অনুভূযং<br>অনুভবং |
| বহুবচন | অন্বভূযু<br>অনুভূযু | অন্বভূযিব্হং<br>অনুভূযিব্হং | অনুভূযিম্হে<br>অন্বভবিম্হে |

### ভবিস্সন্তী

| | | | |
|---|---|---|---|
| একবচন | অনুভবিস্সতে | অনুভবিস্সসে | অনুভবিস্সং |
| বহুবচন | অনুভবিস্সন্তে | অনুভবিস্সবেহ | অনুভবি-স্সাম্হে |

### পরস্সপদ ও অত্তনোপদ ( ভাবে )

**বত্তমানা** —ভূযতি, ভূযতে ইত্যাদি।

**পঞ্চমী** —ভূযতু, ভূযতং ইত্যাদি।

**সত্তমী** —ভূযে, ভূযেয্য, ভূযেথ ইত্যাদি।

**পরোক্খা** —ভূয, বভূয, ভূবিত্থ, বভূবীযিত্থ, বভূবিত্থ ইত্যাদি।

**হীযত্তনী** —অভূযত্থ, ভূযত্থ, অভূযা, ভূযা ইত্যাদি।

**অজ্জতনী** —অভূযী, ভূযী, অভবিত্থ, অভূযা, ভূযা ইত্যাদি।

## দ, ধ, ইর

রঞ্জ, উদি ইত্যাদি ধাতুর উত্তর ধ, দ, ইদ্দ, ক ও ইর প্রত্যয় হয়। ক্বচিৎ ধাতুর অন্ত্য অক্ষরের লোপ হয়। যথা— √রঞ্জ+ধ—রন্ধং, সং—√উদি+দ—সমুদ্দো, √কুধ+দ—কুদ্ধো, √ছিদি+দ–ছিদ্দো, √দল্+ইদ্দ—দলিদ্দো, √বজ+ইর–বজিরং।

## হেরণ্, হীরণ্

পটি পূর্ব্বক হি ধাতুর স্থানে হেরণ্ ও হীরণ্ আদেশ হয়। যথা— পটি—√হি+হেরণ্—পটিহেরং, পটি—√হি+হীরণ্—পাটিহীরং।

## ক

কডি ইত্যাদি ধাতুর উত্তর ক প্রত্যয় হয়। যথা— √কডি+ক—কণ্ডো, √ঘটি+ক—ঘণ্টো, √করডি+ক—করণ্ডো, √মডি+ক—মণ্ডো, √সতি+ক—সণ্ডো, √ভডি+ক—ভণ্ডো, √পডি+ক—পণ্ডো, √দডি+ক—দণ্ডো, √চডি+ক—চণ্ডো, গডি+ক—গণ্ডো, √অডি+ক—অণ্ডো, √মেডি+ক—মেণ্ডো (মেণ্ডকো বা), √এরডি+ক—এরণ্ডো, √খডি+ক—খণ্ডো, √মদি+ক— মন্দো, √ইদি+ক—ইন্দো, √চদি+ক—চন্দো। √সুস+ক–সুক্কং, √বচ+ক—বক্কং, √সক+ক—সক্কো, √উস্‌+ক—উক্কো।

**খন্ধ, অন্ধ, গন্ধ**

খাদ, অম, গম্ ধাতুর উত্তর ক প্রত্যয় হইলে উহাদের স্থানে যথাক্রমে খন্ধ, অন্ধ ও গন্ধ আদেশ হয়। যথা—√খাদ+ক—খন্ধো, √অস+ক—অন্ধো, √গম্+ক—গন্ধো (গন্ধকো বা)।

**অলং**

পট ইত্যাদি ধাতু ও প্রাতিপদিকের উত্তর অলং প্রত্যয় হয়। যথা— √পট+অলং—পটলং, √কুস+অলং—কুসলং, কদ+অলং—কদলং, ভগন্দ+অলং—ভগন্দলং, √মেখ+অলং—মেখলং (মেখলা বা), চক্ক+অলং—চক্কলং, তক্ক+অলং—তক্কলং, √পল্ল+অলং—পল্ললং, √সদ্দু+অলং—সদ্দুলং, মূল+অলং—মূলালং, √বিল+অলং—বিলালং, √বিদ+অলং—বিদালং, √বস+ অলং—বসলো, পঞ্চ+অলং—পঞ্চালো, ৰহু+অলং—ৰহুলো, মগি+অলং—মঙ্গলং, কবি+অলং—কম্বলং, √মডি+অলং— মণ্ডুলং, √চডি+অলং—চণ্ডালং, √কডি+অলং—কুণ্ডলং ইত্যাদি।

**অম্**

পুথ ধাতুর উত্তর বিকল্পে **অম** প্রত্যয় হইলে উহার স্থানে পুথ ও পথ আদেশ হয়। যথা—√পুথ+ঈ—পুথবী (পঠবী), √পুথ+অম—(পথমো) পঠমো।

## তু, ন্তু

সস্থু ইত্যাদি ধাতুর উত্তর তু ও ন্তু প্রত্যয় হয়। যথা—√সস্থু+তু—সত্তু, √জন+তু—জন্তু, √দদ+ন্তু—দদ্দু, √মদ+ন্তু—মদ্দু ইত্যাদি।

## ঈবর

চি, পা ইত্যাদি ধাতুর উত্তর ঈবর প্রত্যয় হয়। যথা—√চি+ঈবর—চীবর, √প+ঈবরো—পীবরো (পীনো), √ধা+ঈবরো—ধীবরো (কেবট্টো) ইত্যাদি।

## ই

মূন ইত্যাদি ধাতুর উত্তর ই প্রত্যয় হয়। কোন কোন স্থলে প্রাতিপদিকের উত্তরও ই প্রত্যয় হয়। যথা—√মুন+ই—মুনি, যত+ই—যতি ইত্যাদি।

## ঊর

বিদ্ ইত্যাদি ধাতুর উত্তর ঊর প্রত্যয় হয়। যথা—√বিদ্+ঊর—বিদূরো, √বল্ল+ঊর—বল্লূরো, √মস্+উর—মসূরো, √সিদ্+ঊর—সিন্দূরো, √দূ+ঊর—দূরো, √কু+ঊর—কূরো, √কপু+ঊর—কপূরো, √ময+ঊর—ময়ূরো ইত্যাদি।

## ণ, ণূ, ভু

হন্ ইত্যাদি ধাতুর উত্তর ণ, ণু ও তু প্রত্যয় হয়। যথা—√হন+ণু—হনু, √জন+ণু—জানু, √ভা+ণু—ভানু, √রি+

ণু—রেণু, √খন+ণু—খাণু, √অন+ণু—অণু, √বে+ণু—বেনু, √ধা+ণু—ধেনু, √ধা+তু—ধাতু, √সি+তু—সেতু, √কী+তু—কেতু, √হি+তু-হেতু, √জন+তু—জন্তু, √তন+তু—তন্তু, √বস+তু—বত্থু ইত্যাদি।

## ঠ

কুট ইত্যাদি ধাতুর উত্তর ঠ প্রত্যয় হয়। যথা—√কুট+ঠ—কুট্ঠো, √কুস+ঠ—কোট্ঠো, √কট+ঠ—কট্ঠং, √কন+ঠ—কট্ঠো ইত্যাদি।

## উস্স, ণুস, ইস

মনু, পূর, স্থুন ইত্যাদি ধাতুর ও প্রাতিপদিকের উত্তর উস্স, ণুস ও ইস প্রত্যয় হয়। যথা— মনু+উস্স—মনুস্সো, √মনু+ণুস—মানুসো, √পুর+ইস—পোরিস (পুরিসো বা), √স্থুণ+ইস—স্থুণিসো, √কু+ইস—করীসং, √স্থু+ইস—স্থুরিযো, √মহ+ইস—মহিসো ইত্যাদি।

## কার

অক্ষরবাচক শব্দের উত্তর কার প্রত্যয় হয়। যথা—অ+কার—অকারো, এইরূপ আকারো, ওকারো ককারো, পকারো, হকারো, লকারো, ধিকারো ইত্যাদি।

# তদ্ধিত-প্রকরণ

অর্থ ভেদে শব্দের উত্তর ণ, ণাযন, ণান প্রভৃতি যে সকল প্রত্যয় হয়, তাহাদের নাম তদ্ধিত। তদ্ধিত প্রত্যয় অনেক; তন্মধ্যে মাত্র কতেকগুলি সংক্ষেপে উল্লেখ করা হইল।

## ণ

অপত্যার্থে ষষ্ঠী বিভক্ত্যন্ত শব্দের উত্তর বিকল্পে ণ প্রত্যয় হয়। যথা— বসিট্ঠস্স অপচ্চং (বসিট্ঠ+ণ)—বাসিট্ঠো, বসিট্ঠাপচ্চং বা।

## ণাযন, ণান

অপত্যার্থে বচ্ছ ইত্যাদি শব্দের উত্তর ণাযন ও ণান প্রত্যয় হয়। যথা— বচ্ছস্স অপচ্চং (বচ্ছ+ণাযন)—বচ্ছাযনো, (বচ্ছ+ণান)—বচ্ছানো, কচ্চস্স অপচ্চং (কচ্চ+ণাযন)—কচ্চাযনো, (কচ্চ+ণান)—কচ্চানো।

## ণেয্য

অপত্যার্থে কত্তিকা ইত্যাদি স্ত্রীলিঙ্গ শব্দের উত্তর ণেয্য প্রত্যয় হয়। যথা— কত্তিকায অপচ্চং (কত্তিকা+ণেয্য)—কত্তিকেয্যো, বিনতায অপচ্চং (বিনতা+ণেয্য)—বেনতেয্যো, বিনতেয্যো বা।

'তাহাকে দেওয়া হয়' এই অর্থেও ণেয্য প্রত্যয় হয়। যথা— দক্খিণা দীযতে যস্স সো (দক্খিণা+ণেয্য) দক্খিণেয্যো।

## ণ্য, ণি, ণিক

অপত্যার্থে অকারান্ত শব্দের উত্তর ণ্য, ণি ও ণিক প্রত্যয় হয়। যথা— দক্খস্স অপচ্চং (দক্খ+ণি)—দক্খি (দক্খী, দক্খযো বা), সক্যপুত্তস্স পুত্তো (সক্যপুত্ত+ণিক)— সক-পুত্তিকো (ককার স্থানে যকার আদেশ হইলে সক্য-পুত্তিযো পদও হয়), মণ্ডস্স পুত্তো (মণ্ড+ণ্য)—মণ্ডব্যো, ভাতুনো পুত্তো (ভাতু+ণ্য)—ভাতুব্যো ইত্যাদি।

## ণব

অপত্যার্থে উপগু, মনু ইত্যাদি উকারান্ত শব্দের উত্তর ণব প্রত্যয় হয়। যথা—উপগুনো অপচ্চং (উপগু+ণব)— ওপগবো, পণ্ডুনো অপচ্চং (পণ্ডু+ণব)—পণ্ডবো, উপবিন্দুস্স অপচ্চং (উপবিন্দু+ণব)—ওপবিন্দবো।

## ণের

অপত্যার্থে বিধবা ইত্যাদির শব্দের উত্তর ণের প্রত্যয় হয়। বিধবায অপচ্চং (বিধবা+ণের) বেধবেরো, সমণস্স পুত্তো (সমণ+ণের)—সামণেরো, নলিকস্স পুত্তো (নালিক+ণের) নালিকেরো ইত্যাদি।

১৭

### ণিক

সংশ্লিষ্ট ( মিশ্রিত ) হওয়া, পার হওয়া, বিচরণ করা ও বহন করা ইত্যাদি অর্থে করণবাচক শব্দের উত্তর ণিক প্রত্যয় হয়। যথা— ঘতেন সংসট্ঠো ( ঘত+ণিক )—ঘাতিকো, তেলেন সংসট্ঠং ( তেল+ণিক )—তেলিকং, নাবায তরতি ( নাবা+ণিক )—নাবিকো, উলুম্পেন তরতি ( উলুম্প+ণিক)—ওলুম্পিকো (উলুম্পিকো বা), সকটেন চরতি ( সকট+ণিক )—সাকটিকো, পাদেন চরতি ( পাদ+ণিক )—পাদিকো, দণ্ডেন চরতি ( দণ্ড+ণিক )—দণ্ডিকো, ধম্মেন চরতি (ধম্ম+ণিক)—ধম্মিকো, সীসেন বহতি (সীস+ণিক )—সীসিকো ইত্যাদি।

অন্য অর্থেও হয়। যথা— পথং গচ্ছতী'তি (পথ+ণিক)—পথিকো।

### এয্যক, ণক

জাত, স্থিত ইত্যাদি অর্থে স্ত্রীলিঙ্গ শব্দের উত্তর এয্যক ও ণক প্রত্যয় হয়। যথা—চম্পাযং জাতো (চম্পা+এয্যক)—চম্পেয্যকো, ৰারাণসিযং জাতো (ৰারাণসি+এয্যক)—ৰারাণসেয্যকো, কুসিনারাযং বসতী'তি (কুসিনারা+ণক)—কোসিনারকো।

### ণিক

অধ্যয়ন করা, জানা, করা, নিযুক্ত করা ইত্যাদি অর্থে, এবং সমীপ, শিল্প, ভাণ্ড ( বস্তু ) ও জীবিকা অর্থে কর্ম্মবাচক

শব্দের উত্তর বিকল্পে ণিক প্রত্যয় হয়। যথা— বিনযং অধীতে ( বিনয+ণিক )— বেনযিকো, সুত্তন্তং অধীতে (সুত্তন্ত+ণিক)–সুত্তন্তিকো, অভিধম্মং অধীতে ( অভিধম্ম+ণিক)—অভিধম্মিকো (আভিধম্মিকো বা), ব্যাকরণং অধীতে (ব্যাকরণ+ণিক)—বেয্যাকরণিকো ইত্যাদি।

কৃতি, সন্নিধান, নিয়োগ ইত্যাদি অর্থেও ণিক হয়। যথা— কাযেন কতো ( কায+ণিক )— কাযিকো, সরীরে সন্নিধানা ( সরীর+ণিক )—সারীরিকো, দ্বারে নিযুত্তো ( দ্বার+ণিক ) —দোবারিকো, নবকম্মে নিযুতো (নবকম্ম+ণিক)—নবকম্মিকো, বীণা অস্স সিপ্পন্তি (বীণা+ণিক)—বেণিকো, গন্ধো অস্স ভণ্ডন্তি (গন্ধ+ণিক)— গন্ধিকো, উরব্ভং হন্ত্বা জীবতী'তি ( উরব্ভ+ণিক )—উরব্ভো,অস্স জীবিকা বা—ওরব্ভিকো।

তদ্দারা হত, বদ্ধ, ক্রীত, তাহার ক্রীড়া, তাহার অস্ত্র, তাহাতে প্রসন্ন, তাহার সম্পত্তি, ইহার পরিমাণ, ইহার রাশি, ইহাই যোগ্য, তাহার শীল, তথায় উৎপন্ন, তথায় বাস করে, ইহার অধিপতি, তাহার জন্য অনুষ্ঠিত, তথা হইতে আগত, তাহা হইতে সম্ভূত, ইহার প্রয়োজন ইত্যাদি অর্থেও ণিক প্রত্যয় হয়। যথা— জালেন হতো হন্তী'তি বা ( জাল+ণিক )—জালিকো, সুত্তেন বদ্ধো ( সুত্ত+ণিক )—সুত্তিকো, অক্খেন দিব্বতি (অক্খ+ণিক)— অক্খিকো, বুদ্ধে পসন্নো ( বুদ্ধ+ণিক)—বুদ্ধিকো, কুম্ভো অস্স পরিমাণন্তি ( কুম্ভ+ণিক )—কুম্ভিকং, কুম্ভস্স রাসি

( কুম্ভ + ণিক )—কুম্ভিকো, কুম্ভং অরহতি— (কুম্ভ + ণিক) কুম্ভিকো, সন্দিট্ঠং অরহতি ( সন্দিট্ঠ + ণিক )—সন্দি ট্ঠিকো, পংসুকূলং সীলং অস্সা'তি ( পংসুকূল + ণিক )—পংসুকূলিকো, একাসনে ভোজনসীলো ( একাসন + ণিক)—একাসনিকো, রুক্খমূলে বসনসীলো ( রুক্খমূল + ণিক )— রুক্খমূলিকো, অপাযে জাতো ( অপায + ণিক )—অপাযিকো, মগধেসু জাতো, বসতী'তি বা (মগধ + ণিক)—মাগধিকো, সাবত্থিযং জাতো, বসতী'তি বা (সাবত্থি + ণিক) সাবত্থিকো, লোকে বিদিতো ( লোক + ণিক )—লোকিকো, মাতিতো আগতং ( মাতু + ণিক )—মত্তিকং, পিতিতো আগতং (পিতা + ণিক )—পেত্তিকং, মাতিতো সম্ভূতং (মাতু + ণিক)—মত্তিকং, ওপধিস্স পযোজনং (ওপধি + ণিক)—ওপধিকং।

স্বকীয় অর্থেও ণিক প্রত্যয় হয়। যথা— অসংখারো যেব ( অসংখার + ণিক )—অসংখারিকং, নামমেব ( নাম + ণিক ) নামিকং।

### ণ, ণেয্য

'তদ্বারা ইহা রঞ্জিত' এই অর্থে রঞ্জনার্থবাচক শব্দের উত্তর এবং 'ইহা তাহার' ইত্যাদি অর্থে সম্বন্ধবাচক শব্দের উত্তর ণ ও ণেয্য প্রত্যয় হয়। অন্যান্য অর্থেও ণ প্রত্যয় হইয়া থাকে। যথা— কসাবেন রত্তং ( কসাব + ণ )— কাসাবং, কুসুম্ভ + ণ—কোসুম্ভং, হলিদ্দ + ণ—হালিদ্দং, কসায + ণ— কাসাযং, নীল + ণ—নীলং, মহিসস্স ইদং ( মহিস + ণ )—

মাহিসং, সূকর+ণ—সূকরং, কচ্চায়ন+ণ— কচ্চায়নং, সুগত + ণ— সোগতং, ইসিস্স ইদং (ইসি+ণ)– আরিস্সং, উসভস্স ইদং (উসভ+ণ)–আসভং, বিদিসায অবিদূরে ভবতি (বিদিস+ণ)--বেদিসো, উদুম্বর+ণ— ওদুম্বরং, মনসি ভাবং (মন+ণ)—মানসং, সার+ণ—সারসো, উর+ ণ—ওরসো, মিত্ত+ণ—মেত্তা (মেত্তি বা), পুর+ণ — পোরী, সরদে জাতো (সরদ+ণ)—সারদো, সিসির+ণ— সিসিরো, হেমন্ত+ণ — হেমন্তো, বসন্ত+ণ — বসন্তো, মধুরাযং জাতো (মধুর+ণ)—মাধুরো, মধুরায আগতো (মধুর+ণ)—মাধুরো, মধুরা অস্স নিবাসো (মধুর+ণ)– মাধুরো, মধুরায ইস্সরো (মধুর+ণ)—মাধুরো (মাধুরকো বা), রাজগহস্স ইস্সরো (রাজগহ+ণ)—রাজগহো (রাজগাহকো বা), কত্তিকায পুণ্ণচন্দযুত্তায যুত্তো মাসো (কত্তিক+ণ)— কত্তিকো, মাগসির+ণ — মাগসিরো, উদুম্বরা অস্মিং পদেসে সন্তী'তি (উদুম্বর+ণ)—ওদুম্বরো, সহস্সেন নিব্বত্তা (সহস্স+ণ+ঈ)—সাহস্সী, অযসো বিকারো (অয+ণ)—আযসো, পুরিসো পরিমাণং অস্সা'তি (পুরিস+ণ)—পোরিসং, সুগতে পসন্নো (সুগত+ণ)— সোগতো, ৰারাণসিযং জাতো, বসতী'তি বা (ৰারাণসী+ ণেয্য)—ৰারাণসেয্যকো, গঙ্গাযং জাতো, বসতী'তি বা (গঙ্গা +ণেয্য)—গাঙ্গেয্যো, সীলায জাতং (সীল+ণেয্য+ক)— সেলেয্যকং, কুলে জাতো (কুল+নেয্য+ক)—কোলেয্যকো,

পথস্স হিতং ( পথ+ণেয্য )—পাথেয্যং, সপতিস্স হিতং (সপতি+ণেয্য)—সাপতেয্যং, মাতু হিতং ( মাতু+ণেয্য)—মত্তেয্যং, দক্খিণ: অরহতী'তি (দক্খিণ+ণেয্য)—দক্খিণেয্যো।

## ইম, ইয, ইক

জাত ইত্যাদি অর্থে শব্দের উত্তর বিকল্পে ইম ও ইয প্রত্যয় হয়। যথা— পচ্ছা জাতো ( পচ্ছা+ইম )—পচ্ছিমো, অন্তে জাতো ( অন্ত+ইম )—অন্তিমো, মনুস্সজাতিযা জাতো ( মনুস্সজাতি+ইয )— মনুস্স-জাতিযো।

কখনও কখনও 'তথায় নিযুক্ত', 'ইহা তাহার আছে', 'তথায় উৎপন্ন' ইত্যাদি অর্থেও ইম, ইয ও ইক প্রত্যয় হয়। যথা— অন্তে নিযুত্তো ( অন্ত+ইয )—অন্তিযো, অন্ত+ইক—অন্তিকো, পুত্তো অস্স অত্থি, তস্মিং বিজ্জতী'তি বা ( পুত্ত+ইম )— পুত্তিমো, পুত্ত+ইয— পুত্তিযো, পুত্ত+ইক—পুত্তিকো, কপ্পো অস্স অত্থী'তি (কপ্প+ইয)—কপ্পিযো, জটা অস্স অত্থী'তি ( জটা+ইয )—জটিযো, অত্ত+ইয— অত্তনিযং, জাতিযা নিযুত্তো ( জাতি+ইক )—জাতিক, সস্স অযন্তি ( সক+ইয )—সকিযো।

## য

সাধু, হিত, ভব, জাতি ইত্যাদি অর্থে অধিকরণবাচক শব্দের উত্তর য প্রত্যয় হয়। যথা— কম্মনি সাধু ( কম্মন+য )–কম্মঞ্ঞং, সভাযং সাধু ( সভা+য )—সব্ভং, পাদানং

হিতং (পাদ + য)—পজ্জং, গামে ভবো (গাম + য) – গম্মো, গবে ভবং ( গো + য ) – গব্যং, কবিম্হি ভবং ( কবি + য ) – কব্যং, দিবি ভবা ( দিবি + য )—দিব্য, অরূপে ভবা ( অরূপ + য ) —আরূপ্পা ইত্যাদি।

**কণ্, ণ**

সমূহ অর্থে সম্বন্ধবাচক শব্দের উত্তর কণ্ ও ণ প্রত্যয় হয়। যথা— রাজপুত্তানং সমূহো ( রাজপুত্ত + কণ্ )—রাজপুত্তকো, (রাজপুত্তকং বা), রাজপুত্ত + ণ—রাজপুত্তো, মহিসানং সমূহো ( মহিস + কণ্ )— মাহিসকো, মহিস + ণ—মহিসো, দিন্নং সমূহো ( দ্বি + ণ )—দ্বযং, তি + ণ—তযং ইত্যাদি।

**তা**

সমূহ অর্থে গ্রাম, জন, বন্ধু, সহায ইত্যাদি শব্দের উত্তর তা প্রত্যয় হয়। যথা— গামানং সমূহো ( গাম + তা )— গামতা, জনানং সমূহো ( জন + তা )—জনতা।

স্বকীয় অর্থেও তা প্রত্যয় হয়। যথা— দেবো যেব ( দেব + তা )—দেবতা ইত্যাদি।

**ঈয**

'ইহাই তাহার কারণ' এই অর্থে শব্দের উত্তর ঈয প্রত্যয় হয়। হিতাদি অর্থেও ঈয প্রত্যয় হয়। যথা— মদনস্স ঠানং (মদন + ঈয )—মদনীযো, ৰন্ধনস্স ঠানং (ৰন্ধন + ঈয)— ৰন্ধনীযং, উপাদানং হিতা (উপা – দান + ঈয )—উপাদানীযং।

## আযিতত্ত

উপমার্থে উপমানবাচক শব্দের উত্তর বিকল্পে আযিতত্ত প্রত্যয় হয়। যথা—ধূমো বিয দিস্সতী'তি (ধূম+আযিতত্ত) ধূমাযিতত্তং।

## ল

'তাহা ইহার আশ্রিত' বা 'তাহা ইহার কারণ' এই অর্থে কর্ত্তৃবাচক শব্দের উত্তর বিকল্পে ল প্রত্যয় হয়। তুট্ঠু নিস্সিতং (তুট্ঠু+ল)—তুট্ঠুল্লং, তুট্ঠুট্ঠং বা।

## আলু

'ইহার বহুল' এই অর্থে কর্ত্তৃবাচক শব্দের উত্তর আলু প্রত্যয় হয়। যথা— অভিজ্ঝা ৰহুলো যস্স (অভিজ্ঝা+ আলু)—অভিজ্ঝালু।

## ক

প্রতিভাগ, কুৎসিৎ, সংজ্ঞা ও অনুকম্পাদি অর্থে কর্ত্তৃবাচক শব্দের উত্তর ক প্রত্যয় হয়। যথা— হত্থিনো ইব (হত্থি +ক)—হত্থিকো, কুচ্ছিতো সমণো (সমণ+ক)—সমণকো, কত+ক— কতকো, পুত্ত+ক—পুত্তকো।

## ত্তক, বন্তু

য, ত, এত, কিং প্রভৃতি শব্দের উত্তর পরিমাণার্থে ত্তক ও বন্তু প্রত্যয় হয়। যথা— কিং পরিমাণং অস্সা'তি (কিং+ ত্তক)—কিত্তকং, যং পরিমাণং অস্সা'তি (যং+বন্তু)—যাবা।

## ময

বিকার, ব্যাপ্তি, সংসর্গ, উৎপত্তি ইত্যাদি অর্থে শব্দের উত্তর ময প্রত্যয় হয়। যথা— সুবণ্ণেন পকতং (সুবণ্ণ + ময)— সুবণ্ণমযো, সোবণ্ণমযো বা, গগনে ব্যত্তং (গগন + ময )—গগনমযং, পাপেন সংসট্ঠং (পাপ + ময )—পাপমযং, গোহি নিব্বত্তং ( গো + ময )—গোমযং ইত্যাদি।

## ন্য, ত্ত, তা, ত্তন, নেয্য

ভাবার্থে সম্বন্ধবাচক শব্দের উত্তর বিকল্পে ন্য, ত্ত, তা প্রত্যয় হয়। কোন কোন স্থলে ত্তন, নেয্য ইত্যাদি প্রত্যয়ও হয়। যথা— পণ্ডিতস্স ভাবো ( পণ্ডিত + ন্য )— পণ্ডিচ্চং, ৰহুস্সুতস্স ভাবো ( ৰহুস্সুত + ন্য )—ৰাহুসচ্চং, কুসলস্স ভাবো ( কুসল + ন্য )—কোসল্লং, দুভগস্স ভাবো ( দুভগ + ন্য )—দোভগ্গং, ৰণিজস্স ভাবো ( ৰণিজ + ন্য )— ৰানিজ্জং, পংসুকুলিকস্স ভাবো ( পংসুকুলিক + ত্ত )— পংসুকুলিকত্তং, পংসুকুলিক + তা — পংসুকুলিকতা, পুথুজ্জনস্স ভাবো ( পুথুজ্জন + ত্তন )—পুথুজ্জনত্তং, সুচিস্স ভাবো (সুচি + নেয্য )– সোচেয্য, থেনস্স ভাবো ( থেন + নেয্য )— থেয্য, সঠস্স ভাবো ( সঠ + ন্য )--সাঠেয্যং, যথা ভূতমেৰ ( যথাভূত + ন্য )—যথাভুচ্চং, কাযপাগুঞ্ঞমেব ( কাযপাগুঞ্ঞ + তা )– কাযপাগুঞ্ঞতা ইত্যাদি।

### ণ, ত্ত, তা

ভাবার্থে সম্বন্ধবাচক শব্দের উত্তর বিকল্পে ণ, ত্ত ও তা প্রত্যয় হয়। যথা— পটুনো ভাবো ( পটু + ণ ) – পাটবং, উজুনো ভাবো ( উজু + ণ )— অজ্জবং, উজু + তা— উজুতা, মুদুনো ভাবো (মুদু + ণ)—মদ্দবং, মুদু + তা – মুদুতা ইত্যাদি।

### কণ্

ভাবার্থে রমণীয, মনুঞ্ঞ ইত্যাদি শব্দের উত্তর কণ্ প্রত্যয় হয়। যথা— রমণীযস্স ভাবো ( রমণীয + কণ্ ) – রামণীযকং, এইরূপ মানুঞ্ঞকং ইত্যাদি।

### বিশেষণ প্রত্যয় ( Comparison of Adjectives )

অতিশয়ার্থে বিশেষণবাচক শব্দের উত্তর তর, তম, ইস্সিক, ইয ও ইট্ঠ প্রত্যয় হয়। যথা—

| Positive | Comparative | | Superlative | |
|---|---|---|---|---|
| পাপ | পাপতরো | (পাপ + তর) | পাপতমো | ( পাপ + তম ) |
| ,, | পাপিযো | (পাপ + ইয) | পাপিট্ঠো | ( পাপ + ইট্ঠ ) |
| পটু | পটুতরো | (পটু + তর) | পটুতমো | ( পটু + তম ) |
| ৰহু | ৰহুতর | (ৰহু + তর) | ৰহুতম | ( ৰহু + তম ) |
| পুঞ্ঞো | পুঞ্ঞতর | (পুঞ্ঞ + তর) | পুঞ্ঞতম | ( পুঞ্ঞ + তম ) |
| পিয | পিযতর | (পিয + তর) | পিযতম | ( পিয + তম ) |
| লঘু | লঘীয | (লঘু + ইয) | লঘিট্ঠ | ( লঘু + ইট্ঠ ) |
| গরু | গরিয | (গরু + ইয) | গরিট্ঠ | ( গরু + ইট্ঠ ) |

১। **বুড্ঢস্স জো ইযিট্ঠেসু।**

ইয ও ইট্ঠ প্ৰত্যয় পৰে থাকিলে বুড্ঢ ( বৃদ্ধ ) **শব্দেৰ** স্থানে জকাৰ আদেশ হয়। যথা—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| বুড্ঢ | জেয্যো ( বুড্ঢ+ইয ) | জেট্ঠো ( বুড্ঢ+ইট্ঠ ) |

২। **পসত্থস্স সো।**

ইয ও ইট্ঠ প্ৰত্যয় পৰে থাকিলে পসত্থ শব্দেৰ স্থানে **সকাৰ** ও জকাৰ আদেশ হয়। যথা—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| **পসত্থ** | সেয্যো ( পসত্থ+ইয ) | সেট্ঠো (পসত্থ+ইট্ঠ) |
| ,, | জেয্যো ,, ,, | জেট্ঠো ( ,, ,, ) |

৩। **অন্তিকস্স নেদো।**

ইয ও ইট্ঠ প্ৰত্যয় পৰে থাকিলে অন্তিক **শব্দেৰ** স্থানে নেদ আদেশ হয়। যথা—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| অন্তিক | নেদিযো ( অন্তিক+ইয ) | নেদিট্ঠো ( অন্তিক+ইট্ঠ ) |

৪। **ৰাল্হস্স সাধো।**

ইয ও ইট্ঠ প্ৰত্যয় পৰে থাকিলে ৰাল্হ শব্দেৰ স্থানে **সাধ** আদেশ হয়। যথা—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| ৰাল্হ | সাধিযো (ৰাল্হ+ইয) | সাধিট্ঠো (ৰাল্হ+ইট্ঠ) |

**৫। অপ্পস্স কণ।**

ইয ও ইট্ঠ প্রত্যয় পরে থাকিলে অপ্প শব্দের স্থানে কণ্ আদেশ হয়। যথা—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| অপ্প | কণিযো ( অপ্প+ইয ) | কণিট্ঠো ( অপ্প+ইট্ঠ ) |

**৬। যুবানঞ্চ।**

ইয ও ইট্ঠ প্রত্যয় পরে থাকিলে যুবা শব্দের স্থানেও কণ্ আদেশ হয়। যথা—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| যুবা | কণিযো ( যুবা+ইয ) | কণিট্ঠো ( যুবা+ইট্ঠ ) |

**৭। বন্তু-মন্তু-বীনঞ্চ লোপো।**

ইয ও ইট্ঠ প্রত্যয় পরে থাকিলে বন্তু, মন্তু ও বী প্রত্যয়ের লোপ হয়। যথা—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| গুণবন্তু | গুণিযো (গুণবন্তু+ইয) | গুণিট্ঠো (গুণবন্তু+ইট্ঠ) |
| সতিমন্তু | সতিযো (সতিমন্তু+ইয) | সতিট্ঠো (সতিমন্তু+ইট্ঠ) |
| মেধাবী | মেধিযো (মেধাবী+ইয) | মেধিট্ঠো (মেধাবী+ইট্ঠ) |

**তদস্সত্থী'তি বী চ।**

'তাহা ইহার আছে' এই অর্থে মেধা ও মাযা শব্দের উত্তর বী প্রত্যয় হয়। যথা— মেধা+বী— মেধাবী, মাযা+বী— মাযাবী ইত্যাদি।

**তপাদিতো সী।**

'তাহা ইহার আছে' এই অর্থে তপ ইত্যাদি শব্দের উত্তর সী প্রত্যয় হয়। যথা— তপ + সী— তপস্সী।

**দণ্ডাদিতো ইক-ঈ।**

'তাহা ইহার আছে' এই অর্থে দণ্ড ইত্যাদি অবর্ণান্ত শব্দের উত্তর ইক ও ঈ প্রত্যয় হয়। যথা – দণ্ড + ইক— দণ্ডিকো, দণ্ড + ঈ—দণ্ডী ইত্যাদি।

**মধ্বাদিতো রো।**

'তাহা ইহার আছে' এই অর্থে মধু প্রভৃতি শব্দের উত্তর র প্রত্যয় হয়। যথা— মধু অস্স অত্থি, অস্মিং বা বিজ্জতী'তি ( মধু+র )—মধুরো, কুঞ্জা হনূ এতস্স সন্তী'তি (কুঞ্জ+র)—কুঞ্জরো, মুখমস্স অত্থী'তি ( মুখ + র )—মুখরো, সুসি অস্স অত্থী'তি ( সুসি+র )—সুসিরো।

**গুণাদিতো বন্তু।**

'তাহা ইহার আছে' এই অর্থে গুণ ইত্যাদি শব্দের উত্তর বন্তু প্রত্যয় হয়। যথা— গুণ+বন্তু—গুণবন্তু + সি— গুণবা।

**সত্যাদীহি মন্তু।**

'তাহা ইহার আছে' এই অর্থে সতি ( স্মৃতি ) শব্দের উত্তর বিকল্পে, মন্তু প্রত্যয় হয়। যথা—সতি + মন্তু—সতিমন্তু + সি—সতিমা।

**আযস্স্ কারস্মন্তুম্হি।**

মন্তু প্রত্যয় পরে থাকিলে আযু শব্দের উকার স্থানে অস্ আদেশ হয়। যথা—আযু অস্স অত্থী'তি (আযু+মন্তু)—আযস্মন্তু+সি— আযস্মা, গাবো অস্স সন্তী'তি (গো+মন্তু)—গোমন্তু+সি—গোমো ইত্যাদি।

**সদ্ধাদিতো ণ।**

'তাহা ইহার আছে' এই অর্থে সদ্ধা এবং পঞ্ঞা শব্দের উত্তর বিকল্পে ণ প্রত্যয় হয়। যথা—সদ্ধা অস্স অত্থী'তি ( সদ্ধা+ণ )—সদ্ধো।

**সংখ্যাপূরণে মো।**

সংখ্যা পূরণার্থে শব্দের উত্তর বিকল্পে ম প্রত্যয় হয়। যথা—পঞ্চন্নং পূরণো ( পঞ্চ+ম )—পঞ্চমো, পঞ্চন্নং পূরণী ( পঞ্চ+ম+ঈ )— পঞ্চমী, পঞ্চ+ম+আ—পঞ্চমা।

**চতুচ্ছেহি থ-ঠা।**

সংখ্যা পূরণার্থে সংখ্যাবাচক চতু ও ছ শব্দের উত্তর বিকল্পে থ ও ঠ প্রত্যয় হয়। যথা— চতুন্নং পূরনো (চতু+থ )—চতুত্থো, ছন্নং পূরণো ( ছ+ঠ )—ছট্ঠো ইত্যাদি।

**সো ছস্স বা।**

সংখ্যাবাচক ছ শব্দের স্থানে বিকল্পে সকার আদেশ হয়। যথা— ছাহমস্স জীবিতং—সাহং, ছাহং বা।

**দ্বি-তীহি তিযো।**

সংখ্যা পূরণার্থে দ্বি ও তি শব্দের উত্তর তিয প্রত্যয় হয়। যথা—দ্বিন্নং পূরণো ( দু+তিয )—দুতিযো, তিন্নং পূরণো ( তি+তিয )— ততিযো ইত্যাদি।

**তেসমড্ঢুপপদেনড্ঢুড্ঢ-দিবড্ঢ-দিযড্ঢাড্ঢতিযা।**

অড্ঢ ( অর্দ্ধ ) এই উপপদের সহিত চতুত্থ ( চতুর্থ ), দুতিয ( দ্বিতীয় ) ও ততিয ( তৃতীয় ) শব্দের স্থানে যথাক্রমে অড্ঢুড্ঢ, দিবড্ঢ বা দিযড্ঢ ও অড্ঢতিয আদেশ হয়। যথা—অড্ঢেন চতুত্থো--অড্ঢুড্ঢো(সাড়ে তিন) অড্ঢেন দুতিযো—দিবড্ঢো (দেড়), অড্ঢতিযো (আড়াই )।

**একাদিতো দসস্সী।**

সংখ্যা পূরণার্থে একাদি পূর্ব্বক দশ শব্দের অন্তে ঈ প্রত্যয় হয়। যথা— একাদস+ঈ—একাদসী, অন্যত্র একাদসমো, একাদসমং ইতাদি।

**একাদিতো সকিস্স ক্খত্তুং।**

'বার' অর্থে সংখ্যাবাচক শব্দের উত্তর ক্খত্তুং প্রত্যয় হয়। যথা— একস্স বারো (এক+ক্খত্তুং )—একক্খত্তুং, এইরূপ দ্বিক্খত্তুং, দসক্খত্তুং, সহস্সক্খত্তুং ইত্যাদি।

**বিভাগে ধা চ।**

বিভাগার্থে সংখ্যাবাচক শব্দের উত্তর ধা ও জ্জ প্রত্যয় হয়। সুত্ত ইত্যাদি শব্দের উত্তর সো প্রত্যয়ও

হয়। যথা— একেন বিভাগেন (এক+ধা)— একধা, দ্বিহি বিভাগেহি (দ্বি+ধা)—দ্বিধা, একধা করোতী'তি (এক+জ্ঝ)—একজ্ঝং, সুত্তেন বিভাগেন (সুত্ত+সো) —সুত্তসো, সব্বাকারেন (সব্ব+সো)—সব্বসো।

**সব্বনামেহি পকারবচনে তু থা।**

প্রকারার্থে সর্ব্বনাম শব্দের উত্তর থা ও থত্তা প্রত্যয় হয়। যথা—সো পকারো (ত+থা)—তথা, তংপকারং (ত+থা)—তথা, যেন পকারেন (য+থা)—যথা ইত্যাদি।

**কিমিমেহি থং।**

প্রকারার্থে কিম্ ও ইম শব্দের উত্তর থং প্রত্যয় হয়। যথা—কো পকারো (কিং+থং)—কথং, (কিং+থং)—কথং, কেন পকারেন (কিং+থং)—কথং, অযং পকারো (ইম+থং)—ইত্থং, ইমং পকারং (ইম+থং)—ইত্থং, অনেন পকারেন (ইম+থং)—ইত্থং ইত্যাদি।

---

# বুদ্ধোদয়

# (ক) বুত্তোদয*

## প্রথম পরিচ্ছেদ

### সংজ্ঞা

সব্বগ্গান্নাদিগলহু-ভ্যা মজ্‌ঝন্ত গরূ জ-সা
মজ্‌ঝন্তলা রতেতট্‌ঠ-গণা গো গরূ লো লহু।

---

* বুত্তোদয অর্থে বৃত্ত বা ছন্দবিষয়ক আলোচনা বুঝায়। ইহা একটী পালি ছন্দঃশাস্ত্রমূলক গ্রন্থের নামও বটে। পিঙ্গলাদি পূর্ব্বাচার্য্যকৃত ছন্দঃশাস্ত্রের নিয়মগুলি পালির পক্ষে উপযোগী নহে দেখিয়া মাত্রা ও বর্ণ-বৃত্তি ভেদে বুত্তোদয বিরচিত হয়।

পিঙ্গলাচরিযাদীহি ছন্দং যমুদিতং পুরা
সুদ্ধমাগধিকানন্তং ন সাধেতি যথিচ্ছিতং।
ততো মাগধভাসায মত্তা-বণ্ণ-বিভেদনং
লক্‌খলক্‌খণসংযুত্তং পসন্নত্থপদক্কমং,
ইদং বুত্তোদযং নাম লোকিযচ্ছন্দ-নিস্‌সিতং
আরভিস্‌সমহন্দানি তেসং সুখ-বিবুদ্ধিযা।

পালি বৈয়াকরণিক সংঘরক্ষিত স্থবির (পূর্ব্ব নাম মোল্ললান) ইহার গ্রন্থকার। বুত্তোদয গ্রন্থে খৃষ্টীয় ১২শ শতাব্দীতে বিরচিত কেদারনাথ ভট্টকৃত বৃত্ত-রত্নাকরের রচনাপদ্ধতি অনুসৃত হইয়াছে। যে যে স্থলে বুত্তোদয এবং রত্নাকরে গৃহীত নাম এক, সে সে স্থলে

| | | | | |
|---|---|---|---|---|
| সমস্ত | গুরু অক্ষর সংযুক্ত | গণের নাম | | **ম**-গণ |
| আদি | লঘু | ,, | ,, | **য**-গণ |
| মধ্য | লঘু | ,, | ,, | **র**-গণ |
| অন্ত্য | গুরু | ,, | ,, | **স**-গণ |
| অন্ত্য | লঘু | ,, | ,, | **ত**-গণ |
| মধ্য | গুরু | ,, | ,, | **জ**-গণ |
| আদি | গুরু | ,, | ,, | **ভ**-গণ |
| সমস্ত | লঘু | ,, | ,, | **ন**-গণ |

মোট এই আটটী গণ (syllabic feet)। গো শব্দে গুরু এবং লো শব্দে লঘু বুঝিতে হইবে।

সংযুক্তাক্ষরের আদি অক্ষর, দীর্ঘাক্ষর, অনুস্বারের পূর্ব্বাক্ষর ও পাদের অন্ত্য অক্ষরকে গুরু বলা হয়। গুরু অক্ষরের চিহ্ন — ( ঋজু ), এবং হ্রস্ব অক্ষরের চিহ্ন ‿ ( বক্র )। *

---

কেবল পালি নামই ব্যবহৃত হইয়াছে। অপর স্থলে পালির সহিত অনুরূপ সংস্কৃত নামও প্রদত্ত হইল।

ইহাতে মোট ১৩৬ প্রকার গাথার উল্লেখ আছে। সংজ্ঞা, মাত্রাচ্ছন্দ, সমবৃত্ত, অর্দ্ধসমবৃত্ত, বিষমবৃত্ত ও ছয় প্রত্যয় ভেদে ইহার ছয় পরিচ্ছেদ। এস্থলে বুত্তোদয নামক গ্রন্থের সারাংশ উদ্ধৃত করিয়া কেবল বিশেষ প্রয়োজনীয় সূত্রসমূহের ব্যাখ্যা করা হইল।

* সংযোগাদি চ দীঘো চ নিগ্গহীতপরো চ যো
গুরুবঙ্কো পদন্তো বা রস্সোঞ্ঞো মত্তিকো লুজু।

বুত্তোদয মতে গুরু অক্ষরের চিহ্ন ‿ (বক্র) ও হ্রস্ব অক্ষরের চিহ্ন — ( ঋজু )। ইহা সিংহল দেশে প্রচলিত নিয়ম হইলেও এতদ্দেশে হ্রস্ব অক্ষরের চিহ্ন ‿ ( বক্র ) ও গুরু অক্ষরের চিহ্ন

গণ আটটীর চিহ্ন—

| | |
|---|---|
| ম-গণ — — — | ত-গণ — — ⌣ |
| য-গণ ⌣ — — | জ-গণ ⌣ — ⌣ |
| র-গণ — ⌣ — | ভ-গণ — ⌣ ⌣ |
| স-গণ ⌣ ⌣ — | ন-গণ ⌣ ⌣ ⌣ |

পরে পাদাদি সংযোগে যো পুব্বো গরুবক্‌খরো
লহু স ক্বচি বিঞ্ঞেয্যো তদুদাহরণং যথা।

পাদের আদি অক্ষরের পর সংযুক্তাক্ষর থাকিলে, সেই সংযুক্তাক্ষরের পূর্ব্বস্থিত গুরু অক্ষরকে ক্বচিৎ লঘু মনে করা হয়। ইহার উদাহরণ যথা—

দস্‌সন-রসানুভবনে নিবদ্ধগেধা জিনস্‌স যং জনতা
বিম্‌হয জননী সংযতক্রিযানুকম্নানুরঞ্জযতি।

এই উদাহরণে সংযুক্তাক্ষরের পূর্ব্বস্থিত — চিহ্নিত অক্ষরদ্বয়কে লঘু বলিয়া মনে করা হয়।

বিঞ্ঞেয্যা লোকতো সঞ্ঞা সমুদ্দোস্সরসাদীনং
পাদো ঞেয্যো চতুত্থংসো পদচ্ছেদো যতিব্‌ভবে।

লৌকিক নিয়মে সমুদ্র=চারি সমুদ্র, শর=পাঁচ শর, রস=ছয় রস বুঝিতে হইবে। শ্লোকের এক চতুর্থাংশের নাম **পাদ**। পাদের ছেদ বা অন্তে বিরাম বা **যতি** (ঃ) হয়।

---

—(ঋজু) বুঝায়। সুতরাং এতদ্দেশীয় পাঠকের সুবিধার্থ এই গ্রন্থে গুরু বর্ণ বা মাত্রার জন্য ঋজু (—) এবং লঘু বর্ণ বা মাত্রার জন্য বক্র (⌣) চিহ্ন গৃহীত হইয়াছে।

সমমদ্ধসমং বুত্তং বিসমঞ্চাপরং তিধা
সমা লক্খণতো পাদা চত্তারো যস্স তং সমং।
যস্সন্তিমেন দুতিযো ততিযেনাদিমো সমো
তদদ্ধসমমঞ্ঞন্তু ভিন্নলক্খণপাদিকং।

সম, অর্দ্ধসম ও বিষম ভেদে পাদ তিন প্রকার। যেই শ্লোকের পাদ চতুষ্টয় লক্ষণ বশে সমান, তাহার নাম **সম-পাদ**।

যেই শ্লোকের শেষ পাদের সহিত দ্বিতীয় পাদ এবং তৃতীয় পাদের সহিত প্রথম পাদ সমান, তাহার নাম **অদ্ধ-সমপাদ** (অর্দ্ধসমপাদ)।

এতদ্ব্যতীত যেই শ্লোকের পাদসমূহ অন্যরূপ হয়, তাহার নাম **বিসম্-পাদ** (বিষম-পাদ)।

পাদমেকক্খরারব্ভ যাব ছব্বীসতক্খরো
ভবে পাদেহি তং ছন্দং নানা নামোদিতং ততো।

এক অক্ষরযুক্ত পাদ হইতে আরম্ভ করিয়া ছাব্বিশ অক্ষরযুক্ত পাদসমূহের দ্বারা নানাপ্রকার নাম বিশিষ্ট ছন্দ হয়।

দণ্ডকা চণ্ডবুট্‌ঠ্যাদি পাদেহি ছহি তীহি তু
গাথা'তি চ পরত্থেবং ছন্দো সঞ্ঞা পকাসিতা।

'চণ্ড' ও 'বুট্‌ঠি' বৃত্তি হইতে আরম্ভ করিয়া 'দণ্ডক' বৃত্তি পর্য্যন্ত ছয় পাদ ও তিন পাদ বিশিষ্ট গাথা উক্ত হওয়ার পর শাস্ত্রে অপরাপর ছন্দ-সমূহের উল্লেখ আছে।

## দ্বিতীয় পরিচ্ছেদ

## মত্তা (মাত্রা) ছন্দ

ভ-জ-সা সব্বগলহূ পঞ্চিমে সন্ঠিতা গণা

অরিযাদিম্‌হি বিঞ্ঞেয্যা গণো ইধ চতুক্কলো।

অরিয ইত্যাদি ছন্দে ভ-গণ, জ-গণ, স-গণ, (সর্ব্ব গুরু) ম-গণ ও (সর্ব্ব লঘু) ন-গণ, এই পাঁচটী গণ আছে। এই সকল ছন্দের গণসমূহ চারি কলা বা মাত্রা বিশিষ্ট। হ্রস্বাক্ষরে এক মাত্রা ও দীর্ঘাক্ষরে দুই মাত্রা।

### (১) অরিযা (আর্য্যা) জাতি

ছট্‌ঠো খিল লহুজো বা গযুতাঞ্ঞে ছগ্‌গণা ন জো বিসমে

অরিযাযন্তদ্ধে লো ছট্‌ঠোন্তে গো গণা ছঞ্ঞে।

অরির্যা ছন্দের প্রথমার্দ্ধে ষষ্ঠ গণ ন-গণ অথবা জ-গণ হওয়া চাই। অবশিষ্ট ছয়টী গণ একটী গুরু অক্ষর সহ থাকিবে। বিসমে (অর্থাৎ প্রথম, তৃতীয়, পঞ্চম ও সপ্তম গণে) জ-গণ হইবে না। অরিযা ছন্দের শেষার্দ্ধে ষষ্ঠ বর্ণ লঘু এবং একটী গুরু অক্ষর সহ অন্য ছয়টী গণ থাকে।

পঠমদ্ধে ছট্‌ঠো চে সব্বলহেত্থাদি লহুনি ভবতি যতি

⌣ ⌣ —, — —, — — । — ⌣ ⌣, — —, ⌣(ঃ) ⌣ ⌣ ⌣ ⌣ ⌣ ⌣ ⌣ —

তপ্‌পরকোন্তেপি সচে চরিমেপি ভবতি চতুত্থোন্তে।

— ⌣ ⌣, — —, ⌣ ⌣ —। ⌣ ⌣—(ঃ), ⌣ ⌣ ⌣ ⌣, ⌣ — — —

অরিযা ছন্দে প্রথমার্দ্ধে সর্ব্ব লঘু বিশিষ্ঠ ষষ্ঠ গণের আদি অক্ষরে এবং দ্বিতীয়ার্দ্ধে ন-গণকে পরে রাখিয়া চতুর্থ গণের অন্ত্য অক্ষরে যতি বসে।

অরিয়া জাতির প্রথম ও তৃতীয় পাদে বার মাত্রা, দ্বিতীয় পাদে আঠার এবং চতুর্থ পাদে পনর মাত্রা (১২ঃ ১৮।১২ঃ ১৫)।

নিম্নলিখিত ছন্দগুলি অরিয়া জাতির অন্তর্ভুক্ত

(ক) পথ্যা—

অরিয়া সামঞ্ঞঞ্চে পুব্বোদিত লক্খণং ভবে যস্সা

⏑ ⏑ —, — —, — — । — —, ⏑ ⏑ —, ⏑ — ⏑, — —, —

আদিমমথ পাদযুগং যস্সা ত্যং সেহি সা পথ্যা ।

— ⏑ ⏑, ⏑ ⏑ —, ⏑ ⏑ — । — —, — —, ⏑, — —, —

যেই ছন্দে অরিয়া জাতির সাধারণ লক্ষণসমূহ বর্ত্তমান থাকে, অথবা উভয়ার্দ্ধের প্রথম পাদদ্বয় (অর্থাৎ ছন্দের প্রথম ও তৃতীয় পাদ) তিন তিনটী গণ বিশিষ্ট হয়, তাহার নাম পথ্যা।

(খ) বিপুলা—

যত্থ গণত্তযমুল্লঙ্ঘিযোভযত্থাদিমো ভবে বিপুলা ।

— ⏑ ⏑, — ⏑ ⏑, — — (ঃ) ⏑ — ⏑, — —, ⏑ — ⏑, — ⏑ ⏑, —

যেই ছন্দের উভয়ার্দ্ধের প্রথম পাদদ্বয় তিন তিনটী গণ অতিক্রান্ত হওয়ার পর যতি বসে, তাহাকে বিপুলা বলে।

(গ) চপলা

গুরুমজ্ঝগো জকারো চতুত্থকো দুতিযকো চপলা।

⏑ ⏑ —, ⏑ — ⏑, — — । ⏑ — ⏑, — ⏑ ⏑, ⏑ — ⏑, ⏑ —

যেই ছন্দে দ্বিতীয় ও চতুর্থ গণ জ-গণ হয়, তাহাকে চপলা বলে।

(ঘ) মুখচপলা—

চপলাগতাখিলঞ্চে দলাদিমং লক্খণং ভজতি যস্সা

⏑ ⏑ —, ⏑ — ⏑, — — । ⏑ — ⏑, — —, ⏑ — ⏑, ⏑ ⏑ —, —

পথ্যালক্খণমঞ্ঞং মুখচপলা নাম সা ভবতি।

— —, — ⏑ ⏑, — — । ⏑ ⏑ ⏑ ⏑, — —, ⏑ — ⏑, ⏑ —

যেই ছন্দের পূর্ব্বার্দ্ধে চপলা ছন্দের এবং অপরার্দ্ধে পথ্যা ছন্দের লক্ষণসমূহ প্রকাশ পায়, তাহার নাম মুখ-চপলা।

(ঙ) জঘন-চপলা—

পথ্যায় লক্খণঞ্চে পঠমদ্ধে লক্খণন্তু চপলায
— —, ⏑ — ⏑, — —। ⏑ ⏑ —, — — ⏑ — ⏑, ⏑ ⏑ —, —

দুতিযে দলেথ যস্‌সা পকিত্তিতা সা জঘন-চপলা।
⏑ ⏑ —, ⏑ — ⏑, — —। ⏑ — ⏑, — —, ⏑ ⏑ ⏑ ⏑, ⏑ —

যেই ছন্দের প্রথমার্দ্ধে পথ্যা ছন্দের এবং শেষার্দ্ধে চপলা ছন্দের লক্ষণসমূহ প্রকাশ পায়, তাহাকে জঘন চপলা বলে।

## (২) গীতিজাতি

সব্বং পঠমদলে যদি লক্খণমরিযায বুত্তমুভযেসু
, ⏑ ⏑ ⏑ ⏑, — ⏑ ⏑। — ⏑ ⏑, ⏑ ⏑ —, ⏑ — ⏑, ⏑ ⏑ — —

যস্‌সা দলেসু যুত্তং বুত্তা সা গীতিবুত্তযতিললিতা।
— —, ⏑ — ⏑, — —। — —, —, — ⏑ — ⏑, ⏑ ⏑ ⏑ ⏑, —

অরিযা ছন্দের প্রথম সূত্রে কথিত লক্ষণসমূহ যেই ছন্দের প্রথম ও দ্বিতীয়ার্দ্ধে থাকে, তাহাকে সুন্দর যতিযুক্ত গীতি বলে।

গীতিজাতির প্রথম ও তৃতীয় পাদে বার মাত্রা এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে আঠার মাত্রা (১২ঃ ১৮।১২ঃ ১৮)

নিম্নলিখিত ছন্দগুলি গীতিজাতির অন্তর্ভুক্ত।

(ক) উপগীতি

অরিযাযং দুতিযদ্ধে গদিতাখিললক্খণং যং তং
⏑ ⏑ —, — ⏑ ⏑, — —। ⏑ ⏑ —, ⏑ ⏑ —, ⏑ — —, —

ভবতি দলেসুভযেসু পি যদি যস্‌সা সাযমুপগীতি।
⏑ ⏑ ⏑ ⏑, — ⏑ ⏑, — ⏑ ⏑। ⏑ ⏑ —, — —, ⏑ ⏑ ⏑ —, —

অরিযা ছন্দের দ্বিতীয় সূত্রে কথিত লক্ষণসমূহ যেই ছন্দের প্রথম ও দ্বিতীয়ার্দ্ধে থাকে, তাহাকে উপগীতি বলে।

উপগীতি ছন্দের প্রথম ও তৃতীয় পাদে বার মাত্রা এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে পনর মাত্রা, (১২ঃ ১৫।১২ঃ ১৫)।

(খ) উগ্‌গীতি→

আরযাযদ্ধ দ্বিতযং পুব্বোদিত লক্‌খণূপেতং

⏑ ⏑ —, — —. ⏑ ⏑ —। — —, ⏑ ⏑ —, '⏑' —. —, —

বিপরিযযেনাভিহিতং যস্‌সা সম্ভবতি চেহ সোগ্‌গীতি।

⏑ ⏑ ⏑ ⏑, — —, ⏑ ⏑ —। — —, — ⏑ ⏑, ⏑ — ⏑, — —, —

যেই ছন্দে অরিয়া ছন্দের প্রথম ও দ্বিতীয় সূত্রে কথিত লক্ষণসমূহের বিপর্য্যয় ঘটে (অর্থাৎ অরিযা ছন্দের প্রথম সূত্রে কথিত লক্ষণসমূহ যদি দ্বিতীয়ার্দ্ধে, এবং দ্বিতীয় সূত্রে কথিত লক্ষণসমূহ প্রথমার্দ্ধে প্রকাশ পায়), তাহাকে উগ্‌গীতি (উদ্গীতি) বলে।

উগ্‌গীতি ছন্দের প্রথম ও তৃতীয় পাদে বার মাত্রা, দ্বিতীয় পাদে পনর এবং চতুর্থ পাদে আঠার মাত্রা। (১২ঃ ১৫।১২ঃ ১৮)।

(গ) অরিযা-গীতি→

অরিযা পুব্বদ্ধং যদি গরুনেকেনাধিকেন নিধনে যুত্তং

⏑ ⏑ —. — —, — ⏑ ⏑। ⏑ ⏑ —. — —, ⏑ — ⏑, ⏑ ⏑ —. — —

যদি পুব্বদ্ধসমানং দলমিতরঞ্চোদিতমরিযাগীতি।

⏑ ⏑ —, — ⏑ ⏑, — —। ⏑ ⏑ ⏑ ⏑, — —. ⏑ — ⏑, ⏑ ⏑ —, — —

যেই ছন্দের প্রথমার্দ্ধে অরিযা ছন্দের প্রথম সূত্রের লক্ষণসমূহ একটী অধিক গুরু অক্ষরসহ থাকে, এবং শেষার্দ্ধে প্রথম সূত্রের লক্ষণসমূহ বর্ত্তমান থাকে, তাহাকে অরিযা-গীতি (আর্য্যা-গীতি) বলে।

অরিযা-গীতি ছন্দের প্রথম ও তৃতীয় পাদে বার মাত্রা এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে বিশ মাত্রা। (১২ঃ ২০।১২ঃ ২০)।

## (৩) বেতালীয (বৈতালীয়) জাতি

বিসমে ছ সিযুং কলা মুখে সমেতাট্ঠরলগা ততোপরি

⌣ ⌣ — ⌣ ⌣, — ⌣ —, ⌣ — । ⌣ — — —, ⌣ ⌣ ⌣, — ⌣ —, ⌣ —

বেতালীযন্তমুচ্চতে লহু ছক্কং ন নিরন্তরং সমে।

— — —, — ⌣ —, ⌣, — । ⌣ ⌣ —, — ⌣ ⌣, — ⌣ —, ⌣ —

যেই ছন্দের প্রথম ও তৃতীয় পাদে ছয় কলা বা মাত্রার পর র-গণ, একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, এবং দ্বিতীয় ও চতুর্থ পাদে আট মাত্রার পর র-গণ ও একটী লঘু ও একটি গুরু অক্ষর থাকে, তাহাকে বেতালীয বলে।

নিম্নলিখিত ছন্দগুলি বেতালীয জাতির অন্তর্গত।

(ক) ওপচ্ছন্দসিক—

বেতালীযোপমং মুখে তং ওপচ্ছন্দসিকং র যা যদন্তে।

— — —, — ⌣ —, ⌣ — — । — — — ⌣ ⌣, — ⌣ —, ⌣ — —

যেই ছন্দে পাদের পূর্ব্বার্দ্ধে বেতালীয় ছন্দের লক্ষণসমূহ এবং শেষার্দ্ধে র-গণ ও য-গণ থাকে, তাহাকে ওপচ্ছন্দসিক (ঔপচ্ছন্দসক) বলে।

(খ) আপাতলিকা—

আপাতলিকা কথিতাযং ভগ্গান্তে যদি পুব্বমিবঞ্ঞং।

— — ⌣ ⌣, — ⌣ ⌣, —, — । — — — ⌣ ⌣, — ⌣ ⌣, — —

যেই ছন্দে পাদের পূর্ব্বার্দ্ধে বেতালীয় ছন্দের লক্ষণসমূহ এবং শেষার্দ্ধে ভ-গণ সহ দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে আপাতলিকা বলে।

(গ) দকখিণন্তিকা—

যদাদিতো দক্খিণন্তিকা ঠিতেত্থ পাদে সাখিলেস্থ জো।

⌣ — ⌣, — — ⌣ — ⌣ — । ⌣ — ⌣, — — — — ⌣ — ⌣ —

যেই ছন্দে সমস্ত পাদের আদিতে জ-গণ থাকে, তাহাকে দক্‌খিণন্তিকা ( দক্ষিণান্তিকা ) বলে ।

(ঘ) উদিচ্চবুত্তি—

উদিচ্চবুত্তীতি বুচ্চতে জো চাদো বিসমেসু সন্ঠিতো ।

⏑ — ⏑, — — ⏑ — ⏑ — । — — — ⏑ ⏑ — ⏑ — ⏑ —

যেই ছন্দে বিসমের ( অর্থাৎ প্রথম ও তৃতীয় পাদের ) আদিতে জ-গণ থাকে, তাহাকে উদিচ্চবুত্তি ( উদীচ্যবৃত্তি ) বলে ।

(ঙ) পচ্চবুত্তি—

পুব্বত্থ সমেসু চে গজা পচ্চবুত্তি রুদিতেতি সন্ঠিতা ।

— — ⏑ ⏑ — ⏑ — ⏑ — । —, ⏑ — ⏑, ⏑ — — ⏑ — ⏑ —

যেই ছন্দে সমের (অর্থাৎ দ্বিতীয় ও চতুর্থ পাদের ) আদিতে একটী গুরু অক্ষরসহ জ-গণ থাকে, তাহাকে পচ্চবুত্তি (প্রাচ্যবৃত্তি) বলে ।

(চ) পবত্তকা—

সমাসমাত্রাদিনা সমাসাযুতা ভবতি সা পবত্তকা ।

⏑ — ⏑, — — ⏑ — ⏑ — । —, ⏑ — ⏑, ⏑ ⏑ — ⏑ — ⏑ —

যেই ছন্দে উদিচ্চবুত্তির বিসম ছন্দের ( প্রথম ও তৃতীয় পাদের ) লক্ষণসমূহ এবং পচ্চবুত্তির সম ছন্দের ( দ্বিতীয় ও চতুর্থ পাদের ) লক্ষণ-সমূহ প্রকাশ পায়, তাহাকে পবত্তকা ( প্রবৃত্তকা ) বলে ।

(ছ) অপরান্তিকা—

অস্‌স যা সমকতাপরান্তিকা ।

— ⏑ — ⏑ ⏑ ⏑ । —, ⏑ — ⏑, —

যেই ছন্দে পবত্তকা ছন্দের সম (অর্থাৎ দ্বিতীয় ও চতুর্থ) পাদের লক্ষণ-সমূহ প্রকাশ পায়, তাহার নাম অপরান্তিকা ।

(জ) চারুহাসিনী—

তদঞ্‌ঞজা চারুহাসিনী।

⏑ — ⏑, — — ⏑ — ⏑ —

যেই ছন্দে পবত্তকা ছন্দের বিসম (অর্থাৎ প্রথম ও তৃতীয়) পাদের লক্ষণসমূহ প্রকাশ পায়, তাহার নাম চারুহাসিনী।

(ঝ) অচলধিতি—

দ্বিক বিহত বসু লহু রচলধিতিরিহ।

⏑⏑, ⏑⏑, ⏑⏑, ⏑⏑, ⏑⏑, ⏑⏑, ⏑⏑, ⏑⏑

যেই ছন্দে দুই করিয়া গণনা করিলে অষ্ট (বসু) লঘু অক্ষর হয়, (অর্থাৎ প্রতি পাদে ষোল হ্রস্বাক্ষর থাকে), তাহাকে অচলধিতি বলে।

## (৪) মত্তা(মাত্রা)সমক জাতি

মত্তা সমকং নবমোল্‌গন্তে।

— — ⏑ ⏑ — ⏑ ⏑ — ⏑ —

যদি ষোল মাত্রা বিশিষ্ট পাদে নবম অক্ষর লঘু এবং অন্ত্য অক্ষর গুরু হয়, তাহাকে মত্তাসমক জাতি বলে।

নিম্নলিখিত ছন্দগুলি মত্তাসমক জাতির অন্তর্ভুক্ত।

(ক) বিসিলোক—

জোন্‌লাথ বাণ্ণবা বিসিলোকো।

— —, ⏑ — ⏑, — ⏑ ⏑, — —

যেই ছন্দে চারি মাত্রার পর জ-গণ, ন-গণ কিংবা ল-গণ থাকে, তাহাকে বিসিলোক (বিশ্লোক) বলে।

(খ) বানবাসিকা—

তদ্বযতো বানবাসিকাখ্যা।

— ⏑ ⏑ — —, ⏑ — ⏑, — —

যেই ছন্দে আট মাত্রার পর জ-গণ, ন-গণ কিংবা ল-গণ থাকে, তাহাকে বানবাসিকা বলে।

(গ) চিত্রা—

পঞ্চট্ঠনবস্থ যদি লো চিত্রা।

— — ⌣ ⌣ ⌣ ⌣ ⌣ ⌣ — — —

যেই ছন্দে পঞ্চম, অষ্টম ও নবম অক্ষর লঘু হয়, তাহাকে চিত্রা বলে।

(ঘ) উপচিত্রা—

গল্যাট্ঠহি চে সা বুপচিত্রা।

— — ⌣ ⌣ —, — ⌣, ⌣ — —

যেই ছন্দে আট মাত্রার পর একটী গুরু, একটী লঘু অক্ষর এবং একটী য-গণ থাকে, তাহাকে উপচিত্রা বলে।

(ঙ) পাদাকুলক—

যমতীত-লক্খণ-বিসেস-যুতা
মত্তাসমাদি-পাদাভিহিতা,
অনিযতবুত্ত পরিমাণ-সহিতা
পথিতা জনেস্থ পাদাকুলকা।

যেই ছন্দে মত্তাসমাদির পাদসমূহ বিদ্যমান অথচ যাহা নির্দ্দিষ্ট কোন ছন্দের নিয়মাধীন নহে, তাহাকে পাদাকুলক বলে।

বিনা বণ্ণেহি মত্তা গা বিনা বণ্ণা গুরূহি তু
বিনা লহূনি গুরবো দলে পথ্যাদিনো মতা।

পথ্যাদি বৃত্তিতে মাত্রা হইতে বর্ণ বাদ দিলে গুরু থাকে। মাত্রা হইতে গুরু বাদ দিলে অবশিষ্ট বর্ণ, এবং বর্ণ হইতে গুরু

বাদ দিলে অবশিষ্ট লঘু হয়। মাত্রা হইতে লঘু বাদ দিলে, যাহা অবশিষ্ট থাকে, তাহাকে অর্দ্ধেক করিলে গুরু পাওয়া যাইবে। যথা—

অরিযা সামঞ্ঞ্ঞে পুব্বোদিত লক্খণং ভবে যস্সা

‿ ‿ — — — — — — — — ‿ ‿ — ‿ — ‿ — — —

| | |
|---|---|
| মাত্রা — বর্ণ = গুরু | বর্ণ — গুরু = লঘু |
| ৩০ — ১৮ = ১২ | ১৮ — ১২ = ৬ |
| মাত্রা — গুরু = বর্ণ | মাত্রা — লঘু = $\frac{\text{গুরু}}{২}$ |
| ৩০ — ১২ = ১৮ | ৩০ — ৬ = $\frac{২৪}{২}$ = ১২ |

## তৃতীয় পরিচ্ছেদ

## সমবুত্ত ( অক্ষর ) ছন্দ

[ যে সকল শ্লোকের পাদচতুষ্টয় লক্ষণবশে সমান, তাহাদিগকে সমবুত্ত (সমবৃত্ত) বলা হয়। এক হইতে পাঁচ অক্ষরযুক্ত পাদ বাদ দিয়া বুত্তোদয গ্রন্থকার মাত্র ছয় হইতে বাইশ অক্ষরযুক্ত পাদের উল্লেখ করিয়াছেন। ]

### (৬) গাযত্তি (গায়ত্রী)

গাযত্তি ছন্দের প্রত্যেক পাদে মাত্র ছয় অক্ষর। তনুমজ্ঝা ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) তনুমজ্ঝা—

ত্যা চে তনুমজ্ঝা

— — ⌣, ⌣ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী ত-গণ ও একটী য-গণ থাকে, তাহাকে তনুমজ্ঝা ( তনুমধ্যা ) ছন্দ বলে।

উ—ঞানং দসমদ্ধে। ঞেয্যে তব সখা
বিখারিতমাসে। সঙ্গেতর ভাগা

### (৭) উণ্হী ( উষ্ণী )

উণ্হী ছন্দের প্রত্যেক পাদে মাত্র সাত অক্ষর। কুমারললিতা ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) কুমার-ললিতা—

কুমার-ললিতা জ-স্-গা

⌣ — ⌣, ⌣ ⌣ —, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী জ-গণ, একটী স-গণ ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে কুমার ললিতা ছন্দ বলে।

উ—তযা সদিস খেত্তং। ন লোকতরস্মিং
পদক্কমনুমথ্থং। বিপচ্চতি মেনং পি

## (৮) অনুট্‌ঠুভ ( অনুষ্টুভ )

অনুট্‌ঠুভ ছন্দের প্রত্যেক পাদে মাত্র আট অক্ষর। চিত্রপদা প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) চিত্রপদা—

চিত্রপদা যদি ভা-গা

— ⌣ ⌣, — ⌣ ⌣, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ভ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে চিত্রপদা ছন্দ বলে।

উ—সত্যকুলপ্পরচন্দং। তিত্তিযপন্নকবিনন্দং
সঞ্চনপঞ্চদিনন্দং। সাধুনমেসমনিন্দং

(খ) বিজ্জুম্মালা—

মো মো গো গো বিজ্জুম্মালা

— — —, — — —, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ম-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে বিজ্জুম্মালা ( বিদ্যুন্মালা ) ছন্দ বলে।

উ—জাতে বুদ্ধা বিজ্জত্তুতে। লোকে ধম্মং লোকে নিচ্চং
মোহদ্ধিত্তং হিত্বা সত্তা। পত্তা সন্তং যোগক্খেমং

(গ) মাণবকা—

ভা ত-ল-গা মাণবকা

— ⌣ ⌣, — — ⌣, ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী ভ-গণের পর একটী ত-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে মাণবকা ( মাণবকাক্রীডিতক ) ছন্দ বলে।

(ঘ) সমানিকা—

গ্লা সমানিকা র-জা চ

— ⌣, — ⌣ —, ⌣ — ⌣

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী গুরু ও একটী লঘু অক্ষরের পর একটী র-গণ এবং একটী জ-গণ থাকে, তাহাকে সমানিকা ছন্দ বলে।

(ঙ) পমাণিকা—

পমাণিকা জ-রা ল-গা

⌣ — ⌣, — ⌣ —, ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী জ-গণ, একটী র-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে পমাণিকা ( প্রমাণিকা ) ছন্দ বলে।

উ—সরোরুপা মুনিন্দ তে। সসামি বংসজত্তানং
পটিচ্চ সম্পতীতিযা। ইতিবদে পদস্সিতা

অনুষ্টুভ ছন্দের সাঙ্কেতিক চিহ্ন

| ছন্দের নাম | প্রত্যেক পাদ = ৮ অক্ষর | | |
|---|---|---|---|
| (ক) চিত্রপদা | — ⌣ ⌣ | — ⌣ ⌣ | — — |
| (খ) বিজ্জুম্মালা | — — — | — — — | — — |
| (গ) মাণবকা | — ⌣ ⌣ | — — ⌣ | ⌣ — |
| (ঘ) সমানিকা | — ⌣ | — ⌣ — | ⌣ — ⌣ |
| (ঙ) পমাণিকা | ⌣ — ⌣ | — ⌣ — | ⌣ — |

## (৯) ব্রহতী ( বৃহতী )

ব্রহতী ছন্দের প্রত্যেক পাদে মাত্র নয় অক্ষর। হলমুখী প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) হলমুখী—

রা ন-সা যদি হলমুখী

— ⌣ —, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী র-গণের পর একটী ন-গণ ও একটী স-গণ থাকে, তাহাকে হলমুখী ছন্দ বলে।

উ—উত্তমা গমযতি অযং
মজ্ঝগো দলিন-তিলকো,
কেসরো সকল-ভুবনো
সামকা খলু যুবতিস্থ।

(খ) ভুজগ-সুসুহতা—

ভুজগসুসুহতা না-মো

⏑ ⏑ ⏑, ⏑ ⏑ ⏑, — — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ন-গণ ও একটী ম-গণ থাকে, তাহাকে ভুজগ-সুসুহতা ( ভুজগ-শিশুসৃতা ) ছন্দ বলে।

## (১০) পন্তি ( পংক্তি )

পন্তি ছন্দের প্রত্যেক পাদে মাত্র দশ অক্ষর। সুদ্ধ-বিরাজিত প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) সুদ্ধ-বিরাজিত—

ম্-সা জ্-গা সুদ্ধবিরাজিতং মতং

— — —, ⏑ ⏑ —, ⏑.— ⏑, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, স-গণ ও জ-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে সুদ্ধ-বিরাজিত ( শুদ্ধবিরাট্ ) ছন্দ বলে।

উ—মজ্ঝাভকুথ-যুগোপমকুথণো
দিত্তগ্গী-জল-খগ্গ-ধারিণো,
কোধা ভকুথপটুট্‌ঠদাঠকো
কোপেতে অভিভূ তু সত্তমো।

(খ) পণব—

ম্না যো গো যদি পণবো খ্যাতো

— — —, ⏑ ⏑ ⏑, ⏑ — —, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ন-গণ ও য-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে পণব ছন্দ বলে।

উ—নিস্সঙ্ঘো ভবখলুদা দন্তো
ভাতিং ভাপয মরণে সস্সা,
জাতীসং তব পরিসুদ্ধা বো
সীলাদীহি গুণধরো সখা।

(গ) রুম্মবতী—

ভ্-মা স-গ-যুত্তা রুম্মবতী সা।

— ⌣ ⌣, — — —, ⌣ ⌣ —, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, ম-গণ ও স-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে রুম্মবতী (রুক্মবতী = চম্পকমালা) ছন্দ বলে।

উ—থোক-ধনানং কিন্তু-নিদানং
থেণিক-ভাবং জাতি-সুরোভং,
ধঞ্ঞ-ধনানং ভাগিয-ভাবং
জাতিসু তেসং দান-নিদানং।

(ঘ) মত্তা—

এঞ্ঞয্যা মত্তা ম-ভ-স-গ-যুত্তা

— — —, — ⌣ ⌣, ⌣ ⌣ —, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ভ-গণ ও স-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে মত্তা ছন্দ বলে।

(ঙ) চম্পকমালা—

চম্পকমালা চে ভ-ম-সা গো।

— ⌣ ⌣, — — —, ⌣ ⌣ —, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, ম-গণ ও স-গণ

এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে চম্পকমালা (দীপকমালা)* ছন্দ বলে।

(চ) মনোরমা—

ন-র-জ-গেহি সা মনোরমা

⏑ ⏑ ⏑, — ⏑ —, ⏑ — ⏑, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, র-গণ ও জ-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে মনোরমা ছন্দ বলে।

(ছ) উব্ভাসক—

উব্ভাসকন্তং চে তো ম-রা গো

— — ⏑, — — —, — ⏑ —, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ত-গণ, ম-গণ ও র-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে উব্ভাসক (উদ্ভাসক) ছন্দ বলে।

(জ) উপট্ঠিতা—

ত্-জা জ্-গা গরুনাযমুপট্ঠিতা

— — ⏑, ⏑ — ⏑, ⏑ — ⏑, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী ত-গণ, দুইটী জ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে উপট্ঠিতা ( উপস্থিতা ) ছন্দ বলে।

উ—জুন্তা বিমলা পটিভাতি সা
ফুল্লা বিটপী বকুলাদযো,
সখা করুণায বসংগতো
মারস্স চগা স্থরধীতরো।

---

* চম্পকমালা বৃত্তরত্নাকরে দীপকমালা নামে প্রসিদ্ধ, কিন্তু তথায় তৃতীয় পাদে স-গণের স্থলে জ-গণ দৃষ্ট হয়।

### পঙ্‌ক্তি ছন্দের সাঙ্কেতিক চিহ্ন

| ছন্দের নাম | প্রত্যেক পাদ=১০ অক্ষর | | | |
|---|---|---|---|---|
| (ক) সুদ্ধ-বিরাজিত | — — — | ◡ ◡ — | ◡ — ◡ | — |
| (খ) পণব | — — — | ◡ ◡ ◡ | ◡ — — | — |
| (গ) রুম্মবতী | — ◡ ◡ | — — — | ◡ ◡ — | — |
| (ঘ) মত্তা | — — — | — ◡ ◡ | ◡ ◡ — | — |
| (ঙ) চম্পকমালা | — ◡ ◡ | — — — | ◡ ◡ — | — |
| (চ) মনোরমা | ◡ ◡ ◡ | — ◡ — | ◡ — ◡ | — |
| (ছ) উব্ভাসক | — — ◡ | — — — | — ◡ — | — |
| (জ) উপট্‌ঠিতা | — — ◡ | ◡ — ◡ | ◡ — ◡ | — |

## (১১) তুট্‌ঠভ (ত্রিষ্টুভ)

তুট্‌ঠভ ছন্দের প্রত্যেক পাদে মাত্র এগার অক্ষর। উপট্‌ঠিতা প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) ইন্দবজিরা—

ইন্দাদিকা তা বজিরা জ-গা গো

— — ◡, — — ◡, ◡ — ◡, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ত-গণ, একটী জ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে ইন্দ-বজিরা ( ইন্দ্রবজ্রা ) ছন্দ বলে।

উ—আবাস-দানস্‌স পনানিসংসং
কো নাম বত্তুং পুরিসো সমখো,
অঞ্‌ঞত্র বুদ্ধা পন লোক নাথা
যুত্তো সহস্‌সেন মুখেন বাপি।

(খ) উপেন্দবজিরা—

উপাদিকা সা' ব জ-তা জ-গা গো।

⏑ — ⏑, — — ⏑, ⏑ — ⏑, — —

যদি ইন্দ্রবজ্রা (ইন্দবজিরা) ছন্দের পূর্ব্বে ও পরে জ-গণ, মধ্যে ত-গণ, এবং সর্ব্বশেষে দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে উপেন্দবজিরা ( উপেন্দ্রবজ্রা ) বলে।

(গ) উপজাতি—

অনন্তরোদীরিত লক্‌খণা চে,
পাদা বিমিস্‌সা উপজাতযো তা,
এবং কির ঞ্‌ঞাস্থু পি মিস্‌সিতাস্থু
বদন্তি জাতিস্বিদমেব নামং।

যদি কোন গাথার পাদে পূর্ব্বোক্ত ইন্দবজিরা ও উপেন্দবজিরা ছন্দের লক্ষণসমূহ মিশ্রিতভাবে থাকে, তাহাকে উপজাতি ছন্দ বলে।

উ—নিসিন্নমত্তে বজিরাসনস্মিং
তিলোকনাথে সনরামরেহি,
বিধীযমানেস্থু মহামহেস্থু
সমারসেনো সমুপাগমাসি।

এই গাথায় মধ্যম পদ দুইটী ইন্দবজিরা ছন্দের, প্রথম ও চতুর্থ পাদ দুইটী উপেন্দবজিরা ছন্দের, সুতরাং ইহা একটা উপজাতি ছন্দ। এইরূপ মিশ্রিত অন্যান্য ছন্দকেও উপজাতি ছন্দ বলে।

(ঘ) সুমুখী—

স-জ-জা ল-গা গদিতা সুমুখী

⌣ ⌣ —, ⌣ — ⌣, ⌣ — ⌣, ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী স-গণ, দুইটী জ-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে সুমুখী ছন্দ বলে।

(ঙ) দোধক—

দোধকমিচ্ছতি চে ভ-ভ-ভা-গা

— ⌣ ⌣, — ⌣ ⌣, — ⌣ ⌣, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে তিনটী ভ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে দোধক ছন্দ বলে।

উ—যানি ভবন্তি তিবস্‌স-সতানি
ব্যাকুল-কেসর-ভগ্ন-বধূনি,
ভিঙ্গণাদি-বসাসু ভজন্তি
কোকনদানি ন তানি ন তানী।

(চ) সালিনী—

বেদস্‌সেহি ম্‌-তা তগাগ্‌সালিনী সা

— — —, — — ⌣, — — ⌣, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী ম-গণ, দুইটী ত-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, এবং চতুর্থ ( বেদ ) কিংবা সপ্তম ( অশ্ব ) অক্ষরে যতি (বিরাম) হয়, তাহাকে সালিনী (শালিনী) ছন্দ বলে।

উ—সুদ্ধা সামা সুপ্‌পসন্না যতক্‌খী
পীণস্‌সোণী দক্‌খিণা বত্তনাভী,
সংখিত্তং সা নাতি লোমাচিতঙ্গি
ধঞ্ঞা কঞ্ঞা সালিনী বন্ধবানং।

(ছ) বাতোম্মী—

বাতোম্মী সা যতি সা ম্‌-ভা ত-গা গো

— — —, — ⌣ ⌣, — — ⌣, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ভ-গণ, ত-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, এবং চতুর্থ অথবা সপ্তম অক্ষরে যতি হয়, তাহাকে বাতোম্মী ( বাতোর্ম্মী ) ছন্দ বলে।

উ—হত্থে বত্থং ফরুসা চিত্ত-গত্তং
বাসা সুদ্ধম্মলীনঞ্চেব গত্তং,
তেতং সুক্কা অধরং রাগহীনং
এতং চিত্তং বসগানং সভাবং।

(জ) সুরস সিরী—

ভা ত-ন-গা গো সুরসসিরী সা

— ⌣ ⌣, — — ⌣, ⌣ ⌣ ⌣, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী করিয়া ভ-গণ, ত-গণ ও ন-গণ এবং দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে সুরস-সিরী (কুড্‌মল-দন্তী=শ্রী ) ছন্দ বলে।

(ঝ) রথোদ্ধতা—

রো ন-রা ইধ রথোদ্ধতা ল-গা

— ⌣ —, ⌣ ⌣ ⌣, — ⌣ —, ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী র-গণ ও ন-গণের পর একটী র-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে রথোদ্ধতা ছন্দ বলে।

(ঞ) স্বাগতা—

স্বাগতেতি র-ন-ভা গুরুকাদ্বে

— ⌣ —, ⌣ ⌣ ⌣, — ⌣ ⌣, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী র-গণ, ন-গণ, ভ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে স্বাগতা ছন্দ বলে।

**(ট) ভদ্দিকা—**

ন-ন-র-লহু   গুরূহি   ভদ্দিকা

⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, — ⌣ —, ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ন-গণ, একটী র-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে ভদ্দিকা (ভদ্রিকা) ছন্দ বলে।

তুট্‌ঠুভ ছন্দের সাঙ্কেতিক চিহ্ন

| ছন্দের নাম | প্রত্যেক পাদ = ১১ অক্ষর | | | |
|---|---|---|---|---|
| (ক) ইন্দবজিরা | — — ⌣ | — — ⌣ | ⌣ — ⌣ | — — |
| (খ) উপেন্দবজিরা | ⌣ — ⌣ | — — ⌣ | ⌣ — ⌣ | — — |
| (গ) উপজাতি | ইন্দবজিরা ও উপেন্দবজিরার মিশ্র ছন্দ | | | |
| (ঘ) সুমুখী | ⌣ ⌣ — | ⌣ — ⌣ | ⌣ — ⌣ | ⌣ — |
| (ঙ) দোধক | — ⌣ ⌣ | — ⌣ ⌣ | — ⌣ ⌣ | — — |
| (চ) সালিনী | — — — | — — ⌣ | — — ⌣ | — — |
| (ছ) বাতোম্মী | — — — | — ⌣ ⌣ | — — ⌣ | — — |
| (জ) সুরস-সিরী | — ⌣ ⌣ | — — ⌣ | ⌣ ⌣ ⌣ | — — |
| (ঝ) রথোদ্ধতা | — ⌣ — | ⌣ ⌣ ⌣ | — ⌣ ⌣ | ⌣ — |
| (ঞ) স্বাগতা | — ⌣ — | ⌣ ⌣ ⌣ | — ⌣ — | — — |
| (ট) ভদ্দিকা | ⌣ ⌣ ⌣ | ⌣ ⌣ ⌣ | — ⌣ — | ⌣ — |

## (১২) জগতি

জগতি ছন্দের প্রত্যেক পাদে মাত্র বার অক্ষর। বংসট্‌ঠ প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) বংসট্‌ঠা—

বদন্তি বংসট্‌ঠমিদং জ-তা জ-রা

⌣ — ⌣, — — ⌣, ⌣ — ⌣, — ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী জ-গণ ও ত-গণের পর এক একটী জ-গণ ও র-গণ থাকে, তাহাকে বংসট্‌ঠা ( বংশস্থা ) ছন্দ বলে।

উ—সসীব তারাগণ সম্পুরক্‌খতো
গিরীব মেরুং পরিভণ্ডমন্তরে,
সরো স্থফুল্লম্বুজা কন্তিকূপমো
বসী জিনো জেতবনে পভঙ্করো।

(খ) ইন্দবংসা—

সা ইন্দবংসা খলু যত্থ তা জ-রা

— — ⌣, — — ⌣, ⌣ — ⌣, — ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ত-গণ, এবং এক একটী জ-গণ ও র-গণ থাকে, তাহাকে ইন্দবংসা ( ইন্দ্রবংশা ) ছন্দ বলে।

উ—লুদ্ধাসবা নেকতিকা গুণগ্‌ঘযা
কামাতুরা সন্থপনা দুরাসদা,
বজ্ঝা নরা সত্তিরুতা হিতে রতা
যেনাপি বংসপ্পভবা গুণঞ্‌ঞুহি।

(গ) তোটক—

ইধ তোটকমম্বুধি সেহি মিতং

⌣ ⌣ —, ⌣ ⌣ —, ⌣ ⌣ —, ⌣ ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে চারিটী (অম্বুধি) স-গণ থাকে, তাহাকে তোটক ছন্দ বলে

৬—করুণা তরুণী রমনী রমতে
হৃদযে সততং সতিযা সহিতা,
সমুণী সধনো মুণিনো বচনে
রমতে রমতে পবরে পবনে।

(ঘ) দ্রুতবিলম্বিত—

দ্রুতবিলম্বিতমাহু ন-ভা ভ-রা

⏑ ⏑ ⏑, — ⏑ ⏑, — ⏑ ⏑, — ⏑ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী ন-গণ, দুইটী ভ-গণ ও একটী র-গণ থাকে, তাহাকে দূতবিলম্বিত ছন্দ বলে।

(ঙ) পুট—

বসু-যুগ-বিরতী না-ম্যা পুটো'যং

⏑ ⏑ ⏑, ⏑ ⏑ ⏑, — — —, ⏑ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটি ন-গণ; একটী ম-গণ ও একটী য-গণ থাকে, এবং অষ্টম ( বসু ) অথবা চতুর্থ ( যুগ ) অক্ষরে যতি হয়, তাহাকে পুট ছন্দ বলে।

(চ) কুসুমবিচিত্তা—

ন-য়-সহিতা ন্যা কুসুমবিচিত্তা

⏑ ⏑ ⏑, ⏑ — —, ⏑ ⏑ ⏑, ⏑ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ ও য-গণের পর পুন এক একটী ন-গণ ও য-গণ থাকে, তাহাকে কুসুমবিচিত্তা (কুসুমবিচিত্রা) ছন্দ বলে।

(ছ) ভুজঙ্গপ্পযাত—

ভুজঙ্গপ্পযাতন্তবে বেদ যেহি

⌣ — —, ⌣ — —, ⌣ — —, ⌣ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে চারিটী (বেদ) য-গণ থাকে, তাহাকে ভুজঙ্গপ্পযাত ( ভুজঙ্গপ্রয়াত ) ছন্দ বলে।

(জ) পিযংবদা—

ন-ভ-জ-রেহি ভবতিপ্পিযংবদা

⌣ ⌣ ⌣, — ⌣ ⌣, ⌣ — ⌣, — ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, ভ-গণ, জ-গণ ও র-গণ থাকে, তাহাকে পিযংবদা ( প্রিয়ংবদা ) ছন্দ বলে।

উ—খগগণেহি বিততং মনোহরং
সকমলেহি সরসী বিভূসিতং,
মিগগণেহি বিচরীত-ভূতলং
যতি জনাধরমযাতি পাবনং।

(ঝ) ললিতা—

বুত্তা সুধীহি ললিতা ত-ভা জ-রা

— — ⌣, — ⌣ ⌣, ⌣ — ⌣, — ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ত-গণ, ভ-গণ, জ-গণ ও র-গণ থাকে, তাহাকে ললিতা ছন্দ বলে।

(ঞ) পমিতাক্খরা—

পমিতাক্খরা স-জ-স-সেহুদিতা

⌣ ⌣ —, ⌣ — ⌣, ⌣ ⌣ —, ⌣ ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী স-গণ ও জ-গণের পর দুইটী স-গণ থাকে, তাহাকে পমিতাকৃখরা (প্রমিতাক্ষরা) ছন্দ বলে।

উ—মদমান-মোহভুজগাবসথং
কবযাদনেক-কুণপাবসতং,
পিলকাদি সত্তু নিলযং করজং
বসরো করোতি বসমাবসথং।

(ট) উজ্জলা—

ন-ন-ভ-র-সহিতাভিহিতুজ্জলা

‿ ‿ ‿, ‿ ‿ ‿, — ‿ ‿, — ‿ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ন-গণ, একটী ভ-গণ ও র-গণ থাকে, তাহাকে উজ্জলা ( উজ্জ্বলা ) ছন্দ বলে।

(ঠ) বেসসদেবী—

পঞ্চুস্সচ্ছিন্না বেস্সদেবী ম-মা-যা

— — —, — — —, ‿ — —, ‿ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ম-গণ ও দুইটী য-গণ থাকে, এবং পঞ্চম কিংবা সপ্তমাক্ষরে যতি হয়, তাহাকে বেস্সদেবী (বৈশ্বদেবী) ছন্দ বলে।

(ড) তামরস—

বদতি হি তামরসং ন-জ-জা-যো

‿ ‿ ‿, ‿ — ‿, ‿ — ‿, ‿ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে একটী ন-গণ, দুইটী জ-গণ ও একটী য-গণ থাকে, তাহাকে তামরস ছন্দ বলে।

(ঢ) কমলা—

কমলাতি ঞ্‌ঞেয্যা স-য-সেহি যো বে

⌣ ⌣ —, ⌣ — —, ⌣ ⌣ —, ⌣ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী স-গণ ও য-গণের পর এক একটী স-গণ ও য-গণ থাকে, তাহাকে কমলা ছন্দ বলে।

জগতি ছন্দের সাঙ্কেতিক চিহ্ন

| ছন্দের নাম | প্রত্যেক পাদ = ১২ অক্ষর | | | |
|---|---|---|---|---|
| (ক) বংসট্‌ঠা | ⌣ — ⌣ | — — ⌣ | ⌣ — ⌣ | — ⌣ — |
| (খ) ইন্দবংসা | — — ⌣ | — — ⌣ | ⌣ — ⌣ | — ⌣ — |
| (গ) তোটক | ⌣ ⌣ — | ⌣ ⌣ — | ⌣ ⌣ — | ⌣ ⌣ — |
| (ঘ) দুতবিলম্বিত | ⌣ ⌣ ⌣ | — ⌣ ⌣ | — ⌣ ⌣ | — ⌣ — |
| (ঙ) পুট | ⌣ ⌣ ⌣ | ⌣ ⌣ ⌣ | — — — | ⌣ — — |
| (চ) কুসুমবিচিত্তা | ⌣ ⌣ ⌣ | ⌣ — — | ⌣ ⌣ ⌣ | ⌣ — — |
| (ছ) ভুজঙ্গপ্পযাত | ⌣ — — | ⌣ — — | ⌣ — — | ⌣ — — |
| (জ) পিযংবদা | ⌣ ⌣ ⌣ | — ⌣ ⌣ | ⌣ — ⌣ | — ⌣ — |
| (ঝ) ললিতা | — — ⌣ | — ⌣ ⌣ | ⌣ — ⌣ | — ⌣ — |
| (ঞ) পমিতাক্খরা | ⌣ ⌣ — | ⌣ — ⌣ | ⌣ ⌣ — | ⌣ ⌣ — |
| (ট) উজ্জলা | ⌣ ⌣ ⌣ | ⌣ ⌣ ⌣ | — ⌣ ⌣ | — ⌣ — |
| (ঠ) বেস্‌সদেবী | — — — | — — — | ⌣ — — | ⌣ — — |
| (ড) তামরস | ⌣ ⌣ ⌣ | ⌣ — ⌣ | ⌣ — ⌣ | ⌣ — — |
| (ঢ) কমলা | ⌣ ⌣ — | ⌣ — — | ⌣ ⌣ — | ⌣ — — |

## (১৩) অতিজগতি

অতিজগতি ছন্দের প্রত্যেক পাদে মাত্র তের অক্ষর। পহাসিনী প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) পহাসিনী—

ম্না-জ-রা গো তিদসযতিপ্পহাসিনী সা।

— — —, ⌣ ⌣ ⌣, ⌣ — ⌣, —(ঃ) ⌣ —, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ন-গণ, জ-গণ, র-গণ ও একটী গুরু অক্ষর থাকে, এবং তৃতীয় কিংবা দশম অক্ষরে যতি হয়, তাহাকে পহাসিনী ( প্রহর্ষিণী ) ছন্দ বলে।

(খ) রুচিরা—

চতুগ্‌গহেহিহ রুচিরা জ-ভা-স-জা-গ্‌

⌣ — ⌣, — ⌣ ⌣, ⌣ ⌣ —(ঃ), ⌣ — ⌣, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী জ-গণ, ভ-গণ ও স-গণের পর একটী জ-গণ ও একটী গুরু অক্ষর থাকে, এবং চতুর্থ কিংবা নবম অক্ষরে যতি হয়, তাহাকে রুচিরা ছন্দ বলে।

## (১৪) সক্করী ( শর্করী )

সক্করী ছন্দের প্রত্যেক পাদে মাত্র চৌদ্দ অক্ষর। অপরাজিতা প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) অপরাজিতা—

ন-ন-র-স-লহু-গা সরেহিপরাজিতা

⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, —(ঃ) ⌣ —, ⌣ ⌣ —, ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ন-গণ, এক একটী র-গণ

ও স-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, এবং সপ্তম অক্ষরে যতি হয়, তাহাকে অপরাজিতা ছন্দ বলে।

(খ) পহরণকলিকা—

ন-ন-ভ-ন-লগিতিপ্পহরণকলিকা।

⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, — ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ন-গণ ও একটী ভ-গণের পর একটী ন-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে পহরণকলিকা ( প্রহরণকলিতা ) ছন্দ বলে।

(গ) বসন্ততিলকা—

বুত্তা বসন্ততিলকা ত-ভ-জা-জ-গা গো।

— — ⌣, — ⌣ ⌣, ⌣ — ⌣, ⌣ — ⌣, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ত-গণ ও ভ-গণ, দুইটী জ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে বসন্ততিলকা ছন্দ বলে।

উ—ধম্মো তিলোক-সরণো পরমো রসানং
ধম্মো মহগ্‌গ-রতনো রতনেসু লোকে,
ধম্মো হবে তিভব-দুক্‌খ-বিনাস-হেতু
ধম্মং সমাচরথ জাগরিকানুযুত্তা।

## (১৫) অতিসক্করী ( অতিশর্করী )

অতিসক্করী ছন্দের প্রত্যেক পাদে মাত্র পনর অক্ষর। সসিকলা প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) সসিকলা—

দ্বিহত-হয-লহু-রথগিতি   সসিকলা।

⏑ ⏑, ⏑ ⏑, ⏑ ⏑, ⏑ ⏑, ⏑ ⏑, ⏑ ⏑, ⏑ ⏑, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুই দুইটী করিয়া গণনা করিলে সপ্তম বার লঘু অক্ষরের পর একটী গুরু অক্ষর হয় (অর্থাৎ চৌদ্দটী লঘু অক্ষরের পর একটী গুরু অক্ষর থাকে), তাহাকে সসিকলা (চন্দ্রাবর্ত্তা) ছন্দ বলে।

(খ) মণিগুণনিকর—

বসু-হয-যতিরিধ-মণিগুণনিকরো।

⏑ ⏑ ⏑, ⏑ ⏑ ⏑, ⏑ ⏑(ঃ) ⏑, ⏑ ⏑ ⏑, ⏑ ⏑ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে অষ্টম (বসু) কিংবা সপ্তম অক্ষরে যতি হয়, তাহাকে মণিগুণনিকর ছন্দ বলে।

(গ) মালিনী—

ন-ন-ম-য-য-যুতা'যং   মালিনী   ভোগিসীহি

⏑ ⏑ ⏑, ⏑ ⏑ ⏑, — — (ঃ) —, ⏑ — —, ⏑ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ন-গণ, একটী ম-গণ ও দুইটী য-গণ থাকে, এবং সপ্তম কিংবা অষ্টম অক্ষরে যতি হয়, তাহাকে মালিনী ছন্দ বলে।

উ—সতত-বিতত-কিত্তিং ধস্ত-কন্দপ্প-দপ্পং
তিভব-হিত-বিধানং সব্বলোকেক-কেতুং,
অমিত-মতি-মনগ্ঘং সন্তিধং মেরুসারং
সুগত-মহমুদারং রূপসারং নমামি।

(ঘ) পভদ্দক—

ভবতি   ন-জা   ভ-জা র-সহিতা   পভদ্দকং

⏑ ⏑ ⏑, ⏑ — ⏑, — ⏑ ⏑, ⏑ — ⏑, — ⏑ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, জ-গণ ও ভ-গণের পর পুন একটী জ-গণ ও একটী র-গণ থাকে, তাহাকে পভদ্দক ( প্রভদ্রক ) ছন্দ বলে।

## (১৬) অট্‌ঠি ( অষ্টি )

অট্‌ঠি ছন্দের প্রত্যেক পাদে মাত্র ষোল অক্ষর। বাণিনী ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) বাণিনী—

ন-জ-ভ-জ-রা যদা ভবতি বাণিনী গ-যুত্তা

⌣ ⌣ ⌣, ⌣ — ⌣, — ⌣ ⌣, ⌣ — ⌣, — ⌣ —, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, জ-গণ ও ভ-গণের পর পুন এক একটী জ-গণ, র-গণ ও গুরু অক্ষর থাকে, তাহাকে বাণিনী ছন্দ বলে।

## (১৭) অচ্চট্‌ঠি ( অত্যষ্টি )

অচ্চট্‌ঠি ছন্দের প্রত্যেক পাদে মাত্র সতের অক্ষর। সিখরিণী প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) সিখরিণী—

য-মা নো সো ভ-ল্-গা-রস-হর বিরামা সিখরিণী

⌣ — —, — — —, ⌣(ঃ) ⌣ ⌣, ⌣ ⌣ —, — ⌣ ⌣, ⌣ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী য-গণ, ম-গণ, ন-গণ, স-গণ ও ভ-গণ এবং একটি লঘু ও একটী গুরু অক্ষর থাকে, এবং ষষ্ঠ ( রস ) কিংবা একাদশ ( হর ) অক্ষরে যতি হয়, তাহাকে সিখরিণী (শিখরিণী) ছন্দ বলে।

(খ) হরিণী—

রস-যুগিসিতে-নো-সো-ম্-রা-স্-লা-গা যদা হরিণী তদা

⏑ ⏑ ⏑, ⏑ ⏑ ⏑ —(ঃ), — — —, — ⏑ —, ⏑ ⏑ —, ⏑ —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, স-গণ, ম-গণ ও র-গণের পর পুন একটী স-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, এবং ষষ্ঠ ( রস ), চতুর্থ ( যুগ ) কিংবা সপ্তম (ঋষি) অক্ষরে যতি হয়, তাহাকে হরিণী ছন্দ বলে।

(গ) মন্দাক্কন্তা—

মন্দাক্কন্তা ম-ভ-ন-ত-ত-গা গো যুগুত্বস্সকেহি

— — —, —(ঃ) ⏑ ⏑, ⏑ ⏑ ⏑, — — ⏑, — — ⏑, — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ভ-গণ ও ন-গণের পর দুইটী ত-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, এবং চতুর্থ ( যুগ ), ষষ্ঠ ( ঋতু ) কিংবা সপ্তম (অশ্ব) অক্ষরে যতি হয়, তাহাকে মন্দাক্কন্তা ( মন্দাক্রান্তা ) ছন্দ বলে।

## (১৮) ধুতি ( ধৃতি )

ধুতি ছন্দের প্রত্যেক পাদে মাত্র আঠার অক্ষর। কুসুমিত-লতাবেল্লিতা ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) কুসুমিতলতা-বেল্লিতা—

মো-তো-নো যো-যা কুসুমিতলতা-বেল্লিতাক্খুত্বিসীহি

— — —, — — (ঃ) ⏑, ⏑ — —, ⏑ — —, ⏑ — —, ⏑ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ত-গণ, ন-গণ ও তিনটী য-গণ থাকে, এবং পঞ্চম ( অক্ষি ), ষষ্ঠ ( ঋতু ) কিংবা সপ্তম (ঋষি) অক্ষরে যতি হয়, তাহাকে কুসুমিতলতা-বেল্লিতা ছন্দ বলে।

## (১৯) অতিধুতি ( অতিধৃতি )

অতিধুতি ছন্দের প্রত্যেক পাদে মাত্র উনিশ অক্ষর। মেঘবিপ্‌-ফুজ্জিতা প্রভৃতি ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) মেঘবিপ্‌ফুজ্জিতা—

রসুত্বস্‌সেহি য্‌-মা-ন-স-র-র-গুরূ মেঘবিপ্‌ফুজ্জিতা সা

⏑ — —, — — —(ঃ), ⏑ ⏑ ⏑, ⏑ ⏑ —, — ⏑ —, — ⏑ —, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী য-গণ, ম-গণ, ন-গণ ও স-গণের পর দুইটী র-গণ ও একটী গুরু অক্ষর থাকে, এবং ষষ্ঠ (রস) কিংবা সপ্তম ( অশ্ব ) অক্ষরে যতি হয়, তাহাকে মেঘবিপ্‌ফুজ্জিতা ( বিস্ব ) ছন্দ বলে।

(খ) সদ্দূলবিক্কীলিত—

অক্কস্‌সেহি যদি ম্‌-স জা স-ত-ত-গা সদ্দূলবিক্কীলিতা

— — —, ⏑ ⏑ —, ⏑ — ⏑(ঃ), ⏑ ⏑ —, — — ⏑, — — ⏑, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, স-গণ ও জ-গণের পর পুন একটী স-গণ, দুইটী ত-গণ ও একটী গুরু অক্ষর থাকে, এবং দ্বাদশ ( অর্ক ) কিংবা সপ্তম ( অশ্ব ) অক্ষরে বিরাম হয়, তাহাকে সদ্দূলবিক্কীলিত ( শার্দূলবিক্রীড়িত ) ছন্দ বলে।

## (২০) কতি ( কৃতি )

কতি ছন্দের প্রত্যেক পাদে মাত্র বিশ অক্ষর। বুত্ত ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) বুত্ত—

বুত্তমীদিসন্তুনামতো র-জা র-জা র-জা গুরূ লহু চ

— ⏑ —, ⏑ — ⏑, — ⏑ —, ⏑ — ⏑, — ⏑ —, ⏑ — ⏑, ⏑, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী র-গণ ও জ-গণের পর

এক একটী র-গণ ও জ-গণ, পুন এক একটী র-গণ ও জ-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে বুত্ত ( বৃত্ত ) ছন্দ বলে।

## (২১) পকতি ( প্রকৃতি )

পকতি ছন্দের প্রত্যেক পাদে মাত্র একুশ অক্ষর। সদ্ধরা ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) সদ্ধরা—

ম্রাভ্-না যো-যা ত্রযেনন্তিমুনি যতিযুতা সদ্ধরা কিত্তিতা'যং

— — —, — ◡ —, — ◡ ◡, ◡ ◡ ◡, ◡ — —, ◡ — —, ◡ — —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, র-গণ, ভ-গণ ও ন-গণের পর তিনটী য-গণ থাকে, এবং তৃতীয়, সপ্তম (মুনি) কিংবা একবিংশতিতম অক্ষরে যতি হয়, তাহাকে সদ্ধরা ( স্রগ্ধরা ) ছন্দ বলে।

## (২২) আকতি ( আকৃতি )

আকতি ছন্দের প্রত্যেক পাদে মাত্র বাইশ অক্ষর। ভদ্দক ছন্দ এই শ্রেণীভুক্ত।

(ক) মদ্দক —

ভ্রা-ন-র-না র-না চথ গুরূদ্দসক্ক-বিরমাহি মদ্দকমিদং

— ◡ ◡, — ◡ —, ◡ ◡ ◡, — ◡ —(ঃ), ◡ ◡ ◡, — ◡ —, ◡ ◡ ◡, —

যদি শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, র-গণ ও ন-গণের পর এক একটী র-গণ ও ন-গণ, পুন এক একটী র-গণ ও ন-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, এবং দশম কিংবা দ্বাদশ ( অর্ক ) অক্ষরে বিরাম হয়, তাহাকে মদ্দক (মদ্রক) ছন্দ বলে।*

———

* তেইশ হইতে ছাব্বিশ অক্ষরযুক্ত পাদ শেষাংশে টীকা হইতে উদ্ধৃত ছন্দসমূহে দ্রষ্টব্য।

## চতুর্থ পরিচ্ছেদ

### অদ্ধসমবৃত্ত ( অর্দ্ধসমবৃত্ত )

[ যে সকল ছন্দের প্রথম ও তৃতীয় পাদ এবং দ্বিতীয় ও চতুর্থ পাদ সমান, তাহাদিগকে অর্দ্ধসমবৃত্ত বলা হয়। উপচিত্রা, দ্রুতমজ্মা প্রভৃতি অর্দ্ধসম শ্রেণীভুক্ত ছন্দ কেবল প্রথম ও দ্বিতীয় পাদের সাহায্যে ( অর্থাৎ সম ও বিষম ভেদে ) এই পরিচ্ছেদে প্রদর্শিত হইয়াছে। ]

(১) উপচিত্রা—

বিসমে যদি সা-স-ল-গা সমে

⌣ ⌣ —, ⌣ ⌣ —, ⌣ ⌣ —, ⌣ —

ভত্তযতো গুরুকা উপচিত্রা।

— ⌣ ⌣, — ⌣ ⌣, — ⌣ ⌣, — —

যে শ্লোকের বিষমে ( অর্থাৎ প্রথম ও তৃতীয় পাদের প্রত্যেক পাদে ) তিনটী স-গণ, একটী লঘু ও একটী গুরু অক্ষর, এবং সমে ( অর্থাৎ দ্বিতীয় ও চতুর্থ পাদের প্রত্যেক পাদে ) তিনটী ভ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে উপচিত্রা ছন্দ বলে।

(২) দ্রুতমজ্মা—

ভত্তযতো যদি গা দ্রুতমজ্মা

— ⌣ ⌣, — ⌣ ⌣, — ⌣ ⌣; — —

যদি পুনরেব ভবন্তি ন-জা-জ্যা।

⌣ ⌣ ⌣, ⌣ — ⌣, ⌣ — ⌣, ⌣ — —

যে শ্লোকের বিষমে (অর্থাৎ প্রথম এবং তৃতীয় পাদের প্রত্যেক পাদে)

তিনটী ভ-গণের পর দুইটী গুরু অক্ষর, এবং সমে ( অর্থাৎ দ্বিতীয় এবং চতুর্থ পাদের প্রত্যেক পাদে ) একটী ন-গণ, দুইটী জ-গণ ও একটী য-গণ থাকে, তাহাকে দুতমজ্ঝা ( দ্রুতমধ্যা ) ছন্দ বলে ।

(৩) বেগবতী—

যদি সত্তিতযং গুরুযুত্তং

⌣ ⌣ —, ⌣ ⌣ —, ⌣ ⌣ —, —

বেগবতী যদি ভত্তিতযা-গা ।

— ⌣ ⌣, — ⌣ ⌣, — ⌣ ⌣, — —

যে শ্লোকের বিষমে তিনটী স-গণের পর একটী গুরু অক্ষর, এবং সমে তিনটী ভ-গণের পর দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে বেগবতী ছন্দ বলে ।

(৪) ভদ্দবিরাজ—

তো জো বিসমে রতো গুরুঞ্চে

— — ⌣, ⌣ — ⌣, — ⌣ —, —

ম্-সা জ্-গা ভদ্দবিরাজমেত্থ গো চে ।

— — —, ⌣ ⌣ —, ⌣ — ⌣, — —

যে শ্লোকের বিষমে এক একটী ত-গণ, জ-গণ, র-গণ ও একটী গুরু অক্ষর, এবং সমে এক একটী ম-গণ, স-গণ, জ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে ভদ্দবিরাজ ( ভদ্রবিরাজ ) ছন্দ বলে ।

(৫) কেতুমতী—

বিসমে স-জা সগুরুযুতা

⌣ ⌣ —, ⌣ — ⌣, ⌣ ⌣ —, —

কেতুমতী সমে ভ-র-ন-গা গো ।

— ⌣ ⌣, — ⌣ —, ⌣ ⌣ ⌣, — —

যে শ্লোকের বিষমে এক একটী স-গণ ও জ-গণের পর পুন একটী স-গণ ও একটী গুরু অক্ষর, এবং সমে এক একটী ভ-গণ, র-গণ, ন-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে কেতুমতী ছন্দ বলে।

(৬) আখ্যানিকা—

আখ্যানিকা তা বিসমে জ-গা গো

— — ◡, — — ◡, ◡ — ◡, — —

জ-তা জ-গা গো তু সমেথ পাদে।

◡ — ◡, — — ◡, ◡ — ◡, — —

যে শ্লোকের বিষমে দুইটী ত-গণ, একটী জ-গণ ও দুইটী গুরু অক্ষর, এবং সমে এক একটী জ-গণ ও ত-গণের পর পুন একটী জ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে আখ্যানিকা ছন্দ বলে।

(৭) বিপরীতাখ্যানিকা—

জ-তা জ-গা গো বিসমে সমেতু

◡ — ◡, — — ◡, ◡ — ◡, — —

তা জো গ-গা চে বিপরীতপুব্বা।

— — ◡, — — ◡, ◡ — ◡, — —

যে শ্লোকের বিষমে এক একটী জ-গণ ও ত-গণের পর পুন একটী জ-গণ ও দুইটী গুরু অক্ষর, এবং সমে দুইটী ত-গণ, একটী জ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে বিপরীতাখ্যানিকা ছন্দ বলে।

(৮) হরিণপ্লুতা—

স-সতো স-ল-গা বিসমে সমে

◡ ◡ —, ◡ ◡ —, ◡ ◡ —, ◡ —

ন-ভ- ভ-রা ভবতী হরিণপ্লুতা।

◡ ◡ ◡, — ◡ ◡, — ◡ ◡, — ◡ —

যে শ্লোকের বিষমে তিনটী স-গণ, একটী লঘু ও একটী গুরু অক্ষর, এবং সমে একটী ন-গণ, দুইটী ভ-গণ ও একটী র-গণ থাকে, তাহাকে হরিণপ্লুতা ছন্দ বলে।

(৯) অপরবক্ত্র—

যদি ন-ন-র ল-গা ন-জা জ-রা
⏑ ⏑ ⏑, ⏑ ⏑ ⏑, — ⏑ —, ⏑ —
যদি চ তদাপরবক্ত্রমিচ্ছতি।
⏑ ⏑ ⏑, ⏑ — ⏑, ⏑ — ⏑, — ⏑ —

যে শ্লোকের বিষমে দুইটী ন-গণ, একটী র-গণ, একটী লঘু ও একটী গুরু অক্ষর, এবং সমে একটী ন-গণ, দুইটী জ-গণ ও একটী র-গণ থাকে, তাহাকে অপরবক্ত্র (অপরবক্ত্র্) ছন্দ বলে।

(১০) পুপ্ফিতগ্গা—

বিসমমুপগতা ন-না-র-যা চে
⏑ ⏑ ⏑, ⏑ ⏑ ⏑, — ⏑ —, ⏑ — —
ন-জ জ-র-গা সমকে চ পুপ্ফিতগ্গা।
⏑ ⏑ ⏑, ⏑ — ⏑, ⏑ — ⏑, — ⏑ —, —

যে শ্লোকের বিষমে দুইটী ন-গণ, একটী র-গণ ও একটী য-গণ, এবং সমে একটী ন-গণ, দুইটী জ-গণ, একটী র-গণ ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে পুপ্ফিতগ্গা ( পুষ্পিতাগ্রা ) ছন্দ বলে।*

(১১) যবমতী—

সা যবাদিকামতী র-জা র-জা তু
— ⏑ —, ⏑ — ⏑, — ⏑ —, ⏑ — ⏑
সমে সমে জ-রা জ-রা গুরু ভবেয়ুং।
⏑ — ⏑, — ⏑ —, ⏑ — ⏑, — ⏑ —, —

* অপরবক্ত্র ও পুপ্ফিতগ্গা এই ছন্দদ্বয় বেতালীয় ছন্দের অন্তর্গত।

যে শ্লোকের বিষমে এক একটী র-গণ ও জ-গণের পর পুন এক একটী র-গণ ও জ-গণ, এবং সমে এক একটী জ-গণ ও র-গণের পর পুন এক একটী জ-গণ, র-গণ ও গুরু অক্ষর থাকে, তাহাকে ( পিঙ্গলের ) যবমতী ছন্দ বলে।

অৰ্দ্ধসমবৃত্তের সাঙ্কেতিক চিহ্ন

| ছন্দের নাম | পাদ | ছন্দের পাদ | | | |
|---|---|---|---|---|---|
| (১) উপচিত্রা | বি | ⏑ ⏑ — | ⏑ ⏑ — | ⏑ ⏑ — | ⏑ — |
| | স | — ⏑ ⏑ | — ⏑ ⏑ | — ⏑ ⏑ | — — |
| (২) দ্রুতমধ্যা | বি | — ⏑ ⏑ | — ⏑ ⏑ | — ⏑ ⏑ | — — |
| | স | ⏑ ⏑ ⏑ | ⏑ — ⏑ | ⏑ — ⏑ | ⏑ — — |
| (৩) বেগবতী | বি | ⏑ ⏑ — | ⏑ ⏑ — | ⏑ ⏑ — | — |
| | স | — ⏑ ⏑ | — ⏑ ⏑ | — ⏑ ⏑ | — — |
| (৪) ভদ্রবিরাজ | বি | — — ⏑ | ⏑ — ⏑ | — ⏑ — | — |
| | স | — — — | ⏑ ⏑ — | ⏑ — ⏑ | — — |
| (৫) কেতুমতী | বি | ⏑ ⏑ — | ⏑ — ⏑ | ⏑ ⏑ — | — |
| | স | — ⏑ ⏑ | — ⏑ — | ⏑ ⏑ ⏑ | — — |
| (৬) আখ্যানিকা | বি | — — ⏑ | — — ⏑ | ⏑ — ⏑ | — — |
| | স | ⏑ — ⏑ | — — ⏑ | ⏑ — ⏑ | — — |
| (৭)বিপরীতাখ্যানিকা | বি | ⏑ — ⏑ | — — ⏑ | ⏑ — ⏑ | — — |
| | স | — — ⏑ | — — ⏑ | ⏑ — ⏑ | — — |
| (৮) হরিণপ্লুতা | বি | ⏑ ⏑ — | ⏑ ⏑ — | ⏑ ⏑ — | ⏑ — |
| | স | ⏑ ⏑ ⏑ | — ⏑ ⏑ | — ⏑ ⏑ | — ⏑ — |
| (৯) অপরবক্ত্র | বি | ⏑ ⏑ ⏑ | ⏑ ⏑ ⏑ | — ⏑ — | ⏑ — |
| | স | ⏑ ⏑ ⏑ | ⏑ — ⏑ | ⏑ — ⏑ | — ⏑ — |
| (১০) পুপ ফিতগ্গা | বি | ⏑ ⏑ ⏑ | ⏑ ⏑ ⏑ | — ⏑ — | ⏑ — — |
| | স | ⏑ ⏑ ⏑ | ⏑ — ⏑ | ⏑ — ⏑ | — ⏑ — — |
| (১১) যবমতী | বি | — ⏑ — | ⏑ — ⏑ | — ⏑ — | ⏑ — ⏑ |
| | স | ⏑ — ⏑ | — ⏑ — | ⏑ — ⏑ | — ⏑ — — |

## পঞ্চম পরিচ্ছেদ

## বিসমবুত্ত ( বিষমবৃত্ত )

[ বিষম বৃত্তে একটী ছন্দের পূর্ব্বার্দ্ধের পর অপর যে কোন ছন্দের অপরার্দ্ধ থাকিতে পারে। এই পরিচ্ছেদে বুত্তোদয় গ্রন্থকার এক হইতে সাত এবং নয় হইতে ছাব্বিশ অক্ষরযুক্ত পাদ বাদ দিয়া কেবল বত্তজাতীয় ছন্দের আট অক্ষরযুক্ত পাদসমূহের উল্লেখ করিয়াছেন।]

বত্তপ্পভেদো ( বৃত্তপ্রভেদ )

(ক) বত্ত—

নট্ঠক্খরেসু পাদেসু

— — ⌣, — ⌣ —, — —

স্নাদিম্হা যোণ্ণবা বত্তং।

— — —, — ⌣ —, — —

যে শ্লোকের আট অক্ষর বিশিষ্ট পাদসমূহের আদিভাগে স-গণ ও ন-গণ না হইয়া উভয়ার্দ্ধে প্রথম চারিটী মাত্রার পর য-গণ থাকে, তাহাকে বত্ত ( বক্ত্র ) ছন্দ বলে।

(খ) পথ্যাবত্ত—

সমেসু সিন্ধুতো জেন

⌣ — ⌣, — ⌣ —, — —

পথ্যাবত্তং পকিত্তিতং।

— — — —, ⌣ — ⌣, —

যে শ্লোকের সমপাদে চারিটী ( সিন্ধু ) বর্ণের পর জ-গণ থাকে, তাহাকে পথ্যাবত্ত ( পথ্যাবক্ত্র ) বলে।

(গ) বিপরীত-পথ্যাবত্ত—

ওজেসু জেন সিন্ধুতো

— — ⌣, — ⌣' — ⌣ —

তমেব বিপরীতাদি।

⌣ — ⌣ ⌣ ⌣ — — ⌣

যে শ্লোকের বিষমে ( ওজ ) চারিটী ( সিন্ধু ) মাত্রার পর জ-গণ থাকে, তাহাকে বিপরীত-পথ্যাবত্ত ( বিপরীত-পথ্যাবক্ত্র ) বলে।

(ঘ) চপলাবত্ত—

নকারো চে জলধিতো

⌣ — —, — '⌣ ⌣ ⌣' —

চপলাবত্তমিচ্চেতং ।

⌣ ⌣ —, — ⌣ —, — —

যে শ্লোকের বিষমে চারিটী ( জলধি ) বর্ণের পর ন-গণ থাকে, তাহাকে চপলাবত্ত ( চপলাবক্ত্র ) বলে।

(ঙ) ( পিঙ্গলের ) বিপুলা—

সমেলো সত্তমো যস্‌সা

⌣ — —, — ⌣ —, — —

বিপুলা পিঙ্গলস্‌স সা।

⌣ ⌣ —, — ⌣ —, '—' —

যে শ্লোকের সমে সপ্তম বর্ণ লঘু হয়, তাহাকে ( পিঙ্গলের ) বিপুলা বলে।

(চ) (সেতবের) বিপুলা—

সেতবস্‌সাখিলেসু পি।

— ⌣ —, — ⌣ —, '⌣' —

যে শ্লোকের প্রত্যেক পাদে সপ্তম বর্ণ লঘু হয়, তাহাকে (শ্বেতবের) বিপুলা বলে।

(ছ) ভ-বিপুলা –

ভেনণ্ণবা ভব্বিপুলা।

— — ⏑ — ‘— ⏑ ⏑’ —

যে শ্লোকের প্রত্যেক পাদে চারিটী (অর্ণব) অক্ষরের পর ভ-গণ থাকে, তাহাকে ভ-বিপুলা বলে।

(জ) র-বিপুলা—

এবমঞ্ঞারো চতুত্থা।

— ⏑ — — ‘— ⏑ —’ —

যে শ্লোকের প্রত্যেক পাদে চারিটী বর্ণের পর র-গণ থাকে, তাহাকে র-বিপুলা বলে।

(ঝ) ন-বিপুলা—

নোণ্ণবা চে বিপুলা।

— ⏑ — — ‘⏑ ⏑ ⏑’ —

যে শ্লোকের প্রত্যেক পাদে চারিটী (অর্ণব) বর্ণের পর ন-গণ থাকে, তাহাকে ন-বিপুলা বলে।

(ঞ) ত-বিপুলা—

তোণ্ণবা তথাঞ্ঞাসিযা।

— ⏑ — ⏑ ‘— — ⏑’ —

যে শ্লোকের প্রত্যেক পাদে চারিটী বর্ণের পর ত-গণ থাকে, তাহাকে ত-বিপুলা বলে।

## বত্তজাতিয় ( বিষম ) ছন্দের সাঙ্কেতিক চিহ্ন

| ছন্দের নাম | | প্রথম অক্ষর | প্রথম গণ | দ্বিতীয় গণ | শেষ অক্ষর |
|---|---|---|---|---|---|
| (ক) বত্ত | বি<br>স | যে কোন অক্ষর বসিতে পারে | স-গণ ও ন-গণ ব্যতীত যে কোন গণ | ⏑ — —<br>⏑ — — | যে কোন অক্ষর বসিতে পারে |
| (খ) পথ্যাবত্ত | বি<br>স | ,, | ,, | ⏑ — —<br>⏑ — ⏑ | ,, |
| (গ) বিপরীত-পথ্যাবত্ত | বি<br>স | ,, | ,, | ⏑ — ⏑<br>⏑ — — | ,, |
| (ঘ) চপলাবত্ত | বি<br>স | ,, | ,, | ⏑ ⏑ ⏑<br>⏑ — — | ,, |
| (ঙ) পিঙ্গলের বিপুলা | বি<br>স | ,, | ,, | ⏑ — —<br>⏑ — ⏑ | ,, |
| (চ) শ্বেতবের বিপুলা | বি<br>স | ,, | ,, | ⏑ — ⏑<br>জ-গণ অথবা য-গণ | ,, |
| (ছ) ভ-বিপুলা | বি<br>স | ,, | ,, | — ⏑ ⏑<br>জ-গণ অথবা য-গণ | ,, |
| (জ) র-বিপুলা | বি<br>স | ,, | ,, | — ⏑ —<br>জ-গণ অথবা য-গণ | ,, |
| (ঝ) ন-বিপুলা | বি<br>স | ,, | ,, | ⏑ ⏑ ⏑<br>জ-গণ অথবা য-গণ | ,, |
| (ঞ) ত-বিপুলা | বি<br>স | ,, | ,, | — — ⏑<br>জ-গণ অথবা য-গণ | ,, |

## ষষ্ঠ পরিচ্ছেদ

## ছপ্পচ্চযা (ষট্ প্রত্যয়)

পত্থারে সব্বগে পাদে পুব্বগাধোল্লরে সমে
পুব্বে গরুত্বেবমিমে কত্তব্বা যাব সব্বলো।

১। কোন ছন্দের মাত্রাসমূহ প্রস্থাকারে বিভক্ত করিতে হইলে সমস্ত গুরু অক্ষর প্রথম পঙ্ক্তিতে রাখিয়া পরবর্ত্তী প্রত্যেক পঙ্ক্তিতে পূর্ব্ব পঙ্ক্তির প্রথম গুরু অক্ষরের নিম্নে লঘু অক্ষর বসাইতে হইবে। লঘু অক্ষরের ডানদিকে সেই পঙ্ক্তিতে পূর্ব্ব পঙ্ক্তির অনুরূপ মাত্রা, এবং বামদিকে পাদ পূরণের জন্য যতগুলি মাত্রার প্রয়োজন ততগুলি গুরু মাত্রা দিতে হইবে। সর্ব্ব লঘুবিশিষ্ট পাদ না পাওয়া পর্য্যন্ত এইরূপ করিতে হইবে।

ইহাতে যে ছন্দের পাদ এক অক্ষরযুক্ত তাহার দুই প্রকার, যে ছন্দের পাদ দুই অক্ষরযুক্ত তাহার চারি প্রকার, যে ছন্দের পাদ তিন অক্ষরযুক্ত তাহার আট প্রকার, যে ছন্দের পাদ চারি অক্ষরযুক্ত তাহার ষোল প্রকার রূপ-ভেদ পাওয়া যাইবে। এইরূপে পাদে মাত্রা বৃদ্ধির সঙ্গে সঙ্গে ছন্দের রূপ-ভেদের সংখ্যাও বাড়িয়া যাইবে। উদাহরণ স্বরূপ নিম্নে সমছন্দের তিন অক্ষরযুক্ত পাদের উল্লেখ করা হইল।

| পঙ্‌ক্তি | সমছন্দের তিন অক্ষর-যুক্ত পাদের রূপ-ভেদ |
|---|---|
| ১ | — — — |
| ২ | ⏑ — — |
| ৩ | — ⏑ — |
| ৪ | ⏑ ⏑ — |
| ৫ | — — ⏑ |
| ৬ | ⏑ — ⏑ |
| ৭ | — ⏑ ⏑ |
| ৮ | ⏑ ⏑ ⏑ |

নট্‌ঠস্‌স যো ভবেয্যঙ্কো তস্মিং লোদ্ধিকতে সমে
বিসমে ত্বেক সহিতে ভবেয্যদ্ধিকতে গুরু।

২। কোন ছন্দের নির্দ্দিষ্ট সংখ্যক অক্ষরযুক্ত পঙ্‌ক্তির আকার নির্ণয় করিতে হইলে প্রথম দেখিতে হইবে, সংখ্যাটী সম কি বিষম। যদি নির্দ্দিষ্ট সংখ্যাটী সম হয়, তবে তাহার পার্শ্বে একটী লঘু মাত্রা বসাইতে হইবে, এবং ঐ সংখ্যাকে অর্দ্ধেক করিয়া নিতে হইবে। যদি সংখ্যাটী বিষম হয়, তবে তাহাকে বাড়াইয়া পরবর্ত্তী সম সংখ্যা করিতে হইবে, এবং তাহার অর্দ্ধেক লইতে হইবে। এই অর্দ্ধ সংখ্যাটী যদি সম হয়, তাহার পার্শ্বে একটী লঘু এবং বিষম হইলে একটী গুরু মাত্রা বসাইতে হইবে। নির্দ্দিষ্ট পঙ্‌ক্তির অক্ষর-সংখ্যা যাহা হইবে ততবার এইরূপে সম ও বিষম ভেদে লঘু ও গুরু মাত্রা বসাইতে হইবে। ইহাতে নির্দ্দিষ্ট পাদের বা পঙ্‌ক্তির আকার জানা যাইবে।

যেমন, গায়ত্রীর ছয় অক্ষরযুক্ত দশম পঙ্‌ক্তির আকার নির্ণয় করিতে হইলে নিম্নলিখিত উপায়ে করিতে হইবে।

(১) নির্দ্দিষ্ট পঙ্‌ক্তি সংখ্যা (১০) সম হওয়ায় তাহার পার্শ্বে একটী লঘু মাত্রা বসাইতে হইবে। ⏑

(২) দশের অর্দ্ধেক পাঁচ (৫) বিষম হওয়ায় তাহার পার্শ্বে একটী গুরু মাত্রা দিতে হইবে। —

(৩) দশের অর্দ্ধেক পাঁচ বিষম বলিয়া তাহাকে বাড়াইয়া পরবর্ত্তী সম সংখ্যায় (৬) নিতে হইবে। ছয়ের অর্দ্ধেক তিন বিষম হওয়ায় তাহার পার্শ্বে একটী গুরু মাত্রা বসিবে। —

(৪) এইরূপে, ছয়ের অর্দ্ধেক তিন (৩) বিষম বলিয়া তাহাকে বাড়াইয়া পরবর্ত্তী সম সংখ্যায় (৪) নিতে হইবে। চারের অর্দ্ধেক দুই (২) সম হওয়ায় তাহার পার্শ্বে একটী লঘু মাত্রা বসিবে। ⏑

(৫) দুই (২) সম সংখ্যা হওয়ায় তাহার অর্দ্ধেক লইলে এক (১) হয়। এই এক (১) বিষম হওয়ায় তাহার পার্শ্বে একটী গুরুমাত্রা বসিবে। —

(৬) এক (১) বিষম বলিয়া তাহাকে বাড়াইয়া পরবর্ত্তী সম সংখ্যায় (২) নিতে হইবে। দুইয়ের অর্দ্ধেক এক (১) বিষম হওয়ায় তাহার পার্শ্বে আবার একটী গুরু মাত্রা দিতে হইবে। —

এক্ষণে ছয়টী অক্ষরের মাত্রা বাহির হওয়ায় উল্লিখিত গায়ত্রীর দশম পঙ্‌ক্তির আকার এইরূপ বুঝিতে হইবে— ( ⏑ — — ⏑ — — )।

একাদিনুক্কমেনঙ্কে পুব্বাধো দ্বিগুণে লিখে
নিস্‌সিতেহি লহুট্‌ঠেহি সেকে হুদ্দিট্‌ঠকং ভবে।

৩। কোন নির্দ্দিষ্ট আকারপ্রাপ্ত পাদের পঙ্‌ক্তি-সংখ্যা নির্ণয়

করিতে হইলে প্রথমে পাদটি সম্পূর্ণ লিখিতে হইবে। পাদের নিম্নে প্রথম মাত্রা হইতে শেষ মাত্রা পর্য্যন্ত যথাক্রমে ১, ২, ৪, ৮, ১৬, ৩২ (প্রত্যেক বারে দ্বিগুণ মাত্রায়) ইত্যাদি সংখ্যাগুলি বসাইতে হইবে। লঘুমাত্রার নিম্নে যে সকল সংখ্যা থাকিবে তাহাদের যোগফলের সহিত এক (১) যোগ করিয়া যে সংখ্যা পাওয়া যাইবে তাহাই নির্দ্দিষ্ট পাদের পঙ্‌ক্তি-সংখ্যা বুঝিতে হইবে।

যেমন, গায়ত্রীর অন্তর্গত এই (⏑ — — ⏑ — —) পাদটীর পঙ্‌ক্তি-সংখ্যা নির্ণয় করিতে হইলে তাহার নিম্নে উল্লিখিত নিয়মে ১, ২, ৪ ইত্যাদি সংখ্যা বসাইতে হইবে।

| ⏑ | — | — | ⏑ | — | — |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৮ | ১৬ | ৩২ |

পরে লঘু মাত্রার নিম্নস্থিত সংখ্যাগুলি (১+৮) যোগ করিলে যোগফল ৯ হইবে। সুতরাং এই (৯+১)=১০ গায়ত্রী ছন্দে নির্দ্দিষ্ট পাদের পঙ্‌ক্তি-সংখ্যা বুঝিতে হইবে।

বুত্তক্খরসমাসংখ্যা-লিখ্য সেকোপরূপরি
একেকহীনমেকাদিনুট্‌ঠানে সব্বগাদিকং।

৪। গুরু মাত্রাবিহীন, অথবা এক গুরু মাত্রাযুক্ত অথবা দুই, তিন ইত্যাদি গুরু মাত্রাযুক্ত পাদের রূপভেদ নির্ণয় করিতে হইলে ঐ পাদে যতগুলি অক্ষর থাকিবে ততবার এক (১) একটীর উপরে একটী বসাইতে হইবে। সর্ব্বোপরি আর একটী ১ বসাইতে হইবে। এইরূপে যে উর্দ্ধমূখী সংখ্যা-পঙ্‌ক্তি হইবে তাহার বামপার্শ্বে আরো কতকগুলি উর্দ্ধমূখী সংখ্যা-পঙ্‌ক্তি বসাইতে হইবে। এই সকল সংখ্যা-পঙ্‌ক্তির উপরিভাগে প্রথম সংখ্যা-পঙ ক্তি হইতে ক্রমান্বয়ে এক একটী

করিয়া স্থান কমাইতে হইবে, এবং প্রত্যেকটীর গোড়ায় ১ থাকিবে। এই সকল একের উপরিভাগে যে সকল সংখ্যা বসিবে তাহারা বামপার্শ্বের সংখ্যা এবং তদ্নিম্নস্থিত সংখ্যাগুলির যোগফলের সমান হইবে। এইরূপে প্রত্যেক সংখ্যা-পঙ্‌ক্তির উপরিভাগে যে সংখ্যা পাওয়া যাইবে নির্দ্দিষ্ট মাত্রাযুক্ত পাদের ততটা রূপভেদ বুঝিতে হইবে।

গায়ত্রীর ছয় অক্ষরযুক্ত পাদের রূপভেদ নিম্নে দেখান হইল।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | ... ... | | সর্ব্ব গুরুবিশিষ্ট | ১ | পঙ্‌ক্তি |
| ১ | ৬ | | | | | | ... ... | (৬ — ১ =) ৫ | গুরুবিশিষ্ট | ৬ | ,, |
| ১ | ৫ | ১৫ | | | | | ... ... | (৫ — ১ =) ৫ | ,, | ১৫ | ,, |
| ১ | ৪ | ১০ | ২০ | | | | · | (৪ — ১ =) ৩ | ,, | ২০ | ,, |
| ১ | ৩ | ৬ | ১০ | ১৫ | | | ... | (৩ -- ১ =) ২ | ,, | ১৫ | ,, |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | ... | (২ — ১ =) ১ | ,, | ৬ | ,, |
| ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ... | (১ — ১ =) ০ | ,, | ১ | ,, |

গুরুক্রিযাঙ্ক সন্দোহে ভবে সংখ্যা বিমিস্‌সিতে
উদ্দিট্‌ঠাঙ্কসমাহারো সেকোবেমং সমানযে।

৫। কোন ছন্দে রূপভেদের সংখ্যা জানিতে হইলে দুই উপায়ে ইহা সম্ভবপর।

(১) গুরুক্রিয়ার (অর্থাৎ ৪র্থ প্রত্যয়ে প্রদর্শিত নিয়মে সর্ব্বগুরু পাদাদির ) সংখ্যাগুলি যোগ করিয়া, অথবা

(২) তৃতীয় প্রত্যয়ে উল্লিখিত সংখ্যাগুলির যোগফল বাহির করিয়া, যে সংখ্যা পাওয়া যাইবে নির্দ্দিষ্ট ছন্দের রূপভেদ তত প্রকার বুঝিতে হইবে।

উল্লিখিত গায়ত্রী ছন্দের ( ⏑ — — ⏑ — – ) রূপভেদ নিম্নে নির্ণয় করা হইল।

(১ + ৬ + ১৫ + ২০ + ১৫ + ৬ + ১) = ৬৪ (চতুর্থ প্রত্যয় অনুসারে)

অথবা

⏑ — — ⏑ — —

(১ + ২ + ৪ + ৮ + ১৬ + ৩২ + ১) = ৬৪ (তৃতীয় প্রত্যয় অনুসারে)

সঙ্খ্যেব দ্বিগুণেকূনা বিথারায়াম সম্ভবো
বুত্তস্সদ্ধন্তরানঞ্চ গরুলানঞ্চ অঙ্গুলং।

৬। কোন ছন্দের রূপভেদসমূহ লিখিবার জন্য ক্ষেত্রের পরিমান নির্ণয় করিতে হইলে ঐ ছন্দে রূপভেদের যে সংখ্যা হইবে তাহাকে দ্বিগুণ করিয়া ১ বাদ দিতে হইবে। (এস্থলে স্মরণ রাখিতে হইবে যে, ক্ষেত্রের পরিমান অঙ্গুলি বা ইঞ্চি সাহায্যে নির্ণয় প্রয়োজন)। রূপভেদের সংখ্যাকে দ্বিগুণ করিয়া তাহা হইতে ১ বাদ দিলে যে সংখ্যাটী পাওয়া যাইবে তত অঙ্গুলি বা ইঞ্চি পরিমিত ক্ষেত্র নির্দ্দিষ্ট ছন্দ লিখিবার জন্য প্রয়োজন, বুঝিতে হইবে। সুতরাং দেখা যাইতেছে যে, যে গায়ত্রীর রূপভেদ ৬৪ প্রকার তাহার প্রত্যেক পাদের জন্য (৬৪ + ৬৪ = ১২৮ ; ১২৮ – ১ =) ১২৭ অঙ্গুলি বা ইঞ্চি পরিমিত ক্ষেত্র প্রয়োজন।

## সপ্তম পরিচ্ছেদ

[ এক হইতে ষষ্ঠ পরিচ্ছেদে বুত্তোদয সমাপ্ত। এই সকল পরিচ্ছেদে গ্রন্থকার যে ছন্দসমূহের নাম উল্লেখ করিয়াছেন তদ্‌তিরিক্ত আরও কতকগুলি ছন্দ বুত্তোদয টীকায় দৃষ্ট হয়। এই পরিচ্ছেদে উক্ত টীকা হইতে যে ছন্দসমূহ সংগৃহীত হইয়াছে তাহারা তৃতীয় পরিচ্ছেদের অন্তর্গত সম ছন্দসমূহের পরিপূরক মাত্র। ]

### (১) উত্তা ( উক্তা )

(ক) সিরি—

গো সিরি।

⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী গুরু অক্ষর থাকে, তাহাকে সিরি ( শ্রী ) বলে।

উ—খন্ত তেধী ইত্যাদি।

### (২) অচ্চুত্তা ( অত্যুক্তা )

(ক) ইথী—

গাথী।

— —

যে শ্লোকের প্রত্যেক পাদে দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে ইত্থি (স্ত্রী) বলে।

উ—খন্তি, যস্মিং, সাবে, ভূসা ইত্যাদি।

## (৩) মজ্‌ঝা (মধ্যা)

(ক) মিগী—

রো মিগী।

— ‿ —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী র-গণ থাকে, তাহাকে মিগী (মৃগী) বলে।

উ—পাতুবো, সখুনো, কেসরী, বিক্কমং ইত্যাদি।

(খ) কুমারী—

সো কুমারী।

‿ ‿ —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী স-গণ থাকে, তাহাকে কুমারী (রমণ) বলে।

উ—গহণে, কুররী, মুদিতা, চরতি ইত্যাদি।

## (৪) পতিট্‌ঠা (প্রতিষ্ঠা)

(ক) পুঞ্‌ঞা—

র-গা পুঞ্‌ঞা।

— ‿ —, —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী র-গণ ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে পুঞ্‌ঞা (=প্রিয়া) বলে।

উ—চক্‌খুমক্কা, দিব্বমানং, তস্‌সবন্দে, পাদরাগং ইত্যাদি।

(খ) সতী—

নগি সতী।

‿ ‿ ‿, —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী ন-গণ ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে সতী বলে।

উ—বতননা, যতিজনা, পমুদিতা, মরুজনা ইত্যাদি।

## (৫) সুপতিট্‌ঠা (সুপ্রতিষ্ঠা)

(ক) ভামিনী—

ভামিনী র-ল-গা।

— ⌣ —, ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী র গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে ভামিনী বলে।

উ—মত্তকুঞ্জরং, নচ্চ গো ভযং, তুট্‌ঠ নাগরং, রাজতে পুরং ইত্যাদি।

## (৬) গাযত্তি (গায়ত্রী)

(ক) মুকুলিতা—

ন্যা মুকুলিতা।

⌣ ⌣ ⌣, ⌣ — —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী ন-গণ ও একটী য-গণ থাকে, তাহাকে মুকুলিতা বলে।

উ—সুমুকুলিতা বা, কুসুমলতাযা, ভবতি খণেনং, যুবতী সুসোভা ইত্যাদি।

(খ) সুচিমুখী—

স-মা সুচিমুখী।

⌣ ⌣ —, — — —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী স-গণ ও ম-গণ থাকে, একটী তাহাকে স্থচিমুখী বলে।

উ—খণখোপীরোদী, অথ কস্মা হাসো, অপগচ্ছে লক্‌খী, যদি সা স্থবত্তা।

(গ) সিখণ্ডিণী—

য-মা সিখণ্ডিণী।

⌣ — —, — — —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী য-গণ ও একটী ম-গণ থাকে, তাহাকে সিখণ্ডিণী বলে।

উ—সুরিন্দাযাদূনং, নরিন্দা পূজীনং, মুনিন্দা থোমীনং, নমো সব্ব-ঞ্ঞ্ঞ্নং।

## (৭) উন্‌হী (উষ্ণী)

(ক) আরোহণ—

আরোহণং ভ-ভ-গা।

— ⌣ ⌣, — ⌣ ⌣, —

যে শ্লোকের প্রত্যেক পাদে তুইটী ভ-গণ ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে আরোহণ বলে।

উ—জাতিমহস্মুধিনা, তারযিতাতু জনং, কারুণিকো ভগবা, নত্থি গতী জগতো।

(খ) উদ্ধতা—

উদ্ধতা র-স-গা।

— ⌣ —, ⌣ ⌣ —, —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী র-গণ একটী স-গণ ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে উদ্ধতা বলে।

উ—ইস্‌সরো কুরুতে চে, পাপকানখিলানি, তত্থ ভিত্তি নিবেসো, কং গুণা ন সমেকৃথা।

## (৮) অনুট্‌ঠুভ (অনুষ্টুভ)

(ক) হংসরুতা—

হংসরুতা দু-ভ-দু-গা।

— ‿ ‿, — ‿ ‿, — —

যে শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ভ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে হংসরুতা বলে।

উ—ছপ্পদবুন্দবিকিণ্ণো, কোকিলনাদিতসাখো, ভামিণিভাতি চ সন্তো, চুতদুমো কুসুমড্‌ঢো।

(খ) পদুমিনী—

দু-র-দু-গা পদুমিনী।

— ‿ —, — ‿ —, — —

যে শ্লোকের প্রত্যেক পাদে দুইটী র-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে তাহাকে পদুমিনী বলে।

উ—সীতবারীহি সম্পুণ্ণো, থুল্লকোকাসসোগন্ধা, অণ্ডজেহাকুলারম্মা, কঞ্চনী রাজতে ভুম্যা।

## (৯) ব্রহতী (বৃহতী)

(ক) তরঙ্গবতী—

র-জ-রা তরঙ্গবতী।

— ‿ —, ‿ — ‿, — ‿ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী র-গণ ও জ-গণের পর পুন একটী র-গণ থাকে, তাহাকে তরঙ্গবতী বলে।

উ—যংতরঙ্গবুব্বুলোপমং। তং মনুস্সতং হি দুল্লভং
পাপমোদনে নরাধমো। নোত্তমোত্রা সব্বপারগু।

(খ) মণিমজ্ঝা—

ভ-ম-সা মণিমজ্ঝা।

— ⌣ ⌣, — — —, ⌣ ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, ম-গণ ও স-গণ থাকে, তাহাকে মণিমজ্ঝা ( মণিমধ্যা ) বলে।

উ—ব্যাযতনেত্তং পেক্খসিবং। পুন্নসসঙ্কো লীনমদো
চারুতরন্তে বত্তমিদং। ভামিণিলীণো তোযধরে।

## (১০) পন্তি ( পংক্তি )

(ক) মযূরসারিণী—

র-জ-র-গা মযূরসারিণী।

— ⌣ —, ⌣ — ⌣, — ⌣ —, —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী র-গণ ও একটী জ-গণের পর পুন একটী র-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে মযূরসারিণী ( মযুর-সারিণী) বলে।

উ—রাগ-দোস-মোহ-মান-দিট্ঠী
এবমাদিনেকপাপরাসী,
অত্তহেতুকত্তহীনজাসা
দুক্খভারমুব্বহন্তি পচ্ছা।

(খ) বিলসিতা—

ম-ভ-স গা বিলসিতা।

— — —, — ⌣ ⌣, ⌣ ⌣ —, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ভ-গণ ও স-গণ, এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে বিলসিতা বলে।

উ—ছন্নাকারং যদি তু বরঙ্গং
নেত্তাসামা কমলদলাভা,
বত্তং পীতং করচরণা বা
মত্তা লক্খী বিলসতি তস্মিং।

(গ) একরূপা—

ম-ন-র-গা একরূপা।

— — —, ⌣ ⌣ ⌣, — ⌣ —, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ন-গণ, র-গণ ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে একরূপা বলে।

উ—রূপাদীহি ছহি গোচরেহি
কিত্তিং তে উপগমেতি চিত্তং,
ধীরো তং ন বসগো ভবে চে
তুক্খং খেপযতি সো ভবেস্থু।

## (১১) তুট্‌ঠভ (ত্রিষ্টুভ)

(ক) ভমরবিলসিতা—

ম-ভ-ন-ল-গা ভমরবিলসিতা।

— — —, — ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ভ-গণ ও ন-গণ, এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে ভমরবিলসিতা ( ভ্রমরবিলসিতা ) বলে।

উ—মুত্তাকেসা পবিরলকুসুমা
কল্লাসত্তং কুবলযমসিনং
বাসং চেকং সসধরনিভবং
বেসো তেসম্মগযতি মরণং।

(খ) সেনী—

র-জ-র-ল-গা সেনী।

— ◡ —, ◡ — ◡, — ◡ —, ◡ —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী র-গণ ও একটী জ-গণের পর পুন একটী র-গণ, এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে সেনী ( শ্যেনী ) বলে।

উ—পাদপাডিতাসিনূপুরাভিযা
হেমমেখলাভিনাদিতা হি বা,
সখু সন্তিকাগতাপলোভিতা
তাসু বীতরাগবাসপাতুবো।

(গ) সঙ্গতা—

জ-স-য-ল-গা সঙ্গতা।

◡ — ◡, ◡ ◡ —, ◡ — —, ◡ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী জ-গণ, স-গণ ও য-গণ, এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে সঙ্গতা বলে।

উ—মহী অসিতসদ্দপন্তোচুতা। জলোঘ বত তীরগা সিন্ধবো
ঘনোহিতভরা চুতা পব্বতা। ঘনাগমগমেববং বত্ততে।

(ঘ) লক্‌খী—

ভ-ত-ন-গ-গা লক্‌খী তা।

— ⌣ ⌣, — — ⌣, ⌣ ⌣ ⌣, — —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, ত-গণ, ন-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, এবং পঞ্চম অক্ষরে যতি হয, তাহাকে লক্‌খী (কুড মল দন্তী ) বলে।

উ—আভবলোকে রবিসসিবত্তিং
পালয সম্মাখিল জনরাসিং,
অত্তনিধম্মং কুরু নিরবজ্জং
ভূপতিলোকে ইতি ভব সম্মা।

## (১২) জগতি

(ক) চন্দবুত্তি—

র-ন-ভ-সা চন্দবুত্তি।

— ⌣ —, ⌣ ⌣ ⌣, — ⌣ ⌣, ⌣ ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী র-গণ, ন-গণ, ভ গণ ও স-গণ থাকে, তাহাকে চন্দবুত্তি ( চন্দ্রবর্ত্ম ) বলে।

উ—তাপসো পি বিপিনে গুণধনকো
তত্বগোচরকতং সকনযনং,
নারি উপ্পলবনে বিগতমনো
ঝানতো পততি কোভিবিরহিতং।

(খ) পমুদিতবদনা—

দু-ন-দু-রা পমুদিতবদনা।

⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, —(ঃ) ⌣ —, — ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ন-গণ ও দুইটী র-গণ থাকে, এবং সপ্তম অক্ষরে যতি হয়, তাহাকে পমুদিতবদনা (পঞ্চলাক্ষিকা) বলে।

উ—পুলিনগহিততে মনো তেমিযা
পবনমযপবট্‌ঠিতং বত্তিতং,
গহপহকরণত্থ মুজ্জোতিতুং
পযতমিবতনস্‌সভাতে তুবং।

(গ) পুট—

ন-ন-ম-যা পুটোভা।

⏑ ⏑ ⏑, ⏑ ⏑ ⏑, — —(ঃ) —, ⏑ — —

যে শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ন-গণ, একটী ম-গণ ও একটী য-গণ থাকে, এবং অষ্টমাক্ষরে যতি হয়, তাহাকে পুট বলে।

(ঘ) জলোদ্ধতগতি—

জ-স-জ-সা জলোদ্ধতগতি।

⏑ — ⏑, ⏑ ⏑ —(ঃ) ⏑ — ⏑, ⏑ ⏑ —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী জ-গণ ও একটী স-গণের পর পুন একটী জ-গণ ও একটী স-গণ থাকে, এবং ষষ্ঠ অক্ষরে যতি হয়, তাহাকে জলোদ্ধতগতি বলে।

(ঙ) সগবিণী—

চতুরেহি সগবিণী তা।

— ⏑ —, — ⏑ —, —(ঃ) ⏑ —, — ⏑ —

যে শ্লোকের প্রত্যেক পাদে চারিটী র-গণ থাকে, এবং সপ্তম অক্ষরে যতি হয়, তাহাকে সগবিণী ( স্রগ্বিণী ) বলে।

(চ) নবমালিনী—

ন-জ-ভ্যা নবমালিনী।

⌣ ⌣ ⌣, ⌣ — ⌣, — ⌣ ⌣, ⌣ — —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, জ-গণ, ভ-গণ ও য-গণ থাকে, তাহাকে নবমালিনী বলে।

(ছ) সোদাবিনী—

ম-ভ-স-মা সোদাবিনী।

— — —, —(ঃ) ⌣ ⌣, ⌣ ⌣ —, — — —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ভ-গণ ও স-গণের পর পুন একটী ম-গণ, এবং চতুর্থ কিংবা ষষ্ঠ অক্ষরে যতি হয়, তাহাকে সোদাবিনী (জলধরমালা) বলে।

উ—নাগাসন্তে জলমদনাগা সেলা
সেলাযন্তে সিসিদিসিনীলা মেঘা,
মেঘানীকেহুপহতরূপা তারা
তারাযন্তে দিসিদিসিসোদামিঞ্ঞে।

## (১৩) অভিজগতি

(ক) পসংসিনী—

জ-ভ-স-জ-গা পসংসিনী।

⌣ — ⌣(ঃ) — ⌣ ⌣, ⌣ ⌣ —, ⌣ — ⌣, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী জ-গণ, ভ-গণ ও স-গণের পর পুন একটী জ-গণ ও একটী গুরু অক্ষর থাকে, এবং তৃতীয় অক্ষরে বিরাম হয়, তাহাকে পসংসিনী (রুচিরা) বলে।

৫

উ—বসী জিনো কুসুমিতবালপাদপো
মধুব্বতো পমুদিতমত্তকোকিলো,
সুসীতলে সকমলবাপি দীঘকে
সপারলী বতমিব নন্দনে বনে।

(খ) মত্তময়ূর—

ম-ত-য-স-গা মত্তময়ূরং।

— — —, — — ⌣, ⌣ — —, ⌣ ⌣ —, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ত-গণ, য-গণ ও স-গণ, এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে মত্তময়ূর ( মত্তময়ূর ) বলে।

উ—মত্তা যোধা বম্মবতা তেকবিকুন্তো
কত্বা যুদ্ধং সব্বনিসাযং রিপিমজ্‌ঝে,
সন্তা সীসে ধুত্তনরা এব নিভুদ্ধা
নিদ্দাযন্তে দ্বীসথ তস্মিং তু নিবদ্ধা।

(গ) বিজযনন্দিনী—

স-জ-স-জ্-গা বিজযনন্দিনী।

⌣ ⌣ —, ⌣ — ⌣, ⌣ ⌣ —, ⌣ — ⌣, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী স-গণ ও জ-গণের পর পুন এক একটী স-গণ ও জ-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে বিজয-নন্দিনী বলে।

উ—সুজনা জনো জযতি যেন কেনচি
সবণেন পাতি লপিতং সুভাসুভং,
বচনেন উগ্‌গরতি তেসু সাধুকং
উদরগ্‌গিনা ডহতি চে অসাধুকং।

(ঘ) ভদ্দসা—

ম-ভ-ন-য-গা ভদ্দসা।

— — —, —(ঃ) ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ — —, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, ভ-গণ, ন-গণ ও য-গণ, এবং একটী গুরু অক্ষর থাকে, এবং চতুর্থ অক্ষরে যতি হয়, তাহাকে ভদ্দসা বলে।

উ—থূলো থূলো ইতি বদতি জনোকোযং
থূলো থূলো নহি পিসিতবসা দেহো,
পঞ্ঞো পঞ্ঞো যমদসমহিতো বাগী
স্বাযং থূলো নিখিলগুণবসা লোকে।

## (১৪) সক্করী (শর্করী)

(ক) অসম্বাধা—

ম-ত-ন-স-গ-গাসম্বাধা।

— — —, — —(ঃ) ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ —, —, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী য-গণ, ত-গণ, ন-গণ, স-গণ ও দুইটী গুরু থাকে, এবং পঞ্চম অক্ষরে যতি হয়, তাহাকে অসম্বাধা বলে।

উ—ভত্থাবত্তম্বু মুখমিদমনলংকারং
সস্সুস্সাসো ভাকুটতবিরহিতো নেত্তো,
সেরং বাসীনা পবদসিনবসং ভাবং
কো তে সম্ভাবো স্তুতনুমধিচিরপ্পত্তে।

(খ) মত্তাসী—

র-স-ত-ভ-গ-গা মত্তাসী।

— ⌣ —, ⌣ ⌣ —, —(ঃ) — ⌣, — ⌣ ⌣, — —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী র-গণ, স-গণ, ত-গণ, ভ-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, এবং সপ্তম অক্ষরে বিরাম হয়, তাহাকে মত্তাসী বলে।

(গ) ভমরপন্তি—

র-জ র-জ-ল-গা ভমরপন্তি।

— ⌣ —, ⌣ — ⌣, — ⌣(ঃ) —, ⌣ — ⌣, ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী র-গণ ও জ-গণের পর পুন এক একটী র-গণ ও জ-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, এবং অষ্টম অক্ষরে যতি হয়, তাহাকে ভমরপন্তি ( ভ্রমরপন্তি) বলে।

উ—চন্দসূরসঞ্ঞতায মানতুংদকতং
বিজ্জুপঙ্কজানবেনিরাদচাকজনী,
ভামিনীবিনোনথীখিখিবেন সোহি ভবে
ভিক্খবে অপেসলোসযানি মাদিহিকা।

(ঘ) বিলাসিনী—

ভ-জ-স-ন-গ-গা বিলাসিনী।

— ⌣ ⌣, ⌣ — ⌣, ⌣ ⌣ —, ⌣ ⌣ ⌣, — —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, জ-গণ, স-গণ, ন-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, এবং নবম অক্ষরে বিরাম হয়, তাহাকে বিলাসিনী বলে।

উ—কুঞ্জরকরো সুপভুজাননমনুনং
মন্দরসিলাতলসমো রসমুদারং,
অঞ্জননিভেকরুহকুঞ্চিতসুকেসং
তঞ্জিনমবাঞ্জিতকলিং সুগতমিদ্ধে।

## (১৫) অতিসক্করী (অতিশর্করী)

### (ক) চন্দাবত্তা—

চতু ন-সা চন্দবত্তা।

⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে চারিটী ন-গণ ও একটী স-গণ থাকে, তাহাকে চন্দাবত্তা (চন্দ্রাবর্ত্তা) বলে।

উ—অতিরুচিরসিখর-সমসিদদসনং
বিকসিতকমলদল-রুচিরমধরং,
তব মুখকমলদমনসিত নযনং
পনযতিস্তুতনুমমমদনমতুলং।

### (খ) মালা—

সা চ ছহি মালা।

⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে চন্দবত্তার লক্ষণসমূহ বিদ্যমান থাকিয়া ষষ্ঠ কিংবা নবম অক্ষরে বিরাম হয়, তাহাকে মালা* বলে।

উ—সসিনিভমুখিত তব ভবতি হসমযা
কনকরুচিরতনুতনুপরি কলহো,
সতবরমণিকিমপরিচিত ইমবং
সমসিতফরুসযযতিফরুসযজনো।

### (গ) কলা—

ম-র-ম্যাযা কলা।

— — —, — ⌣ —, —(ঃ) — —, ⌣ — —, ⌣ — —

* অন্যত্র মণিগুণনিকর ছন্দ নামে প্রসিদ্ধ।

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ ও র-গণের পর পুন একটী ম-গণ ও দুইটী য-গণ থাকে, এবং সপ্তম অক্ষরে যতি হয়, তাহাকে কলা (চন্দ্রলেখা) বলে।

(ঘ) কেসরা—

ন-জ-ভ-জ-রাসু কেসরা।

⏑ ⏑ ⏑, ⏑ — ⏑, — ⏑ ⏑, ⏑ — ⏑, — ⏑ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, জ-গণ ও ভ-গণের পর পুন এক একটী জ-গণ ও র-গণ হয়, তাহাকে কেসরা (প্রভদ্রক) বলে।

উ—জলচরগুম্বকীলিতসুভম্মহোদিকং
পমুদিতনেকসারসকুলেহি সেবিতং,
ভমরগণেহি সেবিতসুফুল্ল-সারসিং
সরমধিগয্হবাসমুপগতো সোযতি ।

(ঙ) সঙ্কিণী—

র-জ-র-জ-সা সঙ্কিণী।

— ⏑ —, ⏑ — ⏑, —(ঃ) ⏑ —, ⏑ — ⏑, ⏑ ⏑ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী র-গণ ও জ-গণের পর পুন এক একটী র-গণ, জ-গণ ও স-গণ থাকে, এবং সপ্তম অক্ষরে যতি হয়, তাহাকে সঙ্কিণী বলা হয়।

উ—বাহুকুটসেবিতং মিগিন্দখগ্গবিমলং
ভীমভীরুগচ্ছিতং ভযানকাননতলং,
সত্তু ভখমুদ্ধনিং রতিকৃশ্বযাহসিককো
মানমেদপুব্বহেতবে সবীরপবরং ।

## (১৬) অট্‌টী ( অষ্টি )

(ক) উসভগতিবিলসিত—

ভ-র-তি-ন-গা উসভগতিবিলসিতা ।

— ⌣ ⌣, — ⌣ —, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী ভ-গণ, একটী র-গণ, তিনটী ন-গণ ও একটী গুরু অক্ষর থাকে, এবং সপ্তম অক্ষরে বিরাম হয়, তাহাকে উসভগতিবিলসিত ( ঋষভগজবিলসিত ) বলে ।

উ—এস সরো পসন্নমনবসিতখগকুলো
কঞ্জককুত্তরীযমুভযতটরুহবনে,
সারস-হংস-ছপ্‌পদকুল নিজ নিজ গহো
ধম্মহতো বরোবিলসতিযতিনবচনে ।

(খ) ললনা—

র-চ-তু-ন-গা ললনা ।

— ⌣ —, ⌣ (ঃ)⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী র-গণ, চারিটী ন-গণ ও একটী গুরু অক্ষর থাকে, এবং চতুর্থ অক্ষরে বিরাম হয়, তাহাকে ললনা বলে ।

উ—খারুভীরুনিসিতস্থহিসিতসমদসনং
লোকলোচনহরমভিনবকমলনিভং,
ভাতিভাবিনিতবকুবলযদলনযনং
সুরুসুব্‌ভবদমনমতিসুভমিদমমলং ।

(গ) চন্দলেখা—

ন-জ-ভ-জ-ত-গা চন্দলেখা ।

⌣ ⌣ ⌣, ⌣ — ⌣, – ⌣ ⌣, ⌣ — ⌣, — — ⌣, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, জ-গণ ও ভ-গণের পর পুন এক একটী জ-গণ, ত-গণ ও গুরু অক্ষর থাকে, তাহাকে চন্দলেখা ( গরুড়রুত ) বলে।

উ—সুবিসিতচন্দলেখ-মুদিতেনিসাযং বহূ
তরুণি বহাভকেতুমুণিসোভতাতাবদে,
বনমতিভাতিকুন্দকুসুমামুদালিকুলং
সুবতিপরোজনোতিদুখিতা সতো যা পরে।

(ঘ) চন্দনিক—

ন-জ-ভ-জ-র-গা চন্দনিকং।

⏑ ⏑ ⏑, ⏑ — ⏑, — ⏑ ⏑(ঃ) ⏑ — ⏑, — ⏑ —, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, জ-গণ ও ভ-গণের পর পুন এক একটী জ-গণ, র-গণ ও গুরু অক্ষর থাকে, তাহাকে চন্দনিক ( বাণিনী) বলে।

(ঙ) চিত্তভাগা—

জ-র-জ-র-জ-গা চিত্তভাগা।

⏑ — ⏑, — ⏑ —, ⏑ — ⏑, — ⏑ —, ⏑ — ⏑, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী জ-গণ ও র-গণের পর পুন এক একটী জ-গণ, র-গণ, জ-গণ ও একটী গুরু অক্ষর থাকে, এবং নবম অক্ষরে বিরাম হয়, তাহাকে চিত্তভাগা ( নারাচ, পঞ্চচামর ) বলে।

উ—সুফুল্লপাদপেহি চাততুঙ্গ-পব্বতেহি চ
পহূত পঙ্কজেহি ছন্নসীতলে সরেহি চ,
নবম্হি তাপসা বসন্তি সামুসাখভক্খিনো
সতাসযিং যহিং তিকাহি কিন্নরায হাযকা।

## (১৭) অচ্চট্‌ঠি (অত্যষ্টি)

### (ক) বংসপত্রপতিত—

ভ-র-ন-ভ-ন-ল-গা বংসপত্রপতিতঙ্গা ।

— ⏑ ⏑, — ⏑ —, ⏑ ⏑ ⏑, — ⏑ ⏑, ⏑ ⏑ ⏑, ⏑ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, র-গণ ও ন-গণের পর পুন এক একটী ভ-গণ ও ন-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে বংসপত্রপতিত (বংশপত্রপতিত) বলে ।

### (খ) ধরণী—

জ-স-জ-স-য়-ল-গা ধরণী ।

⏑ — ⏑, ⏑ ⏑ —, ⏑ — ⏑, ⏑ ⏑ —, ⏑ — —, ⏑ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী জ-গণ ও স-গণের পর পুন এক একটী জ-গণ, স-গণ ও য-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, এবং অষ্টম অক্ষরে যতি হয়, তাহাকে ধরণী ( পৃথ্বী ) বলে ।

উ—বিসজ্জ সসরন্ধনুং সপদি সম্পতী পঞ্চসু
বসন্তি গজমুন্নতং সমধিতুঙ্গনট্‌ঠংকুসং,
জগত্যনুসরং বরোরুহদযেসু নারী বতো
হিনত্তিনবসিন্দু বার তরুমঞ্জরীতোমরা ।

## (১৮) ধুতি ( ধৃতি )

### (ক) কমলা—

স-ন-জ-ন-ভ-সা কমলা ।

⏑ ⏑ —, ⏑ ⏑ ⏑, ⏑ — ⏑, ⏑ ⏑ ⏑; — ⏑ ⏑, ⏑ ⏑ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী স-গণ ও ন-গণের পর পুন এক একটী জ-গণ, ন-গণ, ভ-গণ ও স-গণ থাকে, তাহাকে কমলা বলে ।

উ—স্থরভীকতমুতুসীতল-জলগারবপতনে
রুতকোকিলনিকরা করমদমোদিতপবনে,
সনরামরমহিতামুনি বসতে সহ সগণে
অমতোসিতজনতাবুত-ভগবা ইসিপতনে।

## (১৯) অতিধুভি (অতিধৃতি)

(ক) বাযুবেগা—

ম-স-জ-স-ন-ন-গা বাযুবেগা।

— — —, ⌣ ⌣ —, ⌣ — ⌣(ঃ) ⌣ ⌣ —, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, স-গণ ও জ-গণের পর পুন একটী স-গণ, তুইটী ন-গণ ও একটী গুরু অক্ষর থাকে, এবং দ্বাদশ অক্ষরে বিরাম হয়, তাহাকে বাযুবেগা বলে।

উ—নীলেবিজ্জুমলঙ্কতোরুসিখরে বিপুল-জলধরো
খম্‌হিচ্ছন্নমুদারধীরনিনদে খরদমনলবো,
কেকারবমথো বিমুঞ্চতি মুদাভুজরিপুকুসলং
সম্পত্তে জলদাগমেতি সিসিরো বিসরতি পবনো।

[ সপ্ত কতি ( কৃতি )]

## (২০) কতি ( কৃতি )

(ক) সুবদনা—

ম-র-ভ-ন-য-ভ-ল-গা সুবদনা।

— — —, — ⌣ —, — ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ — —, — ⌣ ⌣, ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ম-গণ, র-গণ, ভ-গণ, ন-গণ ও য-গণের পর পুন একটী ভ-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে সুবদনা বলে।

উ—যম্পীতং ভন্তি সঞ্ঞ্ঞং কলুসযতি চ বুদ্ধিম্‌হিমযতী
লজ্জাদিচ্ছিন্দনাতীমতিমবহরতীরোসং জনযতী,
মোসেন্তি পীতিমগ্‌গং মলিনযতিকুলং বুত্তন্তলসতি
তং তম্মোপানসঞ্ঞ্ঞা যদি পিবতি নরোমচ্চু স পিবতি।

(খ) দেবচরতা—

ত-র-ন-ভ-র-স-ল-গা দেবচরতা।

— ⏑ ⏑, — ⏑ —, ⏑ ⏑ ⏑, —(ঃ) ⏑ ⏑, — ⏑ —, ⏑ ⏑ —, ⏑ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, র-গণ ও ন-গণের পর পুন এক একটী ভ-গণ, র-গণ, স-গণ, এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, তাহাকে দেবচরতা বলে।

## (২১) পকতি (প্রকৃতি)

(ক) লপোপমা—

ন-জ-ভ-য-স-জ-রে-হি লপোপমা।

⏑ ⏑ ⏑, ⏑ — ⏑, — ⏑ ⏑, ⏑ — —, ⏑ ⏑ —, ⏑ — ⏑, — ⏑ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, জ-গণ, ভ-গণ, য-গণ ও স-গণের পর পুন একটী জ-গণ ও একটী র-গণ থাকে, তাহাকে লপোপমা বলে।

## (২২) আকতি (আকৃতি)

(ক) মাধুরিকা—

ভ-তি-র-ন-গা মাধুরিকা।

— ⏑ ⏑, — ⏑ —, ⏑ ⏑ ⏑, —(ঃ) ⏑ —, ⏑ ⏑ ⏑, — ⏑ —, ⏑ ⏑ ⏑, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, র-গণ ও ন-গণের পর পুন একটী র-গণ ও একটী ন-গণ, তৎপর এক একটী র-গণ, ন-গণ ও গুরু

অক্ষর থাকে, এবং দশম অক্ষরে বিরাম হয়, তাহাকে মাধুরিকা ( মদ্রক ) বলে ।*

উ—মচ্চুপরাযনে পরমতুৰ্বলে জাতি তোযবুব্বুলসমে
ব্যাধিজরাত্তকে ব্যসনভাজনে রুদিতসোকসল্লবিগতো,
নন্দিতুমদ্ধবাহুরবসো ভট্ঠিত্বমিহ যত্র তন্তযগতং
তত্রসনব্যথো বিসযগোচরে ভমযসিন্দিযানিনসমে ।

## (২৩) বিকতি (বিকৃতি)

### (ক) অস্‌সল্লিত—

ন-জ-ভ-জ-ভা জ-ভ-ল-গেহি অস্‌সল্লিতেপিতক্কং ।

⌣ ⌣ ⌣, ⌣ — ⌣, — ⌣ ⌣, ⌣ — ⌣, — ⌣ ⌣, ⌣ — ⌣, — ⌣ ⌣, ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ন-গণ, জ-গণ ও ভ-গণের পর পুন একটী জ-গণ ও একটী ভ-গণ, তৎপর একটী জ-গণ, একটী ভ-গণ এবং একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, এবং একাদশ অক্ষরে যতি হয়, তাহাকে অস্‌সল্লিত (অশ্বললিত) বলে ।

### (খ) মত্তক্কীল—

ম-ম-ত-চ-তু-ন-ল-গা মত্তক্কীলং গণা ।

— — —, — — —, — — ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ ⌣ ⌣, ⌣ —

যে শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ম-গণ, একটী ত-গণ, চারিটী ন-গণ, একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, এবং অষ্টম বা পঞ্চম অক্ষরে বিরাম হয়, তাহাকে মত্তক্কীল ( মত্তাক্রীড়া ) বলে ।

---

* ৩৯ পৃষ্ঠায় মদ্দক ছন্দের তুল্য ।

উ—বিজ্জুং নট্ঠং কানট্ঠং কা কসস্থরপতিনুস্থপহতজলগতো
পাতাসন্ত্যাদালীসেলা তুতস্বপলবিবরনিপতিত সলিলো,
সান্ধকম্পোচদ্ধো বাতং তাযপরিপতিত্তসিসিরফুসিতনযুতে
ফেনাস্থত্তাতিপ্পানজ্জো তিণ ব সলিলস্থবিসরমুপহনটা।

## (২৪) সঙ্কতি (সংকৃতি)

### (ক) তনবিণনা—

ভ-ত-ন-স-ভ-ভ-ন-যা তনবিণনা।

— ◡ ◡, — — ◡, ◡ ◡ ◡, ◡ ◡ —, — ◡ ◡, — ◡ ◡, ◡ ◡ ◡,
◡ — —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, ত-গণ, ন-গণ ও স-গণের পর পুন দুইটী ভ-গণ, একটী ন-গণ ও একটী য-গণ থাকে, এবং পঞ্চম, সপ্তম কিংবা দ্বাদশ অক্ষরে যতি হয়, তাহাকে তনবিণনা ( তন্বী ) বলে।

### (খ) মেঘমালা—

দ্বি-ন-ছ-রা মেঘমালা।

◡ ◡ ◡, ◡ ◡ ◡,(ঃ) — ◡ —, — ◡ —, — ◡ —, — ◡ —, — ◡ —
— ◡ —

যে শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ন-গণ ও ছয়টী র-গণ থাকে, এবং নবম অক্ষরে যতি হয়, তাহাকে মেঘমালা বলে।

উ—বলকিসলযসোভিতা সোকসালাপিযালম্বপুন্নাগনাগাদিহি
নরুহিরুরুহিরুজ্জলম্মত্তপুংকোকিলো নাদিতং ভূসিতং কাননং,
বিকসিতকমলুপ্পলামোদকন্ধক্কটো বাতযোণকৃথিণাতো নিলো
তব সুতনুতমাগতোকাসসন্দীপনে কালএসোপি যস্‌স্থনরী।

## (২৫) অভিকতি (অভিকৃতি)

(ক) কোঞ্চপাদা—

ভ-ম-স-ভ-চতু-ন-গা কোঞ্চপাদা।

— ◡ ◡, — — —, ◡ ◡ —, — ◡ ◡, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, —

যে শ্লোকের প্রত্যেক পাদে এক একটী ভ-গণ, ম-গণ ও স-গণের পর পুন একটী ভ-গণ, চারিটী ন-গণ এবং একটী গুরু অক্ষর থাকে, তাহাকে কোঞ্চপাদা ( ক্রৌঞ্চপাদা ) বলে।

## (২৬) উক্কতি (উৎকৃতি)

(ক) ভুজঙ্গ-বিজ্জুম্ভীতা—

ম-ম-ত-তি-ন-র-স-ল-গা ভুজঙ্গবিজ্জুম্ভীতা।

— — —, — — —, — — ◡, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, — ◡ —, ◡ ◡ —, ◡ —

যে শ্লোকের প্রত্যেক পাদে দুইটী ম-গণ, একটী ত-গণ, তিনটী ন-গণ, একটী র-গণ, একটী স-গণ ও একটী লঘু ও একটী গুরু অক্ষর থাকে, এবং সপ্তম অথবা একাদশ অক্ষরে বিরাম হয়, তাহাকে ভুজঙ্গ-বিজ্জুম্ভীতা ( ভুজঙ্গবিজৃম্ভিতা ) বলে।

(খ) অপবাহক—

ম-ছ-ন-স-গ-গা অপবাহকং।

— — —, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, ◡ ◡ ◡, ◡ ◡ —, — —

যে শ্লোকের প্রত্যেক পাদে একটী ম-গণ, ছয়টী ন-গণ, একটী স-গণ ও দুইটী গুরু অক্ষর থাকে, তাহাকে অপবাহক বলে।

# ধাতুকোষ

# (খ) ধাতুকোষ

( অকারাদি ক্রমে )

**ভুবাদি গণীয—**

√অকি—লক্খণে ( to mark, অঙ্কিত করা, অঙ্কতি )

√অগি—গমনে ( to go, গমন করা, অঙ্গতি )

√অগ্গ—গতি কোটিল্লে (to go tortuously, বক্র গমন করা, অগ্গতি)

√অগ্‌ঘ—অগ্‌ঘনে ( to value, মূল্য নিরূপণ করা, অগ্‌ঘতি )

√অচ্চ—অচ্চনে ( to worship, পূজা করা, অচ্চতি )

√অজ – গমনে ( to go, যাওয়া, অজতি )

√অজ্জ – অজ্জনে ( to acquire, অর্জ্জন করা, অজ্জেতি )

√অঞ্চু – পূজায ( to honour, সম্মান করা, অঞ্চতি )

√অঞ্ছ – আযামে ( to pull, টানা, অঞ্ছতি )

√অঞ্জু – ব্যত্তি-করণে ( to manifest, দীপ্ত করা, অঞ্জতি )

√অট – অটনে ( to go, যাওয়া, অটতি )

√অন – সদ্দে ( to sound, শব্দ করা, অনতি )

√অত – গমনে (to go constantly, অটলভাবে গমন করা, অততি)

√অদ – ভক্খণে ( to eat, ভক্ষণ করা, অদতি )

√অদি – বন্ধনে ( to bind, বন্ধন করা, অন্দতি )

√অদ্দ – যাচন-যাত্রাদীসু ( to ask, to go etc. যাত্রা করা, অদ্দতি )

√অন – পাননে ( to breath, to live, শ্বাস নেওয়া, বাঁচা, অনতি )

√অন্দ – বন্ধনে ( to confine, আবদ্ধ রাখা, অন্দতি )

√অৰ্ব—গমনে, গুম্বনে ( to go, to string, গমন করা, মালা গাথা, অৰ্বতি ) [ গ্রহণ করা, অম্বতি )
√অম্ব—সদ্দে, অস্সাদে ( to sound, to taste, শব্দ করা, আস্বাদ
√অয—গতিম্হি ( to go, গমন্ করা, অযতি )
√অর—নাসে, ( to destroy, ধ্বংস করা, অরতি )
√অরহ—পূজায, ( to revere, পূজা করা, অরহতি )
√অল—কলিলে ( to adorn, অলঙ্কৃত করা, অলতি )
√অলি—বন্ধনে ( to bind, বন্ধন করা, অলতি )
√অব—রক্খণে ( to protect, রক্ষা করা, অবতি )
√অস—অদনে ( to eat, আহার করা, অস্নতি )
√আস—উপবেসনে ( to sit, উপবেশন করা, আসতি )
√ইক্খ—দস্সনঙ্কে ( to see, to mark, দর্শন করা, ইক্খতি)
√ইগি—গমনে ( to go, গমন করা, ইঙ্গতি )
√ইঞ্জ—কম্পনে ( to shake, কম্পন করা, ইঞ্জতি )
√ইণু—গতে ( to go, গমন করা, ইণোতি ) [ লাভ করা, ইন্দতি )
√ইদি—পরমিস্সরিযে, ( to have supreme power, ঐশ্বর্য্য
√ ইধ—সিদ্ধিম্হি ( to flourish, সিদ্ধ হওয়া, ইজ্ঝতি )
√ইস—পরিযেসে ( to search, অন্বেষণ করা, এসতি )
√ইস্থ—ইচ্ছাযং ( to wish, ইচ্ছা করা, ইচ্ছতি )
√ইস্স—ইস্সাযং ( to envy, ঈর্ষা করা, ইস্সতি )
√ঈহ—ঘট্টনে ( to endeavour, উৎসাহ প্রদর্শন করা, ঈহতি )
√উজ্ঝ—উস্সগ্গে ( to abandon, ত্যাগ করা, উজ্ঝতি )
√উঞ্ছ—উঞ্ছনে ( to pick up, সংগ্রহ করা, উঞ্ছতি ) [ করা, উদতি )
√উদি—সবকিলেদনে ( to flow, to wet, প্রবাহিত হওয়া, আর্দ্র
√উব্ব—ধারণে ( to bear, ধারণ করা, উব্বতি )

√উস্থ – দাহে ( to burn, দগ্ধ করা, ওসতি )

√উহ—বিতক্কে ( to reason. বিবেচনা করা, উহতি )

√এজ – কম্পনে ( to tremble, কম্পন করা, এজতি )

√এধ – বদ্ধিযং ( to increase, বৃদ্ধি হওয়া, এধতি )

√এরভি – হিংসাযং ( to oppress, injure, অনিষ্ট করা, এরভতি)

√কঙ্খ – কঙ্খনে ( to doubt, to desire, ইচ্ছা করা, কঙ্খতি )

√কচ – দিত্তিযং ( to shine, দীপ্ত করা, কচতি )

√কট—মদ্দনে ( to squeeze, মর্দ্দন করা, কটতি )

√কট—সংবরণে ( to cover, আচ্ছাদন করা, কটতি )

√কঠি – সোসনে ( to dry, শুষ্ক করা, কঠতি )

√কড্ঢ – কড্ঢণে ( to attract, আকর্ষণ করা, কড্ঢতি )

√কণ—মীলনে ( to wink, চক্ষু নিমীলন করা, কাণেতি )

√কত্থ—সিলাঘাযং ( to eulogize, প্রসংশা করা, কত্থতি )

√কন—দিত্তিযং ( to shine, দীপ্ত করা, কনতি )

√কন্দ—রোদনে ( to cry, রোদন করা, কন্দতি )

√কপ্প—সামত্থে ( to be able, সমর্থ হওয়া, কপ্পতি )

√কম—পদবিক্খেপে ( to walk, পদচালন করা, কমতি )

√কম্ব—সংবরণে ( to cover, আবৃত করা, কম্বতি )

√করণ্ড—ভাজনত্থম্হি ( to casket, কৌটা তৈয়ার করা, করণ্ডতি )

√কলমু—গিলানে ( to be sick, রুগ্ন হওয়া, কিলমতি )

√কল—কলীলে ( to be able, to prevent, সমর্থ হওয়া, কলতি )

√কস—গতে ( to go, যাওয়া, কসতি )

√কস্স—কস্সনে ( to plough, কর্ষণ করা, কস্সতি )

√কাস—সজ্জিত-করণে ( to prepare, সজ্জিত করা, কাসতি )

√কিঙ্কি—অবমদ্দনে ( to trample, মর্দ্দন করা, কিঙ্কেতি )

√কিলমু—গিলানে ( to be sick, রুগ্ন হওয়া, কিলমতি )

√কিলিদি—পরিদেবনে ( to lament, ক্রন্দন করা, কিলিন্দতি )

√কিস—সানে ( to powder, চূর্ণ করা, কিসতি )

√কীল—বন্ধনে ( to bind, বন্ধন করা, কীলতি )

√কাল—বিহারে ( to play, ক্রীড়া করা, কীলতি )

√কু—সদ্দে ( to sound, শব্দ করা, কোতি )

√কুক—আদানে ( to accept, গ্রহণ করা, কুকতি )

√কুচ—সদ্দে ( to sound, শব্দ করা, কোচতি )

√কুট—ছেদনে ( to cut, কর্ত্তন করা, কুটতি )

√কুঠি—সোসে ( to dry, শুষ্ক করা, কুঠেতি )

√কুডি—দাহে ( to burn, দগ্ধ করা, কুণ্ডতি )

√কুণ—সদ্দে ( to sound, শব্দ করা, কোণতি )

√কুঝ—অক্কোসে ( to censure, গালি দেওয়া, কুজ্ঝতি )

√কুর—সদ্দাদানেসু ( to eat, আহার:করা, কুরতি )

√কূজ—অব্যত্তসদ্দে ( to coo, অস্ফুট শব্দ করা, কুঞ্জতি )

√কূল—আবরণে ( to cover, আবরণ করা, কূলতি )

√কে—সদ্দে ( to sound, শব্দ করা, কযতি )

√কেলু—সঞ্চলনাদীসু ( to shake, কম্পিত করা, কেলযতি )

√কেব—সেকে ( to sprinkle, ছিটা দেওয়া, কেবতি )

√কোট্ঠ—ছেদনে ( to divide, বিভাগ করা, কোট্ঠতি )

√কণ—সদ্দে ( to sound শব্দ করা, কণতি )

√খজি—গমনবেকল্লে ( to lame, খোঁড়াইয়া খোঁড়াইয়া যাওয়া, খঞ্জতি)

√খজ্জ—ভক্খণে ( to eat, আহার করা, খজ্জতি )

√খডি—ছিদনে ( to break, ভঙ্গ করা, খণ্ডতি )

√খদি—পক্খন্দনাদীসু ( to go, প্রস্থান করা, খন্দতি )

√খন—খননে ( to dig, খনন করা, খনতি )

√খমু—সহণে ( to bear or endure, সহ্য করা, খমতি )

√খন্ত—পতিবন্ধে ( to impede, বাধা দেওয়া, খন্ততি )

√খর—সেকনাসে ( to drop, to let fall, স্খলিত হওয়া, খরতি )

√খল—সঞ্চলনে ( to shake, নাড়া, খলতি )

√খস—হিংসাযং ( to injure, অনিষ্ট করা, খসতি )

√খা—পক্‌খনে ( to relate, প্রকাশ করা, খাযতি )

√খাদ – ভক্খণে ( to eat, খাওয়া, খাদতি ) [ হওয়া, খিলতি )

√খিল—কাঠিন্নে ( to be hard, to disobey, কঠিন হওয়া, অবাধ্য

√খী—খযে (to wane, হ্রাস পাওয়া, খাযতি )

√খুদ – জিঘচ্ছাযং ( to be hungry, ক্ষুধার্ত্ত হওয়া, খুদতি )

√খুভ—সঞ্চলে ( to be agilated, ক্ষুব্ধ হওয়া, খোভতি, খুব্ভতি )

√খুর—ছেদনে ( to cut, ছেদন করা, খুরতি )

√খেল – সঞ্চলানাদীসু ( to shake, to move, কাঁপা, চলা, খেলতি )

√খ্যা—পকথনে ( to relate, ব্যক্ত করা, অক্খাযতি )

√গজ্জ—গজ্জনে ( to sound like thunder, গর্জ্জন করা, গজ্জতি )

√গডি—সন্নিচযে ( to collect, সংগ্রহ করা, গডতি )

√গদ – ব্যত্তবচনে (to speak eloquently, স্পষ্ট ব্যক্ত করা, গদতি )

√গব্ব—দপ্পে ( to be proud or haughty, গর্ব্বিত হওয়া, গব্বতি )

√গমু—গতিম্‌হি ( to go, যাওয়া, গচ্ছতি )

√গর—নিগরণে, সেকে ( to drop, গলে পড়া, চ্যুত হওয়া, গিরতি )

√গরহ—নিন্দাযং ( to condmn, নিন্দা করা, গরহতি )

√গল—অদনে ( to swallow, গিলে খাওয়া, গলতি )

√গবেস—মগ্গনে ( to search, অনুসন্ধান করা, গবেসতি )

√গস—অদনে ( to eat, খাওয়া, গসতি )

√গাধ—পতিট্ঠায়ং ( to stand, to remain, দাঁড়ান, গাধতি )

√গাহ—বিলোলনে ( to agitate, আলোড়ন করা, গাহতি )

√গিল—অদনে ( to swallow, গিলিয়া খাওয়া, গিলতি )

√গুজ—অব্যত্তসদ্দে ( to hum, গুঞ্জন করা, গুঞ্জতি )

√গুণ—অব্ভাসে (to invite, praise, আমন্ত্রণ বা প্রসংশা করা, গুণতি)

√গুধ—বেঠনে ( to enwrap, বেষ্টন করা, গুজ্ঝতি ) [ গোপতি )

√গুপ—গোপনে ( to guard or conceal, রক্ষা করা, গোপন করা,

√গুম্ব—গুম্বনে ( to string together, মালা গাঁথা, গুম্বতি )

√গুহ—সংবরণে ( to conceal, to hide, লুকান, গুহতি )

√গোত্থ—বংসে (to increase number, জাতি বৃদ্ধি করা, গোত্তত্তি)

√ঘট–ঈহনে ( to endevour, উদ্যম করা, ঘটতি )

√ঘাট–সংঘটনে ( to unite, সংগ্রহ করা, ঘটতি )

√ঘর–সেচনম্হি ( to wet, আদ্র্র করা, ঘরতি )

√ঘস–অদনে ( to eat, ভক্ষণ করা, ঘসতি )

√ঘংস–ঘংসনে ( to strike against, to rub, ঘর্ষণ করা, ঘংসতি )

√ঘুট—ঘোসে, পটিঘাতে (to shout, to oppose, চিৎকার করা, ঘুটতি)

√ঘুস–সদ্দে ( to announce, ঘোষণা করা, ঘোসেতি )

√চক্খ—দস্সে ( to see, দেখা, চক্খতি )

√চজ—দানে ( to abandon, to give, ত্যাগ করা, চজতি )

√চণ্ড—চণ্ডিক্কে ( to be wrathful, ক্রুদ্ধ হওয়া, চণ্ডতি )

√চদি—কন্তি-হ্লিাদনে ( to shine, to gladden, আলোকিত করা, আনন্দিত করা, চন্দতি )

√চপ—সান্তে ( to console, সান্ত্বনা দেওয়া, চপতি )

√চব্ব–অদনে ( to masticate, চর্ব্বণ করা, চব্বতি )

√চর–গতি-ভক্খণেসু (to move, eat, গমন বা ভোজন করা, চরতি)

√চায—সম্পূজনে ( to worship, পূজা করা, চাযতি )

√চিক্খ—কথনে ( to speak, কথা বলা, চিক্খতি )

√চিট—আক্কোসে ( to censure কর্কশ বাক্য বলা, চেত্তি )

√চিট—উত্তাসে ( to tremble, কাঁপা, চিততি )

√চিত—সঞ্ঞাণে ( to recollcet স্মরণ করা, চেতেতি )

√চু—চবনে ( to fall back, চ্যুত হওয়া, চবতি )

√চুম্ব—বদন-সংযোগে ( to kiss, চুম্বন করা, চুম্বতি )

√চুল্ল—ভাব-ক্রিযে (to manifest oneself, আত্ম প্রকাশ করা, চুল্লতি)

√চূল—মদ্দনে ( to rub, মর্দ্দন করা, চোলেতি )

